প্রবেশিকা

সংস্কৃত ব্যাকরণ ও রচনা

নবম ও দশম শ্রেণী

শ্রীদেবকুমার চক্রবর্তী

ইংরাজী, বাংলা ও সংস্কৃত ভাষার প্রবীণ শিক্ষক (অবসরপ্রাপ্ত), মিত্র ইনস্টিটিউশন, ভবানীপুর, কলিকাতা; ভূতপূর্ব প্রধান শিক্ষক, চন্দ্রহার হাই স্কুল, বরিশাল ও কালকিনি হাই স্কুল, ফরিদপুর এবং 'Graded English', 'সাহিত্য প্রসূন', 'দেবভাষা পরিচয়' প্রভৃতি গ্রন্থের রচয়িতা।

ডিএনবিএ ব্রাদার্স

৮/৩ চিন্তামণি দাস লেন ।। কলিকাতা ৭০০ ০০৯

ভূমিকা

সংস্কৃত ব্যাকরণের নূতন সিলেবাস বা পাঠ্যক্রম অনুসারে নবম ও দশম শ্রেণীর পাঠ্য একখানি ব্যাকরণ গ্রন্থ 'প্রবেশিকা সংস্কৃত ব্যাকরণ ও রচনা' প্রকাশিত হইল।

দীর্ঘকাল পরে সপ্তম হইতে দশম শ্রেণীর পাঠ্য সংস্কৃত সাহিত্য ও ব্যাকরণের সুচিন্তিত ও বস্তুনিষ্ঠ Syllabus সংস্কৃত অনুরাগীদের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করিয়াছে। পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ-এর এই সুকৃতি অতিশয় প্রশংসার্হ, এবং আমরা উহাকে অভিনন্দন জানাইতেছি। ব্যাকরণের বিষয়সমূহের ভার লাঘব এবং সর্বাত্মক সরলীকরণের নীতি অবলম্বিত হওয়ায় সংস্কৃতের প্রতি ছাত্র-ছাত্রীদের দীর্ঘকালের অনীহা ও ভীতি দূরীভূত হইবে বলিয়া আমাদের বিশ্বাস।

সিলেবাসের উদ্দেশ্য অনুধাবন করিয়া আমরা সংস্কৃত ব্যাকরণকে যথাসম্ভব সহজ ও সরল করিয়া লিখিতে চেষ্টা করিয়াছি। তথাপি দীর্ঘকাল অধ্যাপনালব্ধ অভিজ্ঞতার বলে উৎকৃষ্ট সিলেবাস সম্পর্কেও দুই-একটি প্রশ্ন উত্থাপন করা, আশা করি, অসঙ্গত হইবে না। যেমন—

ল-কারার্থ-নির্ণয়, উপসর্গ, পরস্মৈপদ ও আত্মনেপদ বিধান, সনন্ত, যঙন্ত ও নামধাতু প্রভৃতি syllabus-এর অন্তর্ভুক্ত হয় নাই। আমাদের বিবেচনায় উক্ত বিষয়গুলির একান্ত অত্যাবশ্যক অংশসমূহ উৎসাহী ছাত্র-ছাত্রীদের জন্য প্রয়োজনীয়।

পুস্তকের পৃষ্ঠাসংখ্যা সীমাবদ্ধ থাকায় ব্যাকরণের বিষয়গুলির সহজ ও সরল আলোচনা করা দুষ্কর হইয়া পড়ে। 'শব্দরূপ' ও 'ধাতুরূপে'র প্রয়োগেই যদি পুস্তকের প্রায় অর্ধেক অংশ ব্যয়িত হয়, তবে অপেক্ষাকৃত কঠিন বিষয়গুলির আশানুরূপ সুখপাঠ্য আলোচনা কিরূপে সম্ভব? ফলে অনেকস্থলে গতানুগতিক পদ্ধতি অবলম্বন করা ছাড়া গত্যন্তর থাকে না।

এইদিকে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ-এর দৃষ্টি আকর্ষণ করার জন্য আমরা উপরিলিখিত মন্তব্যের অবতারণা করিয়াছি।

পুস্তকের আকর্ষণীয় কয়েকটি দিক—

[ক] সন্ধি-প্রকরণ এবং ণত্ব ও ষত্ব বিধান ছাত্র-ছাত্রীদের কাছে নীরস

বস্তু। এই দুইটি বিষয়ের ধ্বনি-প্রকৃতি সম্বন্ধে আমরা যথাসম্ভব সরস আলোচনা করিতে চেষ্টা করিয়াছি।

[খ] শব্দরূপ ও ধাতুরূপ ছাত্র-ছাত্রীদের প্রথম হইতেই মুখস্থ করিতে হয় বলিয়া উহা তাহাদের কাছে ক্লান্তিকর হইয়া উঠে। একারণ অনুবাদের আদর্শের মাধ্যমে পর্যাপ্ত পরিমাণে সরস বাক্যে উহাদের প্রয়োগ দেখান হইয়াছে। অনুবাদের আদর্শ অংশগুলি, আশা করি, শিক্ষকমহাশয়দের দৃষ্টি আকর্ষণ করিবে। এতদ্ব্যতীত অন্যান্য বিষয়গুলিও অনুবাদের আদর্শের মাধ্যমে যথাসম্ভব সুখপাঠ্য করিতে চেষ্টার ত্রুটি হয় নাই।

গুণগ্রাহী শিক্ষকমহাশয়গণ পুস্তকখানির বৈশিষ্ট্য লক্ষ্য করিয়া উহা গ্রহণ করিলে শ্রম সার্থক মনে করিব।

পুস্তকে কিছু মুদ্রাঙ্কন-প্রমাদ ঘটিয়াছে ; পরবর্তী সংস্করণে আমরা ঐ ত্রুটি সংশোধন করিব।

বিনীত
গ্রন্থকার

WEST BENGAL BOARD OF SECONDARY EDUCATION

SANSKRIT AS A THIRD LANGUAGE

Objectives of Teaching a Third Language

(1) To enable pupils to acquire basic preliminary knowledge of the language.

(2) To awaken interest in pupils to compare and contrast fundamental rules and technicalities of the Third Language with those of the First or Second.

(3) To develop pupils' conception of the fact that languages are but sounds produced and guided by definite rules in their articulate and written forms differing in intonation and script formation.

(4) To develop wider sympathy for and interest in people of different language groups and thus to generate liberality of mind.

SYLLABUS

Classes IX & X

Allotment of Marks

A. *TEXT*—55 marks as detailed below :—

Short questions (to be answered in Sanskrit/ English/Major Vernacular)	... ...	15 marks
Translation from Sanskrit into Major Vernacular/English	... ...	15 marks
Explanation in Sanskrit/Major Vernacular/ English	... ...	10 marks
Comprehension Test in Sanskrit	... ...	10 marks
Memory work	... ...	5 marks

B. *TRANSLATION*—20 marks as detailed below :

Translation from Sanskrit unseen passages to English/Major Vernacular	... ...	10 marks
Translation from English/Major Vernacular passages to Sanskrit	... ...	10 marks

C. *GRAMMAR*—25 marks as detailed below :

Textual	... ...	10 marks
Grammar from outside the text	... ...	15 marks

One Paper. Total—100 marks

(While writing Sanskrit, Devnagri script will be regarded as optional.)

GRAMMAR

(Quotation of Sutras will not be insisted on.)

1. General rules of Sandhi including Sandhi-Nisedha to be covered in detail : uncommon and irregular forms may be omitted.

2. Declension—All the common declensions of nouns, pronouns and numerals.

3. Major and familiar indeclinables.

4. An elementary knowledge of ণত্ববিধান and ষত্ববিধান।

5. Conjugation – লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্ and লুট্ of only the familiar and important roots in the ভ্বাদি, তুদাদি, দিবাদি, চুরাদি and of the following roots :—

অদাদি—যা, জাগৃ, শাস্, অস্, হন্, বিদ্, আস্, শী, দুহ্, ব্রু
হ্বাদি—ভী, দা
স্বাদি—আপ্, শক্, শ্রু
রুধাদি—ভুজ, ছিদ্, যুজ
তনাদি—কৃ
ক্র্যাদি—ক্রী, জ্ঞা, গ্রহ্
লিট্—Some Common forms of roots like the following :
গম্, দৃশ, যা, ভূ, গ্রহ্, বচ্, চিন্ত্

6. কৃৎ Suffixes—A general idea of the important suffixes like the following :—

শতৃ, শানচ্, ক্ত, ক্তবতু, ক্ত্বাচ্, ল্যপ্, তুমুন, তব্য, অনীয়,
ণ্যত্, যত্, ক্যপ্, ঘঙ্, ক্তিন, ল্যুট, ণিনি

7. তদ্ধিত Suffixes—তরপ্, তমপ্, ইয়সুন্, ইষ্ঠন, অণ্, ছ্,
তল্, ইমনিচ্, মতুপ্, ময়ট্।

8. Causative . Verbs Verbs with ণিচ (causative) suffixes : only familiar forms should be taught.

9. Change of Voice—in general including that with দ্বিকর্মক:।

10. Case and Case-ending in general.

11. Compounds—general knowledge of Principal Compounds along with main সমাসান্ত

12. Feminine endings—mainly with টাপ্ and ঙীপ্।

A book on Sanskrit grammar, Translation and Composition written according to the syllabus for Classes IX and X (combined) may be used. Pages not more than 260, size 22″ × 32″—Small Pica type.

সুচীপত্র

পরিশিষ্ট

যে শাস্ত্র অধ্যয়ন করিলে ভাষার **শব্দের ব্যুৎপত্তিগত অর্থবোধ হয়** এবং বিশুদ্ধরূপে ভাষা লিখিতে ও বলিতে পারা যায়, তাহার নাম **ব্যাকরণ-শাস্ত্র। ব্যাকরণ ভাষার বিজ্ঞান।**

বর্ণ-বিভাগ

অ, আ, ই, ঈ, ইত্যাদি এবং **ক্, খ্, গ্, ঘ্,** ইত্যাদির প্রত্যেকটিকে **বর্ণ** (Letter) বলে।

বর্ণ দুই প্রকার—স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ।

স্বরবর্ণ (Vowels)—যে বর্ণ **অন্য বর্ণের সাহায্য ব্যতীত স্বয়ং স্বতন্ত্রভাবে** উচ্চারিত হয়, তাহাকে **স্বরবর্ণ** বলে। স্বরবর্ণ তেরটি, যথা—

অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, ৠ, ৯, এ, ঐ, ও, ঔ

ব্যঞ্জনবর্ণ (Consonants)—যে বর্ণ **স্বরবর্ণের আশ্রয় ব্যতীত স্পষ্টরূপে** উচ্চারিত হইতে পারে না, তাহাকে **ব্যঞ্জনবর্ণ** বলে। ব্যঞ্জনবর্ণ সমুদয়ে পঁয়ত্রিশটি, যথা—

ক্, খ্, গ্, ঘ্, ঙ্ ; চ্, ছ্, জ্, ঝ্, ঞ্ ; ট্, ঠ্, ড্, ঢ্, ণ্ ; ত্, থ্, দ্, ধ্, ন্ ; প্, ফ্, ব্, ভ্, ম্ ; য্, র্, ল্, ব্ ; শ্, ষ্, স্, হ্ ; ং, ঃ।

ব্যঞ্জনবর্ণ স্বরসংযুক্ত না হইলে তাহার নিম্নে (্) চিহ্ন দিতে হয়; এই চিহ্নকে **হসন্ত** বলে। হসন্ত না থাকিলে স্বরযুক্ত ব্যঞ্জনবর্ণ বুঝিতে হইবে।

যথা, ক=ক্+অ। গ=গ্+অ। চ=চ্+অ ইত্যাদি।

স্বরবর্ণের প্রকারভেদ

নিম্নলিখিত বিষয়টি বিশেষভাবে মনে রাখা আবশ্যক, নহিলে 'সন্ধি' বুঝিতে অসুবিধা হইবে।

স্বরবর্ণ দুই প্রকার : **হ্রস্বস্বর** ও **দীর্ঘস্বর**।

হ্রস্বস্বর : অ, ই, উ, ঋ, ঌ। অপেক্ষাকৃত অল্প সময়ে উচ্চারিত হয় বলিয়া ইহাদিগকে **হ্রস্বস্বর** বা **লঘুস্বর** বলে।

দীর্ঘস্বর : আ, ঈ, ঊ, ৠ, এ, ঐ, ও, ঔ। ইহাদের উচ্চারণে হ্রস্বস্বর অপেক্ষা অধিক সময় লাগে বলিয়া ইহাদিগকে **দীর্ঘস্বর** বা **গুরুস্বর** বলে।

(ক) দুইটি হ্রস্বস্বরের মিলনে একটি **দীর্ঘস্বর** হয়। [যেমন, দুইটি হ্রস্ব বা লঘু কণ্ঠস্বরের মিলনে একটি দীর্ঘ বা গুরু কণ্ঠস্বর হয়। দুইটি নদীর মিলনস্থল বা মোহনা আকারে দীর্ঘ হয় এবং সেখানকার জলের কলধ্বনি গুরু হয়।] যথা—

অ+অ=**আ**। ই+ই=**ঈ**। উ+উ=**ঊ**। ঋ+ঋ=**ৠ**।

অ+ই=**এ**। অ+উ=**ও**।

(খ) হ্রস্বস্বর ও দীর্ঘস্বরের মিলনে **দীর্ঘস্বর** হয়, যথা—অ+আ=**আ**। আ+অ=**আ**। ই+ঈ=**ঈ**। ঈ+ই=**ঈ**। উ+ঊ=**ঊ**। অ+ঊ=**ও**। অ+এ=**ঐ**। অ+ও=**ঔ**।

(গ) দুইটি দীর্ঘস্বর মিলিয়া একটি **দীর্ঘস্বর** হয়—যথা, আ+আ=আ। ঈ+ঈ=ঈ। ঊ+ঊ=ঊ। আ+এ=ঐ। আ+ও=ঔ।

ব্যঞ্জনবর্ণের বর্গবিভাগ ও বর্ণবিভাগ

ক্ হইতে ম্ পর্যন্ত পঁচিশটি ব্যঞ্জনবর্ণ পাঁচ ভাগে বিভক্ত; প্রত্যেক ভাগের নাম **বর্গ**।

ক্, খ্, গ্, ঘ্, ঙ্—**ক**-বর্গ
চ্, ছ্, জ্, ঝ্, ঞ্—**চ**-বর্গ
ট্, ঠ্, ড্, ঢ্, ণ্—**ট**-বর্গ
ত্, থ্, দ্, ধ্, ন্—**ত**-বর্গ
প্, ফ্, ব্, ভ্, ম্—**প**-বর্গ

(ক) এই পাঁচ ভাগে বিভক্ত পঁচিশটি ব্যঞ্জনবর্ণকে **স্পর্শবর্ণ** বলে।

ইহারা জিহ্বার **অগ্র, উপাগ্র, মধ্য** ও **মূল** এই কয়টি স্থান স্পর্শ করিয়া উচ্চারিত হয় বলিয়া ইহাদিগকে **স্পর্শবর্ণ** বলে।

(খ) য্ র্ ল্ ব্ এই চারিটি বর্ণকে **অন্তঃস্থবর্ণ** বলে।

স্পর্শবর্ণ ও **উষ্মবর্ণ** (শ্, ষ্, স্, হ্) এই উভয়ের **মধ্যে** আছে, এই নিমিত্ত ইহাদিগকে **অন্তঃস্থ** অর্থাৎ **মধ্যস্থিত** বর্ণ বলে।

(গ) শ্, ষ্, স্, হ্ এই চারিটি বর্ণকে **উষ্মবর্ণ** বলে। এই চারিটি বর্ণের উচ্চারণে বায়ুর প্রাধান্য আছে, এই নিমিত্ত ইহাদিগকে **উষ্মবর্ণ** অর্থাৎ বায়ুপ্রধান বর্ণ বলে।

(ঘ) **অনুস্বার** (ং) ও **বিসর্গ** (ঃ) এই দুই বর্ণ অন্য স্বরের আশ্রয় ব্যতীত উচ্চারিত হয় না, এইজন্য ইহাদিগকে স্বরবর্ণের মধ্যে গণনা না করিয়া ব্যঞ্জন-বর্ণের মধ্যে গণনা করা হয়।

(ঙ) **ন্ ও ম্** এই দুই ব্যঞ্জনবর্ণস্থানে **অনুস্বার** হয়। ব্যঞ্জনবর্ণেরই রূপান্তর বলিয়া ইহা **ব্যঞ্জনবর্ণের অন্তর্গত**।

দন্ শন = দংশন বৃন্ হিত = বৃংহিত	উচ্চারণের স্বাচ্ছন্দ্যের জন্য ন্ অনুস্বারে রূপান্তরিত।
সত্বরম্ যাতি = সত্বরং যাতি কিম্ করোষি = কিং করোষি	উচ্চারণের স্বাচ্ছন্দ্যের জন্য ম্ অনুস্বারে রূপান্তরিত।

(চ) র্ ও স্ এই দুই ব্যঞ্জনবর্ণ স্থানে **বিসর্গ** (ঃ) হয়। ব্যঞ্জনবর্ণের রূপান্তর বলিয়া ইহা ব্যঞ্জনবর্ণের অন্তর্গত।

প্রাতর্ = প্রাতঃ পুনর্ = পুনঃ স্বর্ = স্বঃ	**র্** বিসর্গে রূপান্তরিত।
নরস্ = নরঃ মনস্ = মনঃ শিরস্ = শিরঃ তপস্ = তপঃ	**স্** বিসর্গে রূপান্তরিত।

দেখা যাইতেছে, বিসর্গ দুই প্রকার—**স্-জাত** ও **র্-জাত**। স্ স্থানে যে বিসর্গ হয় তাহাকে **স্-জাত বিসর্গ** বলে এবং র্-স্থানে যে বিসর্গ হয় তাহাকে **র্-জাত বিসর্গ বলে**।

নরঃ=নরস্, দেবঃ=দেবস্, মনঃ=মনস্, নমঃ=নমস্, তপঃ=তপস্, চক্ষুঃ=চক্ষুস্ ইত্যাদি **স্-জাত** বিসর্গ।

পুনঃ=পুনর্, স্বঃ=স্বর্, প্রাতঃ=প্রাতর্, পিতঃ=পিতর্, অন্তঃ=অন্তর্, ইত্যাদি **র্-জাত** বিসর্গ।

সংযুক্ত-বর্ণ ও বর্ণ বিশ্লেষণ

ক্ষ্—ক্ ও ষ্ এই দুই বর্ণের মিলনে ক্ষ্ হইয়াছে, সুতরাং ক্ষ্ একটি **যুক্তবর্ণ**। ইহা স্বতন্ত্র বর্ণ নহে। **গ্ধ্**—গ্ ও ধ্ এই দুই বর্ণ মিলিয়া গ্ধ্ হইয়াছে, সুতরাং গ্ধ্ একটি **যুক্তবর্ণ**।

অতএব দেখা যাইতেছে, মধ্যে স্বরবর্ণ না থাকার জন্য দুই বা ততোধিক ব্যঞ্জনবর্ণ মিলিত হইয়া যায়, একারণ এইরূপ বর্ণকে **সংযুক্তবর্ণ** বলে :

ক্ক্=ক্+ক্ ; ক্ত্=ক্+ত্ ; শ্চ্=শ্+চ্ ইত্যাদি।

শব্দ ও শব্দের বর্ণ-বিশ্লেষণ

কথা বলিতে আমরা **শব্দ** ব্যবহার করি। এক একটি শব্দ এক কিংবা একাধিক বর্ণের যোগে গঠিত হয়। শব্দ অর্থ প্রকাশ করে। যে সকল বর্ণের যোগে শব্দ গঠিত হয়, সেই বর্ণগুলিকে পৃথক্ পৃথক্ প্রদর্শন করার নাম **বর্ণ-বিশ্লেষণ**। *

লতা=ল্+অ+ত্+আ
গিরীশ=গ্+ই+র্+ঈ+শ্+অ
পৃথ্বীশ=প্+ঋ+থ্+ব্+ঈ+শ্+অ
কৃষ্ণ=ক্+ঋ+ষ্+ণ্+অ
গঙ্গোর্মি=গ্+অ+ঙ্+গ্+ও+র্+ম্+ই

* [প্রথম অবস্থাতে ছাত্রছাত্রীদের মনে ভাষার শব্দের বর্ণ-বিশ্লেষণে কৌতূহল জাগাইতে পারিলে তাহাদের বিজ্ঞানবুদ্ধি জাগ্রত হইবে।]

অনুশীলনী

১। স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ কাহাকে বলে ?

২। স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণের প্রভেদ কী ?

৩। হ্রস্বস্বর ও দীর্ঘস্বর কী কী ?

৪। বর্গ কয়টি ও কী কী ?

৫। স্পর্শবর্ণ, অন্তঃস্থবর্ণ, উষ্মবর্ণ কাহাকে বলে ?

৬। বিসর্গ কয় প্রকার ও কী কী ? প্রত্যেকটির পাঁচটি করিয়া উদাহরণ দাও।

৭। নিম্নলিখিত শব্দগুলির বর্ণ-বিশ্লেষণ কর :—
নর, মুনি, পৃথিবী, ইন্দ্র, কৃষ্ণ, শব্দ, শৌর্য, স্পর্শ, ব্যঞ্জন, স্বর, মাহাত্ম্য, বৈশিষ্ট্য, স্বাতন্ত্র্য, ব্রাহ্মণ, দ্বন্দ্ব, অন্বেষণ, ব্যাকরণ।

স্বরবর্ণ : সবর্ণ, অসবর্ণ—গুণ ও বৃদ্ধি

সন্ধি উত্তমরূপে বুঝিবার জন্য নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধে **পরিষ্কার ধারণা** থাকা আবশ্যক।

১। **স্বরবর্ণের বিভাগ :** স্বরবর্ণকে পাঁচটি ভাগে বিভক্ত করা হয়, যথা, **অ বর্ণ** =অ, আ। **ই বর্ণ**=ই, ঈ। **উ বর্ণ**=উ, ঊ। **ঋ বর্ণ**= ঋ, ৠ। (ঌ-বর্ণের ব্যবহার নাই)।

২। **সবর্ণ**—অ, আ ; ই, ঈ ; উ, ঊ ; ঋ, ৠ—ইহাদের প্রত্যেক দুই দুইটি বর্ণের উচ্চারণের আয়াস একই বলিয়া ইহারা পরস্পর পরস্পরের **সবর্ণ**।

৩। **অসবর্ণ**—এ, ও, ঐ, ঔ ইহাদের উচ্চারণের আয়াস এক নহে, এইজন্য ইহারা **অসবর্ণ**। এ=অ, আ+ই, ঈ ; ও=অ, আ+উ, ঊ ; ঐ=অ, আ+এ ; ঔ=অ, আ+ও।

৪। **স্বরের গুণ ও বৃদ্ধি হয়।**

(ক) স্বরের গুণ বলিলে বুঝাইবে—

ই বর্ণ স্থানে-**এ**। **উ** বর্ণ স্থানে—**ও**। **ঋ** বর্ণ স্থানে—**অর্**।

(খ) স্বরের বৃদ্ধি বলিলে বুঝাইবে—

অ স্থানে—**আ**। **ই, ঈ,** এ স্থানে—ঐ। **উ, ঊ, ও**—স্থানে **ঔ**। **ঋ, ৠ** স্থানে—**আর্**।

পরিভাষা বা বিশেষ সংজ্ঞা

যে-কোন ভাষার ব্যাকরণ সম্বন্ধে বিশেষ ধারণা লাভ করিবার জন্য ঐ ভাষার কিছু **পরিভাষা** বা **সংজ্ঞাবিশেষ** শিখিয়া লইতে হয়। **সংজ্ঞা** শব্দটির অর্থ **নাম, অভিধা,** অর্থাৎ যাহার সাহায্যে বিশেষভাবে চেনা যায়। সংস্কৃত ভাষার পরিভাষা নিম্নে দেওয়া হইল :

১। **প্রাতিপদিক**—প্রকৃতির কোন বস্তুবাচক শব্দ, (যথা—নর, লতা, জল, ফল) এবং বস্তুর বিশেষণবাচক শব্দ, (যথা—সুন্দর, তরল, পক্ক ইত্যাদি) যখন ঠিক যেমন তেমনই থাকে, অর্থাৎ **বিভক্তিহীন, প্রত্যয়হীন** অবস্থায় থাকে, তখন উহাকে **প্রাতিপদিক** (Nominal stem) বলে।

বিভক্তিহীন, প্রত্যয়হীন, বিশেষ্য-বাচক ও বিশেষণ-বাচক শব্দকে প্রাতিপদিক বলে।

২। **ধাতু**—প্রকৃতিতে যাহা ক্রিয়াবাচক অর্থাৎ যাহাতে ক্রিয়া বুঝায় তাহাকে **ধাতু** (Verbal root) বলে।

বিভক্তিহীন, প্রত্যয়হীন ক্রিয়ামূলকে ধাতু বলে, যথা—ভূ, গম্, বদ্, পঠ্, স্থা ইত্যাদি।

৩। **বিভক্তি**—প্রাতিপদিকের উত্তর **সু, ঔ, জস্** প্রভৃতি এবং ধাতুর উত্তর **তি, তস্, অন্তি** প্রভৃতি যে-সকল প্রত্যয় হয়, তাহাদিগকে **বিভক্তি** (Inflections) বলে।

৪। **প্রত্যয়**—প্রাতিপদিক ও ধাতুর উত্তর যাহা যুক্ত হয়, তাহাকে **প্রত্যয়** (suffix) বলে। প্রত্যয় পাঁচ প্রকার—**বিভক্তি, কৃৎ, তদ্ধিত, স্ত্রী-প্রত্যয়** ও **ধাতুর অবয়ব** (ধাত্ববয়ব)।

৫। **পদ**—প্রাতিপদিক ও ধাতু যখন বিভক্তি যুক্ত হয়, তখন তাহাদিগকে **পদ** (Inflected words) বলে।

পদ দুই প্রকার—সুবন্ত পদ ও **তিঙন্ত** পদ।

প্রাতিপদিক সু, ঔ, জস্ ইত্যাদি বিভক্তি দ্বারা যুক্ত হইয়া যখন পদে পরিণত হয়, তখন উহাকে **সুবন্ত পদ** বলে। যথা—**নর** একটি 'প্রাতিপদিক',

কিন্তু নর+সু (:)=**নরঃ** একটি প্রথমাবিভক্তি-যুক্ত **পদ**। নর+ঔ=নরৌ (দ্বিবচনান্ত পদ); নর+জস্ (আঃ)=নরাঃ (বহুবচনান্ত পদ)।

ধাতু (ক্রিয়ামূল) বিভক্তিযুক্ত হইয়া যখন পদে পরিণত হয়, তখন তাহাকে **তিঙন্ত পদ** বলে। যথা—**বদ্** একটি **ধাতু**, কিন্তু বদ্+তি=বদতি (বলে) তিঙন্তপদ (ক্রিয়াপদ)। বদ্+তঃ=বদতঃ, বদ্+অন্তি=বদন্তি—ইহারা তিঙন্তপদ।

৬। **বাক্য**—যখন সুবন্ত পদ ও তিঙন্ত পদ একত্রিত হইয়া সম্পূর্ণ অর্থ প্রকাশ করে, তখন সেই পদসমষ্টিকে **বাক্য** (Sentence) বলে। যথা—ছাত্রঃ বিদ্যালয়ং গচ্ছতি। বালকৌ চন্দ্রং পশ্যতঃ। বালকাঃ রামায়ণং পঠন্তি।

অনুশীলনী

১। প্রাতিপদিক, ধাতু, বিভক্তি ও পদ কাহাকে বলে? উদাহরণ দ্বারা বুঝাও।

২। সুবন্ত পদ ও তিঙন্ত পদ কাহাকে বলে? উদাহরণ দ্বারা বুঝাও।

৩। প্রাতিপদিক ও পদের পার্থক্য কী? উদাহরণ দ্বারা বুঝাও।

সন্ধি-প্রকরণ

(Euphonic Combination)

'সন্ধি' শব্দটির অর্থ-মিলন। দুইটি বর্ণ যখন পরস্পর অতি নিকটবর্তী হয়, তখন উভয়ে মিলিত হইয়া যায়। দুই বর্ণের এই মিলনকে বলে **সন্ধি**।

এই মিলনের মিলিত উচ্চারণ-ধ্বনিকে স্বচ্ছন্দ ও শ্রুতিসুখকর করিবার নিমিত্ত বিশিষ্ট পণ্ডিত বৈয়াকরণেরা সাধারণের জন্য কতকগুলি নিয়ম করিয়া দিয়াছেন।

বার বার আবৃত্তি করিলে সন্ধির মিলিত উচ্চারণ ধ্বনি আপনিই কানে বাজিয়া উঠিবে—সুরেলা কণ্ঠের গানের মতো।

রবি+ইন্দ্র=রবীন্দ্র ; হসন্+আগতঃ=হসন্নাগতঃ ; বৃক্ষ+ছায়া=বৃক্ষচ্ছায়া ; পূর্ণঃ+চন্দ্রঃ=পূর্ণশ্চন্দ্রঃ ইত্যাদি বার বার আবৃত্তি করিয়া দেখ,—মিলিতধ্বনিটি শ্রুতিমাধুর্যে কানে বাজিয়া উঠিবে।

সন্ধি তিন প্রকার—**স্বরসন্ধি ব্যঞ্জনসন্ধি, বিসর্গসন্ধি**।

(ক) **স্বরসন্ধি**—স্বরবর্ণের সহিত স্বরবর্ণের যে সন্ধি হয়, তাহাকে **স্বরসন্ধি** বলে। যথা—

অ+অ=আ — শশ+অঙ্কঃ=শশাঙ্কঃ।

(খ) **ব্যঞ্জনসন্ধি**—ব্যঞ্জনবর্ণের সহিত স্বরবর্ণের অথবা ব্যঞ্জনবর্ণের সহিত ব্যঞ্জনবর্ণের যে সন্ধি হয়, তাহাকে **ব্যঞ্জনসন্ধি** বলে। যথা—

ত্+চ=চ্চ — শরত্+চন্দ্রঃ=শরচ্চন্দ্রঃ। †

(গ) বিসর্গের সহিত স্বরবর্ণের অথবা বিসর্গের সহিত ব্যঞ্জনবর্ণের যে সন্ধি হয়, তাহাকে **বিসর্গসন্ধি** বলে। যথা—

মুনিঃ+অয়ম্—(মুনির্+অয়ম্)=মুনিরয়ম্।

স্বরসন্ধি (Combination of Vowels)

১। অ বর্ণ+অ বর্ণ=আ।

অ+অ=আ	শশ+অঙ্কঃ=শশাঙ্কঃ *
অ+আ=আ	রত্ন+আকরঃ=রত্নাকরঃ
আ+অ=আ	মহা+অর্ণবঃ=মহার্ণবঃ
আ+আ=আ	বিদ্যা+আলয়ঃ=বিদ্যালয়ঃ

১। **সূত্র**—অ-কার কিংবা আ-কারের পর অ-কার কিংবা আ-কার থাকিলে উভয় মিলিয়া **আ-কার** হয় ; আ-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

† 'ত্' স্থানে সাধারণতঃ 'ৎ' ব্যবহার করা হয়।

* 'শশাঙ্কঃ' একটি সমাসবদ্ধ পদ। ইহার মধ্যে কোন্ স্থানে কী কী বর্ণে সন্ধি হইয়াছে তাহা বুঝিবার জন্য পদটি হ্রস্ব-দীর্ঘ ধ্বনিতে উচ্চারণ করিতে হইবে। দেখা যাইবে, পদটি 'শা' (শ্+আ) দীর্ঘ-স্বর, সুতরাং আ=অবর্ণ+অবর্ণ।

সমাসটিকে ব্যাসবাক্যে ভাঙিলে দুইটি প্রধান পদ পাওয়া যায়—শশঃ, অঙ্কঃ। সমাসে সন্ধি অবশ্য করণীয় এবং সমাসে পূর্বপদের বিভক্তি লুপ্ত হয়, সুতরাং 'শশ+অঙ্কঃ' স্বরসন্ধির নিয়মে 'শশাঙ্কঃ' হইয়াছে।

২। ই বর্ণ+ঈ বর্ণ=ঈ

ই+ই=ঈ	রবি+ইন্দ্রঃ=রবীন্দ্রঃ
ই+ঈ=ঈ	গিরি+ঈশঃ=গিরীশঃ
ঈ+ই=ঈ	মহী+ইন্দ্রঃ=মহীন্দ্রঃ
ঈ+ঈ=ঈ	পৃথ্বী+ঈশঃ=পৃথ্বীশঃ

২। **সূত্র—ই**-কার কিংবা **ঈ**-কারের পর **ই**-কার কিংবা **ঈ**-কার থাকিলে উভয়ে মিলিয়া **ঈ**-কার হয়; ঈ-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

৩। উ বর্ণ+উ বর্ণ=ঊ

উ+উ=ঊ	বিধু+উদয়ঃ=বিধূদয়ঃ
উ+ঊ=ঊ	লঘু+ঊর্মিঃ=লঘূর্মিঃ
ঊ+উ=ঊ	বধূ+উত্থানম্=বধূত্থানম্
ঊ+ঊ=ঊ	ভূ+ঊর্ধ্বম্=ভূর্ধ্বম্

৩। **সূত্র—উ**-কার কিংবা **ঊ**-কারের পর **উ**-কার কিংবা **ঊ**-কার থাকিলে উভয়ে মিলিয়া **ঊ**-কার হয়; ঊ-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

৪। ঋ বর্ণ+ঋ বর্ণ=ৠ

ঋ+ঋ=ৠ
- পিতৃ+ঋণম্=পিতৄণম্
- মাতৃ+ঋণম্=মাতৄণম্

৪। **সূত্র—ঋ**-কারের পর **ঋ**-কার থাকিলে উভয়ে মিলিয়া **ৠ**-কার হয়; ৠ-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

৫। অ বর্ণ+ই বর্ণ=এ

অ+ই=এ	নর+ইন্দ্রঃ=নরেন্দ্রঃ
আ+ই=এ	মহা+ইন্দ্রঃ=মহেন্দ্রঃ
আ+ঈ=এ	রমা+ঈশঃ=রমেশঃ

৫। **সূত্র—অ**-কার কিংবা **আ**-কারের পর **ই**-কার কিংবা **ঈ**-কার থাকিলে উভয়ে মিলিয়া **এ**-কার হয়; **এ**-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

৬। অ বর্ণ+উ বর্ণ=ও

অ+উ=ও	সূর্য+উদয়ঃ=সূর্যোদয়ঃ
আ+উ=ও	গঙ্গা+উদকম্=গঙ্গোদকম্
আ+ঊ=ও	গঙ্গা+ঊর্মিঃ=গঙ্গোর্মিঃ

৬। **সূত্র**—**অ**-কার কিংবা **আ**-কারের পর **উ**-কার কিংবা **ঊ**-কার থাকিলে উভয়ে মিলিয়া **ও**-কার হয়; ও-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

৭। অ বর্ণ+ঋ বর্ণ=অর্

অ+ঋ=অর্	দেব+ঋষিঃ=দেবর্ষিঃ
আ+ঋ=অর্	মহা+ঋষিঃ=মহর্ষিঃ

৭। **সূত্র**—**অ**-কার কিংবা **আ**-কারের পর **ঋ**-কার থাকিলে উভয়ে মিলিয়া **অর্** হয়; অর্-এর 'অ' পূর্ববর্ণে যুক্ত হয় এবং র্ (রেফ) পরবর্ণের মস্তকে যায়।

৮। অ বর্ণ+এ, ঐ=ঐ

অ+এ=ঐ	অদ্য+এব=অদ্যৈব
আ+এ=ঐ	সদা+এব=সদৈব
অ+ঐ=ঐ	মত+ঐক্যম্=মতৈক্যম্
আ+ঐ=ঐ	মহা+ঐরাবতঃ=মহৈরাবতঃ

৮। **সূত্র**—**অ**-কার কিংবা **আ**-কারের পর **এ**-কার কিংবা **ঐ**-কার থাকিলে উভয়ে মিলিয়া ঐ-কার হয়; ঐ-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

৯। অ বর্ণ+ও, ঔ=ঔ

অ+ও=ঔ	জল+ওঘঃ=জলৌঘঃ
আ+ও=ঔ	মহা+ওষধি=মহৌষধিঃ
অ+ঔ=ঔ	চিত্ত+ঔদার্যম্=চিত্তৌদার্যম্
আ+ঔ=ঔ	মহা+ঔদার্যম্=মহৌদার্যম্

৯। **সূত্র**—**অ**-কার কিংবা **আ**-কারের পর **ও**-কার কিংবা **ঔ**-কার থাকিলে উভয়ে মিলিয়া **ঔ**-কার হয়; ঔ-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

১০। ই বর্ণ+অসবর্ণ=য

ই+অ—যদি+অপি (ই স্থানে য্)=যদ্য্+অপি=যদ্যপি
ই+আ—অতি+আচারঃ (ই স্থানে য্)=অত্য্+আচারঃ=অত্যাচারঃ
ই+উ—অভি+উদয়ঃ (ই স্থানে য্)=অভ্য্+উদয়ঃ=অভ্যুদয়ঃ
ই+এ—প্রতি+একম্ (ই স্থানে য্)=প্রত্য্+একম্=প্রত্যেকম্
ই+ও—পচতি+ওদনম্ =পচত্যোদনম্
ঈ+অ—নদী+অম্বু =নদ্য্+অম্বু=নদ্যম্বু
ঈ+আ—দেবী+আগতা=দেব্য্+আগতা=দেব্যাগতা।
ঈ+উ—সখী+উক্তিঃ =সখ্য্+উক্তিঃ=সখ্যুক্তিঃ
ঈ+এ—নদী+এষা =নদ্য্+এষা=নদ্যেষা

১০। **সূত্র**—ই ঈ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, **ই ঈ** স্থানে **য্** হয়, য পূর্ববর্ণে যুক্ত হয়, এবং পরের স্বর য-কারে যুক্ত হয়।

১১। উ বর্ণ+অসবর্ণ=ব্

উ+অ—অনু+অয়ঃ (উ স্থানে ব্). =অন্ব্+অয়ঃ=অন্বয়ঃ
উ+আ—সু+আগতম্ (উ স্থানে ব্)=স্ব্+আগতম্=স্বাগতম্
উ+ই—মধু+ইদম্ (উ স্থানে ব্) =মধ্ব্+ইদম্=মধ্বিদম্
উ+এ—অনু+এষণম্ (উ স্থানে ব্) =অন্ব্+এষণম্=অন্বেষণম্
ঊ+আ—বধূ+আদিঃ (ঊ স্থানে ব্)=বধ্ব্+আদিঃ=বধ্বাদিঃ

১১। **সূত্র**—উ ঊ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে **উ ঊ** স্থানে **ব্** হয়; ব্ পূর্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর ব-কারে যুক্ত হয়।

১২। ঋ বর্ণ+অসবর্ণ=র্

ঋ+অ—মাতৃ+অনুমতিঃ (ঋ স্থানে র্)=মাত্র্+অনুমতিঃ=মাত্রনুমতিঃ
ঋ+আ—পিতৃ+আদেশঃ (ঋ স্থানে র্)=পিত্র্+আদেশঃ=পিত্রাদেশঃ
ঋ+ই—মাতৃ+ইচ্ছা (,,)=মাত্র্+ইচ্ছা=মাত্রিচ্ছা
ঋ+উ—পিতৃ+উপদেশঃ (,,)=পিত্র্+উপদেশঃ=পিত্রুপদেশঃ
ঋ+ঐ—পিতৃ+ঐশ্বর্যম্=পিত্র্+ঐশ্বর্যম্=পিত্রৈশ্বর্যম্

১২। **সূত্র**—**ঋ** ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে **ঋ** স্থানে **র্** হয়; র্ পূর্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর র-কারে যুক্ত হয়।

১৩। এ+অসবর্ণ=অয়্

এ+অ—নে+অনম্ (এ স্থানে অয়্)=নয়্+অনম্=নয়নম্
এ+আ—শে+আনঃ (এ স্থানে অয়্)=শয়্+আনঃ=শয়ানঃ
এ+ই—শে+ইতম্=শয়্+ইতম্=শয়িতম্

১৩। **সূত্র**—স্বরবর্ণ পরে থাকিলে **এ**-কার স্থানে **অয়্** হয়; অয়্-এর **অ** পূর্ববর্ণে যুক্ত হয়; এবং পরস্থিত স্বর য়্-কারে যুক্ত হয়।

১৪। ঐ+অসবর্ণ=আয়্

ঐ+অ—নৈ+অকঃ (ঐ স্থানে আয়্)=নায়্+অকঃ=নায়কঃ
ঐ+অ—গৈ+অকঃ (") =গায়্+অকঃ=গায়কঃ

১৪। **সূত্র**—স্বরবর্ণ পরে থাকিলে ঐ-কার স্থানে **আয়্** হয়; আয়্-এর **আ** পূর্ববর্ণে যুক্ত হয়, এবং পরস্থিত স্বর য়্-কারে যুক্ত হয়।

১৫। ও+অসবর্ণ=অব্

ও+অ—পো+অনঃ (ও স্থানে অব্)=পব্+অনঃ=পবনঃ
ও+ই—পো+ইত্রম্ (,,)=পব্+ইত্রম্=পবিত্রম্

১৫। **সূত্র**—স্বরবর্ণ পরে থাকিলে **ও**-কার স্থানে **অব্** হয়; অব্-এর **অ** পূর্ববর্ণে যুক্ত হয় এবং পরস্থিত স্বর ব্-কারে যুক্ত হয়।

১৬। ঔ+অসবর্ণ=আব্

ঔ+অ—পৌ+অকঃ (ঔ স্থানে আব্)=পাব্+অকঃ=পাবকঃ
ঔ+ই—নৌ+ইকঃ (,,)=নাব্+ইকঃ=নাবিকঃ
ঔ+উ—ভৌ+উকঃ (,,)=ভাব্+উকঃ=ভাবুকঃ

১৬। **সূত্র**—স্বরবর্ণ পরে থাকিলে **ঔ**-কার স্থানে **আব্** হয়; আব্-এর **আ** পূর্ববর্ণে যুক্ত হয় এবং পরস্থিত স্বর ব্-কারে যুক্ত হয়।

স্বরসন্ধির কঠিনতর নিয়ম

১। এ+অ
ও+অ } **অ** স্থানে **লুপ্ত অ-কার** (ঽ)

তে + অপি = তেঽপি — এ + অ (লুপ্ত অ)
সখে + অর্পয় = সখেঽর্পয় — „ „ „ („ „)
যাচতে + অর্থম্ = যাচতেঽর্থম্ — „ „ „ („ „)
প্রভো + অনুগৃহাণ = প্রভোঽনুগৃহাণ — ও + অ („ „)

১। **সূত্র**—পদের অন্তস্থিত **এ** কার কিংবা **ও**-কারের পর যে **অ**-কার থাকে, তাহার **লোপ** হয়। অ-কারের লোপ হইলে লুপ্ত অ-কারের একটি চিহ্ন থাকে। (ঽ) — এই চিহ্নকে লুপ্ত অ-কার বলে।

২। এ + অ-কার **ভিন্ন স্বর** = **এ** স্থানে **অয়্** বা **অ**
ও + অ-কার **ভিন্ন স্বর** = **ও** স্থানে **অব্** বা **অ**

সখে + আগচ্ছ = (সখয়্ + আগচ্ছ) = সখয়াগচ্ছ
= (সখ + আগচ্ছ) = সখ আগচ্ছ
(অ হইলে সন্ধি হয় না)।

প্রভো + আগচ্ছ = (প্রভব্ + আগচ্ছ) = প্রভবাগচ্ছ
= (প্রভ + আগচ্ছ) = প্রভ আগচ্ছ
(অ হইলে সন্ধি হয় না)।

প্রভো + এহি = (প্রভব্ + এহি) = প্রভবেহি
= (প্রভ + এহি) = প্রভ এহি
(অ হইলে সন্ধি হয় না)।

২। **সূত্র**—**অ**-কার ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, পদের অন্তস্থিত **এ**-কার স্থানে **অয়্** বা **অ**, এবং **ও**-কার স্থানে **অব্** বা **অ** হয়। অয়্ ও **অব্**-এর অ-কার পূর্ববর্ণে যুক্ত হয়। অ হইলে আর সন্ধি হয় না।

৩। ঐ + **স্বরবর্ণ** = **ঐ** স্থানে **আয়্** বা **আ**
ঔ + **স্বরবর্ণ** = **ঔ** স্থানে **আব্** বা **আ**

শ্রিয়ৈ + অর্থঃ = শ্রিয়ায়্ + অর্থঃ = শ্রিয়ায়র্থঃ
= শ্রিয়া + অর্থঃ = শ্রিয়া অর্থঃ
(আ হইলে সন্ধি হয় না)।

রবৌ + অস্তমিতে { = রবাব্ + অস্তমিতে = রবাবস্তমিতে
= রবা + অস্তমিতে = রবা অস্তমিতে
(আ হইলে সন্ধি হয় না)।

৩। **সূত্র**—স্বরবর্ণ পরে থাকিলে **ঐ** স্থানে **আয়্** বা **আ** এবং **ঔ** স্থানে **আব্** বা **আ** হয়। আয়্ বা আব্ হইলে আ পূর্ববর্ণে যুক্ত হয় এবং য়্ ও ব্ পরের স্বরে যুক্ত হয়। আ হইলে আর সন্ধি হয় না।

স্বরসন্ধির বিশেষ নিয়ম

লক্ষ্য কর—

১। শীত + ঋতঃ = শীতার্তঃ (অর্ না হইয়া আর্ হইল)
দুঃখ + ঋতঃ = দুঃখার্তঃ
শোক + ঋতঃ = শোকার্তঃ
পিপাসা + ঋতঃ = পিপাসার্তঃ

১। **সূত্র**—**অ**-কার কিংবা **আ**-কারের পর **ঋত** শব্দের **ঋ** থাকিলে এবং তৃতীয়া তৎপুরুষ সমাস হইলে **অ**-কারের সহিত **ঋ**-কারের বৃদ্ধি হইয়া **আর্** হয়। আর্-এর আ পূর্ববর্ণে যুক্ত হয়, এর র্ রেফ হইয়া পরবর্ণের মস্তকে যায়।

[শীতার্তঃ—শীত দ্বারা ঋত (৩য়া তৎপুরুষ সমাস)
পিপাসার্তঃ—পিপাসা দ্বারা ঋত (,,)]

২। স্ব + ঈরঃ = **স্বৈরঃ** (self-willed)—স্বেরঃ না হইয়া স্বৈরঃ হইল।

২। **সূত্র**—স্ব শব্দের **অ**-কারের পর **ঈর** শব্দের **ঈ** থাকিলে, **অ**-কারের সহিত **ঈ**-কারের বৃদ্ধি হইয়া **ঐ**-কার হয়।

৩। প্র + ঊঢ় = প্রৌঢ়
অক্ষ + ঊহিণী = অক্ষৌহিণী } ও না হইয়া ঔ হইল।

৩। **সূত্র**—**প্র** শব্দের পর **ঊঢ়** শব্দ থাকিলে **অ**-কারের সহিত **ঊ**-কারের বৃদ্ধি হইয়া **ঔ**-কার হয়।

অক্ষ শব্দের পর **ঊহিণী** শব্দ থাকিলে **অ**-কারের সহিত **ঊ**-কারের বৃদ্ধি হইয়া **ঔ**-কার হয়।

সন্ধি নিষেধ

ব্যাকরণে কয়েকটি স্থলে সন্ধির নিষেধ আছে :

১। দ্বিবচন নিষ্পন্ন **দীর্ঘ ঈ**-কারান্ত, **দীর্ঘ ঊ**-কারান্ত এবং **এ**-কারান্ত পদের সহিত পর পদের **সন্ধি হয় না**।

(ক) দ্বিবচন নিষ্পন্ন দীর্ঘ ঈ-কার—

কবী + ইমৌ = কবী ইমৌ
গিরী + এতৌ = গিরী এতৌ } (সন্ধি হইল না)

(খ) দ্বিবচন নিষ্পন্ন দীর্ঘ ঊ-কার—

সাধূ + ইমৌ = সাধূ ইমৌ
বন্ধূ + আগতৌ = বন্ধূ আগতৌ } সন্ধি হইল না।

(গ) দ্বিবচন নিষ্পন্ন এ-কার—

লতে + ইমে = লতে ইমে
লতে + এতে = লতে এতে } সন্ধি হইল না।

২। অদস্ শব্দ নিষ্পন্ন **দীর্ঘ ঈ**-কারান্ত ও **দীর্ঘ ঊ**-কারান্ত পদের সহিত পর পদের **সন্ধি হয় না**।

অমী + অশ্বাঃ = অমী অশ্বাঃ
অমূ + অর্ভকৌ = অমূ অর্ভকৌ } সন্ধি হইল না।

নিপাতনে সিদ্ধ সন্ধি

সন্ধির সূত্রের নিয়ম ছাড়াও কতকগুলি সন্ধির পদ সিদ্ধ হয় উহাদিগকে নিপাতনে সিদ্ধ বলে।

নিম্নলিখিত সন্ধিগুলি নিপাতনে সিদ্ধ—

মার্ত + অণ্ডঃ = মার্তণ্ডঃ (সূর্য্যঃ)
সার + অঙ্গঃ = সারঙ্গঃ (ধনুক, বাদ্যযন্ত্র বিশেষ)
সীমন্ + অন্তঃ = সীমন্তঃ (সিঁথি)
মনস্ + ঈষা = মনীষা
পতৎ + অঞ্জলিঃ = পতঞ্জলিঃ (এক মুনির নাম)।

অনুশীলনী

১। স্বরের গুণ ও বৃদ্ধি কাহাকে বলে ?

২। সন্ধি কাহাকে বলে ? সন্ধি কয় প্রকার ও কী কী ?

৩। সন্ধি বিচ্ছেদ কর :–

মহাস্ত্রম্, মৃগাঙ্কঃ, ক্ষিতীন্দ্র, গিরীশঃ, পৃথ্বীশ্বরঃ, বিধূদয়ঃ, ভূর্ধ্বম্, ভ্রাতৃদ্ধিঃ, পিতৃণম্, পরমেশ্বরঃ, মহেশঃ. সূর্যোদয়ঃ, গঙ্গোর্মিঃ, মহর্ষিঃ, রাজর্ষিঃ, সদৈব, মতৈক্যম্, মহৌষধিঃ, অভ্যুদয়ঃ, নদ্যম্বু, স্বাগতম্, মধ্বৃতে, মাত্রাদেশঃ, পিত্রৈশ্বর্যম্, শয়নম্, পাবকঃ, ভাবুকঃ, প্রভেহস্মগৃহাণ, সখেহর্পয়, রবাবুদিতে, দুঃখার্তঃ, প্রৌঢ়ঃ, সীমন্তঃ, সারঙ্গঃ, মনীষা, পতঞ্জলিঃ।

৪। সন্ধি কর :—

দুঃখ + অর্ণবঃ, মহী + ইন্দ্রঃ, পৃথ্বী + ঈশঃ, বিধু + উদয়ঃ, ভূ + উর্ধ্বম্, পিতৃ + ঋণম্, মহা + ইন্দ্রঃ, গঙ্গা + উদকম্, দেব + ঋষিঃ, মত + ঐক্যম্, চিত্ত + ঔদার্যম্, মহা + ওষধিঃ, অতি + আচারঃ, অভি + উদয়ঃ, নদী + আধারঃ, অনু + এষণম্, পিতৃ + আদেশঃ, নৌ + ইকঃ, যাচতে + অর্থম্, সখে + আগচ্ছ, রবৌ + উদিতে, স্ব + ঈরঃ, মুনী + ইমৌ, লতে + এতে, অমী + অশ্বাঃ।

৫। শুদ্ধ করিয়া লিখ :—

রবিন্দ্র, লঘূর্মিঃ, পিতৃণম্, মহোষধিঃ, যদ্যাপি, নদ্যাম্বু, পিত্রানুমতিঃ।

ব্যঞ্জনসন্ধি (Conjunction of Consonants)

ব্যঞ্জনবর্ণের সহিত স্বরবর্ণের অথবা ব্যঞ্জনবর্ণের সহিত ব্যঞ্জনবর্ণের যে সন্ধি হয় তাহাকে **ব্যঞ্জনসন্ধি** বলে।

ব্যঞ্জনসন্ধিতে প্রথম পদে ত্, দ্, ন্, ম্, ক্ এই পাঁচটি বর্ণের ব্যবহার অধিক। ইহাদের পরিবর্তন লক্ষ্য করিবে।

১। ত্, দ্ স্থানে চ্।

মত্ + চরণৌ = (মচ্ + চরণৌ) = মচ্চরণৌ ত্ + চ = চ্চ

উদ্ + চারণম্ = (উচ্ + চারণম্) = উচ্চারণম্ দ্ + চ = চ্চ

শরৎ + চন্দ্রঃ = (শরচ্ + চন্দ্রঃ) = শরচ্চন্দ্রঃ   ত্ + চ্ = চ্চ্

ভবৎ + ছত্রম্ = (ভবচ + ছত্রম্) = ভবচ্ছত্রম   ত্ + ছ্ = চ্ছ

এতদ্ + ছায়া = (এতচ্ + ছায়া) = এতচ্ছায়া   দ্ + ছ্ = চ্ছ

১। **সূত্র**—যদি **চ্** কিংবা **ছ্** পরে থাকে তাহা হইলে **ত্** ও **দ্** স্থানে **চ্** হয় ; চ্ পরবর্ণের সহিত মিলিত হইয়া **চ্চ্** বা **চ্ছ্** হয়।

২। **ত্, দ্** স্থানে **জ্**।

উদ্ + জ্বলঃ = (উজ + জ্বলঃ) = উজ্জ্বলঃ   দ্ + জ্ব্ = জ্জ্ব্

সৎ + জনঃ = (সজ্ + জনঃ) = সজ্জনঃ   ত্ + জ্ = জ্জ্

তদ্ + জন্যম্ = (তজ্ + জন্যম্) = তজ্জন্যম্   দ্ + জ্ = জ্জ

জগৎ + জননী = (জগজ্ + জননী) = জগজ্জননী   ত্ + জ্ = জ্জ্

তদ্ + ঝঙ্কারঃ = (তজ্ + ঝঙ্কারঃ) = তজ্ঝঙ্কারঃ   দ্ + ঝ্ = জ্ঝ

২। **সূত্র**—যদি **জ্** কিংবা **ঝ্** পরে থাকে তাহা হইলে **ত্** ও **দ্** স্থানে **জ্** হয়, **জ্** পরবর্ণের সহিত মিলিত হইয়া **জ্জ্** বা **জ্ঝ্** হয়।

৩। **ত্** ও **দ্** স্থানে **ড্**।

উদ্ + ডয়নম্ = (উড্ + ডয়নম্) = উড্ডয়নম্   দ্ + ড্ = ড্ড্

উদ্ + ডীনঃ = (উড + ডীনঃ) = উড্ডীনঃ   দ্ + ড্ = ড্ড্

বৃহৎ + ঢক্কা = (বৃহড্ + ঢক্কা) = বৃহড্ঢক্কা   ত + ঢ্ = ড্ঢ্

৪। **ত্, দ্** স্থানে **ন্**।

জগৎ + নাথঃ = (জগন্ + নাথঃ) = জগন্নাথ   ত্ + ন্ = ন্ন

জগৎ + মাতা = (জগন্ + মাতা) = জগন্মাতা   ত্ + ম্ = ন্ম্

এতদ্ + মাত্রম্ = (এতন্ + মাত্রম্) = এতন্মাত্রম্   দ্ + ম্ = ন্ম্

৪। **সূত্র**—যদি **ন্** কিংবা **ম্** পরে থাকে তাহা হইলে **ত্** ও **দ্** স্থানে **ন্** হয়, ন্ পরবর্ণের সহিত মিলিত হইয়া **ন্ন্** বা **ন্ম্** হয়।

৫। **ত্, দ্** স্থানে **ল্**।

উদ্ + লেখঃ = (উল্ + লেখঃ) = উল্লেখঃ   দ্ + ল্ = ল্ল্

তদ্ + লীলা = (তল্ + লীলা) = তল্লীলা   দ্ + ল্ = ল্ল্

৫। **সূত্র**—যদি **ল্** পরে থাকে তাহা হইলে **ত্** ও **দ্** স্থানে **ল্** হয়, **ল্** পরবর্ণের সহিত মিলিত হইয়া **ল্ল্** হয়।

৬। **ত্, দ্** স্থানে **চ্** এবং **শ্** স্থানে **ছ্**।

জগৎ+শরণ্যঃ=(জগচ্+ছরণ্যঃ)=জগচ্ছরণ্যঃ ত্+শ্=চ্ছ্
তদ্+শরীরম্ =(তচ্+ছরীরম্)=তচ্ছরীরম্ দ্+শ্ =চ্ছ্
তদ্+শ্রুত্বা =(তচ্+ছ্রুত্বা) =তচ্ছ্রুত্বা দ্+শ্ =চ্ছ্

৬। **সূত্র**—যদি তালব্য **শ্** পরে থাকে তাহা হইলে **ত্** ও **দ্** স্থানে **চ্** এবং **শ্** স্থানে **ছ্** হয়।

৭। **ত্, দ্** স্থানে **দ্** এবং **হ্** স্থানে **ধ্**।

উদ্+হতঃ =(উদ্+ধতঃ) =উদ্ধতঃ দ্+হ্ =দ্ধ্
মহৎ+হিতম্=(মহদ্+ধিতম্)=মহদ্ধিতম্ ত্+হ্=দ্ধ্
উদ্+হারঃ =(উদ্+ধারঃ) =উদ্ধারঃ দ্+হ্=দ্ধ্

৭। **সূত্র**—যদি **হ্** পরে থাকে তাহা হইলে **ত্** ও **দ্** স্থানে **দ্** এবং **হ্** স্থানে **ধ্** হয়।

৮। **ত্** স্থানে **দ্**।

জগৎ+অম্বা =(জগদ্+অম্বা) =জগদম্বা*
জগৎ+ইন্দ্রঃ =(জগদ্+ইন্দ্রঃ) =জগদিন্দ্রঃ*
জগৎ+ঈশঃ =(জগদ্+ঈশঃ) =জগদীশঃ*
মহৎ+ঐশ্বর্যম্ =(মহদ্+ঐশ্বর্যম্) =মহদৈশ্বর্যম্
মহৎ+ভয়ম্ =(মহদ্+ভয়ম্) =মহদ্ভয়ম্
কশ্চিৎ+বালকঃ=(কশ্চিদ্+বালকঃ)=কশ্চিদ্বালকঃ
বৃহৎ+রথঃ =(বৃহদ্+রথঃ) =বৃহদ্রথঃ

৮। **সূত্র**—যদি **স্বরবর্ণ** অথবা **বর্গের তৃতীয়, চতুর্থ** বর্ণ ও **য্, র্, ল্, ব্** পরে থাকে তাহা হইলে পূর্বপদের অন্তস্থিত **ত্** স্থানে **দ্** হয়।

* জগৎ+অম্বা সন্ধিতে 'জগদ্ অম্বা' না লিখিয়া পুনরায় সন্ধি করিয়া জগদম্বা লিখিতে হইবে। এইরূপ—জগদিন্দ্রঃ, জগদীশঃ।

৯। ন্ স্থানে ঞ্।

মহান্+জয়ঃ =(মহাঞ্+জয়ঃ) =মহাঞ্জয়ঃ

ভবান্+জীবতু=(ভবাঞ্+জীবতু)=ভবাঞ্জীবতু

১০। ন্ স্থানে ঞ্ এবং শ্ স্থানে ছ্।

মহান্+শব্দঃ =(মহাঞ্+ছব্দঃ) =মহাঞ্ছব্দঃ

ধাবন্+শশকঃ=(ধাবঞ্+ছশকঃ)=ধাবঞ্ছশকঃ

১০। **সূত্র**—তালব্য **শ্** পরে থাকিলে পূর্বপদের অন্তস্থিত **ন্** স্থানে **ঞ** এবং **শ্** স্থানে **ছ্** হয়।

১১। **ন**-কারের **দ্বিত্ব** (ন্ন্)।

ধাবন্+অশ্বঃ =(ধাবন্ন্+অশ্বঃ) =ধাবন্নশ্বঃ

হসন্+আগতঃ=(হসন্ন্+আগতঃ)=হসন্নাগতঃ

কুর্বন্+ইদম্ =(কুর্বন্ন্+ইদম্) =কুর্বন্নিদম্

১১। **সূত্র**—যদি **স্বরবর্ণ** পরে থাকে তাহা হইলে পদের অন্তস্থিত **ন**-কারের **দ্বিত্ব** হয়।

১২। কোন কোন স্থানে **ন-কারের দ্বিত্ব** হয় না।

মহান্+আগ্রহঃ=মহানাগ্রহঃ

'মহান্নাগ্রহঃ' এইরূপ উচ্চারণ অত্যন্ত ক্লেশকর, অস্বাভাবিক।

মহান্+আরম্ভঃ=মহানারম্ভঃ

মুনীন্+আহ্বয় =মুনীনাহ্বয়

১২। **সূত্র—স্বরবর্ণ** পরে থাকিলেও যদি **ন্** দীর্ঘস্বরের পরে থাকে তাহা হইলে উহার **দ্বিত্ব হয় না,** অর্থাৎ **ন্=ন্ন্** হইবে না।

১৩। **ন্** স্থানে **অনুস্বার, চ্** স্থানে **শ্চ্, ছ** স্থানে **শ্ছ্**।

হসন্+চলতি=(হসং+শ্চলতি)=হসংশ্চলতি

নৃত্যান্+চকোরঃ=নৃত্যাংশ্চকোরঃ ধাবন্+ছাগঃ=ধাবংশ্ছাগঃ

[হসন্ চলতি—ইহাদের সন্ধিতে দ্রুত উচ্চারণ করিতে গেলে 'হসংশ্চলতি' এইরূপ উচ্চারণ ধ্বনিই স্বচ্ছন্দ ও মধুর।]

১৩। **সূত্র**—যদি **চ্** কিংবা **ছ্** পরে থাকে তাহা হইলে পূর্বপদের **অন্তস্থিত ন্** স্থানে অনুস্বার হয়, এবং **চ্** স্থানে **শ্চ্**, **ছ্** স্থানে **শ্ছ্** হয়।

১৪। **ন্** স্থানে **অনুস্বার**, **ত্** স্থানে **স্ত্**, **থ্** স্থানে **স্থ্**।

পতন্ + তরুঃ = (পতং + স্তরুঃ) = পতংস্তরুঃ

মহান্ + তড়াগঃ = (মহাং + স্তড়াগঃ) = মহাংস্তড়াগঃ

১৫। **ম্** স্থানে **অনুস্বার**।

শীঘ্রম্ + যাতি = শীঘ্রং যাতি   করুণম্ + রোদিতি = করুণং রোদিতি

বিদ্যাম্ + লভতে = বিদ্যাং লভতে   ভারম্ + বহতি = ভারং বহতি

মধুরম্ + হসতি = মধুরং হসতি   কষ্টম্ + সহতে = কষ্টং সহতে

১৫। **সূত্র**—যদি **অন্তঃস্থবর্ণ** অথবা **উষ্মবর্ণ** পরে থাকে তাহা হইলে পদের অন্তস্থিত **ম্** স্থানে **অনুস্বার** হয়।'

১৬। **ম্** স্থানে **অনুস্বার** অথবা পরবর্তী বর্গের **পঞ্চম বর্ণ**।

কিম্ + করোষি = কিংকরোষি, কিঙ্করোষি*

গৃহম্ + গচ্ছ = গৃহংগচ্ছ, গৃহঙ্গচ্ছ*

শীঘ্রম্ + চলতি = শীঘ্রংচলতি, শীঘ্রঞ্চলতি*

গুরুম্ + নমতি = গুরুংনমতি, গুরুন্নমতি

সত্যম্ + ভাষতে = সত্যংভাষতে, সত্যম্ভাষতে

চন্দ্রম্ + পশ্যতি = চন্দ্রং পশ্যতি, চন্দ্রম্পশ্যতি

১৬। **সূত্র**—যদি **স্পর্শবর্ণ** পরে থাকে তাহা হইলে পদের অন্তস্থিত **ম্** স্থানে **অনুস্বার**, অথবা যে বর্গের বর্ণ পরে থাকে, সেই বর্গের **পঞ্চম বর্ণ** হয়।

১৭। **ক্** স্থানে **গ্**।

দিক্ + অন্তঃ = (দিগ্ + অন্তঃ) = দিগন্তঃ

বাক্ + আড়ম্বরঃ = (বাগ্ + আড়ম্বরঃ) = বাগাড়ম্বরঃ

বাক্ + ঈশঃ = (বাগ্ + ঈশঃ) = বাগীশঃ

প্রাক্ + এব = (প্রাগ্ + এব) = প্রাগেব

---

* **কিঙ্করোষি, গৃহঙ্গচ্ছ, এইরূপ সন্ধির প্রয়োগ না করাই ভাল।**

দিক্ + গজঃ = দিগ্ গজঃ

দিক্ + হস্তী = দিগ্ হস্তী

সম্যক্ + উক্তম্ = (সম্যগ্ + উক্তম্) = সম্যগুক্তম্

বাক্ + জালম্ = বাগ্ জালম্

ধিক্ + লোভিনম্ = ধিগ্ লোভিনম্

বাক্ = রোধঃ = বাগ্ রোধঃ

১৭। **সূত্র**—যদি **স্বরবর্ণ**, বর্গের **তৃতীয়** ও **চতুর্থ** বর্ণ অথবা **য্**, **র্**, **ল্**, **ব্**, **হ্** পরে থাকে তাহা হইলে পদের অন্তস্থিত **ক্** স্থানে **গ্** হয়।

১৮। বর্গের **প্রথম বর্ণ** + **ন্** কিংবা **ম্** = বর্গের **তৃতীয়** বা **পঞ্চম বর্ণ**।

দিক্ + নাগঃ = দিগ্ নাগঃ, দিঙ্ নাগঃ

জগৎ + নাথঃ = জগদ্নাথঃ, জগন্নাথঃ

প্রাক্ + মুখঃ = প্রাগ্ মুখঃ, প্রাঙ্মুখঃ

অবাক্ + মুখঃ = অবাগ্ মুখঃ, অবাঙ্মুখঃ

ভবৎ + মতম্ = ভবদ্মতম্, ভবন্মতম্

১৮। **সূত্র**—যদি **ন্** কিংবা **ম্** পরে থাকে তাহা হইলে পদের **অন্তস্থিত** বর্গের **প্রথম** বর্ণের স্থানে **তৃতীয়** অথবা **পঞ্চম** বর্ণ হয়।

১৯। **ছ্** স্থানে **চ্ছ্**।

পরি + ছদঃ = পরিচ্ছদঃ

বৃক্ষ + ছায়া = বৃক্ষচ্ছায়া

অব + ছেদঃ = অবচ্ছেদঃ

তরু + ছায়া = তরুচ্ছায়া

১৯। **সূত্র**—যদি স্বরবর্ণের পর **ছ্** থাকে তাহা হইলে **ছ্** স্থানে **চ্ছ্** হয়।

২০। **চ**-বর্গ + **ন্** = **ন্** স্থানে **ঞ্**।

যাচ্ + না = (যাচ্ + ঞা) = যাচ্ঞা

যজ্ + নঃ = (যজ্ + ঞঃ) = যজ্ঞঃ

রাজ + নী = (রাজ্ + ঞী) = রাজ্ঞী

২০। **সূত্র—চ** বর্গের পর **ন্** থাকিলে, **ন্** স্থানে **ঞ্** হয়।

২১। **ম্+ত্—ম্** স্থানে **ন্**।

শাম্+তঃ=(শান্+তঃ)=শান্তঃ
শাম্+তিঃ=(শান্+তিঃ)=শান্তিঃ

২২। **ষ্+ত্ ও থ্=ত্** স্থানে **ট্**, **থ্** স্থানে **ঠ্**।

আকৃষ্+তঃ=আকৃষ্টঃ, উৎকৃষ্+তঃ=উৎকৃষ্টঃ,
ষষ্+থঃ=ষষ্ঠঃ

২৩। **দ্** স্থানে **ত্**।

তদ্+কালঃ=তৎকালঃ বিপদ্+কালঃ=বিপৎকালঃ
বিপদ্+পাতঃ=বিপৎপাতঃ তদ্+সকাশঃ=তৎসকাশঃ

বিশেষ কয়েকটি সন্ধির প্রয়োগ নিম্নে দেওয়া হইল :—

২৪। **সূত্র—উদ্** উপসর্গের পরস্থিত **'স্থা'** ধাতুর **স্**-এর **লোপ** হয়।

উদ্+স্থানম্=উত্থানম্ উদ্+স্থিতঃ=উত্থিতঃ

২৫। **সূত্র—ময়** কিংবা **মাত্র প্রত্যয়** পরে থাকিলে পদের অন্তস্থিত বর্গীয় **প্রথম** বর্ণের স্থানে **পঞ্চম** বর্ণ হয়।

বাক্+ময়ম্=(বাঙ্+ময়ম্)=বাঙ্ময়ম্
চিৎ+ময়ম্=(চিন্+ময়ম্)=চিন্ময়ম্

২৬। **সূত্র—কৃত, কার, কৃতি** (কৃ ধাতু নিষ্পন্ন শব্দ) পরে থাকিলে **সম্** শব্দের **ম্** স্থানে **অনুস্বার** হয় এবং অনুস্বারের পর **স-কারের** আগম হয়।

সম্+কৃতঃ=(সং+স্ কৃতঃ)=সংস্কৃতঃ
সম্+কারঃ=(সং+স্ কারঃ)=সংস্কার
সম্+কৃতিঃ=সংস্কৃতিঃ

নিম্নলিখিত পদগুলি নিপাতনে সিদ্ধ—

বন+পতিঃ=বনস্পতিঃ আ+চর্যম্=আশ্চর্যম্
বৃহৎ+পতিঃ=বৃহস্পতিঃ তদ্+করঃ=তস্করঃ গো+পদম্=গোষ্পদম্

অনুশীলনী

১। ব্যঞ্জনসন্ধি কাহাকে বলে? ব্যঞ্জনবর্ণের সহিত স্বরবর্ণের সন্ধির পাঁচটি উদাহরণ দাও। ব্যঞ্জনবর্ণের সহিত ব্যঞ্জনবর্ণের সন্ধির পাঁচটি উদাহরণ দাও।

২। সন্ধি করিলে কী হইবে বল :—

মহৎ+ছত্রম্ ; তদ্+ছবিঃ ; বিপদ্+জালম্ , এতদ্+শরীরম্ ; ধাবন্+শশকঃ। বিপদ্+হেতুঃ ; হসন্+আগত ; কবীন্+আহ্বয়। হসন্+চলিতঃ ; পতন্+তরুঃ ; সত্বরম্+যাতি ; মধুরম্+হসতি ; সূর্যম্+পশ্যতি ; বৃক্ষ+ছায়া ; দিক্+নাগঃ ; জগৎ+ঈশঃ, ভবৎ+মতম্, যজ্+নঃ ; ষষ্+থঃ ; উদ্+স্থিতঃ, বাক্+ময়ম্ ; সম্+কৃতঃ।

৩। সন্ধিবিচ্ছেদ কর :—

উচ্চারণম্ ; শরচ্চন্দ্রঃ ; উজ্জ্বলঃ ; উড্ডীনঃ ; জগন্নাথঃ ; এতন্মাত্রম্ ; উল্লেখঃ ; তচ্ছ্রুত্বা ; উদ্ধারঃ ; জগদ্বন্ধুঃ ; ভবাঞ্জীবতু ; মহাঞ্ছব্দঃ ; ধাবন্নশ্বঃ ; পশ্যংশ্চলিতঃ ; বাগীশঃ ; তরুচ্ছায়া ; পরিচ্ছেদঃ ; বিপৎকালঃ ; সংস্কারঃ ; চিন্ময়ম্ ; উৎকৃষ্টঃ ; বনস্পতিঃ ; গোষ্পদম্।

৪। শুদ্ধ করিয়া লিখ :—

উজ্বলঃ ; জগৎমাতা ; জগৎগুরুঃ ; দিক্গজঃ ; হসনাগতঃ ; বিপদ্কালঃ ; তদ্কালঃ ; বাক্জালম্।

বিসর্গ-সন্ধি

বিসর্গসন্ধি ব্যঞ্জনসন্ধির অন্তর্গত। পূর্বেই বলা হইয়াছে, পদের অন্তস্থিত র্ ও স্ এই দুইটি ব্যঞ্জনবর্ণের স্থানে বিসর্গ (:) হয়। এই কারণে বিসর্গ-সন্ধিকে ব্যঞ্জন সন্ধির অন্তর্গত বলা হয়।

বিসর্গ দুই প্রকার—স্-জাত ও র্-জাত। **স্** স্থানে যে **বিসর্গ** হয় তাহাকে **স্-জাত বিসর্গ** বলে, এবং **র্** স্থানে যে **বিসর্গ** হয় তাহাকে **র্-জাত** বিসর্গ বলে।

মনে রাখিবে, বিসর্গ সন্ধিতে স্-জাত ও র্-জাত উভয়বিধ বিসর্গের নানাপ্রকার পরিবর্তন হয়।

১। **:** (বিসর্গ) স্থানে তালব্য **শ্**।

পূর্ণঃ+চন্দ্রঃ =(পূর্ণশ্+চন্দ্রঃ) =পূর্ণশ্চন্দ্রঃ   :+চ্=শ্চ্

বায়ুঃ+চলতি=(বায়ুশ্+চলতি)=বায়ুশ্চলতিঃ   :+চ্=শ্চ্

নিঃ + চিতঃ = (নিশ্ + চিতঃ) = নিশ্চিতঃ   ঃ + চ = শ্চ্

রবেঃ + ছবিঃ = (রবেশ্ + ছবিঃ) = রবেশ্ছবিঃ   ঃ + ছ্ = শ্ছ্

তরোঃ + ছায়া = তরোশ্ছায়াঃ   ঃ + ছ্ = শ্ছ্

ধাবিতঃ + ছাগঃ = ধাবিতশ্ছাগঃ   ঃ + ছ্ = শ্ছ্

দুঃ + চিন্তা = দুশ্চিন্তা ।   ঃ + চ্ = শ্চ্

১। **সূত্র**—যদি **চ্** কিংবা **ছ্** পরে থাকে তাহা হইলে বিসর্গ স্থানে **শ্** হয়।

২। **ঃ (বিসর্গ)** স্থানে **'ষ্'**।

ভীতঃ + টলতি = (ভীতষ্ + টলতি) = ভীতষ্টলতি   ঃ + ট্ = ষ্ট

ধনুঃ + টঙ্কার = (ধনুষ্ + টঙ্কারঃ) = ধনুষ্টঙ্কারঃ   ঃ + ট্ = ষ্ট্

২। **সূত্র**—**ট্** বা **ঠ্** পরে থাকিলে বিসর্গ স্থানে **ষ্** হয়।

৩। **ঃ (বিসর্গ)** স্থানে **'স্'**।

উন্নতঃ + তরুঃ = (উন্নতস্ + তরুঃ) = উন্নতস্তরুঃ   ঃ + ত্ = স্ত্

নদ্যাঃ + তীরম্ = (নদ্যাস্ + তীরম্) = নদ্যাস্তীরম্   ঃ + ত্ = স্ত্

ভূমেঃ + তলম্ = (ভূমেস্ + তলম্) = ভূমেস্তলম্   ঃ + ত্ = স্ত্

৩। **সূত্র**—যদি **ত্** পরে থাকে তাহা হইলে **বিসর্গ** স্থানে দন্ত্য **স্** হয়।

৪। **অঃ + অ—অঃ = ও, অ = লুপ্ত অকার (ঽ)**।

বালকঃ + অয়ম্ = বালকোঽয়ম্   অঃ + অ = ওঽ

সঃ + অবদৎ = সোঽবদৎ   "

ছাত্রঃ + অগচ্ছৎ = ছাত্রোঽগচ্ছৎ   "

বেদঃ + অধীতঃ = বেদোঽধীতঃ   "

ততঃ + অহম্ = ততোঽহম্   "

নবঃ + অঙ্কুরঃ = নবোঽঙ্কুরঃ   "

৪। **সূত্র**—যদি **অ**-কারের পর **স-জাত** বিসর্গ থাকে এবং **অ**-কার পরে থাকে, তাহা হইলে পূর্ববর্তী **অ**-কার ও **বিসর্গ** উভয়ের স্থানে **ও**-কার হয়;

ও-কার পূর্ববর্ণে যুক্ত হয় এবং পরবর্তী **অ-কার লুপ্ত হয়।** লুপ্ত অ-কারের একটি চিহ্ন (ঽ) থাকে।

৫। **অঃ**+বর্গের **৩য়, ৪র্থ, ৫ম** বর্ণ, এবং য্, র্, ল্, ব্, হ্ : **অঃ=ও।**

উত্তমঃ+বালকঃ=উত্তমো বালকঃ (অঃ+ব্), অঃ=ও।

সুন্দরঃ+বৃক্ষঃ=সুন্দরো বৃক্ষঃ „

একঃ+বর্তকঃ=একো বর্তকঃ „

মধুরঃ+গন্ধঃ=মধুরো গন্ধঃ (অঃ+গ্), অঃ=ও

নূতনঃ+ঘটঃ=নূতনো ঘটঃ (অঃ+ঘ্), অঃ=ও

গজঃ+ধাবতি=গজো ধাবতি (অঃ+ধ্), অঃ=ও

বিশালঃ+গিরিঃ=বিশালো গিরিঃ (অঃ+গ্), অঃ=ও

অতীতঃ+মাসঃ=অতীতো মাসঃ (অঃ+ম্), অঃ=ও

শীতলঃ+বায়ুঃ=শীতলো বায়ুঃ (অঃ+ব্), অঃ=ও

সদ্যঃ+জাতঃ=সদ্যোজাতঃ (অঃ+জ্), অঃ=ও

মনঃ+রমঃ=মনোরমঃ (অঃ+র্), অঃ=ও

৫। **সূত্র**—যদি বর্গের **তৃতীয়, চতুর্থ, পঞ্চম** বর্ণ ও **য্ র্ ল্ ব্ হ্** পরে থাকে তাহা হইলে **অ**-কার ও **অ**-কারের পরস্থিত স্-জাত বিসর্গ উভয়ে মিলিয়া **ও**-কার হয়, **ও**-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

৬। **অঃ+অ-কার ভিন্ন স্বরবর্ণ=বিসর্গ লোপ।**

কৃতঃ+আগতঃ=কৃত আগতঃ অঃ+আ=অ আ

দেবঃ+ইব=দেব ইব অঃ+ই=অ ই

চন্দ্রঃ+উদেতি=চন্দ্র উদেতি অঃ+উ=অ উ

সূর্যঃ+উদিতঃ=সূর্য উদিতঃ

কঃ+এষঃ=ক এষঃ

দেবঃ+ঋষিঃ=দেব ঋষিঃ

শিক্ষকঃ+আগতঃ=শিক্ষক আগতঃ

৬। **সূত্র—অ-কার ভিন্ন স্বরবর্ণ** পরে থাকিলে **অ-কারের পরস্থিত বিসর্গের লোপ** হয়। লোপের পর আর **সন্ধি হয়** না।

৭। **আঃ + স্বরবর্ণ**, বর্গের **৩য়, ৪র্থ, ৫ম** বর্ণ, এবং
য্ র্ ল্ ব্ হ্ থাকিলে আ-কারের **বিসর্গ লোপ**।

বালকাঃ + গচ্ছন্তি = বালকা গচ্ছন্তি
ছাত্রাঃ + ইমে = ছাত্রা ইমে
বালিকাঃ + অগচ্ছন্ = বালিকা অগচ্ছন্
তারাঃ + উদিতাঃ = তারা উদিতাঃ
ময়ূরাঃ + নৃত্যন্তি = ময়ূরা নৃত্যন্তি
আগতাঃ + ঋষয়ঃ = আগতা ঋষয়ঃ
উন্নতাঃ + গিরয়ঃ = উন্নতা গিরয়ঃ
বালকাঃ + হসন্তি = বালকা হসন্তি

৭। **সূত্র**—যদি **স্বরবর্ণ**, বর্গের **তৃতীয়, চতুর্থ, পঞ্চম** বর্ণ ও য্ র্ ল্ ব্ হ্ পরে থাকে তাহা হইলে **আ-কারের** পরস্থিত **স্**-জাত বিসর্গের **লোপ হয়**।

৮। **অ, আ ভিন্ন স্বরবর্ণের পরস্থিত ঃ + স্বরবর্ণ, ৩য়, ৪র্থ, ৫ম** বর্ণ
ও য র্ ল্ ব্ হ্ থাকিলে ঃ স্থানে র্।

মুনিঃ + অয়ম্ = (মুনির্ + অয়ম্) = মুনিরয়ম্ ঃ + অ = র
রবিঃ + উদেতি = (রবির্ + উদেতি) = রবিরুদেতি ঃ + উ = রু
সাধুঃ + আগতঃ = (সাধুর্ + আগতঃ) = সাধুরাগতঃ
রবেঃ + উদয়ঃ = (রবের্ + উদয়ঃ) = রবেরুদয়ঃ
তৈঃ + উক্তম্ = (তৈর্ + উক্তম্) = তৈরুক্তম্
গুরোঃ + আদেশঃ = (গুরোর্ + আদেশঃ) = গুরোরাদেশঃ
কবিঃ + গচ্ছতি = (কবির্ + গচ্ছতি) = কবির্গচ্ছতি
নিঃ + ধনঃ = (নির্ + ধনঃ) = নির্ধনঃ
বহিঃ + যোগঃ = (বহির্ + যোগঃ) = বহির্যোগঃ
বায়ুঃ + বাতি = (বায়ুর্ + বাতি) = বায়ুর্বাতি
গৌঃ + অয়ম্ = (গৌর্ + অয়ম্) = গৌরয়ম্

৮। **সূত্র**—যদি **স্বরবর্ণ**, বর্গের **তৃতীয়, চতুর্থ, পঞ্চম** বর্ণ কিংবা **য্ র্ ল্ ব্ হ্** পরে থাকে তাহা হইলে **অ, আ** ভিন্ন স্বরবর্ণের পরস্থিত স্-জাত ও র্-জাত **বিসর্গ** স্থানে **র্** হয়। পরবর্তী বর্ণের সহিত ঐ র্ যুক্ত হয়।

৯। **সঃ, এষঃ+অ ভিন্ন যে কোন বর্ণ=ঃ লোপ।**

সঃ+আগতঃ=স আগতঃ   সঃ+ইচ্ছতি=স ইচ্ছতি

সঃ+গচ্ছতি=স গচ্ছতি   সঃ+পঠতি=স পঠতি

এষঃ+নরঃ=এষ নরঃ   এষঃ+হসতি=এষ হসতি

এষঃ+সুধীঃ=এষ সুধীঃ   এষঃ+প্রভাতকালঃ=এষ প্রভাতকালঃ

৯। **সূত্র—অকার** ভিন্ন স্বরবর্ণ অথবা যে কোন ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে, **সঃ** ও **এষঃ**—এই দুই পদের বিসর্গের লোপ হয়।

১০। **র্-জাত বিসর্গ** স্থানে **র্**।

পুনঃ+অপি=(পুনর্+অপি)=পুনরপি   ঃ+অ=র

প্রাতঃ+এব=(প্রাতর্+এব)=প্রাতরেব   ঃ+এ=রে

অন্তঃ+ধানম্=(অন্তর্+ধানম্)=অন্তর্ধানম্   ঃ+ধা=র্ধা

পিতঃ+দেহি=(পিতর্+দেহি)=পিতর্দেহি

স্বঃ+গতঃ=(স্বর্+গতঃ)=স্বর্গতঃ

অন্তঃ+হিতঃ=(অন্তর্+হিতঃ)=অন্তর্হিত

১০। **সূত্র**—যদি **স্বরবর্ণ**, বর্গের **তৃতীয়, চতুর্থ, পঞ্চমবর্ণ** কিংবা **য্ র্ ল্ ব্ হ্** পরে থাকে, তাহা হইলে **র্-জাত বিসর্গের** স্থানে **র্** হয়। ঐ র্ পরবর্তী বর্ণের সহিত যুক্ত হয়।

১১। **ভোঃ+স্বরবর্ণ, ৩য়, ৪র্থ, ৫ম বর্ণ ও য্ র্ ল্ ব্ হ্=ঃ লোপ।**

ভোঃ+অশ্ব=ভো অশ্ব   ভোঃ+গদাধর=ভো গদাধর

ভোঃ+দেব=ভো দেব   ভোঃ+রাজন্=ভো রাজন্

১২। **বিসর্গের র্+র্** থাকিলে **র্ লোপ ও পূর্বস্বর** দীর্ঘ।

পিতঃ (র্)+রক্ষ=পিতারক্ষ   নিঃ (র্)+রবঃ=নীরবঃ

নিঃ+রসঃ=নীরসঃ   বিধুঃ (র্)+রাজতে=বিধূরাজতে

স্বঃ (র্)+রাজ্যম্=স্বারাজ্যম্   চক্ষুঃ+রোগঃ=চক্ষরোগঃ

১২। **সূত্র—র্** পরে থাকিলে **বিসর্গ** স্থানে যে **র্** হয়, তাহার **লোপ হয়** এবং **পূর্বস্বর দীর্ঘ** হয়, অর্থাৎ অ, ই, উ স্থানে যথাক্রমে আ, ঈ, ঊ হয়।

১৩। **বিসর্গ** স্থানে **ষ**।

নিঃ + কামঃ = (নিষ্ = কামঃ) = নিষ্কামঃ

নিঃ + ফলঃ = (নিষ্ + ফলঃ) = নিষ্ফলঃ

বহিঃ + কৃতঃ = (বহিষ্ + কৃতঃ) = বহিষ্কৃতঃ

আবিঃ + কারঃ = আবিষ্কারঃ। দুঃ + করম্ = দুষ্করম্।

চতুঃ + কোণম্ = চতুষ্কোণম্। চতুঃ + পথম্ = চতুষ্পথম্।

১৩। **সূত্র—ক্ খ্ প্ ফ্** পরে থাকিলে **নিঃ, আবিঃ, বহিঃ, চতুঃ**, এই সকল শব্দের **বিসর্গ** স্থানে মূর্ধন্য **ষ্** হয়।

১৪। **বিসর্গ** স্থানে **দন্ত্য স্**

নমঃ + কারঃ = নমস্কারঃ। নমঃ + করোতি = নমস্করোতি।

তিরঃ + কারঃ = তিরস্কারঃ। পুরঃ + কারঃ = পুরস্কারঃ।

মনঃ + কামঃ = মনস্কামঃ। শ্রেয়ঃ + করঃ = শ্রেয়স্করঃ।

ভাঃ + করঃ = ভাস্করঃ। বাচঃ + পতিঃ = বাচস্পতিঃ।

১৫। **অহন্** শব্দের **ন্** স্থানে **র্** হয়।

অহন্ + অহঃ = (অহর্ + অহঃ) = অহরহঃ।

অহন্ + নিশম্ = (অহর্ + নিশম্) = অহর্নিশম্

অনুশীলনী

১। স-জাত বিসর্গ ও র-জাত বিসর্গ কাহাকে বলে? কয়েকটি উদাহরণ দাও।

২। সন্ধি কর :—

বায়ুঃ + চলতি ; পূর্ণঃ + চন্দ্রঃ ; দুঃ + চিন্তা ; ততঃ + তে ; নদ্যাঃ + তীরম্ ; ছাত্রঃ + অয়ম্ ; ততঃ + অহম্ ; সঃ + অবদৎ ; শীতলঃ + বায়ুঃ ; সদ্যঃ + জাতঃ ;

রবিঃ + উদেতি ; ভানুঃ + উদিতঃ ; কবিঃ + আগতঃ ; সঃ + বদতি ; এষঃ + বালকঃ ; পুনঃ + অপি ; নিঃ + রসঃ ; চক্ষুঃ + রোগঃ ; ছাত্রাঃ + ইমে ; বালকাঃ + গতাঃ ; চন্দ্রঃ + উদেতিঃ ; আবিঃ + কারঃ ; পুরঃ + কারঃ ; অহন্ + অহঃ।

৩। সন্ধিবিচ্ছেদ কর :—

গুরোশ্ছাত্রঃ ; উন্নতস্তরু ; বেদোঽধীতঃ ; শিক্ষকোঽবদৎ ; কবিরয়ম্ ; মুনির্যাতি ; স আগচ্ছতি ; মাতর্দেহি; প্রাতরাশঃ ; বিশালো বৃক্ষঃ ; গজো ধাবতি ; নীরোগঃ ; বালকা গতা ; ছাত্রা হসন্তি ; তিরস্কারঃ ; অহর্নিশম্ ; ভো বালক ; চতুষ্পথম্।

৪। নিম্নলিখিত বাক্যগুলিতে যে যে স্থলে সন্ধি করা যায় তথায় **সন্ধি করিয়া** লিখিতে চেষ্টা কর। যেখানে সন্ধি শ্রুতিকটু হইবে সেখানে সন্ধি করিবে না। কোন কোন স্থলে সন্ধি করিতেই হইবে। যেমন, 'অয়ম্ বালকঃ' এইরূপ লিখিলে চলিবে না, **'অয়ং বালকঃ'** লিখিতে হইবে। (সূত্র—ব্যঞ্জন সন্ধি ১৫নং, ১৬নং)।

ভোঃ বালক ! ত্বম্ চিরম্ জীব। অয়ম্ ধাবন্ অশ্বঃ অতীব দ্রুতগামী। শিশুঃ অয়ং হসন্ চলতি। ভোঃ অম্ব ! তৃষ্ণার্তঃ অহম্। বালকঃ অয়ম্ পূর্ণং চন্দ্রম্ পশ্যতি। পূর্ণঃ চন্দ্রঃ উদিতঃ গগনে। স উত্তমঃ ছাত্রঃ সুশীলঃ চ বালকঃ। শীতলঃ বায়ুঃ বাতি। উদ্যানাৎ মধুরঃ গন্ধঃ আয়াতি। কুতঃ আগতঃ ত্বম্ ? রবৌ অস্তমিতে চন্দ্রঃ উদেতি। রবিঃ উদেতি অন্ধকারঃ চ অপগচ্ছতি। এষঃ বালকঃ মে কনিষ্ঠঃ ভ্রাতা। ছাত্রাঃ গচ্ছন্তি বিদ্যালয়ম্। ভোঃ গণেন্দ্র ! প্রাতঃ এব শয্যায়াঃ উত্থানং কুরু।

ণত্ব ও ষত্ব বিধান

ণত্ব-বিধান*

সংস্কৃত বা তৎসম শব্দে কোন কোন স্থলে মূর্ধন্য ণ্ হয়। এই মূর্ধন্য ণ-এর ব্যবহারের নিয়মকে **ণত্ব-বিধান** বলে।

[ণ্-এর উচ্চারণ স্থান **মূর্ধা**, এই কারণ উহাকে **মূর্ধন্য ণ** বলে। **ঋ**, **ৠ**, ট্, ঠ্, ড্, ঢ্, ণ্, র্, ষ্—ইহারা **মূর্ধণ্য** বর্ণ।]

নিম্নলিখিত পদগুলির **মূর্ধন্য ণ্** লক্ষ্য কর। (উচ্চারণ করিলেই ণত্বের কারণ বুঝা যাইবে। লেখায় দন্ত্য ন্ ও মূর্ধন্য ণ্-এর বর্ণাশুদ্ধি হওয়ার কারণ থাকিবে না। তথাপি নিয়মগুলি আয়ত্ত করা আবশ্যক।)

ঋ—ঋণম্, নৃণাম্, তিসৃণাম্, ধাতৃণা ইত্যাদি।

ৠ—দাতৄণাম্, ভ্রাতৄণাম্ ইত্যাদি।

র্—বর্ণঃ, পূর্ণম্, বিকীর্ণম্ ইত্যাদি।

ষ—বিষ্ণুঃ, কৃষ্ণঃ ইত্যাদি।

সুতরাং দেখা যাইতেছে—

১। **ঋ, ৠ**, র্, ষ্—এই চারিটি বর্ণের পরবর্তী **দন্ত্য ন্ মূর্ধন্য ণ্** হয়।

২। **ঋ, র্, ষ্** এই কয়টি বর্ণের কোন একটির পর **স্বরবর্ণ, ক-বর্গ, প-বর্গ, য্, ব্, হ্ ও অনুস্বার ব্যবধান** থাকিলেও **দন্ত্য ন্=মূর্ধন্য ণ্** হয়। যথা—

ক। ঋ-এর পর—

মৃগেণ, কৃপণঃ, বৃংহণম্ ইত্যাদি।

খ। র্-এর পর —

করণম্, কারণম্, বরণীয়, মরণম্, নরেণ, নরাণাম্, হরিণা, গুরুণা ইত্যাদি।

* ন্ বলিতে দন্ত্য ন্-কেই বুঝায়; মূর্ধন্য ণ্-এর উচ্চারণে জিহ্বা দন্তমূল স্পর্শ না করিয়া মূর্ধা (মস্তক) স্পর্শ করে, একারণ ণত্ব-বিধানে দন্ত্য ন্ মূর্ধন্য ণ্ হয়, এইরূপ বলা হয়।

অর্কেণ, মূর্খেণ, গর্বেণ, রামেণ, রুক্মিণী, ম্রিয়মাণঃ ব্রাহ্মণঃ, রোহিণী, সর্পিণী, প্রয়াণম্, শ্রবণম্, ইত্যাদি।

গ। ষ-এর পর—

পাষাণঃ, বিষাণঃ, বিষণ্ণঃ, লক্ষ্মণঃ ইত্যাদি।

[উপরের পদগুলির বর্ণবিশ্লেষণ করিলেই ণ-ত্বের কারণ বুঝিতে পারিবে। মৃগেণ—ম্+ঋ+গ্+এ+ণ্+অ। রুক্মিণী—র্+উ+ক্+ম্+ই+ণ্+ঈ। পাষাণঃ—প্+আ+ষ্+আ+ণ্+অ+ঃ]

৩। **প্র, পূর্ব, অপর** শব্দের পরবর্তী অহ্ন শব্দের দন্ত্য ন্ মূর্ধন্য ণ্ হয়। *

প্রাহ্ণঃ (প্র+অহ্নঃ), পূর্বাহ্ণঃ (পূর্ব+অহ্নঃ) ; অপরাহ্ণঃ (অপর+অহ্নঃ)।

৪। ট-বর্গের **অব্যবহিত পূর্ববর্তী দন্ত্য ন্** মূর্ধন্য ণ্ হয়। যথা—

কণ্টকঃ, বণ্টনম্, কণ্ঠঃ, কুণ্ঠা, দণ্ডঃ, মণ্ডনম্ ইত্যাদি।

৫। **পর, উত্তর, নার, রাম** শব্দের পরস্থিত **অয়ন** শব্দের **দন্ত্য ন্** মূর্ধন্য ণ্ হয়। যথা—(পর+অয়নম্)=পরায়ণম্ ; (নার+অয়নঃ)=নারায়ণঃ ; (রাম+অয়নম্)=রামায়ণম্ ; (উত্তর+অয়নম্)=উত্তরায়ণম্।

৬। **শর, ইক্ষু, আম্র** এই কয় শব্দের **পরস্থিত বন** শব্দের **দন্ত্য ন্** মূর্ধন্য ণ্ হয়। যথা—শরবণম্, ইক্ষুবণম্, আম্রবণম্।

৭। **অগ্র** ও **গ্রাম** শব্দের **পরস্থিত নী** শব্দের **দন্ত্য ন্** মূর্ধন্য ণ্ হয়। যথা—অগ্রণীঃ, গ্রামণীঃ।

৮। **প্র, পরা, পরি, নির্** এই চারিটি **উপসর্গের** ও **অন্তর** শব্দের পরস্থিত **নম্, নশ্, নী** ধাতুর **দন্ত্য ন্** মূর্ধন্য ণ্ হয়। যথা—

প্র+নমতি=প্রণমতি	পরি+নীতঃ=পরিণীতঃ
প্র+নামঃ=প্রণামঃ	প্র+নশ্যতি=প্রণশ্যতি
প্র+নয়তি=প্রণয়তি	প্র+নাশঃ=প্রণাশঃ
প্র+নয়ঃ=প্রণয়ঃ	নির্+নয়ঃ=নির্ণয়ঃ
পরি+নয়ঃ=পরিণয়ঃ	অন্তর+নাশঃ=অন্তর্ণাশঃ

পরি+নামঃ=পরিণামঃ

* অহ্নঃ ও প্রাহ্ণঃ উচ্চারণ করিয়া দেখ—অহ্নঃ উচ্চারণ করিতে জিহ্বা দন্তমূল স্পর্শ করিবে, প্রাহ্ণঃ উচ্চারণ করিতে জিহ্বার অগ্রভাগ মূর্ধা স্পর্শ করিবে।

৯। **পত্, ধা** প্রভৃতি ধাতু পরে থাকিলে **প্র** উপসর্গের পরস্থিত **নি** উপসর্গের **দন্ত্য ন্** মূর্ধন্য ণ্ হয়। যথা—

প্র+নি+পততি=**প্রণিপততি** ; প্র+নি+পাতঃ=**প্রণিপাতঃ** ;

প্র+নি+ধানম্=**প্রণিধানম্**।

১০। কতকগুলি শব্দে **নিত্য** মূর্ধন্য ণ্ হয়, ইহাকে **স্বাভাবিক ণত্ব** বলে। **যথা—**

স্থাণুঃ, বণিক্, কঙ্কণম্, নিপুণঃ, কল্যাণম্, পণঃ, লবণম্, বিপণিঃ, আপণঃ, শোণিতম্, পুণ্যম্, বাণঃ, মণিঃ, অণুঃ, বীণা, বেণুঃ, চিক্কণঃ, বাণী ইত্যাদি।

অনুশীলনী

১। নিম্নলিখিত পদগুলির **মূর্ধন্য ণ্**-এর **কারণ** নির্দেশ কর :

নৃণাম্, পূর্ণম্, বিষ্ণুঃ, গুরুণা, কারণম্, নরেণ, মূর্খেণ, রামেণ, গর্বেণ, অপরাহ্ণঃ, রামায়ণম্, অগ্রণীঃ, প্রণামঃ, নির্ণয়ঃ, প্রণিপাতঃ, কণ্টকঃ, নিপুণঃ, পুণ্যম্, বাণী।

ষত্ব-বিধান

সংস্কৃত বা তৎসম শব্দে কোন কোন স্থলে **মূর্ধন্য ষ্** হয়। এই **মূর্ধন্য ষ্**-এর ব্যবহারের নিয়মকে **ষত্ব-বিধান** বলে।

ষ-এর উচ্চারণ স্থান **মূর্ধা**, এই কারণ উহাকে **মূর্ধন্য ষ্** বলে।

নিম্নলিখিত পদগুলির মূর্ধন্য ষ্ লক্ষ্য কর এবং স্পষ্টভাবে উচ্চারণ কর—

নরেষু, ভ্রাতৃষু, নদীষু, হবীংষি, যুধিষ্ঠিরঃ, গরিষ্ঠঃ, তুষ্টঃ, পিতৃষ্বসা, প্রতিষ্ঠানম্, আষাঢ়, বাষ্পঃ, ষট্ ইত্যাদি।

[বুঝিতে পারিবে, উহাদের উচ্চারণস্থান মূর্ধা।]

কোন্ কোন্ স্থানে ষ্ হইবে তাহার **কয়েকটি বিধান** নিম্নে দেওয়া হইল :

১। **অ, আ** ভিন্ন স্বরবর্ণের পরস্থিত **প্রত্যয়ের** (বিভক্তির) **দন্ত্য স মূর্ধন্য ষ্** হয়। যথা—

নরেষু, মুনিষু, সখিষু, সুধীষু সাধুষু, দাতৃষু, ভ্রাতৃষু, ফলেষু গোষু, স্ত্রীষু, নদীষু ইত্যাদি	অ, আ ভিন্ন স্বরের পর স্ স্থানে ষ্

২। **ক্** এবং **র্** বর্ণের পরস্থিত বিভক্তির দন্ত্য **স্** মূর্ধন্য **ষ্** হয়। যথা—
দিক্ষু, চতুর্ষু ইত্যাদি।

৩। **অ, আ** ভিন্ন স্বরবর্ণের পর **অনুস্বার** (ং) ও **বিসর্গের** (ঃ) ব্যবধান থাকিলেও **প্রত্যয়ের** দন্ত্য **স্** মূর্ধন্য **ষ্** হয়। যথা—
হবীংষি, ধনূংষি, হবিঃষু, ধনুঃষু, আশীঃষু ইত্যাদি।

৪। **যুধি** শব্দের পরবর্তী **স্থির** শব্দের দন্ত্য **স্** মূর্ধন্য **ষ্** হয়। যথা—
যুধিষ্ঠিরঃ (যুধি + স্থিরঃ)

৫। **ট-বর্গের** পূর্বস্থিত দন্ত্য **স্** প্রায়ই মূর্ধন্য **ষ্** হয়। যথা—
কনিষ্ঠঃ, গরিষ্ঠঃ, হৃষ্টঃ, জ্যেষ্ঠঃ, বলিষ্ঠঃ ইত্যাদি।

৬। সমাস হইলে **মাতৃ** ও **পিতৃ** শব্দের পরবর্তী স্বসৃ শব্দের প্রথম দন্ত্য **স্** মূর্ধন্য **ষ্** হয়। যথা—
মাতৃষ্বসা—(মাতুঃষ্বসা, মাতার ভগিনী—মাসী)
পিতৃষ্বসা—(পিতুঃষ্বসা, পিতার ভগিনী—পিসি)

৭। নিম্নলিখিত পদগুলির দন্ত্য **স্** স্থানে মূর্ধন্য **ষ্** লক্ষ্য কর:
অধি + স্থানম্—**অধিষ্ঠানম্, অধিষ্ঠিতঃ**
প্রতি + স্থানম্—**প্রতিষ্ঠানম্, প্রতিষ্ঠিতঃ**
বি + সীদতি—**বিষীদতি, বিষাদঃ**
অভি + সিঞ্চতি—**অভিষিঞ্চতি, অভিষেকঃ**
নি + সেধতি—**নিষেধতি, নিষেধঃ**

৮। কতকগুলি পদে **স্বভাবতঃই** মূর্ধন্য **ষ্** ব্যবহৃত হয়:
আষাঢ়, ভাষা, পাষাণঃ, ঊষা, বাষ্পঃ, ষট, কষায়ঃ, ষণ্ডঃ, শষ্পম্, ঈর্ষা, মহিষঃ, মহিষী, পৌষঃ, মূষিকঃ, ভূষণম্, দোষঃ, রোষঃ, ঈষৎ, ঘোষঃ ইত্যাদি।

অনুশীলনী

১। **ণত্ব** বিধান কাহাকে বলে? **ণত্বের** কয়েকটি উদাহরণ দাও।
২। **ষত্ব** বিধান কাহাকে বলে? **ষত্বের** কয়েকটি উদাহরণ দাও।

৩। স্বাভাবিক **ণত্বের** ও স্বাভাবিক **ষত্বের** কয়েকটি উদাহরণ দাও।

৪। নিম্নলিখিত পদগুলির **ষত্বের** কারণ নির্দেশ কর :—
ছাত্রেষু, কবিষু, সাধুষু, দাতৃষু, ফলেষু, গোষু, স্ত্রীষু, নদীষু, চক্ষুংষি, কনিষ্ঠঃ, জ্যেষ্ঠঃ, যুধিষ্ঠিরঃ, মাতৃষ্বসা, অধিষ্ঠানম্, বিষাদঃ, আষাঢ়, মহিষী, মূষিকঃ।

সুবন্ত-প্রকরণ

সংস্কৃতে প্রাতিপদিকের উত্তর যে-সকল প্রত্যয় হয়, তাহাঁদিগকে '**সুপ্**' বিভক্তি বলে।

সুপ্ বিভক্তি **সাতটি**, যথা—**প্রথমা**, **দ্বিতীয়া**, **তৃতীয়া**, **চতুর্থী**, **পঞ্চমী**, **ষষ্ঠী** ও **সপ্তমী**। সাতটি বিভক্তির প্রত্যেকটিতে **তিনটি** করিয়া **বচন** (Number), সুতরাং **সুপ্** বিভক্তি **একুশটি**।

প্রাতিপদিকের উত্তর **সুপ্** বিভক্তি যোগ করিয়া যে-সকল পদ নিষ্পন্ন হয়, তাহাদিগকে **সুবন্তপদ** বা **নামপদ** বলে।

সুপ্ বিভক্তির আকৃতি

নিম্নে **সুপ্** বিভক্তির আকৃতিগুলি দেওয়া হইল। **ছাত্র ছাত্রীদের ইহা মুখস্থ করার প্রয়োজন নাই**; সুবন্ত পদ গঠনের **সংকেতগুলি কৌতুহলের সহিত লক্ষ্য** করিবে ইহা বাঞ্ছনীয়, বৈয়াকরণেরা **একুশটি বিভক্তির আকার** নিম্নলিখিত প্রকারে লিখিয়া থাকেন :

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	সু (:)	ঔ	জস্ (অঃ)
দ্বিতীয়া	অম্	ঔট্ (ঔ)	শস্ (অঃ)
তৃতীয়া	টা (আ)	ভ্যাম্	ভিস্ (ভিঃ)
চতুর্থী	ঙে (এ)	ভ্যাম্	ভ্যস্ (ভ্যঃ)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
পঞ্চমী	ঙসি (অঃ)	ভ্যাম্	ভ্যস্ (ভ্যঃ)
ষষ্ঠী	ঙস্ (অঃ)	ওস্ (ওঃ)	আম্
সপ্তমী	ঙি (ই)	ওস্ (ওঃ)	সুপ্ (সু)

আদি অক্ষর সু ও অন্ত্য অক্ষর প্ লইয়া বৈয়াকরণেরা **শব্দবিভক্তির নাম সুপ্** নির্দেশ করিয়াছেন।

সুপ্ বিভক্তি যোগ করিলে প্রাতিপদিকের কোন কোন অংশের **রূপান্তর** হয়, কোন কোন **বিভক্তিরও রূপান্তর** হয় **অথবা লোপ** হয়।

সুবন্ত পদের প্রকার ভেদ

সুবন্ত পদ প্রধানতঃ চারি প্রকার—**বিশেষ্য, বিশেষণ, সর্বনাম** ও **অব্যয়**।

বিশেষ্য

যে-পদ দ্বারা জাতি, বস্তু, ব্যক্তি, স্থান, গুণ বা কার্য বুঝায় তাহাকে **বিশেষ্য** বলে। যথা—

জাতিবাচক—নরঃ, পশুঃ পক্ষী, ইত্যাদি।

বস্তুবাচক—বৃক্ষঃ, লতা, পুষ্পম্, ফলম্, গ্রন্থঃ ইত্যাদি।

ব্যক্তিবাচক—রামঃ, কৃষ্ণঃ, রবীন্দ্রনাথঃ, ঈশ্বরচন্দ্রঃ।

স্থানবাচক—অযোধ্যা, বারাণসী, উজ্জয়িনী ইত্যাদি।

গুণবাচক—বিনয়ঃ, সরলতা, দয়া, ধৃতিঃ, মাধুর্যম্, ধৈর্যম্ ইত্যাদি।

ক্রিয়াবাচক—গমনম্, শয়নম্, দর্শনম্, পঠনম্, ভক্ষণম্, পাঠঃ, পাকঃ, ত্যাগঃ ইত্যাদি।

বিশেষ্য পদের লিঙ্গ, বচন ও কারক ভেদ আছে। লিঙ্গ, বচন ও কারক ভেদে বিশেষ্যের আকারের পরিবর্তন হয়। 'শব্দ রূপের' মধ্যে এই সকল পরিবর্তন দেখা যাইবে।

১। **লিঙ্গ** (Gender)

লিঙ্গভেদে শব্দ তিন প্রকার—**পুংলিঙ্গ** (Masculine Gender), **স্ত্রীলিঙ্গ** (Feminine Gender) ও **ক্লীবলিঙ্গ** (Neuter Gender)।

পুংলিঙ্গ—নর, মুনি, পতি, সখা, সাধু, দাতৃ, পিতৃ, গো, সম্রাজ্, যুবন্ ইত্যাদি।

স্ত্রীলিঙ্গ—লতা, মতি, নদী, স্ত্রী, ধেনু, বধূ, ভূ ইত্যাদি।

ক্লীবলিঙ্গ—ফল, পুষ্প, জল, বারি, অক্ষি, দধি, মধু, নাম, কর্মন্, পয়স্, ধনুস্ ইত্যাদি।

২। **বচন** (Number)

প্রাতিপদিকের উত্তর **সাতটি বিভক্তির** প্রত্যেকটির **তিনটি** করিয়া **বচন** হয়। যথা—**একবচন** (Singular), **দ্বিবচন** (Dual), **বহুবচন** (Plural)।

নর+সু (ঃ)=নরঃ—একজন নর (একবচন)

নর+ঔ=নরৌ—দুইজন নর (দ্বিবচন)

নর+জস্ (আঃ)=নরাঃ—অনেক জন নর (বহুবচন)

৩। **বিভক্তি ও কারক**

কারক বুঝাইবার জন্য সংস্কৃতে **প্রাতিপদিকের** উত্তর সাতটি বিভক্তির ব্যবহার হয়।

বাক্যস্থিত ক্রিয়ার সহিত পদের সম্বন্ধকে **কারক** বলে। এক-একটি **বিভক্তি** এক-একটি **কারক** নির্দেশ করে। বিভক্তি সাতটি কিন্তু কারক ছয়টি। ষষ্ঠী বিভক্তির ক্রিয়াপদের সঙ্গে কোন সম্বন্ধ থাকে না, কেবল সুবন্ত পদের সহিত সম্বন্ধ থাকে, এই হেতু উহা কোন **কারক নির্দেশ** করে না। এ কারণ **ষষ্ঠী বিভক্তির পদ সম্বন্ধপদ**।

[সংস্কৃত ভাষার সহিত বাংলা ভাষার সম্বন্ধ অতি নিকট। এই জন্য কোন্ কারকে কোন্ বিভক্তি হইবে তাহা **বাংলা ভাষায় বুঝিয়া লওয়া আবশ্যক**।]

ছয়টি কারক এবং **সাতটি বিভক্তির সংস্কৃত ও বাংলা রূপ** পাশাপাশি **দেখান হইতেছে**—

	সংস্কৃত	বাংলা
কর্তৃকারক		
প্রথমা বিভক্তি সু (ঃ)	**ছাত্রঃ**	**ছাত্র (অ বা শূন্য বিভক্তি)**

	সংস্কৃত	বাংলা
কর্মকারক		
দ্বিতীয়া বিভক্তি (**অম্**)	ছাত্রম্	ছাত্রকে (**কে** বিভক্তি)
করণকারক		
তৃতীয়া বিভক্তি (**আ**)	ছাত্রেণ	ছাত্র দ্বারা (**দ্বারা, দিয়া, কর্তৃক** বিভক্তি)
সম্প্রদানকারক		
চতুর্থী বিভক্তি (**এ**)	ছাত্রায়	ছাত্রকে (**কে, রে** বিভক্তি)
অপাদান কারক		
পঞ্চমী বিভক্তি (**অঃ**)	ছাত্রাৎ	ছাত্র হইতে (**হইতে, থেকে** বিভক্তি)
সম্বন্ধে		
ষষ্ঠী বিভক্তি (**অঃ**)	ছাত্রস্য	ছাত্রের (**এর, র** বিভক্তি)
অধিকরণ কারক		
সপ্তমী বিভক্তি (**ই**)	ছাত্রে	ছাত্রে (**এ, তে** বিভক্তি)

সম্বোধন কারক নহে। বাক্যস্থিত ক্রিয়ার সহিত ইহার সম্বন্ধ নাই, সুতরাং **সম্বোধন একটি পদ**। যথা—ভো বালক! অত্র আগচ্ছ। সম্বোধন শব্দের রূপ প্রথমা বিভক্তির ন্যায়। কোন কোন্ শব্দের সম্বোধনের একবচনে অন্যরূপ হইয়া থাকে, যথা—হে সখে! অত্র আগচ্ছ।

অব্যয়

সংস্কৃতে **কতকগুলি শব্দ** আছে যাহাদের সকল লিঙ্গে, সকল বচনে, সকল বিভক্তিতে একই রূপ থাকে। উহারা সুপ্ বিভক্তি যুক্ত নহে। একারণ উহাদিগকে **অব্যয়**-শব্দ বলে। **যথা—সদা, অন্ত, অত্র, তত্র, অধুনা, আঃ, অহো, প্রাতঃ, সায়ম, হি, তু, কিন্তু, অপি, এব, অলম্, বিনা প্রভৃতি।**

শব্দরূপ (Declension of Words)

স্বরান্ত ও ব্যঞ্জনান্ত ভেদে শব্দ দুই প্রকার। যে সকল শব্দের শেষে **স্বরবর্ণ** থাকে, তাহাদিগকে **স্বরান্ত** শব্দ বলে। যে সকল শব্দের অন্তে **ব্যঞ্জনবর্ণ** থাকে, তাহাদিগকে **ব্যঞ্জনান্ত** শব্দ বলে।

স্বরান্ত শব্দ—নর, মুনি, পতি, সুধী, দাতৃ, লতা, নদী, ফল ইত্যাদি।

ব্যঞ্জনান্ত শব্দ—জলমুচ্, সম্রাজ্, ভূভৃৎ, সুহৃদ্, গুণিন্, পথিন্, গির্, দিশ্ ইত্যাদি।

স্বরান্ত পুংলিঙ্গ শব্দ

অ-কারান্ত—**নর** (Man)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	নরঃ	নরৌ	নরাঃ
দ্বিতীয়া	নরম্	নরৌ	নরান্
তৃতীয়া	নরেণ	নরাভ্যাম্	নরৈঃ
চতুর্থী	নরায়	নরাভ্যাম্	নরেভ্যঃ
পঞ্চমী	নরাৎ	নরাভ্যাম্	নরেভ্যঃ
ষষ্ঠী	নরস্য	নরয়োঃ	নরাণাম্
সপ্তমী	নরে	নরয়োঃ	নরেষু
সম্বোধনম্	নর	নরৌ	নরাঃ

প্রায় সমুদয় **অ**-কারান্ত **পুংলিঙ্গ** শব্দের রূপ **'নর'** শব্দের তুল্য।

ছাত্র, লোক, মানুষ, দেব, ঈশ্বর, জনক, পুত্র, গজ, অশ্ব, সিংহ, বিড়াল, ব্যাঘ্র, সুর, অসুর, নৃপ, অমাত্য, সাগর, পর্বত, মস্তক, হস্ত, পাদ, চরণ, বৃক্ষ, সূর্য, চন্দ্র, গ্রহ, মেঘ, অনল, চোর, লোভ, স্বভাব প্রভৃতি অকারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ নর শব্দের তুল্য।

অ-কারান্ত পুংলিঙ্গ বিশেষণ শব্দের রূপও নর শব্দের তুল্য। যথা—সুন্দর, সরল, দুর্বল, বৃদ্ধ, বীর ইত্যাদি।

স্বরান্ত স্ত্রী-লিঙ্গ শব্দ

আ-কারান্ত—**লতা** (Creeper)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	লতা	লতে	লতাঃ
দ্বিতীয়া	লতাম্	লতে	লতাঃ
তৃতীয়া	লতয়া	লতাভ্যাম্	লতাভিঃ
চতুর্থী	লতায়ৈঃ	লতাভ্যাম্	লতাভ্যঃ
পঞ্চমী	লতায়াঃ	লতাভ্যাম্	লতাভ্যঃ
ষষ্ঠী	লতায়াঃ	লতয়োঃ	লতানাম্
সপ্তমী	লতায়াম্	লতয়োঃ	লতাসু
সম্বোধনম	লতে	লতে	লতাঃ

প্রায় সমুদয় **আ**-কারান্ত **স্ত্রীলিঙ্গ** শব্দের রূপ **'লতা'** শব্দের তুল্য।

অজা, অর্চনা, অট্টালিকা, কন্যা, করুণা, কলা, কবিতা, কান্তা, কৃপা, ক্ষমা, গঙ্গা, ঘৃণা, চিন্তা, চূড়া, চেষ্টা, ছায়া, জায়া, জিজ্ঞাসা, জিহ্বা, তারা, তৃষ্ণা, দেবতা, নিদ্রা, পাদুকা, প্রভা, প্রার্থনা, বালিকা, ভার্যা, মালা, লজ্জা, বসুধা, বিদ্যা, শয্যা প্রভৃতি **আ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ 'লতা' শব্দের** তুল্য।

অম্বা শব্দের সম্বোধনে একবচনে **অম্ব** পদ হয়, আর সমুদয় বিভক্তিতে **লতা** শব্দের তুল্য। বর্ষা, সিকতা (বালুকা)—ইহাদের রূপ **লতা** শব্দের তুল্য, তবে **নিত্য বহুবচনান্ত**। ('লতা' শব্দের বহুবচনের সঙ্গে মিলাইয়া লও।)

জরা, নাসিকা, নিশা—এই শব্দ তিনটির রূপও **লতা** শব্দের তুল্য। ইহাদের ভিন্নরূপও আছে। অন্যত্র আলোচিত হইবে।

আ-কারান্ত স্ত্রীলিঙ্গ বিশেষণ শব্দের রূপ **লতা** শব্দের তুল্য। যথা— **সরলা, দুর্বলা, বৃদ্ধা, ধীরা, স্থিরা, শোভনা, মনোরমা, সুশীলা, কৃশা, উজ্জ্বলা** ইত্যাদি।

অরান্ত' ক্লীবলিঙ্গ শব্দ

অ-কারান্ত—**ফল** (Fruit)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	ফলম্	ফলে	ফলানি
দ্বিতীয়া	ফলম্	ফলে	ফলানি
তৃতীয়া	ফলেন	ফলাভ্যাম্	ফলৈঃ
চতুর্থী	ফলায়	ফলাভ্যাম্	ফলেভ্যঃ
পঞ্চমী	ফলাৎ	ফলাভ্যাম্	ফলেভ্যঃ
ষষ্ঠী	ফলস্য	ফলয়োঃ	ফলানাম্
সপ্তমী	ফলে	ফলয়োঃ	ফলেষু
সম্বোধনম্	ফল	ফলে	ফলানি

প্রায় সমুদয় **অ-কারান্ত ক্লীবলিঙ্গ** শব্দের রূপ **ফল** শব্দের তুল্য।

অঙ্গ, অন্ন, অপত্য, অব্জ, অরণ্য, আলস্য, আম্র, উদ্যান, ঔষধ, ঋণ, কমল, কানন, কার্য, কাব্য, কাষ্ঠ, কুটির, খাদ্য, গৃহ, চিত্র, ছত্র, জল, জ্ঞান, তীর, তৃণ, দীন, দুগ্ধ, দুঃখ, দ্রব্য, ধন, নক্ষত্র, নগর, নয়ন, নেত্র, পত্র, পুণ্য, পুষ্প, পুস্তক, পদ্ম, ভুবন, মুখ, যুদ্ধ, রাজ্য, রূপ, লবণ, বন, বস্ত্র, বাক্য, শাস্ত্র, সলিল, সুখ, স্বাস্থ্য, স্বর্ণ, রৌপ্য। গুণ ও কার্যবাচক—ধৈর্য, স্থৈর্য, বার্ধক্য, শৈশব, বাল্য, মাধুর্য, বীর্য, শৌর্য, বীরত্ব, মহত্ত্ব, শূরত্ব, গৌরব, গমন, পঠন, শ্রবণ, দর্শন, **শয়ন** প্রভৃতি প্রায় সমুদয় **অ-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দের** রূপ **'ফল'** শব্দের তুল্য।

বিশেষ দ্রষ্টব্য—ক্লীবলিঙ্গ সকল শব্দেরই প্রথমা ও দ্বিতীয়া বিভক্তিতে একই প্রকার রূপ হয়। প্রথমা ও দ্বিতীয়া ব্যতীত অন্যান্য বিভক্তিতে অ-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দের রূপ **'নর'** শব্দের তুল্য।

কলত্র (পত্নী) এবং **অপত্য** (পুত্র বা কন্যা) শব্দ ক্লীবলিঙ্গ। **মিত্র** শব্দ বন্ধু অর্থে **ক্লীবলিঙ্গ** কিন্তু সূর্য অর্থে **পুংলিঙ্গ**।

বিশেষণ

বিশেষ্য ও বিশেষণের অন্বয়

যাহা দ্বারা **বিশেষ্যের** গুণ, অবস্থা বা সংখ্যা প্রকাশ করা হয়, তাহাকে **বিশেষণ** বলে।

বিশেষণের নিজের কোনও লিঙ্গ, বিভক্তি, বচন নাই। ইহা যে বিশেষ্যের **গুণ, অবস্থা, সংখ্যা** প্রকাশ করে, তাহারই **লিঙ্গ, বিভক্তি** ও **বচন** প্রাপ্ত হয়; অর্থাৎ, **সংস্কৃতে বিশেষ্যের যে লিঙ্গ, যে বিভক্তি ও যে বচন, বিশেষণেরও সেই লিঙ্গ সেই বিভক্তি ও সেই বচন হয়।**

বিশেষ্যস্যহি যল্লিঙ্গং বিভক্তিবচনে চ যে।
তানি সর্ব্বাণি যোজ্যানি বিশেষণপদেষ্বপি ॥

ইংরাজীতে বিশেষণের (Adjective) লিঙ্গ, বিভক্তি, বচন নাই। বাংলাতেও বিশেষণের বিভক্তি ও বচন নাই। কেবল প্রথমার একবচনে কখনও কখনও স্ত্রীলিঙ্গ বিশেষণ পদের ব্যবহার আছে। যেমন, সুন্দরী বালিকা, অবলা নারী, চঞ্চলা লক্ষ্মী, কিন্তু দুর্বলা বালিকা, দরিদ্রা বালিকা—এইরূপ বলি না।

বিভিন্ন বিভক্তি, বচন ও লিঙ্গে বিশেষ্য ও বিশেষণের অন্বয়

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	উত্তমঃ ছাত্র	উত্তমৌ ছাত্রৌ	উত্তমাঃ ছাত্রাঃ
দ্বিতীয়া	উত্তমং ছাত্রম্	উত্তমৌ ছাত্রৌ	উত্তমান্ ছাত্রান্
তৃতীয়া	উত্তমেন ছাত্রেণ	উত্তমাভ্যাং ছাত্রাভ্যাম	উত্তমৈঃ ছাত্রৈঃ
চতুর্থী	উত্তমায় ছাত্রায়	উত্তমাভ্যাং ছাত্রাভ্যাম্	উত্তমেভ্যঃ ছাত্রেভ্যঃ
পঞ্চমী	উত্তমাৎ ছাত্রাৎ	উত্তমাভ্যাং ছাত্রাভ্যাম্	উত্তমেভ্যঃ ছাত্রেভ্যঃ
ষষ্ঠী	উত্তমস্য ছাত্রস্য	উত্তময়োঃ ছাত্রয়োঃ	উত্তমানাং ছাত্রাণাম্
সপ্তমী	উত্তমে ছাত্রে	উত্তময়োঃ ছাত্রয়োঃ	উত্তমেষু ছাত্রেষু
সম্বোধনম্	উত্তম ছাত্র		

বিধেয় বিশেষণ (Predicative Adjective)

বিধেয় পদ বিশেষ্য হইলে উহাকে **বিধেয় পদ** বলা হয় এবং বিশেষণ হইলে উহাকে **বিধেয় বিশেষণ** বলে।

বিশেষণ যখন বিধেয় রূপে ব্যবহৃত হয়, তখন তাহা সাধারণ বিশেষণের ন্যায় বিশেষ্যের লিঙ্গ, বিভক্তি ও বচন গ্রহণ করে। যথা—

বালক দুইটি উত্তম—বালকৌ উত্তমৌ।
ছাত্রেরা সচ্চরিত্র—ছাত্রাঃ সচ্চরিত্রাঃ।
লতাটি পুষ্পিত—লতা পুষ্পিতা।
বালিকা দুইটি লজ্জাশীলা—বালিকে লজ্জাশীলে।
দ্বিপ্রহরের সূর্য অত্যুজ্জ্বল—দ্বিপ্রহরস্য সূর্যঃ অত্যুজ্জ্বলঃ।
চন্দ্রের কিরণ স্নিগ্ধ—চন্দ্রস্য কিরণঃ স্নিগ্ধঃ।
শাখাগুলিতে পুষ্পগুলি প্রস্ফুটিত—শাখাসু পুষ্পাণি প্রস্ফুটিতানি।
জ্ঞান অনন্ত কিন্তু জীবনকাল স্বল্প—জ্ঞানম্ অনন্তম্ পরং জীবনকালঃ স্বল্পঃ।
বিঘ্ন অনেক, সাফল্যও সুলভ নহে—বিঘ্নাঃ অনেকাঃ সাফল্যঞ্চ ন সুলভম্।

বিশেষ্য পদ **বিধেয়রূপে** ব্যবহৃত হইলে কোন অবস্থাতেই **নিজের লিঙ্গ ও বচন পরিত্যাগ করে না**; উদ্দেশ্যের বিভক্তিমাত্র গ্রহণ করে, কিন্তু লিঙ্গ বা বচন গ্রহণ করে না। ইহাদিগকে **অজহল্লিঙ্গ পদ** বলে। যথা—

(ক) পিতা ভক্তিভাজনম। (উদ্দেশ্য 'পিতা' পুংলিঙ্গ, কিন্তু 'ভাজনঃ' হইবে না।)
(খ) ছাত্রঃ স্নেহপাত্রম্
(গ) ধর্মে বেদাঃ প্রমাণম্।
(ঘ) রাজা দুর্বলস্য বলম্।
(ঙ) ধর্মঃ সুখস্য মূলম্।
(চ) ধার্মিকঃ এব শরণম্।

অনুবাদের আদর্শ

গ্রীষ্মকালে সূর্যের প্রখর কিরণে পৃথিবী সন্তপ্ত হয়—**নিদাঘকালে সূর্যস্য প্রখরৈঃ কিরণৈঃ ধরণী সন্তপ্তা ভবতি।** দয়াশীল মানুষের হৃদয় উদার,

তাঁহার আচরণ প্রীতিকর—**দয়াশীলস্য নরস্য হৃদয়মুদারং তস্য আচরণং চ প্রীতিকরম্।** বিশাল সরোবরে প্রস্ফুটিত পদ্মফুলের শোভা অতি মনোরম—**বিশালে সরোবরে বিকসিতানাং পদ্মানাং শোভা অতীব মনোরমা।** বিশাল দীঘিতে সুন্দর রাজহংসগুলির কলনাদ শ্রুতিসুখকর—**বিশালায়াং দীর্ঘিকায়াং সুন্দরাণাং রাজহংসানাং কলনাদঃ শ্রুতিসুখকরঃ।**

রমণীয় প্রাতঃকালে ভ্রমণ করিলে স্বাস্থ্য ভালো হয়—**রমণীয়ে প্রভাত-সময়ে ভ্রমণং স্বাস্থ্যায় ভবতি।** স্বদেশে রাজার সমাদর, পণ্ডিতদিগের সমাদর দেশে দেশে—**স্বদেশে নৃপস্য সমাদরঃ পণ্ডিতানাং দেশে দেশে।** সূর্য উদিত হইলে হিমালয়ের উন্নত চূড়াগুলির অতি উজ্জ্বল শোভা প্রকাশিত হয়—**রবাবুদিতে হিমালয়স্য সমুন্নতানাং চূড়ানাম্ অত্যুজ্জ্বলা শোভা প্রকাশতে।** রমণীয় লতাগুলিতে ফুলের সৌন্দর্য অতি মনোহর—**রম্যাসু লতাসু পুষ্পাণাং সৌন্দর্যমতীব মনোহরম্।** স্বভাবের নিয়মে জীবের শৈশব, যৌবন ও বার্ধক্য দেখা দেয়—**স্বভাবস্য নিয়মেন জীবানাং শৈশবং যৌবনং জরা চ আয়ান্তি।**

পিতা, মাতা ও গুরু ভক্তিভাজন—**পিতা মাতা গুরুশ্চ ভক্তিভাজনম্।** পুত্র ও ছাত্র স্নেহপাত্র—**পুত্রঃ ছাত্রশ্চ স্নেহপাত্রম্।** বিপৎকালে ধার্মিক ব্যক্তিই আশ্রয় এবং তাঁহার উপদেশই বল—**বিপৎকালে ধার্মিকঃ এব শরণং তস্য চ উপদেশাঃ হি বলম্।**

অনুশীলনী

১। অম্বা শব্দের সম্বোধনের সকল বচনের রূপগুলি লিখ।

২। বন্ধু অর্থে 'মিত্র' শব্দের প্রথমা ও দ্বিতীয়া বিভক্তির রূপগুলি লিখ।

৩। অজহল্লিঙ্গ পদ কাহাকে বলে?

৪। ভাজনম্, পাত্রম্, মূলম্, স্থানম্, প্রমাণম্, বলম্ আস্পদম্, শরণম্—ইহাদের দ্বারা এক-একটি বাক্য রচনা কর।

৫। **সংস্কৃতে অনুবাদ কর :—**

গভীর সমুদ্রে অনেক রত্ন আছে (ভবন্তি)। বর্ষাকালে (বর্ষাসু) বঙ্গ-দেশের শ্যামল শোভা মনোরম। উন্নত পর্বতের চূড়ায় সজল মেঘগুলি।

রমণীয় লতাটিতে প্রস্ফুটিত ফুলগুলি শোভা পাইতেছে (শোভন্তে)। নির্মেঘ আকাশ হইতে স্নিগ্ধ চন্দ্রকিরণ ঝরিতেছে (পতন্তি)। জ্ঞান অনন্ত কিন্তু জীবনকাল স্বল্প। বিঘ্ন অনেক, সাফল্যও সুলভ নহে। স্বাস্থ্য সুখের মূল। মাতা ও পিতা ভক্তিভাজন।

ই-কারান্ত পুংলিঙ্গ শব্দ

মুনি (Sage)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	মুনিঃ	মুনী	মুনয়ঃ
দ্বিতীয়া	মুনিম্	মুনী	মুনীন্
তৃতীয়া	মুনিনা	মুনিভ্যাম্	মুনিভিঃ
চতুর্থী	মুনয়ে	মুনিভ্যাম্	মুনিভ্যঃ
পঞ্চমী	মুনেঃ	মুনিভ্যাম্	মুনিভ্যঃ
ষষ্ঠী	মুনেঃ	মুন্যোঃ	মুনীনাম্
সপ্তমী	মুনৌ	মুন্যোঃ	মুনিষু
সম্বোধনম্	মুনে	মুনী	মুনয়ঃ

পতি ও সখি ভিন্ন সমুদয় **পুংলিঙ্গ ই-কারান্ত** শব্দের রূপ '**মুনি**' শব্দের তুল্য।

অগ্নি, অতিথি, অরি, অলি, অসি, অহি, ঊর্মি, ঋষি, কপি, কবি, গিরি, ধ্বনি, পাণি, বহ্নি, যতি, রবি, রশ্মি, বিধি, ব্যাধি, ব্রীহি, শালি, সারথি, হরি প্রভৃতি ই-কারান্ত **পুংলিঙ্গ** শব্দের রূপ **মুনি**' শব্দের তুল্য।

পতি (স্বামী, প্রভু—Husband, Master)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	পতিঃ	পতী	পতয়ঃ
দ্বিতীয়া	পতিম্	পতী	পতীন্
তৃতীয়া	পত্যা	পতিভ্যাম্	পতিভিঃ
চতুর্থী	পত্যে	পতিভ্যাম্	পতিভ্যঃ

	একবচনম	দ্বিবচনম্	বহুবচনম্
পঞ্চমী	পত্যুঃ	পতিভ্যাম্	পতিভ্যঃ
ষষ্ঠী	পত্যুঃ	পত্যোঃ	পতীনাম্
সপ্তমী	পত্যৌ	পত্যোঃ	পতিষু
সম্বোধনম্	পতে	পতী	পতয়ঃ

বিশেষ দ্রষ্টব্য ঃ—পতি শব্দের সঙ্গে মুনি শব্দের **পার্থক্য** লক্ষ্য করিতে হইবে। তৃতীয়া হইতে সপ্তমীর একবচনের পদগুলি পৃথক্।

	একবচনম	একবচনম
তৃতীয়া	মুনিনা	পত্যা
চতুর্থী	মুনয়ে	পত্যে
পঞ্চমী	মুনেঃ	পত্যুঃ
ষষ্ঠী	মুনেঃ	পত্যুঃ
সপ্তমী	মুনৌ	পত্যৌ

বিশেষ দ্রষ্টব্য ঃ—সমাস হইলে **পতি** শব্দের রূপ **মুনি** শব্দের তুল্য হয়। নৃপতি, নরপতি, ভূপতি, মহীপতি, প্রজাপতি (স্রষ্টা, ব্রহ্মা), সেনাপতি ইত্যাদি শব্দের রূপ 'মুনি' শব্দের তুল্য।

সখি (Friend)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম
প্রথমা	সখা	সখায়ৌ,	সখায়ঃ
দ্বিতীয়া	সখায়ম্	সখায়ৌ	সখীন্
তৃতীয়া	সখ্যা	সখিভ্যাম্	সখিভিঃ
চতুর্থী	সখ্যে	সখিভ্যাম্	সখিভ্যঃ
পঞ্চমী	সখ্যুঃ	সখিভ্যাম্	সখিভ্যঃ
ষষ্ঠী	সখ্যুঃ	সখ্যোঃ	সখীনাম
সপ্তমী	সখ্যৌ	সখ্যোঃ	সখিষু
সম্বোধনম্	সখে	সখায়ৌ	সখায়ঃ

বিশেষ দ্রষ্টব্য ঃ—সখি শব্দের সহিত **পতি** শব্দের রূপের পার্থক্য কেবল প্রথমার সকল বচনে এবং দ্বিতীয়ার একবচন ও দ্বিবচনে।

	পতি			সখি		
প্রথমা	পতিঃ	পতী	পতয়ঃ	সখা	সখায়ৌ	সখায়ঃ
দ্বিতীয়া	পতিম্	পতী	×	সখায়ম্	সখায়ৌ	×

ঈ-কারান্ত পুংলিঙ্গ শব্দ

সুধী (জ্ঞানী লোক—Wise man)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	সুধীঃ	সুধিয়ৌ	সুধিয়ঃ
দ্বিতীয়া	সুধিয়ম্	সুধিয়ৌ	সুধিয়ঃ
তৃতীয়া	সুধিয়া	সুধীভ্যাম্	সুধীভিঃ
চতুর্থী	সুধিয়ে	সুধীভ্যাম্	সুধীভ্যঃ
পঞ্চমী	সুধিয়ঃ	সুধীভ্যাম্	সুধীভ্যঃ
ষষ্ঠী	সুধিয়ঃ	সুধিয়োঃ	সুধিয়াম্
সপ্তমী	সুধিয়ি	সুধিয়োঃ	সুধীষু
সম্বোধনম্	সুধীঃ	সুধিয়ৌ	সুধিয়ঃ

বিশেষ দ্রষ্টব্য ঃ—সুধী শব্দের পর বিভিন্ন বিভক্তিতে 'য়' হইলে 'ঈ'-স্থানে 'ই' হয়।

সুশ্রী শব্দের রূপ **সুধী** শব্দের তুল্য।

উ-কারান্ত পুংলিঙ্গ শব্দ

সাধু (Honest man, Sage)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	সাধুঃ	সাধূ	সাধবঃ
দ্বিতীয়া	সাধুম্	সাধূ	সাধূন্
তৃতীয়া	সাধুনা	সাধুভ্যাম্	সাধুভিঃ
চতুর্থী	সাধবে	সাধুভ্যাম্	সাধুভ্যঃ

	একবচনম	দ্বিবচনম্	বহুবচনম্
পঞ্চমী	সাধোঃ	সাধুভ্যাম্	সাধুভ্যঃ
ষষ্ঠী	সাধোঃ	সাধ্বোঃ	সাধূনাম
সপ্তমী	সাধৌ	সাধ্বোঃ	সাধুষু
সম্বোধনম্	সাধো	সাধূ	সাধবঃ

প্রায় সমুদয় **পুংলিঙ্গ উ**-কারান্ত শব্দের রূপ **'সাধু'** শব্দের তুল্য।

অংশু (কিরণ) ইক্ষু, ঋতু, গুরু, জন্তু, তরু, দস্যু, ধাতু, পশু, প্রভু, বন্ধু, বাহু, বিন্দু, ভানু (সূর্য), মৃত্যু, রিপু (শত্রু), বায়ু, বিধু, বিষ্ণু, শত্রু, শিশু, হনু (চোয়াল, jaw), হেতু প্রভৃতি **পুংলিঙ্গ উ**-কারান্ত শব্দের রূপ **সাধু** শব্দের তুল্য।

দ্রষ্টব্য :—উ-কারান্ত পুংলিঙ্গ বিশেষণ শব্দগুলির রূপ **'সাধু'** শব্দের তুল্য। যথা—দয়ালু, মৃদু, ঋজু, চারু, বহু, লঘু, গুরু।

ঋ-কারান্ত পুংলিঙ্গ শব্দ

দাতৃ (দাতা, Giver)

	একবচনম	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	দাতা	দাতারৌ	দাতারঃ
দ্বিতীয়	দাতারম্	দাতারৌ	দাতৄন্
তৃতীয়া	দাত্রা	দাতৃভ্যাম্	দাতৃভিঃ
চতুর্থী	দাত্রে	দাতৃভ্যাম্	দাতৃভ্যঃ
পঞ্চমী	দাতুঃ	দাতৃভ্যাম্	দাতৃভ্যঃ
ষষ্ঠী	দাতুঃ	দাত্রোঃ	দাতৄণাম
সপ্তমী	দাতরি	দাত্রোঃ	দাতৃষু
সম্বোধনম	দাতঃ	দাতারৌ	দাতারঃ

পিতৃ, ভ্রাতৃ, নৃ প্রভৃতি কয়েকটি ভিন্ন সমুদয় পুংলিঙ্গ ঋ-কারান্ত শব্দের রূপ দাতৃ শব্দের তুল্য।

কর্তৃ, ক্রেতৃ, জেতৃ, জ্ঞাতৃ (যে জানে, knower), দ্রষ্টৃ (যে দেখে seer),

ধাতৃ (স্রষ্টা), বিধাতৃ, শ্রোতৃ (যে শোনে, hearer), সবিতৃ (সূর্য) প্রভৃতি প্রায় সমুদয় ঋ-কারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ **দাতৃ** শব্দের তুল্য।

কর্তৃ (যে করে, Doer)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	কর্তা	কর্তারৌ	কর্তারঃ
দ্বিতীয়া	কর্তারম্	কর্তারৌ	কর্তৄন্
তৃতীয়া	কর্ত্রা	কর্তৃভ্যাম্	কর্তৃভিঃ
চতুর্থী	কর্ত্রে	কর্তৃভ্যাম্	কর্তৃভ্যঃ
পঞ্চমী	কর্তুঃ	কর্তৃভ্যাম্	কর্তৃভ্যঃ
ষষ্ঠী	কর্তুঃ	কর্ত্রোঃ	কর্তৄণাম্
সপ্তমী	কর্তরি	কর্ত্রোঃ	কর্তৃষু
সম্বোধনম্	কর্তঃ	কর্তারৌ	কর্তারঃ

বিঃ দ্রঃ—পিতৃ, ভ্রাতৃ, জামাতৃ, দেবৃ (দেবর), নৃ (নর) এই কয়টি পুংলিঙ্গ **ঋ-কারান্ত** শব্দের রূপ **পৃথক্**।

পিতৃ (পিতা, Father)

	একবচনম্	দ্বিবচনম	বহুবচনম
প্রথমা	পিতা	পিতরৌ	পিতরঃ
দ্বিতীয়া	পিতরম্	পিতরৌ	পিতৄন্
তৃতীয়া	পিত্রা	পিতৃভ্যাম্	পিতৃভিঃ
চতুর্থী	পিত্রে	পিতৃভ্যাম	পিতৃভ্যঃ
পঞ্চমী	পিতুঃ	পিতৃভ্যাম্	পিতৃভ্যঃ
ষষ্ঠী	পিতুঃ	পিত্রোঃ	পিতৄণাম্
সপ্তমী	পিতরি	পিত্রোঃ	পিতৃষু
সম্বোধনম্	পিতঃ	পিতরৌ	পিতরঃ

ভ্রাতৃ, জামাতৃ, নৃ, দেবৃ প্রভৃতি কয়েকটি শব্দের রূপ পিতৃ শব্দের তুল্য। নৃ শব্দের ষষ্ঠীর বহুবচনে 'নৃণাম্' 'নৄণাম্' এই দুই পদ হয়।

নৃ (নর, Man)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	না	নরৌ	নরঃ
দ্বিতীয়া	নরম্	নরৌ	নৄন্
তৃতীয়া	ন্রা	নৃভ্যাম্	নৃভিঃ
চতুর্থী	নে্র	নৃভ্যাম্	নৃভ্যঃ
পঞ্চমী	নুঃ	নৃভ্যাম্	নৃভ্যঃ
ষষ্ঠী	নুঃ	ন্রোঃ	নৃণাম্, নৄণাম্
সপ্তমী	নরি	ন্রোঃ	নৃষু
সম্বোধনম্	নঃ	নরৌ	নরঃ

ও-কারান্ত পুংলিঙ্গ শব্দ

ও-কারান্ত—গো (ষাঁড়, গাভী)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	গৌঃ	গাবৌ	গাবঃ
দ্বিতীয়া	গাম্	গাবৌ	গাঃ
তৃতীয়া	গবা	গোভ্যাম্	গোভিঃ
চতুর্থী	গবে	গোভ্যাম্	গোভ্যঃ
পঞ্চমী	গোঃ	গোভ্যাম্	গোভ্যঃ
ষষ্ঠী	গোঃ	গবোঃ	গবাম
সপ্তমী	গবি	গবোঃ	গোষু
সম্বোধনম্	গৌঃ	গাবৌ	গাবঃ

সমুদয় পুংলিঙ্গ ও-কারান্ত শব্দের রূপ গো শব্দের তুল্য। স্ত্রীলিঙ্গ গো (গাভী, cow) শব্দেরও এই রূপ।

অনুবাদের আদর্শ

রবির কিরণে উজ্জ্বল ধরণীর শোভা আনন্দ দান করে—রবেঃ রশ্মিভিঃ উজ্জ্বলায়াঃ ধরায়াঃ শোভা আনন্দপ্রদা। বন্ধুর সঙ্গ প্রীতিকর এবং গুরুর

উপদেশ হিতকর—**বন্ধোঃ সঙ্গঃ প্রীতিকরঃ গুরোশ্চ উপদেশো হিতকরঃ।** পতির আদেশে শুদ্ধচরিতা সীতার বনবাস হইয়াছিল—**পত্যুঃ আদেশেন শুদ্ধচরিতায়াঃ সীতায়াঃ নির্বাসনমভবৎ।** সুধী লোকদের উপদেশে মঙ্গল হয়—**সুধিয়াম্ উপদেশো হিতায় ভবতি।** কর্মকুশল কর্তারা পরিবারের মঙ্গল সাধন করেন—**কর্মকুশলাঃ কর্তারঃ পরিবারস্য হিতং কুর্বন্তি।** বীর যোদ্ধাদের দ্বারা পরাভূত শত্রুরা পলায়ন করিল—**বীরৈঃ যোদ্ধৃভিঃ পরাভূতাঃ শত্রবঃ পলায়িতাঃ।** বিধাতার বিধিসমূহ অলঙ্ঘনীয়—**বিধাতুঃ বিধয়ঃ অলঙ্ঘনীয়াঃ।** সূর্য উদিত হইলে অন্ধকার অপগত হইল—**সবিতরি উদিতে অন্ধকারঃ অপগতঃ।** পিতার প্রতি পুত্রের গভীর ভক্তি পুত্রের ধর্ম—**পিতরং প্রতি গভীরা ভক্তিঃ পুত্রস্য ধর্মঃ।** ভাইয়ের প্রতি ভাইয়ের গভীর স্নেহ হইতে পরিবারের মঙ্গল হয়—**ভ্রাতৃষু ভ্রাতৃণাং গভীরঃ স্নেহঃ পরিবারস্য মঙ্গলায় ভবতি।** গাভীদের মধ্যে কৃষ্ণবর্ণ গাভী অধিক দুগ্ধ দেয়—**গোষু কৃষ্ণা বহুক্ষীরা।**

অনুশীলনী

১। নৃপতি ও ভূপতি শব্দের সকল বিভক্তির একবচনের রূপ লিখ।

২। দাতৃ, কর্তৃ, সবিতৃ ও পিতৃ শব্দের সম্বোধনের সকল বচনের রূপ লিখ।

৩। সংস্কৃতে অনুবাদ কর :—

ভারতবর্ষের ঋষিদিগকে নমস্কার করি (নমামি)। মহর্ষি বাল্মীকি দ্বারা রামায়ণ রচিত (রচিতম্)। বন্ধুর প্রতি বন্ধুর স্নেহ গভীর হয়। শিবি ও কর্ণ দাতা বলিয়া খ্যাত (ইতি খ্যাতৌ)। বিশ্বের কর্তাকে নমস্কার করি। পিতার আশীর্বাদ ও ভাইদের স্নেহ সুখের কারণ (কারণম্)। গৃহস্থের বাড়ীর কৃষ্ণবর্ণ গাভীগুলি অধিক দুধ দেয়।

৪। **অশুদ্ধি সংশোধন কর :—**

পতিনা নির্বাসিতা সীতা। ভূপত্যা সুনিয়মেন রাজ্যানি শাসিতম্।

বিধাতৃণা পালিতা বসুধা। ভ্রাতৃসু ভ্রাতৃণাং স্নেহঃ গভীরঃ। প্রাতঃ রক্তবর্ণং সবিতরং নমামি।

ই-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

ই-কারান্ত—মতি (মন, mind)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম
প্রথমা	মতিঃ	মতী	মতয়ঃ
দ্বিতীয়া	মতিম্	মতী	মতীঃ
তৃতীয়া	মত্যা	মতিভ্যাম্	মতিভিঃ
চতুর্থী	মত্যৈ, মতয়ে	মতিভ্যাম্	মতিভ্যঃ
পঞ্চমী	মত্যাঃ, মতেঃ	মতিভ্যাম্	মতিভ্যঃ
ষষ্ঠী	মত্যাঃ, মতেঃ	মত্যোঃ	মতীনাম্
সপ্তমী	মত্যাম্, মতৌ	মত্যোঃ	মতিষু
সম্বোধনম্	মতে	মতী	মতয়ঃ

লক্ষণীয়—ই-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের ৪র্থী, ৫মী, ৬ষ্ঠী ও ৭মীর একবচনে দুইটি করিয়া রূপ হয়; একটি পুংলিঙ্গ ই-কারান্ত 'মুনি' শব্দের রূপের ন্যায়।

সমুদয় ই-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ মতি শব্দের তুল্য।

অঙ্গুলি, অবনি (পৃথিবী), উক্তি, ঊর্মি (ঢেউ), কীর্তি, খনি, জাতি, তরণি (নৌকা), তিথি, ধূলি, প্রকৃতি, বুদ্ধি, ভক্তি, ভূমি, মুক্তি, যুবতি, রাত্রি, বৃষ্টি, শক্তি, শান্তি, শ্রেণি, ক্ষিতি প্রভৃতি সমুদয় ই-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ মতি শব্দের তুল্য।

ঈ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

ঈ-কারান্ত—নদী (river)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	নদী	নদ্যৌ	নদ্যঃ
দ্বিতীয়া	নদীম্	নদ্যৌ	নদীঃ
তৃতীয়া	নদ্যা	নদীভ্যাম	নদীভিঃ

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
চতুর্থী	নদ্যৈ	নদীভ্যাম্	নদীভ্যঃ
পঞ্চমী	নদ্যাঃ	নদীভ্যাম্	নদীভ্যঃ
ষষ্ঠী	নদ্যাঃ	নদ্যোঃ	নদীনাম্
সপ্তমী	নদ্যাম্	নদ্যোঃ	নদীষু
সম্বোধনম্	নদি	নদ্যৌ	নদ্যঃ

লক্ষণীয়—**ঈ**-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ **ই**-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের তুল্য, কেবল প্রথমার একবচন, দ্বিবচন ও বহুবচন, দ্বিতীয়ার দ্বিবচন এবং সম্বোধনের সকল বচন ছাড়া।

ই-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের কোন কোন বিভক্তিতে **'মুনি'** শব্দের তুল্য রূপ হয় কিন্তু **ঈ**-কারান্ত শব্দের ঐরূপ হইতে পারে না।

শ্রী, স্ত্রী, ধী, হ্রী প্রভৃতি কয়েকটি **শব্দ ভিন্ন** সমুদয় **ঈ**-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ **নদী** শব্দের তুল্য।

অটবী, (বন), কৌমুদী (চন্দ্রালোক), জননী, তটিনী (নদী), দাসী, দাত্রী, (দাতা স্ত্রীলোক), ধাত্রী, নগরী, নারী, পত্নী, পৃথিবী, ভগিনী, মহিষী, যামিনী, (রাত্রি), রজনী, যুবতী, লেখনী (কলম), শ্রেণী প্রভৃতি দীর্ঘ **ঈ**-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ **নদী** শব্দের তুল্য।

দ্রষ্টব্য—**তরী** (নৌকা) ও **লক্ষ্মী** শব্দের প্রথমার একবচনে **তরীঃ**, ও **লক্ষ্মীঃ** এইরূপ বিসর্গযুক্ত পদ হয়। অন্যান্য সকল বিভক্তিতে **নদী** শব্দের তুল্য।

*** নারী, নগরী, সুন্দরী, স্নেহময়ী** শব্দগুলির রূপ লক্ষণীয়—

নারী

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম
প্রথমা	নারী	নার্যৌ	নার্যঃ
দ্বিতীয়া	নারীম্	নার্যৌ	নারীঃ
তৃতীয়া	নার্যা	নারীভ্যাম্	নারীভিঃ

স্নেহময়ী

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	স্নেহময়ী	স্নেহময্যৌ	স্নেহময্যঃ
দ্বিতীয়া	স্নেহময়ীম্	স্নেহময্যৌ	স্নেহময়ীঃ
তৃতীয়া	স্নেহময্যা	স্নেহময়ীভ্যাম্	স্নেহময়ীভিঃ

শ্রী (সৌন্দর্য, লক্ষ্মী, beauty)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	শ্রীঃ	শ্রিয়ৌ	শ্রিয়ঃ
দ্বিতীয়া	শ্রিয়ম্	শ্রিয়ৌ	শ্রিয়ঃ
তৃতীয়া	শ্রিয়া	শ্রীভ্যাম্	শ্রীভিঃ
চতুর্থী	শ্রিয়ৈ, শ্রিয়ে	শ্রীভ্যাম্	শ্রীভ্যঃ
পঞ্চমী	শ্রিয়াঃ, শ্রিয়ঃ	শ্রীভ্যাম্	শ্রীভ্যঃ
ষষ্ঠী	শ্রিয়াঃ, শ্রিয়ঃ	শ্রিয়োঃ	শ্রিয়াম্, শ্রীণাম্
সপ্তমী	শ্রিযাম, শ্রিয়ি	শ্রিয়োঃ	শ্রীষু
সম্বোধনম্		শ্রিয়ৌ	শ্রিয়ঃ

হ্রী ও ধী শব্দের রূপ শ্রী শব্দের তুল্য

স্ত্রী (স্ত্রীলোক, পত্নী, woman, wife)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	স্ত্রী	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ
দ্বিতীয়া	স্ত্রিয়ম্, স্ত্রীম্	স্ত্রিয়ৌ,	স্ত্রিয়ঃ, স্ত্রীঃ
তৃতীয়া	স্ত্রিয়া	স্ত্রীভ্যাম্	স্ত্রীভিঃ
চতুর্থী	স্ত্রিয়ৈঃ	স্ত্রীভ্যাম্	স্ত্রীভ্যঃ
পঞ্চমী	স্ত্রিয়াঃ	স্ত্রীভ্যাম্	স্ত্রীভ্যঃ
ষষ্ঠী	স্ত্রিয়াঃ	স্ত্রিয়োঃ	স্ত্রীণাম্
সপ্তমী	স্ত্রিয়াম্	স্ত্রিয়োঃ	স্ত্রীষু
সম্বোধনম্	স্ত্রি	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ

লক্ষণীয়—শ্রী, হ্রী, ধী, স্ত্রী প্রভৃতির যে সকল বিভক্তিতে 'য়' আছে সেই সকল স্থানে হ্রস্ব ই-কার হয়, অন্যত্র দীর্ঘ ঈ-কার হয়।

উ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

উ-কারান্ত—ধেনু (গাভী, cow)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	ধেনুঃ	ধেনূ	ধেনবঃ
দ্বিতীয়া	ধেনুম্	ধেনূ	ধেনূঃ
তৃতীয়া	ধেন্বা	ধেনুভ্যাম্	ধেনুভিঃ
চতুর্থী	ধেন্বৈ, ধেনবে	ধেনুভ্যাম্	ধেনুভ্যঃ
পঞ্চমী	ধেন্বাঃ, ধেনোঃ	ধেনুভ্যাম্	ধেনুভ্যঃ
ষষ্ঠী	ধেন্বাঃ, ধেনোঃ	ধেন্বোঃ	ধেনূনাম্
সপ্তমী	ধেন্বাম্, ধেনৌ	ধেন্বোঃ	ধেনুষু
সম্বোধনম্	ধেনো	ধেনূ	ধেনবঃ

তনু, চঞ্চু, রজ্জু, হনু প্রভৃতি হ্রস্ব উ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ ধেনু শব্দের তুল্য।

ঊ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

ঊ-কারান্ত—বধূ (bride, wife)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	বধূঃ	বধ্বৌ	বধ্বঃ
দ্বিতীয়া	বধূম্	বধ্বৌ	বধূঃ
তৃতীয়া	বধ্বা	বধূভ্যাম্	বধূভিঃ
চতুর্থী	বধ্বৈ	বধূভ্যাম্	বধূভ্যঃ
পঞ্চমী	বধ্বাঃ	বধূভ্যাম্	বধূভ্যঃ
ষষ্ঠী	বধ্বাঃ	বধ্বোঃ	বধূনাম্
সপ্তমী	বধ্বাম্	বধ্বোঃ	বধূষু
সম্বোধনম্	বধু	বধ্বৌ	বধ্বঃ

লক্ষণীয়—ধেনু শব্দের সম্বোধনে—ধেনো ; বধূ শব্দের সম্বোধনে—বধু।

শ্বশ্রূ (শাশুড়ী), চঞ্চু (ঠোঁট), তনূ (দেহ), সরযূ প্রভৃতি দীর্ঘ ঊ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ **বধূ** শব্দের তুল্য।

দ্রষ্টব্য—ভূ এবং ভ্রূ শব্দের রূপ **বধূ** শব্দের তুল্য নহে।

ভূ (পৃথিবী, earth)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	ভূঃ	ভুবৌ	ভুবঃ
দ্বিতীয়া	ভুবম্	ভুবৌ	ভুবঃ
তৃতীয়া	ভুবা	ভূভ্যাম্	ভূভিঃ
চতুর্থী	ভুবৈ, ভুবে	ভূভ্যাম্	ভূভ্যঃ
পঞ্চমী	ভুবাঃ, ভুবঃ	ভূভ্যাম্	ভূভ্যঃ
ষষ্ঠী	ভুবাঃ, ভুবঃ	ভুবোঃ	ভুবাম্, ভূনাম্
সপ্তমী	ভুবাম্, ভুবি	ভুবোঃ	ভূষু
সম্বোধনম্	ভূঃ	ভুবৌ	ভুবঃ

ভ্রূ শব্দের রূপ **ভূ** শব্দের তুল্য।

ভূ শব্দের যে সকল বিভক্তিতে 'ব' হয়, সেই সকল স্থানে **হ্রস্ব উ-কার** হয়, অন্যস্থলে দীর্ঘ **ঊ**-কার হয়।

ঋ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

ঋ-কারান্ত—মাতৃ (মাতা, mother)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	মাতা	মাতরৌ	মাতরঃ
দ্বিতীয়া	মাতরম্	মাতরৌ	মাতৄঃ
তৃতীয়া	মাত্রা	মাতৃভ্যাম্	মাতৃভিঃ
চতুর্থী	মাত্রে	মাতৃভ্যাম্	মাতৃভ্যঃ
পঞ্চমী	মাতুঃ	মাতৃভ্যাম্	মাতৃভ্যঃ

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
ষষ্ঠী	মাতুঃ	মাত্রোঃ	মাতৄণাম্
সপ্তমী	মাতরি	মাত্রোঃ	মাতৃষু
সম্বোধনম্	মাতঃ	মাতরৌ	মাতরঃ

স্বসৃ ভিন্ন দুহিতৃ (কন্যা), যাতৃ (জা), ননান্দৃ (ননদ) শব্দের রূপ মাতৃ-শব্দের তুল্য।

বিশেষ দ্রষ্টব্য :—মাতৃ, দুহিতৃ, যাতৃ, স্বসৃ প্রভৃতি শব্দের দ্বিতীয়ার বহুবচনে মাতৄঃ, দুহিতৄঃ, যাতৄঃ, স্বসৄঃ এইরূপ পদ হইবে।

স্বসৃ (ভগিনী, sister)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	স্বসা	স্বসারৌ	স্বসারঃ
দ্বিতীয়া	স্বসারম্	স্বসারৌ	স্বসৄঃ
সম্বোধনম্	স্বসঃ	স্বসারৌ	স্বসারঃ

এতদ্ ভিন্ন অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গ দাতৃ শব্দের তুল্য।

বিশেষ দ্রষ্টব্য :—ঋ-কারান্ত শব্দের সম্বোধনে যে বিসর্গ হয় সে বিসর্গ র্-জাত। পিতঃ=পিতর্, ভ্রাতঃ=ভ্রাতর্, মাতঃ=মাতর্, দুহিতঃ=দুহিতর্ ইত্যাদি।

ই-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দ

ই-কারান্ত—বারি (জল, water)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	বারি	বারিণী	বারীণি
দ্বিতীয়া	বারি	বারিণী	বারীণি
তৃতীয়া	বারিণা	বারিভ্যাম্	বারিভিঃ
চতুর্থী	বারিণে	বারিভ্যাম্	বারিভ্যঃ

	একবচনম	দ্বিবচনম	বহুবচনম
পঞ্চমী	বারিণঃ	বারিভ্যাম্	বারিভ্যঃ
ষষ্ঠী	বারিণঃ	বারিণোঃ	বারীণাম্
সপ্তমী	বারিণি	বারিণোঃ	বারিষু
সম্বোধনম্	বারে, বারি	বারিণী	বারীণি

দধি, অক্ষি, অস্থি (হাড) ভিন্ন যাবতীয় হ্রস্ব ই-কারান্ত বিশেষ্য-ক্লীবলিঙ্গ শব্দের রূপ বারি শব্দের তুল্য।

দ্রষ্টব্য—ই-কারান্ত ক্লীবলিঙ্গ বিশেষণ 'শুচি' শব্দের রূপ বারি শব্দের তুল্য।

কেবল চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমীর একবচনে এবং ষষ্ঠী ও সপ্তমীর দ্বিবচনে মুনি শব্দের তুল্য আর একটি করিয়া রূপ হয়। যথা—

	একবচনম্	দ্বিবচনম
চতুর্থী	শুচিনে, শুচয়ে	
পঞ্চমী	শুচিনঃ, শুচেঃ	
ষষ্ঠী	শুচিনঃ শুচেঃ	শুচিনোঃ, শুচ্যোঃ
সপ্তমী	শুচিনি, শুচৌ	শুচিনোঃ, শুচ্যোঃ

অক্ষি (চক্ষু)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	অক্ষি	অক্ষিণী	অক্ষীণি
দ্বিতীয়া	অক্ষি	অক্ষিণী	অক্ষীণি
তৃতীয়া	অক্ষ্ণা	অক্ষিভ্যাম্	অক্ষিভিঃ
চতুর্থী	অক্ষ্ণে	অক্ষিভ্যাম্	অক্ষিভ্যঃ
পঞ্চমী	অক্ষ্ণঃ	অক্ষিভ্যাম্	অক্ষিভ্যঃ
ষষ্ঠী	অক্ষ্ণঃ	অক্ষ্ণোঃ	অক্ষ্ণাম্

	একবচনম	দ্বিবচনম্	বহুবচনম্
সপ্তমী	অক্ষ্ণি, অক্ষণি	অক্ষ্ণোঃ	অক্ষিষু
সম্বোধনম্	অক্ষে, অক্ষি	অক্ষিণী	অক্ষীণি

দধি ও অস্থি শব্দের রূপ **অক্ষি** শব্দের তুল্য।

উ-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দ

উ-কারান্ত—**মধু** (মধু, honey)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	মধু	মধুনী	মধূনি
দ্বিতীয়া	মধু	মধুনী	মধূনি
তৃতীয়া	মধুনা	মধুভ্যাম্	মধুভিঃ
চতুর্থী	মধুনে	মধুভ্যাম্	মধুভ্যঃ
পঞ্চমী	মধুনঃ	মধুভ্যাম্	মধুভ্যঃ
ষষ্ঠী	মধুনঃ	মধুনোঃ	মধূনাম্
সপ্তমী	মধুনি	মধুনোঃ	মধুষু
সম্বোধনম্	মধো, মধু	মধুনী	মধূনি

অম্বু (জল), অশ্রু, বসু, বস্তু জানু প্রভৃতি **হ্রস্ব** উ-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দের রূপ **মধু** শব্দের তুল্য।

উ-কারান্ত ক্লীবলিঙ্গ বিশেষণ শব্দ

উ-কারান্ত বিশেষণ—**স্বাদু** (মিষ্ট, স্বাদপূর্ণ, sweet)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	স্বাদু	স্বাদুনী	স্বাদূনি
দ্বিতীয়া	স্বাদু	স্বাদুনী	স্বাদূনি
তৃতীয়া	স্বাদুনা	স্বাদুভ্যাম্	স্বাদুভিঃ
চতুর্থী	স্বাদুনে, স্বাদবে	স্বাদুভ্যাম্	স্বাদুভ্যঃ

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
পঞ্চমী	স্বাদুনঃ, স্বাদোঃ	স্বাদুভ্যাম্	স্বাদুভ্যঃ
ষষ্ঠী	স্বাদুনঃ, স্বাদোঃ	স্বাদুনোঃ, স্বাদ্বোঃ	স্বাদূনাম্
সপ্তমী	স্বাদুনি, স্বাদৌ	স্বাদুনোঃ, স্বাদ্বোঃ	স্বাদুষু
সম্বোধনম্	স্বাদো, স্বাদু	স্বাদুনী	স্বাদূনি

হ্রস্ব উ-কারান্ত ক্লীবলিঙ্গ **বিশেষণ** শব্দের রূপ **স্বাদু** শব্দের তুল্য। যথা—লঘু (হালকা), গুরু (ভারী), পটু, বহু ইত্যাদি।

অনুবাদের আদর্শ

বালক ও বালিকার মতি চঞ্চল—**বালকস্য বালিকায়াশ্চ মতিঃ চঞ্চলা।** নদীর উত্তাল তরঙ্গে দোদুল্যমান নৌকাটি বিপদাপন্ন—**নদ্যাঃ উত্তালৈস্তরঙ্গৈঃ দোদুল্যমানা অসৌ তরীঃ বিপদাপন্না।** সমৃদ্ধ নগরীর দোকানগুলি অতি মনোহর—**সমৃদ্ধায়াঃ নগর্য্যাঃ বিপণয়ঃ মনোহরাঃ।** স্বাস্থ্য হেতু দেহের শ্রী, পরিশ্রম হেতু লক্ষ্মী—**স্বাস্থ্যেন দেহস্য শ্রীঃ শ্রমেণ চ লক্ষ্মীঃ।** দয়াবতী স্ত্রীলোকদের হৃদয় মমতায় পূর্ণ—**দয়াবতীনাং স্ত্রীণাং হৃদয়ং মমত্বেন পূর্ণম্।**

দুগ্ধবতী ধেনু মাতৃসমা—**দুগ্ধবতী ধেনুঃ মাতুঃ সমা।** সরযূর তীরে সমৃদ্ধ অযোধ্যানগরী রাজা দশরথের রাজধানী ছিল—**সরয্বাঃ তীরে শ্রীবিশালা অযোধ্যা দশরথস্য রাজধানী অভবৎ।** স্নেহশীলা দুহিতার প্রতি মাতা ও পিতার স্নেহ গভীর—**স্নেহশীলায়াং দুহিতরি মাতুঃ পিতুশ্চ স্নেহঃ গভীরঃ।** মাতাকে প্রণাম করি, মাতার চরণ বন্দনা করি—**মাতরং প্রণমামি, মাতুশ্চরণৌ চ বন্দে।**

গঙ্গার পবিত্র জলে অবগাহন শান্তিপ্রদ—**গঙ্গায়াঃ পবিত্রে বারিণি অবগাহনং শান্তিপ্রদম্।** দধিমিশ্রিত অন্ন রুচিকর কিন্তু রাত্রে দধি খাওয়া উচিত নয়—**দধ্না মিশ্রিতমন্নং রুচিকরং কিন্তু রাত্রৌ দধি ন খাদেৎ।** মধু খুব স্বাদু, বালকদের মধুর প্রতি প্রবল স্পৃহা—**মধু অতীব স্বাদু, বালকানাং চ মধুনে প্রবলা স্পৃহা ভবতি।** নদীর জল, বসুধার ধন প্রকৃতির দান—**নদ্যাঃ অম্বু বসুধায়াশ্চ বসূনি প্রকৃতেঃ দানানি।**

অনুশীলনী

১। বারি, দধি, অক্ষি ও বস্তু শব্দের সকল বিভক্তি ও বচনের রূপ লিখ।

২। অশুদ্ধি সংশোধন কর :—

অহং নির্মলং বারিং পিবামি। অয়ং বালকঃ অক্ষিণা কাণঃ। রাত্রে নাহং দধিং খাদামি। তত্র অতীব সুন্দরমেকং বস্তুম্ অহমপশ্যম্। অহং প্রত্যহং স্বাদুং মধুং পিবামি। ধেনুনা সহ গচ্ছন্তি বৎসাঃ। দুহিতৄন্ প্রতি পিতুঃ আদরঃ। লক্ষ্মী চঞ্চলা।

৩। সংস্কৃতে অনুবাদ কর :—

মানুষের কীর্তি অবিনশ্বর। জননী ও জন্মভূমিকে নমস্কার (নমঃ)। বিশাল নগরীর শ্রী মনোহর। স্নেহময়ী মাতার বাক্য স্নিগ্ধ ও মধুর। পিতার প্রতি দুহিতার যত্ন। সমুদ্রের বারি হইতে মেঘের সৃষ্টি হয়। দধি দ্বারা মিশ্রিত অন্ন সুখাদ্য। আমি প্রত্যহ মধু পান করি (পিবামি)।

ব্যঞ্জনান্ত পুংলিঙ্গ শব্দ

চ-কারান্ত পুংলিঙ্গ শব্দ

জলমুচ্ (মেঘ, cloud)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	জলমুক্	জলমুচৌ	জলমুচঃ
দ্বিতীয়া	জলমুচম্	জলমুচৌ	জলমুচঃ
তৃতীয়া	জলমুচা	জলমুগ্ভ্যাম্	জলমুগ্ভিঃ
চতুর্থী	জলমুচে	জলমুগ্ভ্যাম্	জলমুগ্ভ্যঃ
পঞ্চমী	জলমুচঃ	জলমুগ্ভ্যাম্	জলমুগ্ভ্যঃ
ষষ্ঠী	জলমুচঃ	জলমুচোঃ	জলমুচাম্
সপ্তমী	জলমুচি	জলমুচোঃ	জলমুক্ষু
সম্বোধনম্	জলমুক্	জলমুচৌ	জলমুচঃ

প্রাচ্, প্রত্যচ্, উদচ্ প্রভৃতি কয়েকটি শব্দ ভিন্ন পুংলিঙ্গ বারিমুচ পয়োমুচ্ শব্দের রূপ জলমুচ্ শব্দের তুল্য।

প্রাচ্ (পূর্ব, eastern)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	প্রাঙ্	প্রাঞ্চৌ	প্রাঞ্চঃ
দ্বিতীয়া	প্রাঞ্চম্	প্রাঞ্চৌ	প্রাচঃ
সম্বোধনম্	প্রাঙ্	প্রাঞ্চৌ	প্রাঞ্চঃ

অন্য সব বিভক্তিতে **জলমুচ্** শব্দের তুল্য।

[প্রাচ্—বিশেষণ—প্রাচ্য (পূর্বদেশীয়)। প্রাচ্+ঈ=প্রাচী, বিশেষ্য, পূর্বদিক্।]

প্রত্যচ্ (পশ্চিম, western)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	প্রত্যঙ্	প্রত্যঞ্চৌ	প্রত্যঞ্চঃ
দ্বিতীয়া	প্রত্যঞ্চম্	প্রত্যঞ্চৌ	প্রতীচঃ
তৃতীয়া	প্রতীচা	প্রত্যগ্‌ভ্যাম্	প্রত্যগ্‌ভিঃ
চতুর্থী	প্রতীচে	প্রত্যগ্‌ভ্যাম্	প্রত্যগ্‌ভ্যঃ
পঞ্চমী	প্রতীচঃ	প্রত্যগ্‌ভ্যাম্	প্রত্যগ্‌ভ্যঃ
ষষ্ঠী	প্রতীচঃ	প্রতীচোঃ	প্রতীচাম্
সপ্তমী	প্রতীচি	প্রতীচোঃ	প্রত্যক্ষু
সম্বোধনম্	প্রত্যঙ্	প্রত্যঞ্চৌ	প্রত্যঞ্চঃ

[প্রত্যচ্—বিশেষণ—প্রতীচ্য (পশ্চিমদেশীয়, পশ্চিম দিকের)। প্রতীচী—(বিশেষ্য) পশ্চিম দিক।]

উদচ্ (উত্তর, northern)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	উদঙ্	উদঞ্চৌ	উদঞ্চঃ
দ্বিতীয়া	উদঞ্চম্	উদঞ্চৌ	উদীচঃ
তৃতীয়া	উদীচা	উদগ্‌ভ্যাম্	উদগ্‌ভিঃ
চতুর্থী	উদীচে	উদগ্‌ভ্যাম্	উদগ্‌ভ্যঃ

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
পঞ্চমী	উদীচঃ	উদগ্ভ্যাম্	উদগ্ভ্যঃ
ষষ্ঠী	উদীচঃ	উদীচোঃ	উদীচাম্
সপ্তমী	উদীচি	উদীচোঃ	উদক্ষু
সম্বোধনম্	উদঙ্	উদঞ্চৌ	উদঞ্চঃ

[উদচ্ —উদীচ্য (বিশেষণ) উত্তর দিক্ বা দেশ সম্বন্ধীয়। উদীচী—(বিশেষ্য) উত্তর দিক্।]

জ্-কারান্ত পুংলিঙ্গ শব্দ

বণিজ্ (বণিক্, merchant)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	বণিক্	বণিজৌ	বণিজঃ
দ্বিতীয়া	বণিজম্	বণিজৌ	বণিজঃ
তৃতীয়া	বণিজা	বণিগ্ভ্যাম্	বণিগ্ভিঃ
চতুর্থী	বণিজে	বণিগ্ভ্যাম্	বণিগ্ভ্যঃ
পঞ্চমী	বণিজঃ	বণিগ্ভ্যাম্	বণিগ্ভ্যঃ
ষষ্ঠী	বণিজঃ	বণিজোঃ	বণিজাম্
সপ্তমী	বণিজি	বণিজোঃ	বণিক্ষু
সম্বোধনম্	বণিক্	বণিজৌ	বণিজঃ

বিঃ দ্রঃ—জ-কারান্ত শব্দের প্রথমার একবচনে জ্ স্থানে ক্ হয়।

ঋত্বিজ (পুরোহিত), ভিষজ্ (চিকিৎসক) প্রভৃতি জ-কারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ 'বণিজ্' শব্দের তুল্য।

সম্রাজ্ (সম্রাট্, emperor)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	সম্রাট্	সম্রাজৌ	সম্রাজঃ
দ্বিতীয়া	সম্রাজম্	সম্রাজৌ	সম্রাজঃ
তৃতীয়া	সম্রাজা	সম্রাড্ভ্যাম্	সম্রাড্ভিঃ

	একবচনম	দ্বিবচনম্	বহুবচনম্
চতুর্থী	সম্রাজে	সম্রাড্ভ্যাম্	সম্রাড্ভ্যঃ
পঞ্চমী	সম্রাজঃ	সম্রাড্ভ্যাম্	সম্রাড্ভ্যঃ
ষষ্ঠী	সম্রাজঃ	সম্রাজোঃ	সম্রাজাম্
সপ্তমী	সম্রাজি	সম্রাজোঃ	সম্রাট্সু
সম্বোধনম্	সম্রাট্	সম্রাজৌ	সম্রাজঃ

বিঃ দ্রঃ—সম্রাজ্ শব্দের **জ্** স্থানে প্রথমার একবচনে **ট্** হয়।

পরিব্রাজ্ (ভ্রমণকারী সাধু) শব্দের রূপ **সম্রাজ্** শব্দের তুল্য

ত-কারান্ত পুংলিঙ্গ শব্দ

ভূভৃৎ (রাজা, পর্বত, king, mountain)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচন
প্রথমা	ভূভৃৎ	ভূভৃতৌ	ভূভৃতঃ
দ্বিতীয়া	ভূভৃতম্	ভূভৃতৌ	ভূভৃতঃ
তৃতীয়া	ভূভৃতা	ভূভৃদ্ভ্যাম্	ভূভৃদ্ভিঃ
চতুর্থী	ভূভৃতে	ভূভৃদ্ভ্যাম্	ভূভৃদ্ভ্যঃ
পঞ্চমী	ভূভৃতঃ	ভূভৃদ্ভ্যাম	ভূভৃদ্ভ্যঃ
ষষ্ঠী	ভূভৃতঃ	ভূভৃতোঃ	ভূভৃতাম্
সপ্তমী	ভূভৃতি	ভূভৃতোঃ	ভূভৃৎসু
সম্বোধনম্	ভূভৃৎ	ভূভৃতৌ	ভূভৃতঃ

পরভৃৎ (কাক), মরুৎ (বাতাস), হরিৎ প্রভৃতি সমুদয় **ত্-কারান্ত** পুংলিঙ্গ শব্দের রূপ **ভূভৃৎ** শব্দের তুল্য।

মহৎ শব্দের রূপ অন্যপ্রকার।

বিদ্যুৎ, তড়িৎ, সরিৎ (নদী) প্রভৃতি ত্-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দরূপ ভূভৃৎ শব্দের তুল্য।

পুংলিঙ্গ শতৃ (অৎ) প্রত্যয়ান্ত শব্দ

ধাবৎ—(ধাব্ + অৎ, ধাবমান, running)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	ধাবন্	ধাবন্তৌ	ধাবন্তঃ
দ্বিতীয়া	ধাবন্তম্	ধাবন্তৌ	ধাবতঃ
তৃতীয়া	ধাবতা	ধাবদ্ভ্যাম্	ধাবদ্ভিঃ
চতুর্থী	ধাবতে	ধাবদ্ভ্যাম্	ধাবদ্ভ্যঃ
পঞ্চমী	ধাবতঃ	ধাবদ্ভ্যাম্	ধাবদ্ভ্যঃ
ষষ্ঠী	ধাবতঃ	ধাবতোঃ	ধাবতাম্
সপ্তমী	ধাবতি	ধাবতোঃ	ধাবৎসু
সম্বোধনম্	ধাবন্	ধাবন্তৌ	ধাবন্তঃ

পুংলিঙ্গ **ধাবৎ** শব্দের প্রথমার একবচনে **ন্** হয়। **অৎ** প্রত্যয়ান্ত শব্দ—পঠৎ (পাঠরত, reading), গচ্ছৎ (চলন্ত, going), বদৎ (বলিতেছে যে, speaking), পশ্যৎ (দেখিতেছে এইরূপ, seeing), গায়ৎ (গান করিতেছে এইরূপ, singing) প্রভৃতি **অৎ** প্রত্যয়ান্ত সমুদয় পুংলিঙ্গ শব্দের রূপ **ধাবৎ** শব্দের তুল্য। **অৎ** প্রত্যয়ান্ত শব্দ বিশেষণ।

পুংলিঙ্গ মতুপ্ (মৎ), বতুপ্ (বৎ), ও ক্তবতু (তবৎ) প্রত্যয়ান্ত শব্দ

শ্রীমৎ শব্দ (শ্রী আছে যাহার, beautiful)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	শ্রীমান্	শ্রীমন্তৌ	শ্রীমন্তঃ
দ্বিতীয়া	শ্রীমন্তম্	শ্রীমন্তৌ	শ্রীমতঃ
তৃতীয়া	শ্রীমতা	শ্রীমদ্ভ্যাম্	শ্রীমদ্ভিঃ
চতুর্থী	শ্রীমতে	শ্রীমদ্ভ্যাম্	শ্রীমদ্ভ্যঃ
পঞ্চমী	শ্রীমতঃ	শ্রীমদ্ভ্যাম্	শ্রীমদ্ভ্যঃ
ষষ্ঠী	শ্রীমতঃ	শ্রীমতোঃ	শ্রীমতাম্
সপ্তমী	শ্রীমতি	শ্রীমতোঃ	শ্রীমৎসু
সম্বোধনম	শ্রীমন্	শ্রীমন্তৌ	শ্রীমন্তঃ

মতুপ্ (মৎ) প্রত্যয়ান্ত—বুদ্ধিমৎ, (যাহার বুদ্ধি আছে, intelligent), হনুমৎ (বানর বিশেষের নাম), ধীমৎ (জ্ঞানী, wise) মতিমৎ, মূর্তিমৎ, ভগবৎ, বলবৎ (বলশালী, strong), জ্ঞানবৎ (জ্ঞানী, wise), হিমবৎ (হিমালয় পর্বত) প্রভৃতির রূপ **শ্রীমৎ** শব্দের তুল্য। **বতুপ্** (বৎ) প্রত্যয়ান্ত—কিয়ৎ (কত, how much), তাবৎ (তত, so much), যাবৎ, এবং **ক্তবতু** (তবৎ) প্রত্যয়ান্ত—উক্তবৎ, দৃষ্টবৎ, স্থিতবৎ প্রভৃতি শব্দের রূপ **শ্রীমৎ** শব্দের তুল্য।

বিঃ দ্রঃ—বাংলায় বুদ্ধিমৎ, হনুমৎ, বলবৎ এইরূপ বলি না, বলি বুদ্ধিমান্ হনুমান্, বলবান্ ; বাংলায় পুংলিঙ্গ পদটি বলি। মূল শব্দ হইতেছে **বুদ্ধিমৎ, হনুমৎ, বলবৎ** ইত্যাদি। ইহারা আবশ্যক মত **বিশেষণ** রূপে ব্যবহৃত হয়।

ভবৎ শব্দের রূপ **আপনি** অর্থে **শ্রীমৎ** শব্দের তুল্য। **মহৎ** শব্দের রূপ ভিন্ন প্রকার।

মহৎ (মহান্, great)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	মহান্	মহান্তৌ	মহান্তঃ
দ্বিতীয়া	মহান্তম্	মহান্তৌ	মহতঃ
সম্বোধনম্	মহান্	মহান্তৌ	মহান্তঃ

অন্যান্য সকল বিভক্তিতে **ভূভৃৎ** শব্দের তুল্য।

অনুবাদের আদর্শ

বণিকেরা দেশে দেশে বাণিজ্য করেন। বাণিজ্য দ্বারা বণিকদের সমৃদ্ধি হয় -**বণিজঃ দেশে দেশে বাণিজ্যং কুর্বন্তি। বাণিজ্যেন বাণিজাং সমৃদ্ধির্ভবতি।** পুরাকালে ভারতবর্ষে সম্রাটেরা সুনিয়মে প্রজা পালন করিতেন—**পুরা ভারতবর্ষে সম্রাজঃ সুনিয়মেন প্রজাঃ পালয়ন্তি স্ম।** অতিশয় স্নেহে রাজার পুত্রবৎ প্রজা পালন করা উচিত—**ভূভৃৎ মহতা স্নেহেন প্রজাঃ পুত্রবৎ পালয়েৎ।** ছাত্ররা দৌড়াইতে দৌড়াইতে খেলার মাঠে যাইতেছে—**ছাত্রাঃ ধাবন্তঃ ক্রীড়াক্ষেত্রং গচ্ছন্তি।** খেলার পর বালকেরা হাসিতে হাসিতে বাড়ী যাইতেছে—**ক্রীড়ায়াঃ অনন্তরং বালকাঃ হসন্তঃ গৃহং গচ্ছন্তি।** বর্ষাকালে তরুগুলি শ্রীমান্ হইয়া উঠে—**বর্ষাসু**

ভরবঃ শ্রীমন্তো ভবন্তি। বলবান্ লোকদের বাহু দুর্বলের আশ্রয়—**বলবতাং (জনানাং) বাহুঃ দুর্বলানাং শরণম্**। মহান্ ব্যক্তিরা সর্বদা বিশ্বের মঙ্গল ইচ্ছা করেন—**মহান্তঃ জনাঃ সদা বিশ্বস্য হিতমিচ্ছন্তি**। প্রাতঃকালে ভগবানকে স্মরণ করিবে—**প্রাতঃ ভগবন্তং স্মরেঃ**।

অনুশীলনী

১। সম্রাজ্, শ্রীমৎ, ভগবৎ, ভবৎ (আপনি)—এই শব্দগুলির সকল বিভক্তি ও বচনের রূপ লিখ।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

লক্ষ্মী বণিকদের প্রতি প্রসন্ন। এই গ্রামে একজন অভিজ্ঞ চিকিৎসক (ভিষক্) আছেন। সম্রাটের শৌর্যে ও বীরত্বে (পঞ্চমী) শত্রুগণ পরাজিত হয়। বালকেরা গান গাহিতে গাহিতে (গায়ন্তঃ) আসিতেছে। বলবান্, বুদ্ধিমান্ ও জ্ঞানবান্ লোকেরা সকলের শ্রদ্ধাভাজন। রামচন্দ্র হনুমানকে অত্যন্ত ভালবাসিতেন (নিতরাং স্নিহ্যতি স্ম)। আপনারা দরিদ্রের প্রতি সদয় হোন (সদয়াঃ ভবন্তু)। মহৎ লোকেরা সর্বদা মানুষের মঙ্গল করেন।

৩। অশুদ্ধি সংশোধন কর :—

মহন্তঃ দেশনেতারঃ সভায়াং ভবন্তি। রামচন্দ্রং প্রতি হনুমানস্য গভীরঃ ভক্তিরাসীৎ। বলবানস্য কুতঃ পরাজয়ঃ। ধার্মিকঃ সদা ভগবানং স্মরতি।

দ-কারান্ত পুংলিঙ্গ শব্দ

সুহৃদ্ (বন্ধু, friend)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	সুহৃৎ	সুহৃদৌ	সুহৃদঃ
দ্বিতীয়া	সুহৃদম্	সুহৃদৌ	সুহৃদঃ
তৃতীয়া	সুহৃদা	সুহৃদ্ভ্যাম্	সুহৃদ্ভিঃ
চতুর্থী	সুহৃদে	সুহৃদ্ভ্যাম্	সুহৃদ্ভ্যঃ
পঞ্চমী	সুহৃদঃ	সুহৃদ্ভ্যাম্	সুহৃদ্ভ্যঃ
ষষ্ঠী	সুহৃদঃ	সুহৃদোঃ	সুহৃদাম্
সপ্তমী	সুহৃদি	সুহৃদোঃ	সুহৃৎসু
সম্বোধনম্	সুহৃৎ	সুহৃদৌ	সুহৃদঃ

সভাসদ্, উদ্ভিদ্, নিরাপদ্, ধর্ম্মবিদ্ প্রভৃতি দ-কারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ **সুহৃদ্** শব্দের তুল্য।

দ্রষ্টব্য :—শরদ্ (শরৎকাল, Autumn), বিপদ্, আপদ্, সম্পদ্, (সমৃদ্ধি, prosperity), সংসদ্, মৃদ্ (মাটি) প্রভৃতি শব্দ **স্ত্রীলিঙ্গ** হইলেও ইহাদের রূপ **সুহৃদ্** শব্দের তুল্য।

ন-কারান্ত শব্দ **দুই প্রকার—অন্**-ভাগান্ত ও **ইন্**-ভাগান্ত।

অন্-ভাগান্ত পুংলিঙ্গ শব্দ

রাজন্ (রাজা, king)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	রাজা	রাজানৌ	রাজানঃ
দ্বিতীয়া	রাজানম্	রাজানৌ	রাজ্ঞঃ
তৃতীয়া	রাজ্ঞা	রাজভ্যাম্	রাজভিঃ
চতুর্থী	রাজ্ঞে	রাজভ্যাম্	রাজভ্যঃ
পঞ্চমী	রাজ্ঞঃ	রাজভ্যাম্	রাজভ্যঃ
ষষ্ঠী	রাজ্ঞঃ	রাজ্ঞোঃ	রাজ্ঞাম্
সপ্তমী	রাজ্ঞি, রাজনি	রাজ্ঞোঃ	রাজসু
সম্বোধনম্	রাজন্	রাজানৌ	রাজানঃ

অন্-ভাগান্ত **আত্মন্, যুবন্** প্রভৃতি শব্দের রূপ **স্বতন্ত্র**

আত্মন্ (আত্মা, নিজ, soul, self)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	আত্মা	আত্মানৌ	আত্মানঃ
দ্বিতীয়া	আত্মানম্	আত্মানৌ	আত্মনঃ
তৃতীয়া	আত্মনা	আত্মভ্যাম্	আত্মভিঃ
চতুর্থী	আত্মনে	আত্মভ্যাম্	আত্মভ্যঃ
পঞ্চমী	আত্মনঃ	আত্মভ্যাম্	আত্মভ্যঃ

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম
ষষ্ঠী	আত্মনঃ	আত্মনোঃ	আত্মনাম্
সপ্তমী	আত্মনি	আত্মনোঃ	আত্মসু
সম্বোধনম্	আত্মন্	আত্মানৌ	আত্মানঃ

ব্রহ্মন্ (ব্রহ্মা, Brahma) শব্দের রূপ **আত্মন্** শব্দের তুল্য।

যুবন্ (যুবা, যুবক, youth)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	যুবা	যুবানৌ	যুবানঃ
দ্বিতীয়া	যুবানম্	যুবানৌ	যূনঃ
তৃতীয়া	যূনা	যুবভ্যাম্	যুবভিঃ
চতুর্থী	যূনে	যুবভ্যাম্	যুবভ্যঃ
পঞ্চমী	যূনঃ	যুবভ্যাম্	যুবভ্যঃ
ষষ্ঠী	যূনঃ	যূনোঃ	যূনাম্
সপ্তমী	যূনি	যূনোঃ	যুবসু
সম্বোধনম্	যুবন্	যুবানৌ	যুবানঃ

দ্রষ্টব্য ঃ—যুবন্ শব্দ স্থানে **যুন** হইলে উহার প্রথম অক্ষর **যূ** হয়।

লঘিমন্ (লঘুতা, lightness)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	লঘিমা	লঘিমানৌ	লঘিমানঃ
দ্বিতীয়া	লঘিমানম্	লঘিমানৌ	লঘিম্নঃ
তৃতীয়া	লঘিম্না	লঘিমভ্যাম্	লঘিমভিঃ
চতুর্থী	লঘিম্নে	লঘিমভ্যাম্	লঘিমভ্যঃ
পঞ্চমী	লঘিম্নঃ	লঘিমভ্যাম্	লঘিমভ্যঃ
ষষ্ঠী	লঘিম্নঃ	লঘিম্নোঃ	লঘিম্নাম্
সপ্তমী	লঘিম্নি, লঘিমনি	লঘিম্নোঃ	লঘিমসু
সম্বোধনম্	লঘিমন্	লঘিমানৌ	লঘিমানঃ

গরিমন্ (গরিমা), স্ত্রীলিঙ্গ সীমন্ (সীমা, limit, boundary) শব্দের রূপ **লঘিমন্** শব্দের তুল্য।

শ্বন্ (কুকুর, dog)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	শ্বা	শ্বানৌ	শ্বানঃ
দ্বিতীয়া	শ্বানম্	শ্বানৌ	শুনঃ
তৃতীয়া	শুনা	শ্বভ্যাম্	শ্বভিঃ
চতুর্থী	শুনে	শ্বভ্যাম্	শ্বভ্যঃ
পঞ্চমী	শুনঃ	শ্বভ্যাম্	শ্বভ্যঃ
ষষ্ঠী	শুনঃ	শুনোঃ	শুনাম্
সপ্তমী	শুনি	শুনোঃ	শ্বসু
সম্বোধনম্	শ্বন্	শ্বানৌ	শ্বানঃ

ইন্-ভাগান্ত পুংলিঙ্গ শব্দ

গুণিন্ (গুণী, qualified)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	গুণী	গুণিনৌ	গুণিনঃ
দ্বিতীয়া	গুণিনম্	গুণিনৌ	গুণিনঃ
তৃতীয়া	গুণিনা	গুণিভ্যাম্	গুণিভিঃ
চতুর্থী	গুণিনে	গুণিভ্যাম্	গুণিভ্যঃ
পঞ্চমী	গুণিনঃ	গুণিভ্যাম্	গুণিভ্যঃ
ষষ্ঠী	গুণিনঃ	গুণিনোঃ	গুণিনাম্
সপ্তমী	গুণিনি	গুণিনোঃ	গুণিষু
সম্বোধনম্	গুণিন্	গুণিনৌ	গুণিনঃ

দ্রষ্টব্য ঃ—**ইহার আছে** বা **ইহাতে আছে** এই অর্থে শব্দের উত্তর **ইন্** প্রত্যয় হয়, (অস্ত্যর্থে ইন্ প্রত্যয়)। যাহার গুণ আছে সে গুণিন্ (গুণ+ইন্); প্রথমার একবচনে—**গুণী**।

জ্ঞানিন্ (জ্ঞানী, wise), গৃহিন্ (গৃহী, house-holder), ধনিন্ (ধনী, rich), পক্ষিন্ (পক্ষী, bird), বলিন্ (বলবান্, powerful), মন্ত্রিন্ (মন্ত্রী,

minister), রোগিন্ (রোগী, sickly, a sick man), বাগ্মিন্ (বাগ্মী, speaker), সাক্ষিন্ (সাক্ষী, witness), স্বামিন্ (স্বামী, husband, owner), হস্তিন্ (হস্তী, elephant), সত্যবাদিন্ (সত্যবাদী, truthful), মিথ্যাবাদিন্ (মিথ্যাবাদী, liar), একাকিন্ (একাকী, alone) প্রভৃতি **ইন্**-ভাগান্ত পুংলিঙ্গ শব্দের রূপ **গুণিন্** শব্দের তুল্য। **ইন্**-ভাগান্ত **পথিন্** শব্দের রূপ স্বতন্ত্র।

দ্রষ্টব্য ঃ—**ইন্**-ভাগান্ত শব্দের **ই**-কার প্রথমার একবচনে **ঈ**-কার হয়। অন্যান্য সকল বিভক্তিতে **ই**-কার থাকে।

পথিন্ (পথ, way, means)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	পন্থাঃ	পন্থানৌ	পন্থানঃ
দ্বিতীয়া	পন্থানম্	পন্থানৌ	পথঃ
তৃতীয়া	পথা	পথিভ্যাম্	পথিভিঃ
চতুর্থী	পথে	পথিভ্যাম্	পথিভ্যঃ
পঞ্চমী	পথঃ	পথিভ্যাম্	পথিভ্যঃ
ষষ্ঠী	পথঃ	পথোঃ	পথাম্
সপ্তমী	পথি	পথোঃ	পথিষু
সম্বোধনম্	পন্থাঃ	পন্থানৌ	পন্থানঃ

অনুবাদের আদর্শ

সুহৃদের হৃদয় সুন্দর—**সুহৃদঃ হৃদয়ং শোভনম্**। সে আমার সুহৃদ্ ও সতীর্থ—**স মে সুহৃৎ সতীর্থ্যশ্চ**। মহাকবি কালিদাস সম্রাট্ বিক্রমাদিত্যের সভাসদ্ ছিলেন—**মহাকবিঃ কালিদাসঃ সম্রাজঃ বিক্রমাদিত্যস্য সভাসৎ আসীৎ**। সম্পদে ও বিপদে যে থাকে সে বন্ধু—**যঃ সম্পদি বিপদি চ তিষ্ঠতি স এব বন্ধুঃ**। রমণীয় শরৎকাল আগত—**রমণীয়া শরৎ আগতা**। এই যুবকেরা গুণী, সত্যবাদী ও বলবান্—**ইমে যুবানঃ গুণিনঃ সত্যবাদিনঃ বলবন্তশ্চ**। মহাজন যে পথে চলিয়াছেন, তাহাই পথ—**মহাজনঃ যেন গতঃ স পন্থাঃ**।

অনুশীলনী

১। রাজন্, যুবন্, পথিন্—এই শব্দগুলির সকল বিভক্তি ও বচনের রূপ লিখ।

২। রাজন্, গুণিন্ ও পথিন্ শব্দের সম্বোধনের রূপ লিখ।

৩। অশুদ্ধি সংশোধন কর :—

স মে সুহৃদ্। যে বিপদে তিষ্ঠন্তি তে সুহৃদাঃ। অহং পথে একং তপস্বীম্ অপশ্যম্। সর্বে আত্মানাং হিতমিচ্ছন্তি। ভো যুবা! সদা আত্মনং রক্ষ। পরিশ্রমী বালকাঃ জ্ঞানী গুণী চ ভবন্তি।

৪। সংস্কৃতে অনুবাদ কর :—

বিপদে ও সম্পদে সুহৃদ্ই সহায়। রমণীয় শরৎকালে (শরদি) দুর্গার পূজা হয়। এই যুবকেরা গুণী, মেধাবী ও তেজস্বী। হে স্বামিন্! বিপদ্ হইতে আমাকে রক্ষা করুন (রক্ষ)। রাজার বাহুবল প্রজাদের বল।

শ-কারান্ত পুংলিঙ্গ শব্দ

ঈদৃশ্ (এইরূপ, such)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	ঈদৃক্	ঈদৃশৌ	ঈদৃশঃ
দ্বিতীয়া	ঈদৃশম্	ঈদৃশৌ	ঈদৃশঃ
তৃতীয়া	ঈদৃশা	ঈদৃগ্‌ভ্যাম্	ঈদৃগ ভিঃ
চতুর্থী	ঈদৃশে	ঈদৃগ্‌ভ্যাম্	ঈদৃগ্‌ভ্যঃ
পঞ্চমী	ঈদৃশঃ	ঈদৃগ্‌ভ্যাম্	ঈদৃগ্‌ভ্যঃ
ষষ্ঠী	ঈদৃশঃ	ঈদৃশোঃ	ঈদৃশাম্
সপ্তমী	ঈদৃশি	ঈদৃশোঃ	ঈদৃক্ষু
সম্বোধনম্	ঈদৃক্	ঈদৃশৌ	ঈদৃশঃ

এতাদৃশ্ (এইরূপ), কীদৃশ (কিরূপ), তাদৃশ্ (সেইরূপ), ভবাদৃশ (আপনার ন্যায়), মর্মস্পৃশ (মর্মস্পর্শী) প্রভৃতি শ-কারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ **ঈদৃশ্** শব্দের তুল্য।

স-কারান্ত পুংলিঙ্গ শব্দ

বেধস্ (সৃষ্টিকর্তা, creator)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	বেধাঃ	বেধসৌ	বেধসঃ
দ্বিতীয়া	বেধসম্	বেধসৌ	বেধসঃ
তৃতীয়া	বেধসা	বেধোভ্যাম্	বেধোভিঃ
চতুর্থী	বেধসে	বেধোভ্যাম্	বেধোভ্যঃ
পঞ্চমী	বেধসঃ	বেধোভ্যাম্	বেধোভ্যঃ
ষষ্ঠী	বেধসঃ	বেধসোঃ	বেধসাম্
সপ্তমী	বেধসি	বেধসোঃ	বেধঃসু
সম্বোধনম্	বেধঃ	বেধসৌ	বেধসঃ

প্রায় সমুদয় স-কারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ **বেধস্** শব্দের তুল্য। যথা— চন্দ্রমস্ (চন্দ্রমা, চাঁদ), প্রচেতস্ (বরুণ), বিহায়স্ (আকাশ, sky), দুর্মনস্ (দুর্মনা), দুর্মেধস্ (দুর্মেধা, dull-headed), মহাতেজস্ (মহাতেজা), বিমনস্ (বিমনা, absent-minded) ইত্যাদি। স্ত্রীলিঙ্গ **অপ্সরস্** (অপ্সরা, nymph) শব্দের রূপও **বেধস্** শব্দের তুল্য।

বিদ্বস্, পুমস্, লঘীয়স্ প্রভৃতি **স**-কারান্ত শব্দের রূপ পৃথক্।

বিদ্বস্ (বিদ্বান্, learned)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	বিদ্বান্	বিদ্বাংসৌ	বিদ্বাংসঃ
দ্বিতীয়া	বিদ্বাংসম্	বিদ্বাংসৌ	বিদুষঃ
তৃতীয়া	বিদুষা	বিদ্বদ্ভ্যাম্	বিদ্বদ্ভিঃ
চতুর্থী	বিদুষে	বিদ্বদ্ভ্যাম্	বিদ্বদ্ভ্যঃ
পঞ্চমী	বিদুষঃ	বিদ্বদ্ভ্যাম্	বিদ্বদ্ভ্যঃ
ষষ্ঠী	বিদুষঃ	বিদুষোঃ	বিদুষাম্
সপ্তমী	বিদুষি	বিদুষোঃ	বিদ্বৎসু
সম্বোধনম্	বিদ্বন্	বিদ্বাংসৌ	বিদ্বাংসঃ

লঘীয়স্ (অপেক্ষাকৃত লঘু, lighter)

	একবচনম্	দ্বিবচনম	বহুবচনম
প্রথমা	লঘীয়ান্	লঘীয়াংসৌ	লঘীয়াংসঃ
দ্বিতীয়া	লঘীয়াংসম্	লঘীয়াংসৌ	লঘীয়সঃ
তৃতীয়া	লঘীয়সা	লঘীয়োভ্যাম্	লঘীয়োভিঃ
চতুর্থী	লঘীয়সে	লঘীয়োভ্যাম্	লঘীয়োভ্যঃ
পঞ্চমী	লঘীয়সঃ	লঘীয়োভ্যাম্	লঘীযোভ্যঃ
ষষ্ঠী	লঘীয়সঃ	লঘীয়সোঃ	লঘীয়সাম্
সপ্তমী	লঘীয়সি	লঘীয়সোঃ	লঘীয়ঃসু
সম্বোধনম্	লঘীয়ন্	লঘীয়াংসৌ	লঘীয়াংসঃ

পুংলিঙ্গ—কনীয়স্ (younger), গরীয়স্ (অপেক্ষাকৃত গুরু, heavier), জ্যায়স্ (বয়সে অপেক্ষাকৃত বড, older, elder), প্রেয়স্ (dearer), শ্রেয়স্ (অপেক্ষাকৃত শ্রেয়ঃ, হিতকর) ইত্যাদি **ঈয়স্** প্রত্যয়-নিষ্পন্ন শব্দের রূপ **লঘীয়স্** শব্দের তুল্য।

স্ত্রীলিঙ্গে—লঘীয়সী, কনীয়সী, গরীয়সী, জ্যায়সী, শ্রেয়সী প্রভৃতি **ঈ**-কারান্ত শব্দ **নদী** শব্দের তুল্য।

পুংস্ (পুরুষ, male being)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	পুমান্	পুমাংসৌ	পুমাংসঃ
দ্বিতীয়া	পুমাংসম্	পুমাংসৌ	পুংসঃ
তৃতীয়া	পুংসা	পুংভ্যাম্	পুংভিঃ
চতুর্থী	পুংসে	পুংভ্যাম্	পুংভ্যঃ
পঞ্চমী	পুংসঃ	পুংভ্যাম্	পুংভ্যঃ
ষষ্ঠী	পুংসঃ	পুংসোঃ	পুংসাম্
সপ্তমী	পুংসি	পুংসোঃ	পুংসু
সম্বোধনম	পুমন্	পুমাংসৌ	পুমাংসঃ

হ-কারান্ত পুংলিঙ্গ শব্দ

মধুলিহ্ (মৌমাছি, bee)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	মধুলিট্	মধুলিহৌ	মধুলিহঃ
দ্বিতীয়া	মধুলিহম্	মধুলিহৌ	মধুলিহঃ
তৃতীয়া	মধুলিহা	মধুলিড্ভ্যাম্	মধুলিড্ভিঃ
চতুর্থী	মধুলিহে	মধুলিড্ভ্যাম্	মধুলিড্ভ্যঃ
পঞ্চমী	মধুলিহঃ	মধুলিড্ভ্যাম্	মধুলিড্ভ্যঃ
ষষ্ঠী	মধুলিহঃ	মধুলিহোঃ	মধুলিহাম্
সপ্তমী	মধুলিহি	মধুলিহোঃ	মধুলিট্সু
সম্বোধনম্	মধুলিট্	মধুলিহৌ	মধুলিহঃ

অনুবাদের আদর্শ

এইরূপ সচ্চরিত্র ও বিদ্বান্ ব্যক্তি সকল দেশেই দুর্লভ—**ঈদৃক্ সচ্চরিত্রঃ বিদ্বান্ চ জনঃ সর্বত্র হি দুর্লভঃ**। তাঁহার ন্যায় দয়ালু ও পরহিতব্রত ব্যক্তি কদাচিৎ দেখা যায়—**তাদৃক্** (তাদৃশঃ) **দয়াবান্ পরিহিতব্রতশ্চ জনঃ কদাচন এব দৃষ্টঃ**। আপনাদের ন্যায় বিজ্ঞলোকদের সকলেই সম্মান করে—**ভবাদৃশঃ প্রাজ্ঞান্ জনান্ সর্বে এব মানয়ন্তি**। বিদ্বান্ ব্যক্তিরা বলেন যে স্রষ্টার ইচ্ছাতেই বিশ্বের সৃষ্টি হইয়াছিল—**বেধসঃ ইচ্ছয়া এব জগৎ সৃষ্টমিতি বিদ্বাংসো. বদন্তি**। রাত্রিকালে চন্দ্রমার স্নিগ্ধ কিরণে পৃথিবী শীতল হয়—**রাত্রৌ চন্দ্রমসঃ স্নিগ্ধৈঃ কিরণৈঃ ধরণী শীতলতাং যাতি**। এই বালকদের মেধাশক্তি দুর্বল—**ইমে বালকাঃ দুর্মেধসঃ**। মানস সরোবরের যাত্রী হংসেরা কলনাদ করিতে করিতে আকাশ পথে চলিয়াছে—**মানস-গামিনঃ হংসাঃ কলনাদং কুর্বন্তঃ বিহায়সা গচ্ছন্তি**।

মাতা স্বর্গ হইতেও অধিক গৌরবময়ী—**জননী স্বর্গাদপি গরীয়সী**। **আপনি আমার চেয়ে দশ বছরের বড়ো এবং আমার বড়ো ভাই আপনার চেয়ে পাঁচ বছরের ছোট—ভবান্ দশবর্ষৈঃ মৎ জ্যায়ান্, মম জ্যেষ্ঠো ভ্রাতা**

ভবতঃ পঞ্চবর্ষৈঃ কনীয়ান্। বৎস! তুমি আমার প্রাণের চেয়েও প্রিয়তর সুতরাং আমার চেয়ে বড়ো তোমার আর কেহ নাই—**বৎস! ত্বং মে প্রাণেভ্যোঽপি প্রেয়ান্ অতঃ ন কোঽপি মৎ শ্রেয়ান্।** বীরত্ব পুরুষদের প্রধান গুণ, সুতরাং কর্মক্ষেত্রে বীরত্ব দ্বারাই পুরুষেরা শ্রদ্ধাভাজন হন—**বীরত্বং পুংসাং প্রধানো গুণঃ অতঃ কর্মক্ষেত্রে বীরত্বেনৈব পুমাংসঃ শ্রদ্ধাভাজনং ভবন্তি।** মৌমাছিরা ফুলের মধু আহরণ করিতেছে এবং মৌচাক তৈয়ার িতেছে—**মধুলিহঃ পুষ্পেভ্যো মধু আহরন্তি মধুচক্রঞ্চ রচয়ন্তি।**

ব্যঞ্জনান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

চ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

বাচ্ (বাক্য, word, speech)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	বাক্	বাচৌ	বাচঃ
দ্বিতীয়া	বাচম্	বাচৌ	বাচঃ
তৃতীয়া	বাচা	বাগ্ভ্যাম্	বাগ্ভিঃ
চতুর্থী	বাচে	বাগ্ভ্যাম্	বাগ্ভ্যঃ
পঞ্চমী	বাচঃ	বাগ্ভ্যাম্	বাগ্ভ্যঃ
ষষ্ঠী	বাচঃ	বাচোঃ	বাচাম্
সপ্তমী	বাচি	বাচোঃ	বাক্ষু
সম্বোধনম্	বাক্	বাচৌ	বাচঃ

চ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ—ত্বচ্ (চামড়া), ঋচ্ (ঋগ্বেদ), রুচ্ (আলোক), শুচ (শোক, grief) প্রভৃতি **বাচ্** শব্দের তুল্য।

জ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

রুজ্ (রোগ, disease), স্রজ্ (মালা) প্রভৃতি **জ**-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ পুংলিঙ্গ **বণিজ্** শব্দের তুল্য। যথা,—'রুজ'—রুক্, রুজৌ, রুজঃ ইত্যাদি।

ত-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

বিদ্যুৎ, তড়িৎ, যোষিৎ (স্ত্রীলোক), সরিৎ (নদী, river) প্রভৃতি ত-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ পুংলিঙ্গ **ভূভৃৎ** শব্দের তুল্য। যথা—'সরিৎ'—সরিৎ, সরিতৌ, সরিতঃ ইত্যাদি।

দ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

শরদ্ (শরৎ কাল), বিপদ্, আপদ্, সম্পদ্, সংসদ্ (সভা), মুদ্ (আনন্দ, joy), পরিষদ্ (সভা), মৃদ্ (মাটি, earth), উপনিষদ্ প্রভৃতি দ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ পুংলিঙ্গ **সুহৃদ্** শব্দের তুল্য। যথা—'বিপদ্'—বিপৎ, বিপদৌ, বিপদঃ ইত্যাদি।

প-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

অপ্ (জল, water)

অপ্ শব্দ নিত্য বহুবচনান্ত

	বহুবচনম্
প্রথমা	আপঃ
দ্বিতীয়া	অপঃ
তৃতীয়া	অদ্ভিঃ
চতুর্থী	অদ্ভ্যঃ
পঞ্চমী	অদ্ভ্যঃ
ষষ্ঠী	অপাম্
সপ্তমী	অপ্সু
সম্বোধনম্	আপঃ

ব-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

দিব্ (স্বর্গ, আকাশ, heaven)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	দ্যৌঃ	দিবৌ	দিবঃ
দ্বিতীয়া	দিবম্, দ্যাম্	দিবৌ	দিবঃ

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম
তৃতীয়া	দিবা	দ্যুভ্যাম্	দ্যুভিঃ
চতুর্থী	দিবে	দ্যুভ্যাম্	দ্যুভ্যঃ
পঞ্চমী	দিবঃ	দ্যুভ্যাম্	দ্যুভ্যঃ
ষষ্ঠী	দিবঃ	দিবোঃ	দিবাম্
সপ্তমী	দিবি	দিবোঃ	দ্যুষু
সম্বোধনম্	দ্যৌঃ	দিবৌ	দিবঃ

রেফ্-অন্ত স্ত্রীলিঙ্গ শব্দ

গির্ (বাক্য, speech)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	গীঃ	গিরৌ	গিরঃ
দ্বিতীয়া	গিরম্	গিরৌ	গিরঃ
তৃতীয়া	গিরা	গীর্ভ্যাম্	গীর্ভিঃ
চতুর্থী	গিরে	গীর্ভ্যাম্	গীর্ভ্যঃ
পঞ্চমী	গিরঃ	গীর্ভ্যাম্	গীর্ভ্যঃ
ষষ্ঠী	গিরঃ	গিরোঃ	গিরাম্
সপ্তমী	গিরি	গিরোঃ	গীর্ষু
সম্বোধনম্	গীঃ	গিরৌ	গিরঃ

পুর্ (শহর, town, city)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	পূঃ	পুরৌ	পুরঃ
দ্বিতীয়া	পুরম্	পুরৌ	পুরঃ
তৃতীয়া	পুরা	পূর্ভ্যাম্	পূর্ভিঃ
চতুর্থী	পুরে	পূর্ভ্যাম্	পূর্ভ্যঃ
পঞ্চমী	পুরঃ	পূর্ভ্যাম্	পূর্ভ্যঃ
ষষ্ঠী	পুরঃ	পুরোঃ	পুরাম্
সপ্তমী	পুরি	পুরোঃ	পূর্ষু
সম্বোধনম্	পূঃ	পুরৌ	পুরঃ

শ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

দিশ্ (দিক্, direction)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	দিক্	দিশৌ	দিশঃ
দ্বিতীয়া	দিশম্	দিশৌ	দিশঃ
তৃতীয়া	দিশা	দিগ্‌ভ্যাম্	দিগ্‌ভিঃ
চতুর্থী	দিশে	দিগ্‌ভ্যাম্	দিগ্‌ভ্যঃ
পঞ্চমী	দিশঃ	দিগ্‌ভ্যাম্	দিগ্‌ভ্যঃ
ষষ্ঠী	দিশঃ	দিশোঃ	দিশাম্
সপ্তমী	দিশি	দিশোঃ	দিক্ষু
সম্বোধনম্	দিক্	দিশৌ	দিশঃ

স-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

আশিস্ (আশীর্বাদ)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	আশীঃ	আশিষৌ	আশিষঃ
দ্বিতীয়া	আশিষম্	আশিষৌ	আশিষঃ
তৃতীয়া	আশিষা	আশীর্ভ্যাম্	আশীর্ভিঃ
চতুর্থী	আশিষে	আশীর্ভ্যাম্	আশীর্ভ্যঃ
পঞ্চমী	আশিষঃ	আশীর্ভ্যাম্	আশীর্ভ্যঃ
ষষ্ঠী	আশিষঃ	আশিষোঃ	আশিষাং
সপ্তমী	আশিষি	আশিষোঃ	আশীঃষু
সম্বোধনম্	আশীঃ	আশিষৌ	আশিষঃ

হ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

উপানহ্ (চর্মপাদুকা, shoe)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	উপানৎ	উপানহৌ	উপানহঃ
দ্বিতীয়া	উপানহম্	উপানহৌ	উপানহঃ

	একবচনম	দ্বিবচনম্	বহুবচনম
তৃতীয়া	উপানহা	উপানদ্ভ্যাম্	উপানদ্ভিঃ
চতুর্থী	উপানহে	উপানদ্ভ্যাম্	উপানদ্ভ্যঃ
পঞ্চমী	উপানহঃ	উপানদ্ভ্যাম্	উপানদ্ভ্যঃ
ষষ্ঠী	উপানহঃ	উপানহোঃ	উপানহাম্
সপ্তমী	উপানহি	উপানহোঃ	উপানৎসু
সম্বোধনম্	উপানৎ	উপানহৌ	উপানহঃ

শিশুদের বচন মধুর—**শিশূনাং বাক্ মধুরা।** শরীর, মন ও বাক্য দ্বারা সর্বদা সত্য পালন করিবে—**কায়েন মনসা বাচা সদা সত্যং পালয়েঃ।** শরৎকালে নদীর জল নির্মল হয়, বর্ষাকালে উহা কর্দমাক্ত—**শরদি আপঃ নির্মলাঃ ভবন্তি পরং বর্ষাসু তাঃ কর্দমাক্তাঃ।** বাঘের চামড়া চিত্রিত ও দেখিতে সুন্দর—**ব্যাঘ্রস্য ত্বক্ চিত্রিতা সুদৃশ্যা চ।** সকলে বলে, ধার্মিক ব্যক্তি মৃত্যুর পর স্বর্গে গমন করেন—**মরণাৎ অনন্তরং ধার্মিকো দিবং গচ্ছতীতি সর্বে বদন্তি।** দেবতারা স্বর্গে বাস করেন এইরূপ বিশ্বাস আছে কিন্তু মানুষেরা বস্তুতঃ মনোরম নগরীতে বাস করে—**দেবাঃ দিবি বসন্তীতি বিশ্বাসঃ মানবাস্তু মনোরমায়াম্ এব পুরি নিবসন্তি।**

মুনিদের বাক্যসকল অব্যর্থ অতএব তাঁহাদের বাক্যে বিশ্বাস স্থাপন করিলে মঙ্গল হয়—**মুনীনাং গিরঃ অমোঘাঃ অতস্তেষাং গীর্ষু বিশ্বাসো হিতায় ভবতি।** সূর্য পূর্বদিকে উদিত হয় এবং পশ্চিম দিকে অস্ত যায়—**সূর্যঃ পূর্বস্যাং দিশি উদেতি পশ্চিমায়াং চ দিশি অস্তং যাতি।** উত্তরদিকে হিমালয় নামে পর্বতদিগের দেবতুল্য রাজা আছেন—**অস্তি উত্তরস্যাং দিশি হিমালয়ো নাম দেবোপমঃ নগাধিরাজঃ।** ভক্তিমান্ পুত্র পিতামাতার মঙ্গলময় আশীর্বাদ লাভ করে—**ভক্তিমান্ পুত্রঃ পিতুর্মাতুশ্চ মঙ্গলময়ীম্ আশিষং লভতে।**

ব্যঞ্জনান্ত ক্লীবলিঙ্গ শব্দ

চ-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দ

প্রাচ্ (পূর্ব, পূর্বদেশীয়, eastern)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	প্রাক্	প্রাচী	প্রাঞ্চি
দ্বিতীয়া	প্রাক্	প্রাচী	প্রাঞ্চি
সম্বোধনম্	প্রাক্		

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গ **প্রাচ্** শব্দের তুল্য।

প্রত্যচ্ (পশ্চিম, পশ্চিমদেশীয়, western)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	প্রত্যক্	প্রতীচী	প্রত্যঞ্চি
দ্বিতীয়া	প্রত্যক্	প্রতীচী	প্রত্যঞ্চি
সম্বোধনম্	প্রত্যক্		

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গ **প্রত্যচ্** শব্দের তুল্য।

উদচ্ (উত্তর, উত্তর দেশীয়, northern)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	উদক্	উদীচী	উদঞ্চি
দ্বিতীয়া	উদক্	উদীচী	উদঞ্চি
সম্বোধনম্	উদক্		

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গ **উদচ্** শব্দের তুল্য।

স্যৎ-প্রত্যয়ান্ত ক্লীবলিঙ্গ শব্দ

ভবিষ্যৎ (future)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	ভবিষ্যৎ	ভবিষ্যতী, ভবিষ্যন্তী	ভবিষ্যন্তি
দ্বিতীয়া	ভবিষ্যৎ	ভবিষ্যতী, ভবিষ্যন্তী	ভবিষ্যন্তি
সম্বোধনম্	ভবিষ্যৎ		

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গ ধাবৎ শব্দের তুল্য।

সমুদয় স্যৎ-প্রত্যয়ান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

অৎ-প্রত্যয়ান্ত শব্দ

অৎ (শতৃ)-প্রত্যয়ান্ত ক্লীবলিঙ্গ শব্দ

গচ্ছৎ (গমনরত, going)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	গচ্ছৎ	গচ্ছন্তী	গচ্ছন্তি
দ্বিতীয়া	গচ্ছৎ	গচ্ছন্তী	গচ্ছন্তি
সম্বোধনম্	গচ্ছৎ		

ভ্বাদি-গণীয়, **চুরাদি**-গণীয় ও **দিবাদি**-গণীয় ধাতুর উত্তর **অৎ** (শতৃ)-প্রত্যয়যোগে যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহাদের এই রূপ।

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গ **ধাবৎ** শব্দের তুল্য।

ইচ্ছৎ (ইচ্ছুক, wishing)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	ইচ্ছৎ	ইচ্ছতী, ইচ্ছন্তী	ইচ্ছন্তি
দ্বিতীয়া	ইচ্ছৎ	ইচ্ছতী, ইচ্ছন্তী	ইচ্ছন্তি
সম্বোধনম্	ইচ্ছৎ		

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গ **ধাবৎ** শব্দের তুল্য। **তুদাদি**-গণীয় ধাতুর উত্তর **অৎ**-প্রত্যয়যোগে নিষ্পন্ন শব্দের এইরূপ।

কুর্বৎ (করিতে করিতে, doing)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	কুর্বৎ	কুর্বতী	কুর্বন্তি
দ্বিতীয়া	কুর্বৎ	কুর্বতী	কুর্বন্তি
সম্বোধনম্	কুর্বৎ		

অন্যান্য **অৎ** (শতৃ)-প্রত্যয়ান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গ **ধাবৎ** শব্দের তুল্য।

ত-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দ

শ্রীমৎ (শ্রীযুক্ত, সুন্দর, nice, fair)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	শ্রীমৎ	শ্রীমতী	শ্রীমন্তি
দ্বিতীয়া	শ্রীমৎ	শ্রীমতী	শ্রীমন্তি
সম্বোধনম্	শ্রীমৎ		

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গ **শ্রীমৎ** শব্দের তুল্য।

বিশেষ দ্রষ্টব্য :—

মৎ, বৎ ও **তবৎ** প্রত্যয়ান্ত ক্লীবলিঙ্গ শব্দের রূপও প্রথমা, দ্বিতীয়া ও সম্বোধনে ক্লীবলিঙ্গ '**শ্রীমৎ**' শব্দের তুল্য। যথা,—

প্রথমা,	দ্বিতীয়া,	সম্বোধন	—বুদ্ধিমৎ	বুদ্ধিমতী	বুদ্ধিমন্তি
"	"	"	—বলবৎ	বলবতী	বলবন্তি
"	"	"	—ধনবৎ	ধনবতী	ধনবন্তি
"	"	"	—কৃতবৎ	কৃতবতী	কৃতবন্তি
"	"	"	—পতিতবৎ	পতিতবতী	পতিতবন্তি
"	"	"	—গতবৎ	গতবতী	গতবন্তি

অনুবাদের আদর্শ

পূর্ব গগন এখন মেঘমুক্ত—**প্রাক্ (পূর্বং) গগনম্ অধুনা মেঘমুক্তম্।** পশ্চিম আকাশ মেঘাচ্ছন্ন—**প্রত্যক্ (পশ্চিমং) গগনং মেঘাচ্ছন্নম্।** আমার মনে হয় দেশের ভবিষ্যৎ রূপ অতি উজ্জ্বল—**দেশস্য ভবিষ্যৎ রূপম্ অতীব উজ্জ্বলমিতি মে প্রতিভাতি।** আমার বন্ধু ইস্কুলে যাইতে যাইতে একটি আশ্চর্য দৃশ্য দেখিয়াছিল—**মিত্রং মে বিদ্যালয়ং গচ্ছৎ অপূর্বমেকং দৃশ্যং দৃষ্টবৎ।** এই চলন্ত গাড়িখানি খুব মূল্যবান্—**চলৎ শকটমিদম্ অতীব মূল্যবৎ।** জ্ঞানলাভে ইচ্ছুক আমার বন্ধুরা অতিশয় পরিশ্রম করিতেছে—**জ্ঞানম্ ইচ্ছন্তি মে মিত্রাণি নিভরাং পরিশ্রাম্যন্তি।** কৃষকের পুত্রেরা এইরূপ চিন্তা করিতে করিতে শস্য ক্ষেত্রের দিকে চলিয়া গেল—**কর্ষকস্য অপত্যানি এবং চিন্তয়ন্তি শস্যক্ষেত্রমভিতঃ গতবন্তি।**

আমি একটি লতায় অনেকগুলি সুন্দর ফুল দেখিয়াছিলাম—**লতায়াং বহূনি শ্রীমন্তি পুষ্পাণি অহং দৃষ্টবান্।** আপনার বুদ্ধিমান্ ও বলবান্ পুত্র দুইটি সকলের স্নেহপাত্র—**ভবতঃ বুদ্ধিমতী বলবতী চ অপত্যে সর্বেষাং স্নেহপাত্রম্।** বৃক্ষ হইতে পাকা ফলগুলি পড়িয়াছিল—**বৃক্ষাৎ পকানি ফলানি পতিতবন্তি** (পতিতানি)।

ত-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দ

মহৎ (মহৎ, great, a great many)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	মহৎ	মহতী	মহান্তি
দ্বিতীয়া	মহৎ	মহতী	মহান্তি
সম্বোধনম্	মহৎ		

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গ **'মহৎ'** শব্দের তুল্য।

দ-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দ

হৃদ্ (হৃদয়, heart)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	হৃৎ	হৃদী	হৃন্দি
দ্বিতীয়া	হৃৎ	হৃদী	হৃন্দি
সম্বোধনম্	হৃৎ		

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গ **সুহৃদ** শব্দের তুল্য।

অন্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দ

নামন্ (নাম, name)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	নাম	নাম্নী, নামনী	নামানি
দ্বিতীয়া	নাম	নাম্নী, নামনী	নামানি
সম্বোধনম্	নাম, নামন্		

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গ **মহিমন্** শব্দের তুল্য।

প্রেমন্ (প্রেম, love), **ব্যোমন্** (ব্যোম, আকাশ), **সামন্** (সামবেদ), **ধামন্** (ধাম, house) প্রভৃতি **অন্**-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের রূপও এইরূপ।

কর্মন্ ও **অহন্** শব্দের রূপ স্বতন্ত্র।

অন্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দ

কর্মন্ (কর্ম—কাজ, work)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	কর্ম	কর্মণী	কর্মাণি
দ্বিতীয়া	কর্ম	কর্মণী	কর্মাণি
সম্বোধনম্	কর্ম, কর্মন্		

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গ **'আত্মন্'** শব্দের তুল্য। **জন্মন্** (জন্ম, birth), **ভস্মন্** (ভস্ম, ashes), **বর্ত্মন্** (বর্ত্ম—পথ, road), **পর্বন্** (পর্ব—উৎসব), **বর্মন্** (বর্ম, armour), **চর্মন্** (চর্ম—চামড়া, skin) প্রভৃতি ক্লীবলিঙ্গ **অন্**-ভাগান্ত শব্দের রূপ **কর্মন্** শব্দের তুল্য।

যে সকল **অন্**-এর **অ**-কার **ম্**-সংযুক্ত বা **ব্**-সংযুক্ত বর্ণে মিলিত থাকে, তাহাদের রূপ **কর্মন্** শব্দের তুল্য।

অন্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দ

অহন্ (দিন, day)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	অহঃ	অহ্নী, অহনী	অহানি
দ্বিতীয়া	অহঃ	অহ্নী, অহনী	অহানি
তৃতীয়া	অহ্না	অহোভ্যাম্	অহোভিঃ
চতুর্থী	অহ্নে	অহোভ্যাম্	অহোভ্যঃ
পঞ্চমী	অহ্নঃ	অহোভ্যাম্	অহোভ্যঃ
ষষ্ঠী	অহ্নঃ	অহ্নোঃ	অহ্নাম্
সপ্তমী	অহ্নি, অহনি	অহ্নোঃ	অহঃসু
সম্বোধনম্	অহঃ	অহ্নী, অহনী	অহানি

ইন্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দ

স্থায়িন্ (স্থায়ী, permanent)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	স্থায়ি	স্থায়িনী	স্থায়ীনি
দ্বিতীয়া	স্থায়ি	স্থায়িনী	স্থায়ীনি
সম্বোধনম্	স্থায়ি, স্থায়িন্		

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গ **গুণিন্** শব্দেব তুল্য। সমুদয় **ইন্-ভাগান্ত** ক্লীবলিঙ্গ শব্দের রূপ **স্থায়িন্** শব্দেব তুল্য।

শ-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দ

ঈদৃশ্ (এইরূপ, such)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	ঈদৃক্	ঈদৃশী	ইদৃংশি
দ্বিতীয়া	ঈদৃক্	ঈদৃশী	ঈদৃংশি
সম্বোধনম্	ঈদৃক্		

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গ **ঈদৃশ্** শব্দের তুল্য। **কীদৃশ্, তাদৃশ্, এতাদৃশ্, মর্মস্পৃশ্** প্রভৃতি শ-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দের রূপ **ঈদৃশ্** শব্দের তুল্য।

অনুবাদের আদর্শ

তাঁহার হৃদয় মহৎ, স্বভাব উন্নত এবং সারা দেশে তাঁহার নাম ও খ্যাতি—**মহৎ তস্য হৃৎ (হৃদয়ম্), স্বভাবেন স উন্নতঃ, নাম যশশ্চ তস্য দেশশ্রুতম্**। পর্বতে ও সমুদ্রে অনেক রত্ন আছে—**গিরৌ জলধৌ চ মহান্তি রত্নানি সন্তি**। শ্রীচৈতন্য প্রেম দ্বারা সকলের হৃদয় জয় করিয়াছিলেন—**শ্রীচৈতন্যঃ প্রেম্না সর্বেষাং হৃন্দি (হৃদয়ানি) অজয়ৎ**। পূর্বকালে মুনিরা আশ্রমে সামগান করিতেন—**পুরা আশ্রমেষু মুনয়ঃ সাম গায়ন্তি স্ম**। যে সযত্নে কর্ম সম্পন্ন করে সে সুফল লাভ করিবেই—**যো যত্নেন কর্মাণি সম্পাদয়তি নূনং স সুফলং লপ্স্যতে**। সেই মহোৎসব দুই দিন ধরিয়া

অনুষ্ঠিত হইয়াছিল—**তৎ মহৎ পর্ব দ্বে অহনী অনুষ্ঠিতম্।** অসদুপায়ে লব্ধ ধন কখনও স্থায়ী হয় না—**অসদুপায়েন লব্ধং ধনং ন কদাপি স্থায়ি ভবতি।** হিতকর ও মনোহারী বাক্য দুর্লভ—**হিতং মনোহারি চ বচঃ দুর্লভম্।** সুখ বা দুঃখ চিরস্থায়ী নহে—**সুখং দুঃখং বা ন চিরস্থায়ি।** এইরূপ মর্মস্পর্শী ক্রন্দন কখনও শুনি নাই—**ন কদাপি ময়া শ্রুতম্ ঈদৃক্ মর্মস্পৃক্ (মর্মস্পর্শি) রোদনম্।**

স-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দ

স-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দ তিন প্রকার—**অস্**-ভাগান্ত, **ইস্**-ভাগান্ত ও **উস্**-ভাগান্ত।

অস্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দ

পয়স্ (দুগ্ধ, জল, milk, water)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	পয়ঃ	পয়সী	পয়াংসি
দ্বিতীয়া	পয়ঃ	পয়সী	পয়াংসি
সম্বোধনম্	পয়ঃ		

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গ **বেধস্** শব্দের তুল্য।

(নিম্নলিখিত শব্দগুলি **অত্যাবশ্যক**)—**চেতস্** (মন, mind), **মনস্** (মন, mind), **তপস্** (তপস্যা), **নভস্** (আকাশ), **যশস্** (যশ, fame), **বক্ষস্** (বক্ষ, breast), **বয়স্** (বয়স, age), **সরস্** (সরোবর, pond), **শিরস্** (শির, মস্তক), **বচস্** (বাক্য), **ছন্দস্** (কবিতার ছন্দ), **তমস্** (তমঃ, অন্ধকার) **তেজস্** (তেজ), **স্রোতস্** (নদীর স্রোত, stream), **বাসস্** (বস্ত্র), **রজস্** (রজঃ, ধূলি) প্রভৃতি **অস্**-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের রূপ **পয়স্** শব্দের তুল্য।

***বিদ্বস্** (learned, বিদ্বান্) শব্দ ক্লীবলিঙ্গে প্রথমা, দ্বিতীয়া ও সম্বোধনে—

বিদ্বৎ, বিদুষী, বিদ্বাংসি—এইরূপ পদ হয়। অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গ **বিদ্বস্** শব্দের তুল্য। যথা—মম পিতা **বিদ্বান্।**

মম পিতুঃ মিত্রং চ **বিদ্বৎ।**

ইস্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দ

হবিস্ (হবি, ঘৃত)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	হবিঃ	হবিষী	হবীংষি
দ্বিতীয়া	হবিঃ	হবিষী	হবীংষি
তৃতীয়া	হবিষা	হবির্ভ্যাম্	হবির্ভিঃ
চতুর্থী	হবিষে	হবির্ভ্যাম্	হবির্ভ্যঃ
পঞ্চমী	হবিষঃ	হবির্ভ্যাম্	হবির্ভ্যঃ
ষষ্ঠী	হবিষঃ	হবিষোঃ	হবিষাম্
সপ্তমী	হবিষি	হবিষোঃ	হবিঃষু
সম্বোধনম্	হবিঃ	হবিষী	হবীংষি

জ্যোতিস্ (জ্যোতিঃ—জ্যোতি, light), **অর্চিস্** (অর্চি,—আলোক-রশ্মি) প্রভৃতি ক্লীবলিঙ্গ শব্দের রূপ **হবিস্** শব্দের তুল্য।

উস্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দ

ধনুস্ (ধনু, bow)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	ধনুঃ	ধনুষী	ধনূংষি
দ্বিতীয়া	ধনুঃ	ধনুষী	ধনূংষি
তৃতীয়া	ধনুষা	ধনুর্ভ্যাম্	ধনুর্ভিঃ
চতুর্থী	ধনুষে	ধনুর্ভ্যাম্	ধনুর্ভ্যঃ
পঞ্চমী	ধনুষঃ	ধনুর্ভ্যাম্	ধনুর্ভ্যঃ
ষষ্ঠী	ধনুষঃ	ধনুষোঃ	ধনুষাম্
সপ্তমী	ধনুষি	ধনুষোঃ	ধনুঃষু
সম্বোধনম্	ধনুঃ	ধনুষী	ধনূংষি

চক্ষুস্ (চক্ষু), **আয়ুস্** (জীবনের আয়ু), **চিরায়ুস্** (দীর্ঘজীবী), **বপুস্** (বপু, body) প্রভৃতি উস্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দ **ধনুস্** শব্দের তুল্য।

অনুবাদের আদর্শ

মহৎ লোকদিগের অন্তঃকরণ মহৎ—**মহতাং মহান্তি চেতাংসি।** মিথ্যাবাদীর মনে শান্তি নাই—**মিথ্যাবাদিনঃ মনসি কুতঃ শান্তিঃ ?** তপস্বীরা তপস্যার বলে ভগবানকে লাভ করেন—**তপস্বিনঃ তপসঃ বলেন ভগবন্তং লভন্তে।** শরতের নির্মেঘ আকাশে চাঁদ ও তারাগুলি চমৎকার শোভা পাইতেছে—**শরদঃ নির্মেঘে নভসি চন্দ্রমাঃ নক্ষত্রাণি চ অপূর্বং শোভন্তে।** মহাকবির নির্মল যশোরাশি জগতের সকল দিকে পরিব্যাপ্ত—**মহাকবেঃ নির্মলানি যশাংসি জগতঃ সর্বাসু দিক্ষু বিকীর্ণানি।** এই দরিদ্র লোকদের মন সরল কিন্তু ইহাদের বস্ত্র জীর্ণ—**এষাং দরিদ্রাণাং সরলানি মনাংসি বাসাংসি তু জীর্ণানি।** তপস্বীর মুখমণ্ডল জ্যোতিতে দীপ্ত—**তপস্বিনঃ মুখমণ্ডলং জ্যোতিষা দীপ্তম্।** মানুষের শিক্ষণীয় বিষয় বহু কিন্তু আয়ু অল্প—**মনুষ্যাণাং বহবো হি শিক্ষণীয়াঃ বিষয়াঃ পরন্তু পরমায়ুঃ স্বল্পম্।** তাঁহার চক্ষু দুইটি আয়ত এবং দেহ শ্রীমান্—**তস্য চক্ষুষী আয়তে বপুশ্চ শ্রীমৎ।**

অনুশীলনী

১। অশুদ্ধি সংশোধন করিয়া লিখ—

শিশোঃ মধুরঃ বাক্ প্রীতিকরঃ। বিপুলেন সম্পদেন তে সুখী। বিপদে ধৈর্যাং বুদ্ধিমানস্য গুণম্। নির্মলং অপঃ পিবেৎ। শরতে সরিতস্য আপঃ নির্মলঃ ভবতি। পশ্চিমস্যাং দিশি রবিরস্তং যাতি। হে বালকঃ! কিং তে নামম্? সদা শুভং কর্মং কুর্যাঃ। শুভকর্মাৎ সুফলং ভবতি। মৃগস্য চর্মেণ নির্মিত মেতৎ। উন্নতেন মনেন নরঃ প্রিয়ঃ ভবতি। তস্য মনে নাস্তি কাপি শান্তিঃ। ভিক্ষুকস্য বাসানি জীর্ণানি। নীলঃ নভঃ সূর্যস্য জ্যোতিনা পরিব্যাপ্তঃ। দেবাঃ দিবে বসন্তি। প্রাঙ্ গগনঃ মেঘাবৃতঃ। মে মিত্রাণি বুদ্ধিমন্তঃ। সমুদ্রে মহান্তঃ রত্নানি সন্তি। মানবস্য সুখানি দুঃখানি চ ন চিরস্থায়িনঃ। ঈদৃশান্ মিত্রান্ পরিত্যজেঃ।

২। সংস্কৃতে অনুবাদ কর—

মাতার আশীর্বাদে (আশিষা) পুত্র বিপদ হইতে মুক্ত হইয়াছিল। বক্তার বাক্যে (বাচা) শ্রোতারা মুগ্ধ হইয়াছিল। ঋষির দৃঢ় বাক্যে (গিরা) সভাস্থ

লোকেরা স্তব্ধ হইয়াছিল। আমার মিত্রেরা বুদ্ধিমান্। এইরূপ মর্মস্পর্শী ক্রন্দন (মর্মস্পৃক্) কখনও শুনি নাই। রামচন্দ্র বিশাল হরধনু ভাঙ্গিয়াছিলেন (ভনক্তি স্ম)। ব্রাহ্মণেরা ঘৃতদ্বারা (হবিষা) যজ্ঞ করিতেছেন। নদীর প্রবল স্রোতে (স্রোতসা) লোকটি ভাসিয়া গেল (নীয়মানঃ অভবৎ)। শুভ দিনে (অহনি) সেই মহাপুরুষের জন্ম হইয়াছিল। শ্রীচৈতন্য প্রেম দ্বারা সকলেব মন জয় করিয়াছিলেন।

সর্বনাম (Pronoun)

সংস্কৃতে কতকগুলি শব্দ আছে যাহাবা বিশেষ্যপদের পরিবর্তে ব্যবহৃত হয় ; উহাদিগকে **সর্বনাম** বলে। যথা,—**অস্মদ্**—আমি, **যুষ্মদ্**—তুমি, **তদ্**—সে, **ইদম্**—ইহা, **অদস্**—উহা প্রভৃতি।

রূপভেদ অনুসারে সর্বনাম পদগুলিকে পাঁচটি শ্রেণীতে বিভক্ত করা হইয়াছে। যথা,—

(ক) **ইদমাদি**—ইদম্, অদস্, অস্মদ্, যুষ্মদ্ ইত্যাদি।

(খ) **যদাদি**—যদ্, তদ্, এতদ্, কিম্ ইত্যাদি।

(গ) **সর্বাদি**—সর্ব, বিশ্ব, এক, উভয়, একতর ইত্যাদি।

(ঘ) **পূর্বাদি**—পূর্ব, পব, অপর, উত্তর, দক্ষিণ, স্ব ইত্যাদি।

(ঙ) **অন্যাদি**—অন্য, ইতব, কতর, কতম, একতম ইত্যাদি।

বিশেষ দ্রষ্টব্য : সর্বনাম পদেরও বিশেষ্য পদের ন্যায় পুরুষ, লিঙ্গ, বচন ও কারকভেদে **রূপ-পরিবর্তন** হয়। **বিশেষ্যের যে লিঙ্গ, যে বচন, সর্বনাম পদেরও সেই লিঙ্গ, সেই বচন হয়।**

সর্বনাম পদ কখন কখন **বিশেষণ** রূপে ব্যবহৃত হয়।

(ক) **ইদমাদি** সর্বনাম, **অস্মদ্** ও **যুষ্মদ্** শব্দের লিঙ্গ ভেদ নাই। **অস্মদ্** (আমি) উত্তম পুরুষ (First Person), **যুষ্মদ** (তুমি) মধ্যম পুরুষ (Second Person).

অস্মদ্

(অস্মদ্—আমি—উত্তম পুরুষ)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	অহম্	আবাম্	বয়ম্
দ্বিতীয়া	মাম্, মা	আবাম্, নৌ	অস্মান্, নঃ
তৃতীয়া	ময়া	আবাভ্যাম্	অস্মাভিঃ
চতুর্থী	মহ্যম্, মে	আবাভ্যাম্, নৌ	অস্মভ্যম্, নঃ
পঞ্চমী	মৎ	আবাভ্যাম্	অস্মৎ
ষষ্ঠী	মম, মে	আবয়োঃ, নৌ	অস্মাকম্, নঃ
সপ্তমী	ময়ি	আবয়োঃ	অস্মাসু

যুষ্মদ্

(যুষ্মদ্—তুমি—মধ্যম পুরুষ)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	ত্বম্	যুবাম্	যূয়ম্
দ্বিতীয়া	ত্বাম্, ত্বা	যুবাম্, বাম্	যুষ্মান্, বঃ
তৃতীয়া	ত্বয়া	যুবাভ্যাম্	যুষ্মাভিঃ
চতুর্থী	তুভ্যম্, তে	যুবাভ্যাম্, বাম্	যুষ্মভ্যম্, বঃ
পঞ্চমী	ত্বৎ	যুবাভ্যাম্	যুষ্মৎ
ষষ্ঠী	তব, তে	যুবয়োঃ, বাম্	যুষ্মাকম্, বঃ
সপ্তমী	ত্বয়ি	যুবয়োঃ	যুষ্মাসু

বিশেষ দ্রষ্টব্য : অস্মদ্ ও যুষ্মদ্ শব্দের দ্বিতীয়া, চতুর্থী ও ষষ্ঠী বিভক্তির সকল বচনে দুইটি করিয়া পদ হয় ; উহাদের **ছোট পদগুলি**, যথা—**অস্মদ্** শব্দের **মা, মে, নৌ, নঃ** এবং **যুষ্মদ** শব্দের **ত্বা, তে, বাম্, বঃ** কখনও **বাক্যের আদিতে ব্যবহৃত হয় না।**

কিংবা চ, বা, এব এই কয়েকটি অব্যয় শব্দের যোগে এই পদগুলির প্রয়োগ হয় না। যথা—

	অশুদ্ধ	শুদ্ধ
(ক)	ত্বা অহং পশ্যামি।	ত্বাম্ অহং পশ্যামি।
(খ)	মে পুস্তকানি নূতনানি।	মম পুস্তকানি নূতনানি।
(গ)	শিক্ষকঃ ত্বা মা চ উপদিশতি।	শিক্ষকঃ ত্বাং মাং চ উপদিশতি।

ইদম্

(ইদম্—ইহা, এই—it, this)

পুংলিঙ্গ—ইদম্

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	অয়ম্	ইমৌ	ইমে
দ্বিতীয়া	ইমম্, এনম্	ইমৌ, এনৌ	ইমান্, এনান্
তৃতীয়া	অনেন, এনেন	আভ্যাম্	এভিঃ
চতুর্থী	অস্মৈ	আভ্যাম্	এভ্যঃ
পঞ্চমী	অস্মাৎ	আভ্যাম্	এভ্যঃ
ষষ্ঠী	অস্য	অনয়োঃ, এনয়োঃ	এষাম্
সপ্তমী	অস্মিন্	অনয়োঃ, এনয়োঃ	এষু

স্ত্রীলিঙ্গ—ইদম্

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	ইয়ম্	ইমে	ইমাঃ
দ্বিতীয়া	ইমাম্, এনাম্	ইমে, এনে	ইমাঃ, এনাঃ
তৃতীয়া	অনয়া, এনয়া	আভ্যাম্	আভিঃ
চতুর্থী	অস্যৈ	আভ্যাম্	আভ্যঃ
পঞ্চমী	অস্যাঃ	আভ্যাম্	আভ্যঃ
ষষ্ঠী	অস্যাঃ	অনয়োঃ, এনয়োঃ	আসাম্
সপ্তমী	অস্যাম্	অনয়োঃ, এনয়োঃ	আসু

ক্লীবলিঙ্গ ইদম্

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	ইদম্	ইমে	ইমানি
দ্বিতীয়া	ইদম্, এনৎ	ইমে, এনে	ইমানি, এনানি

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গ **ইদম্** শব্দের তুল্য।

বিশেষ দ্রষ্টব্য ঃ **পুনরুক্তি** বুঝাইলে অর্থাৎ কথিত বিষয়ের পুনরুল্লেখ বুঝাইলে **দ্বিতীয়ার** সকল বচনে, **তৃতীয়ার** একবচনে এবং **ষষ্ঠী** ও **সপ্তমীর** দ্বিবচনে **ইদম্** ও **এতদ্** শব্দের স্থানে **এন** আদেশ হয়। যথা—

অনেন ছাত্রেণ ব্যাকরণম্ অধীতম্, **এনং** সাহিত্যম্ অধ্যাপয়—এই ছাত্রটির দ্বারা ব্যাকরণ পড়া হইয়াছে, ইহাকে সাহিত্য পড়াও।

অনয়োঃ ছাত্রয়োঃ বুদ্ধিঃ নির্মলা, **এনয়োঃ** শাস্ত্রেষু জ্ঞানং ভবিষ্যতি—এই ছাত্র দুইটির বুদ্ধি নির্মল, ইহাদের শাস্ত্রজ্ঞান হইবে।

অদস্

(অদস্— ঐ, that)

পুংলিঙ্গ অদস্

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	অসৌ	অমূ	অমী
দ্বিতীয়া	অমুম্	অমূ	অমূন্
তৃতীয়া	অমুনা	অমূভ্যাম্	অমীভিঃ
চতুর্থী	অমুষ্মৈ	অমূভ্যাম্	অমীভ্যঃ
পঞ্চমী	অমুষ্মাৎ	অমূভ্যাম্	অমীভ্যঃ
ষষ্ঠী	অমুষ্য	অমুয়োঃ	অমীষাম্
সপ্তমী	অমুষ্মিন্	অমুয়োঃ	অমীষু

স্ত্রীলিঙ্গ—অদস্

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	অসৌ	অমূ	অমূঃ
দ্বিতীয়া	অমূম্	অমূ	অমূঃ
তৃতীয়া	অমুয়া	অমূভ্যাম্	অমূভিঃ
চতুর্থী	অমুষ্যৈ	অমূভ্যাম্	অমূভ্যঃ
পঞ্চমী	অমুষ্যাঃ	অমূভ্যাম্	অমূভ্যঃ
ষষ্ঠী	অমুষ্যাঃ	অমুয়োঃ	অমূষাম্
সপ্তমী	অমুষ্যাম্	অমুয়োঃ	অমূষু

ক্লীবলিঙ্গ—অদস্

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	অদঃ	অমূ	অমূনি
দ্বিতীয়া	অদঃ	অমূ	অমূনি

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গ **অদস্** শব্দের তুল্য।

(খ) যদাদি সর্বনাম

এতদ্

(এতদ্—ইহা, এই—it, this)

পুংলিঙ্গ—এতদ্

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	এষঃ	এতৌ	এতে
দ্বিতীয়া	এতম্, এনম্	এতৌ, এনৌ	এতান্, এনান্
তৃতীয়া	এতেন, এনেন	এতাভ্যাম্	এতৈঃ
চতুর্থী	এতস্মৈ	এতাভ্যাম্	এতেভ্যঃ
পঞ্চমী	এতস্মাৎ	এতাভ্যাম্	এতেভ্যঃ
ষষ্ঠী	এতস্য	এতয়োঃ, এনয়োঃ	এতেষাম্
সপ্তমী	এতস্মিন্	এতয়োঃ, এনয়োঃ	এতেষু

স্ত্রীলিঙ্গ—এতদ্

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	এষা	এতে	এতাঃ
দ্বিতীয়া	এতাম্, এনাম্	এতে, এনে	এতাঃ, এনাঃ
তৃতীয়া	এতয়া, এনয়া	এতাভ্যাম্	এতাভিঃ
চতুর্থী	এতস্যৈ	এতাভ্যাম্	এতাভ্যঃ
পঞ্চমী	এতস্যাঃ	এতাভ্যাম্	এতাভ্যঃ
ষষ্ঠী	এতস্যাঃ	এতয়োঃ, এনয়োঃ	এতাসাম্
সপ্তমী	এতস্যাম্	এতয়োঃ, এনয়োঃ	এতাসু

ক্লীবলিঙ্গ—এতদ্

	একবচনম	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	এতৎ	এতে	এতানি
দ্বিতীয়া	এতৎ, এনৎ	এতে, এনে	এতানি, এনানি

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গ **এতদ্** শব্দের তুল্য।

(**এতদ্** শব্দের কোন্ কোন্ বিভক্তিতে **এন** আদেশ হয়, তাহা পূর্বে বলা হইয়াছে।)

বিশেষ দ্রষ্টব্য: ইদম্ শব্দে নিকটস্থ ব্যক্তি বা বস্তু, **এতদ্** শব্দে অধিকতর নিকটস্থ ব্যক্তি বা বস্তু বুঝায়। **অদস্** শব্দে **দূরবর্তী** ব্যক্তি বা বস্তু, এবং **তদ্** শব্দে পরোক্ষ ব্যক্তি বা বস্তু বুঝায়। যথা—

অয়ং বালকো মে কনিষ্ঠঃ ভ্রাতা।

ইমে ছাত্রাঃ মে সতীর্থাঃ।

এষ মে প্রিয়বন্ধুঃ, আবাম্ একত্র বিদ্যালয়ং গচ্ছাবঃ।

এষ প্রভাতকালঃ। এষা মে লেখনী।

অসৌ নরঃ পণ্ডিতঃ ইতি খ্যাতঃ।

নরেন্দ্রো মে সতীর্থঃ। **স** চ উত্তমশ্ছাত্রঃ।

বিশেষ্যের সহিত **ইদম্, এতদ্** ও **অদস্** শব্দের **অন্বয়** এবং বিশেষণরূপে ইহাদের প্রয়োগ—।

অনুবাদের আদর্শ

এই ছাত্ররা সুশীল ও সচ্চরিত্র ; ইহারা শিক্ষকদের প্রিয়পাত্র—**ইমে ছাত্রাঃ সুশীলাঃ সচ্চরিত্রাশ্চ, ইমে শিক্ষকাণাং প্রিয়পাত্রম্।** আমার কাছে দণ্ডায়মান এই ছাত্রটি আমার প্রিয়বন্ধু ও সতীর্থ, এ আমাদের শ্রেণীর প্রথম ছাত্র—**মৎসমীপে দণ্ডায়মানঃ এষ ছাত্রঃ মে প্রিয়বন্ধুঃ সতীর্থশ্চ, এষঃ অস্মাকং শ্রেণ্যাং প্রথমশ্ছাত্রঃ।** ঐ বিদ্বান্ ব্যক্তি সকলের শ্রদ্ধাভাজন, উনি সভায় বক্তৃতা করিবেন—**অসৌ বিদ্বান্ জনঃ সর্বেষাং শ্রদ্ধাভাজনম্, অসৌ সভায়াং ভাষণং দাস্যতি।** ঐ স্ত্রীলোকগণ স্নানের জন্য নদীতে যাইতেছেন, উঁহারা স্নানের পর মন্দিরে যাইবেন—**অমূঃ স্ত্রিয়ঃ স্নানায় নদীং গচ্ছন্তি, স্নানাদনন্তরম্ অমূঃ মন্দিরং যাস্যন্তি।** এই আংটিটি সোনার এবং ইহা আমার মা আমাকে দিয়াছিলেন—**এতদ্ অঙ্গুরীয়কং স্বর্ণময়ম্, এতৎ মম মাত্রা প্রদত্তম্।** ঐ স্বর্ণপাত্রটি ঘৃতে পরিপূর্ণ—**অদঃ স্বর্ণপাত্রং হবিষা পূর্ণম্।** এই প্রস্ফুটিত পদ্মগুলি লাল, ঐগুলি সাদা—**ইমানি বিকসিতানি পদ্মানি রক্তানি, অমূনি শ্বেতানি।**

যদ্

(যদ্—যে যাহা,—who, that—Relative Pronoun)

পুংলিঙ্গ—যদ্

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	যঃ	যৌ	যে
দ্বিতীয়া	যম্	যৌ	যান্
তৃতীয়া	যেন	যাভ্যাম্	যৈঃ
চতুর্থী	যস্মৈ	যাভ্যাম্	যেভ্যঃ
পঞ্চমী	যস্মাৎ	যাভ্যাম্	যেভ্যঃ
ষষ্ঠী	যস্য	যয়োঃ	যেষাম্
সপ্তমী	যস্মিন্	যয়োঃ	যেষু

স্ত্রীলিঙ্গ—যদ্

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	যা	যে	যাঃ
দ্বিতীয়া	যাম্	যে	যাঃ
তৃতীয়া	যয়া	যাভ্যাম্	যাভিঃ
চতুর্থী	যস্যৈ	যাভ্যাম্	যাভ্যঃ
পঞ্চমী	যস্যাঃ	যাভ্যাম্	যাভ্যঃ
ষষ্ঠী	যস্যাঃ	যয়োঃ	যাসাম্
সপ্তমী	যস্যাম্	যয়োঃ	যাসু

ক্লীবলিঙ্গ—যদ্

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	যৎ	যে	যানি
দ্বিতীয়া	যৎ	যে	যানি

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গ যদ্ শব্দের তুল্য।

তদ্

(তদ্—সে—he, সেই, তাহা—that)

পুংলিঙ্গ—তদ্

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	সঃ	তৌ	তে
দ্বিতীয়া	তম্	তৌ	তান্
তৃতীয়া	তেন	তাভ্যাম্	তৈঃ
চতুর্থী	তস্মৈ	তাভ্যাম্	তেভ্যঃ
পঞ্চমী	তস্মাৎ	তাভ্যাম্	তেভ্যঃ
ষষ্ঠী	তস্য	তয়োঃ	তেষাম্
সপ্তমী	তস্মিন্	তয়োঃ	তেষু

স্ত্রীলিঙ্গ—তদ্ (সে—she, তাহা—that)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	সা	তে	তাঃ
দ্বিতীয়া	তাম্	তে	তাঃ
তৃতীয়া	তয়া	তাভ্যাম্	তাভিঃ
চতুর্থী	তস্যৈ	তাভ্যাম্	তাভ্যঃ
পঞ্চমী	তস্যাঃ	তাভ্যাম্	তাভ্যঃ
ষষ্ঠী	তস্যাঃ	তয়োঃ	তাসাম্
সপ্তমী	তস্যাম্	তয়োঃ	তাসু

ক্লীবলিঙ্গ তদ্ (তাহা—that)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	তৎ	তে	তানি
দ্বিতীয়া	তৎ	তে	তানি

আর সকল বিভক্তিতে **পুংলিঙ্গ তদ্** শব্দের তুল্য।

কিম্ শব্দ

(কিম্—কে—who ? কোন্—which ?)

পুংলিঙ্গ—কিম্

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	কঃ	কৌ	কে
দ্বিতীয়া	কম্	কৌ	কান্
তৃতীয়া	কেন	কাভ্যাম্	কৈঃ
চতুর্থী	কস্মৈ	কাভ্যাম্	কেভ্যঃ
পঞ্চমী	কস্মাৎ	কাভ্যাম্	কেভ্যঃ
ষষ্ঠী	কস্য	কয়োঃ	কেষাম্
সপ্তমী	কস্মিন্	কয়োঃ	কেষু

স্ত্রীলিঙ্গ—কিম্

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	কা	কে	কাঃ
দ্বিতীয়া	কাম্	কে	কাঃ
তৃতীয়া	কয়া	কাভ্যাম্	কাভিঃ
চতুর্থী	কস্যৈ	কাভ্যাম্	কাভ্যঃ
পঞ্চমী	কস্যাঃ	কাভ্যাম্	কাভ্যঃ
ষষ্ঠী	কস্যাঃ	কয়োঃ	কাসাম্
সপ্তমী	কস্যাম্	কয়োঃ	কাসু

ক্লীবলিঙ্গ কিম্ (কী—what ? কোন্—which ?)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	কিম্	কে	কানি
দ্বিতীয়া	কিম্	কে	কানি

আর সকল বিভক্তিতে **পুংলিঙ্গ কিম্** শব্দের তুল্য।

অনুবাদের আদর্শ

যদ্, তদ্ ও কিম্ শব্দের সর্বনাম ও বিশেষণরূপে প্রয়োগ :

যে সহৃদয় ও সচ্চরিত্র সে সকলের প্রিয়—**যঃ সচ্চরিত্রঃ সহৃদয়শ্চ স সর্বেষাং প্রিয়ঃ।** যাঁহারা দয়ালু তাঁহারা সর্বত্র পূজিত হন—**যে দয়ালবঃ তে সর্বত্র পুজিতাঃ ভবন্তি।** যাঁহার দ্বারা রামায়ণ রচিত হইয়াছিল তিনি মহাকবি—**যেন রামায়ণং রচিতং স মহাকবিঃ।** যাহাদের বিদ্যা নাই তাহাদের ঐশ্বর্য বিফল—**যেষাং বিদ্যা নাস্তি তেষাম্ ঐশ্বর্যং বিফলম্।** যিনি এখানে আসিয়াছেন তিনি বিদুষী ও সাধ্বী নারী—**যা অত্রাগতা সা বিদুষী সাধ্বী চ নারী।** এই চিত্রগৃহে যাঁহার আলেখ্যখানি সর্বাপেক্ষা সুন্দর তিনি বিদ্যাসাগরের জননী—**অস্মিন্ চিত্রগৃহে যস্যাঃ আলেখ্যং সুন্দরতমং সা বিদ্যাসাগরস্য জননী।** যাহা সত্য তাহাই সুন্দর—**যৎ সত্যং তদেব**

সুন্দরম্। যেগুলি তোমার বাঞ্ছিত সেগুলি গ্রহণ করিতে পার—**যানি তব বাঞ্ছিতানি তানি গ্রহণীয়ানি।**

তুমি কে?—**কস্ত্বম্?** এই দুইজন কাহারা—**কৌ ইমৌ?** কাহার দ্বারা এই কাজ করা হইয়াছে?—**কেন কার্যমিদং কৃতম্?** কাহাদের কীর্তি অমর?—**কেষাং কীর্তিঃ অবিনশ্বরা?**

যে সকল লোক সহৃদয় তাহারা সকলের প্রীতিভাজন—**যে নরাঃ সহৃদয়াঃ তে সর্বেষাং প্রীতিভাজনম্।** যে বালিকারা সভায় গান করিতেছে তাহারা সকলেই সঙ্গীতে নিপুণ—**যাঃ বালিকাঃ সভায়াং গায়ন্তি তাঃ সর্বাঃ সঙ্গীতে নিপুণাঃ।** যে ফুলগুলি সাদা সেইগুলি আন—**যানি পুষ্পাণি শ্বেতানি তানি আনয়।**

•(গ) সর্বাদি-সর্বনাম

পুংলিঙ্গ -সর্ব

(সর্ব—সকল, all)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	সর্বঃ	সর্বৌ	সর্বে
দ্বিতীয়া	সর্বম্	সর্বৌ	সর্বান্
তৃতীয়া	সর্বেণ	সর্বাভ্যাম্	সর্বৈঃ
চতুর্থী	সর্বস্মৈ	সর্বাভ্যাম্	সর্বেভ্যঃ
পঞ্চমী	সর্বস্মাৎ	সর্বাভ্যাম্	সর্বেভ্যঃ
ষষ্ঠী	সর্বস্য	সর্বয়োঃ	সর্বেষাম্
সপ্তমী	সর্বস্মিন্	সর্বয়োঃ	সর্বেষু

স্ত্রীলিঙ্গ—সর্ব

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	সর্বা	সর্বে	সর্বাঃ
দ্বিতীয়া	সর্বাম্	সর্বে	সর্বাঃ
তৃতীয়া	সর্বয়া	সর্বাভ্যাম্	সর্বাভিঃ

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
চতুর্থী	সর্বস্যৈ	সর্বাভ্যাম্	সর্বাভ্যঃ
পঞ্চমী	সর্বস্যাঃ	সর্বাভ্যাম্	সর্বাভ্যঃ
ষষ্ঠী	সর্বস্যাঃ	সর্বয়োঃ	সর্বাসাম্
সপ্তমী	সর্বস্যাম্	সর্বয়োঃ	সর্বাসু

ক্লীবলিঙ্গ—সর্ব

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	সর্বম্	সর্বে	সর্বাণি
দ্বিতীয়া	সর্বম্	সর্বে	সর্বাণি

আর সকল বিভক্তিতে **পুংলিঙ্গ সর্ব** শব্দের তুল্য।

সর্বাদি—বিশ্ব (সকল, all), উভ, উভয় (উভয়, both), এক (কেহ কেহ, some), একতর (দুইয়ের মধ্যে এক, one of the two)—ইহাদের রূপ **সর্ব** শব্দের তুল্য। **ইহাদের প্রয়োগ পরে দেখানো হইতেছে।**

(ঘ) পূর্বাদি-সর্বনাম

পুংলিঙ্গ—পূর্ব (পূর্ব দেশ, পূর্ববর্তী—Eastern, Previous)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	পূর্বঃ	পূর্বৌ	পূর্বে, পূর্বাঃ
দ্বিতীয়া	পূর্বম্	পূর্বৌ	পূর্বান্
তৃতীয়া	পূর্বেণ	পূর্বাভ্যাম্	পূর্বৈঃ
চতুর্থী	পূর্বস্মৈ	পূর্বাভ্যাম্	পূর্বেভ্যঃ
পঞ্চমী	পূর্বস্মাৎ, পূর্বাৎ	পূর্বাভ্যাম্	পূর্বেভ্যঃ
ষষ্ঠী	পূর্বস্য	পূর্বয়োঃ	পূর্বেষাম্
সপ্তমী	পূর্বস্মিন্, পূর্বে	পূর্বয়োঃ	পূর্বেষু

স্ত্রীলিঙ্গ—পূর্ব (পূর্ব দিক্‌, পূর্ববর্তিনী—East, Eastern, Previous)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	পূর্বা	পূর্বে	পূর্বাঃ
দ্বিতীয়া	পূর্বাম্	পূর্বে	পূর্বাঃ
তৃতীয়া	পূর্বয়া	পূর্বাভ্যাম্	পূর্বাভিঃ
চতুর্থী	পূর্বস্যৈ	পূর্বাভ্যাম্	পূর্বাভ্যঃ
পঞ্চমী	পূর্বস্যাঃ	পূর্বাভ্যাম্	পূর্বাভ্যঃ
ষষ্ঠী	পূর্বস্যাঃ	পূর্বয়োঃ	পূর্বাসাম্
সপ্তমী	পূর্বস্যাম্	পূর্বয়োঃ	পূর্বাসু

স্ত্রীলিঙ্গ পূর্ব শব্দ ঠিক **স্ত্রীলিঙ্গ সর্ব** শব্দের তুল্য

ক্লীবলিঙ্গ—পূর্ব (পূর্ববর্তী, Previous)

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	পূর্বম্	পূর্বে	পূর্বাণি
দ্বিতীয়া	পূর্বম্	পূর্বে	পূর্বাণি

আর সকল বিভক্তিতে **পুংলিঙ্গ পূর্ব** শব্দের তুল্য।

পূর্বাদি—পূর্ব, উত্তর, দক্ষিণ (দেশ, দিক্‌, কাল), পর (অন্য, next, other), অপর (অন্য, other), স্ব (আপন, নিজ)—ইহাদের রূপ **পূর্ব** শব্দের তুল্য। ইহাদের প্রয়োগ পরে দেখানো হইতেছে।

বিশেষ দ্রষ্টব্য ঃ পশ্চিম শব্দ **সর্বনাম** নহে, উহা **বিশেষণ**। বিশেষ্য অনুসারে উহার লিঙ্গ, বচন ও বিভক্তি হইবে। যথা—পশ্চিমঃ দেশঃ। পশ্চিমা দিক্‌। পশ্চিমং গৃহম্—এইরূপ হইবে।

(ঙ) অন্যাদি—সর্বনাম

অন্যাদি শব্দ (অন্য, অন্যতর, ইতর, কতর, কতম, একতম) প্রভৃতি শব্দের রূপ পুংলিঙ্গে ও স্ত্রীলিঙ্গে **সর্ব** শব্দের তুল্য।

কেবল ক্লীবলিঙ্গের প্রথমার ও দ্বিতীয়ার একবচনে—অন্যৎ, অন্যতরৎ, ইতরৎ, কতরৎ, একতমৎ—এইরূপ পদ হইবে।

ক্লীবলিঙ্গ—অন্য

	একবচনম্	দ্বিবচনম্	বহুবচনম্
প্রথমা	অন্যৎ	অন্যে	অন্যানি
দ্বিতীয়া	অন্যৎ	অন্যে	অন্যানি

আর সকল বিভক্তিতে **পুংলিঙ্গ সর্ব** শব্দের তুল্য।

দ্রষ্টব্য : অন্যতম শব্দ সর্বনাম নহে, সাধারণ বিশেষণ ;—বিভিন্ন লিঙ্গ অনুসারে নর. লতা, ফল শব্দের তুল্য রূপ হয়।

সর্বাদি, পূর্বাদি ও অন্যাদি শব্দসমূহের প্রয়োগ।

(ক) সর্বাদি

বিশ্ব—'বিশ্ব' শব্দ 'সকল' (all) অর্থে সর্বনাম। যথা—**বিশ্বে** জনাঃ বদন্তি—সকল লোকে বলে।

উভ (উভয়, both)—'উভ' শব্দ দ্বিবচনে ব্যবহৃত হয়। যথা—**উভৌ** বালকৌ—উভয় বালক (both the boys)। **উভে** বালিকে মে ভগিন্যৌ—উভয় বালিকা আমার ভগিনী।

উভয় (both)—'উভয়' শব্দ **একবচনে** ও **বহুবচনে** ব্যবহৃত হয়। যথা—**উভয়ঃ** ছাত্রঃ উত্তমঃ—উভয় ছাত্রই ভালো। **উভয়ে** ছাত্র-শিক্ষকাঃ ক্রীড়াক্ষেত্রে সমবেতাঃ—ছাত্রগণ ও শিক্ষকগণ উভয়েই খেলার মাঠে সমবেত হইয়াছেন।

এক—'এক' শব্দ 'কোনও' (some, a certain) অর্থে সর্বনাম। যথা—**একঃ** কাকঃ বৃক্ষ-শাখায়াং নিবসতি— একটি কাক গাছের ডালে বাস করিত।

কেহ কেহ (some—বহুবচন) বুঝাইতে 'এক' সর্বনাম। যথা—**একে** বদন্তি—কেহ কেহ বলে (some say···)।

একতর—(দুইয়ের মধ্যে) এক (one, either of the two)—যুবয়োঃ **একতরঃ** অত্র আগচ্ছ—তোমাদের দু'জনের মধ্যে একজন এখানে আসো।

(খ) অন্যাদি

অন্যৎ (ক্লীবলিঙ্গ একবচন) অস্মিন্ বনে মৃগঃ ন সুলভঃ, আখেটার্থম্ **অন্যৎ** বনং গমিষ্যামি—এই বনে মৃগ সুলভ নয়, শিকারের জন্য অন্য বনে যাইব। পুস্তকমেতৎ জীর্ণম্, **অন্যৎ** পুস্তকং দেহি—এই পুস্তকখানি জীর্ণ, অন্য একখানি দাও।

অন্যতর (দুইজনের মধ্যে অন্যজন)—নায়ং সম্যক্ কার্যক্ষমঃ, **অন্যতরস্মৈ** কর্মভারং সমর্পয—এই লোকটি সম্যক্ কার্যক্ষম নহে, অন্য লোকটিকে কাজের ভার দাও। এতদাম্রম্ অম্লম্, **অন্যতরৎ** মহ্যং যচ্ছ—এই আমটি টক্, অন্যটি আমাকে দাও।

একতম (অনেকের মধ্যে একজন, one among many)—বালকানাম্ **একতমঃ** তত্র গচ্ছতু—বালকদের মধ্যে একজন সেখানে যাক্।

কতর (দুইজনের মধ্যে কোন্ জন, which of the two)—বালকয়োঃ **কতরঃ** নরেন্দ্রঃ?—বালক দুইটির মধ্যে নরেন্দ্র কে?

কতম (অনেকের মধ্যে কোন্ জন)—ছাত্রাণাং **কতমঃ** সুভাষঃ?—ছাত্রদের মধ্যে সুভাষ কে?

(গ) পূর্বাদি

পূর্ব (পূর্ব দিক্)—**পূর্বস্যাং** দিশি সূর্যঃ উদেতি—পূর্বদিকে সূর্য উদিত হয়।

পূর্ব (পূর্ব দেশ)—**পূর্বস্মাৎ** (পূর্বাৎ) দেশাৎ পণ্ডিতঃ আগতঃ—পূর্বদেশ হইতে পণ্ডিত আসিয়াছেন।

পূর্ব (পূর্ব কাল)—**পূর্বেষাং** কবীনাং কাব্যানি বয়ং পঠামঃ—পূর্বকালের কবিদের কাব্যসকল আমরা পড়ি।

পর (অন্য, next, other)—**পরস্মিন্** লোকে—পরলোকে। **পরস্মিন্** লোকে ধার্মিকাঃ সুখেন বসন্তি ইতি বিশ্বাসঃ বর্ততে—এইরূপ বিশ্বাস আছে যে, ধার্মিকেরা পরলোকে সুখে বাস করেন।

অপর (অন্য, other)—**অপরে** চ এবং বদন্তি—অন্যেরাও এইরূপ বলিতেছে।

দক্ষিণ (দক্ষিণ দিক্, দক্ষিণ দেশ, south, southern)—**দক্ষিণস্যাঃ** দিশঃ মলয়পবনঃ বাতি—দক্ষিণ দিক্ হইতে মলয়পবন বহিতেছে। **দক্ষিণস্মিন্** দেশে বহবঃ পণ্ডিতাঃ সন্তি – দক্ষিণ দেশে অনেক পণ্ডিত ব্যক্তি আছেন।

উত্তর (উত্তর দিক্, উত্তর দেশ, north, northern)—**উত্তরস্যাং** দিশি নগাধিরাজঃ হিমালয়ঃ বিদ্যতে—উত্তর দিকে পর্বতশ্রেষ্ঠ হিমালয় বিদ্যমান।

স্ব—(আপন, নিজ) অর্থে সর্বনাম—**স্বস্মিন্** আশ্রমে বসতি মুনিঃ—মুনি নিজের আশ্রমে বাস করেন।

ব্যতিক্রম

পশ্চিম—'পশ্চিম' শব্দ সর্বনাম নহে। ইহা **বিশেষণ**। ইহার রূপ পুংলিঙ্গে 'নর', স্ত্রীলিঙ্গে 'লতা' এবং ক্লীবলিঙ্গে 'ফল' শব্দের তুল্য। যথা—**পশ্চিমায়াং** দিশি রবিরস্তং যাতি—সূর্য পশ্চিমদিকে অস্ত যায়। **পশ্চিমে** দেশে স বসতি—সে পশ্চিমদেশে বাস করে।

স্ব—'স্ব' শব্দ 'ধন' অর্থে বিশেষ্য। যথা—ধনী স্বায় (ধনায়) স্পৃহয়তি—ধনী ধন স্পৃহা করে।

পুর্ব, পর—'পূর্ব', 'পর', প্রথম, শ্রেষ্ঠ অর্থে সর্বনাম নহে। যথা—স শ্রেণ্যাঃ **পুর্বঃ** (প্রথমঃ) বালকঃ—বালকটি শ্রেণীতে প্রথম ছাত্র। বিষ্ণুঃ **পরঃ** (শ্রেষ্ঠঃ) দেবঃ। দুর্গা **পরা** (শ্রেষ্ঠা) দেবতা।

অনুশীলনী

১। অশুদ্ধি সংশোধন করিয়া লিখ—

তে পিতা অস্মাকং শ্রদ্ধাভাজনঃ। শিক্ষকঃ ত্বা মা চ উপদিশতি। মে ভ্রাতরঃ বিদ্বান্। সর্বাঃ মুনয়ঃ বেদপাঠে রতঃ। সর্বাণাম্ ঋষীণাম্ অয়ং বাক্যম্। সর্বৈঃ বালিকাভিঃ ব্রতম্ অনুষ্ঠিতম্। পূর্বস্মিন্ দিশি রবিরুদেতি। পশ্চিমস্যাং দিশি রবিরস্তং যাতি। মহ্যম্ অন্যং ফলং দেহি। দক্ষিণায়াঃ দিশঃ পণ্ডিতঃ আগতঃ। সর্বেষু দিক্ষু তস্য যশঃ ব্যাপ্তঃ। এভিঃ বালিকাভিঃ চিত্রাণি লিখিতানি। অস্য নদ্যাঃ গতিঃ প্রবলঃ। যাঃ নরাঃ সত্যং বদন্তি তাঃ সর্বাণাং শ্রদ্ধাভাজনাঃ।

যে বালিকাঃ প্রিয়বাদিনী তে আদৃতাঃ। যুবয়োঃ কঃ বলবান্? তেষাম্ একঃ তত্র গচ্ছতু। হে বালকাঃ! কিং তে নামানি? ছাত্রানাং কঃ নরেন্দ্রঃ?

২। সংস্কৃতে অনুবাদ কর—

সকল পুষ্প সকল ঋতুতে প্রস্ফুটিত হয় না। সূর্য পূর্বদিকে উদিত হয় এবং পশ্চিম দিকে অস্ত যায়। দক্ষিণ দিক্ হইতে মলয় পবন মৃদু মৃদু বহিতেছে। ভারতের উত্তর দিকে পর্বতরাজ হিমালয় বিদ্যমান। এই বালকেরা এবং এই বালিকারা আজ সভায় গান করিবে (গীতং করিষ্যন্তি)। এই আমগুলি মিষ্ট নহে, আমাকে অন্যগুলি (অন্যতরাণি) দাও। এই ফলে আমার রুচি নাই (ন মহ্যং রোচতে), আমাকে অন্য ফল (অন্যৎ) দাও। যে নারী সেবা-পরায়ণা তিনি কল্যাণময়ী। যে বন্ধুরা বিপদে সহচর, সর্বদা তাহাদের উপদেশ গ্রহণীয়। যে কৃষকদের শ্রমে শস্য উৎপন্ন হয়, তাহাদের দুর্গতি অশেষ। অন্য-দিন তোমাদের বাড়ী যাইব। এই দুইটি বালকের মধ্যে কোন্‌টি অধিক বুদ্ধিমান্? ঐ ছাত্রদের মধ্যে কোন্‌টি সর্বাপেক্ষা বলবান্ (বলবত্তমঃ)? বিদ্বান্ ব্যক্তিরা নিজেদের (স্বেষাম্) বিদ্যার গর্ব করেন না।

সংখ্যাবাচক-শব্দাঃ

সংখ্যাবাচক শব্দসমূহ (Numerals)

এক (One) একবচনান্ত

এক শব্দের রূপ তিন লিঙ্গেই **সর্ব** শব্দের তুল্য।

যথা—একঃ বালকঃ। একা বালিকা। একং ফলম্।

এক শব্দের বহুবচনে **একে** পদের ব্যবহার আছে; তখন ইহার অর্থ **কেহ কেহ** (Some), যথা—একে বদন্তি—কেহ কেহ বলে (Some say)। এক, দুই, তিন, চার - এক, দ্বি, ত্রি, চতুর্ এই চারিটি শব্দের লিঙ্গভেদ আছে।

দ্বি—দুই (Two) দ্বিবচনান্ত

পুংলিঙ্গ

প্রথমা	দ্বিতীয়া	তৃতীয়া	চতুর্থী	পঞ্চমী	ষষ্ঠী	সপ্তমী
দ্বৌ	দ্বৌ	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্	দ্বয়োঃ	দ্বয়োঃ

স্ত্রীলিঙ্গ ও ক্লীবলিঙ্গ

প্রথমা	দ্বিতীয়া	তৃতীয়া	চতুর্থী	পঞ্চমী	ষষ্ঠী	সপ্তমী
দ্বে	দ্বে	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্	দ্বয়োঃ	দ্বয়োঃ

স্ত্রীলিঙ্গ ও ক্লীবলিঙ্গে দ্বি শব্দের রূপ **একই**

দ্রষ্টব্য ঃ দ্বি শব্দের তিন লিঙ্গে কেবল **প্রথমা** ও **দ্বিতীয়াতে** পার্থক্য।

ত্রি – তিন (Three) **বহুবচনান্ত**

পুংলিঙ্গ

প্রথমা	দ্বিতীয়া	তৃতীয়া	চতুর্থী	পঞ্চমী	ষষ্ঠী	সপ্তমী
ত্রয়ঃ	ত্রীন্	ত্রিভিঃ	ত্রিভ্যঃ	ত্রিভ্যঃ	ত্রয়াণাম্	ত্রিষু

স্ত্রীলিঙ্গ

তিস্রঃ	তিস্রঃ	তিসৃভিঃ	তিসৃভ্যঃ	তিসৃভ্যঃ	তিসৃণাম্	তিসৃষু

ক্লীবলিঙ্গ

ত্রীণি	ত্রীণি	ত্রিভিঃ	ত্রিভ্যঃ	ত্রিভ্যঃ	ত্রয়াণাম্	ত্রিষু

চতুর্ চার (Four) **বহুবচনান্ত**

	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ
প্রথমা	চত্বারঃ	চতস্রঃ	চত্বারি
দ্বিতীয়া	চতুরঃ	চতস্রঃ	চত্বারি
তৃতীয়া	চতুর্ভিঃ	চতসৃভিঃ	চতুর্ভিঃ
চতুর্থী	চতুর্ভ্যঃ	চতসৃভ্যঃ	চতুর্ভ্যঃ
পঞ্চমী	চতুর্ভ্যঃ	চতসৃভ্যঃ	চতুর্ভ্যঃ
ষষ্ঠী	চতুর্ণাম্	চতসৃণাম্	চতুর্ণাম্
সপ্তমী	চতুর্ষু	চতসৃষু	চতুর্ষু

দ্রষ্টব্য ঃ চতুর্ শব্দের পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গে কেবল **প্রথমা** ও **দ্বিতীয়াতে** পার্থক্য।

পঞ্চন্—পাঁচ (five), **ষষ্**—ছয় (six)

(তিন লিঙ্গেই সমান রূপ)

	পঞ্চন্	**ষষ্**
প্রথমা	পঞ্চ	ষট্
দ্বিতীয়া	পঞ্চ	ষট্
তৃতীয়া	পঞ্চভিঃ	ষড্ভিঃ
চতুর্থী	পঞ্চভ্যঃ	ষড্ভ্যঃ
পঞ্চমী	পঞ্চভ্যঃ	ষড্ভ্যঃ
ষষ্ঠী	পঞ্চানাম্	ষণ্ণাম্
সপ্তমী	পঞ্চসু	ষট্সু

অষ্টন্—আট (eight)

(তিন লিঙ্গেই সমান রূপ)

প্রথমা	অষ্টৌ, অষ্ট
দ্বিতীয়া	অষ্টৌ, অষ্ট
তৃতীয়া	অষ্টাভিঃ, অষ্টভিঃ
চতুর্থী	অষ্টাভ্যঃ, অষ্টভ্যঃ
পঞ্চমী	অষ্টাভ্যঃ, অষ্টভ্যঃ
ষষ্ঠী	অষ্টানাম্
সপ্তমী	অষ্টাসু, অষ্টসু,

সপ্তন্—সাত, **নবন্**—নয়, **দশন্**—দশ, **একাদশন্**—এগারো, **দ্বাদশন্**—বারো, **ত্রয়োদশন্**—তেরো, **চতুর্দশন্**—চৌদ্দ, **পঞ্চদশন্**—পনেরো, **ষোড়শন্**—ষোল, **সপ্তদশন্**—সতেরো, **অষ্টাদশন্**—আঠার—এই জাতীয় শব্দগুলির রূপ **পঞ্চন্** শব্দের তুল্য। **তিন লিঙ্গেই ইহাদের সমান রূপ।**

অনুবাদের আদর্শ

আকাশে এক সূর্য—**গগনে ভবতি একঃ এব সূর্যঃ।** দুইটি বালক, দুইটি বালিকা ও তিনজন বৃদ্ধা নারী এখানে আছেন—**দ্বৌ বালকৌ দ্বে বালিকে তিস্রঃ বৃদ্ধাঃ নার্যশ্চ অত্র ভবন্তি।** চারিটি বেদ হিন্দুদের মহাগ্রন্থ—**চত্বারঃ বেদাঃ হিন্দুনাং মহাগ্রন্থাঃ।** পাঁচটি মনোরম লতায় দশটি মনোহর ফুল শোভা পাইতেছে—**পঞ্চসু মনোরমাসু লতাসু দশ মনোহরাণি পুষ্পাণি শোভন্তে।** পুরাকালে ছাত্ররা দ্বাদশ বৎসর ব্যাকরণ পড়িত—**পুরা ছাত্রাঃ দ্বাদশ বর্ষাণি ব্যাকরণশাস্ত্রং পঠন্তি স্ম।** ষোলজন মহাপণ্ডিতকে ষোলটি স্বর্ণমুদ্রা দেওয়া হইয়াছিল—**ষোড়শভ্যঃ মহাপণ্ডিতেভ্যঃ ষোড়শ স্বর্ণমুদ্রাঃ প্রদত্তাঃ।**

ঊনবিংশতি (ঊনিশ) হইতে কোটি পর্যন্ত সংখ্যাবাচক শব্দগুলির মধ্যে কতকগুলি নিম্নে প্রদত্ত হইল—

ঊনবিংশতিঃ—ঊনিশ। বিংশতিঃ—বিশ। একবিংশতিঃ—একুশ। দ্বাবিংশতিঃ—বাইশ। ত্রয়োবিংশতিঃ—তেইশ। চতুর্বিংশতিঃ—চব্বিশ। পঞ্চবিংশতিঃ—পঁচিশ। ষড়্‌বিংশতিঃ—ছাব্বিশ। অষ্টাবিংশতিঃ—আটাশ।

ঊনত্রিংশৎ—ঊনত্রিশ। ত্রিংশৎ—ত্রিশ। দ্বাত্রিংশৎ—বত্রিশ। ত্রয়স্ত্রিংশৎ—তেত্রিশ। চতুস্ত্রিংশৎ—চৌত্রিশ। অষ্টাত্রিংশৎ—আটত্রিশ।

নবত্রিংশৎ বা ঊনচত্বারিংশৎ—ঊনচল্লিশ। চত্বারিংশৎ—চল্লিশ। চতুশ্চত্বারিংশৎ—চুয়াল্লিশ। ষট্‌চত্বারিংশৎ—ছেচল্লিশ।

নবচত্বারিংশৎ বা ঊনপঞ্চাশৎ—ঊনপঞ্চাশ। পঞ্চাশৎ—পঞ্চাশ। দ্বিপঞ্চাশৎ—বাহান্ন। ত্রিপঞ্চাশৎ—তিপ্পান্ন। চতুঃপঞ্চাশৎ—চুয়ান্ন।

নবপঞ্চাশৎ বা ঊনষষ্টিঃ—ঊনষাট। ষষ্টিঃ—ষাট। চতুঃষষ্টিঃ—চৌষট্টি। ষট্‌ষষ্টিঃ—ছেষট্টি।

নবষষ্টিঃ বা ঊনসপ্ততিঃ—ঊনসত্তর। সপ্ততিঃ—সত্তর। সপ্তসপ্ততিঃ—সাতাত্তর।

নবসপ্ততিঃ বা ঊনাশীতিঃ—ঊনাশী। অশীতিঃ—আশী। একাশীতিঃ

—একাশী। দ্ব্যশীতিঃ (দ্বি+অশীতিঃ)—বিরাশী। ত্র্যশীতিঃ (ত্রি+অশীতিঃ)—তিরাশী। চতুরশীতিঃ (চতুর্+অশীতিঃ)—চুরাশি।

নবাশীতিঃ বা উননবতিঃ—উননব্বই। নবতিঃ—নব্বই। চতুর্নবতিঃ—চুরানব্বই।

নবনবতি বা একোনশতম্—নিরানব্বই। শতম্—একশত। একং শতম্ একশত। একাধিকং শতম্—একশ এক। দ্ব্যধিকং শতম্ (দ্বি+অধিকম্)—একশত দুই। পঞ্চাধিকং শতম্—একশ পাঁচ। দশাধিকং শতম্—একশ দশ। পঞ্চাশদধিকং শতম্—একশ পঞ্চাশ। অশীত্যধিকং শতম্—একশ আশী।

দ্বে শতে বা দ্বিশতম্—দুইশত। ত্রীণি শতানি বা ত্রিশতম্—তিন শত। চত্বারি শতানি বা চতুঃশতম্—চারি শত। পঞ্চশতানি বা পঞ্চশতম্—পাঁচশত। ষট্ শতানি বা ষট্শতম্—ছয়শত। সপ্ত শতানি বা সপ্তশতম্—সাত শত। অষ্ট শতানি বা অষ্টশতম্—আট শত। নব শতানি বা নবশতম্—নয় শত।

দশ শতানি বা সহস্রম্—এক হাজার। দ্বে সহস্রে, বা দ্বিসহস্রম্—দুই হাজার। চত্বারি সহস্রাণি বা চতুঃসহস্রম্—চার হাজার। ষট্ সহস্রাণি বা ষট্সহস্রম্—ছয় হাজার। দশ সহস্রাণি বা দশসহস্রম্—দশ হাজার।

লক্ষম্—একলক্ষ। নিযুতম্—একনিযুত। কোটিঃ—এক কোটি।

বিশেষ দ্রষ্টব্য: ১। উনবিংশতি হইতে নববিংশতি (উনত্রিশ), উনষষ্টি হইতে নবষষ্টি, সপ্ততি (সত্তর) হইতে নবসপ্ততি, অশীতি (আশী) হইতে নবনবতি (নিরানব্বই) পর্যন্ত হ্রস্ব **ই**-কারান্ত শব্দগুলির রূপ **'মতি'** শব্দের তুল্য। ইহারা **স্ত্রীলিঙ্গ ও একবচনান্ত**।

বাক্যে প্রয়োগ—উনিশটি ছাত্র এই শ্রেণীতে পড়ে—**উনবিংশতিঃ ছাত্রাঃ অস্যাং শ্রেণ্যাং পঠন্তি**। উনত্রিশটি বালিকা আজ নবম শ্রেণীতে উপস্থিত—**নববিংশতিঃ বালিকাঃ অদ্য নবম-শ্রেণ্যাম্ উপস্থিতাঃ**। সত্তর জন ছাত্রকে এই জিনিসগুলি দাও—**সপ্ততিভ্যঃ ছাত্রেভ্যঃ এতানি দ্রব্যাণি যচ্ছ**। আশীজন লোক দ্বারা এই কাজগুলি করা হইয়াছিল—**অশীত্যা নরৈঃ ইমানি কার্যাণি কৃতানি**।

২। ঊনত্রিশৎ (ঊনত্রিশ) হইতে নবপঞ্চাশৎ (ঊনষাট) পর্যন্ত **ত্-**কারান্ত শব্দগুলিও **স্ত্রীলিঙ্গ** ও **একবচনান্ত**। ইহাদের রূপ পুংলিঙ্গ **ভূভৃৎ** শব্দের তুল্য। যেমন,—

পঞ্চাশটি ফল ও আটত্রিশটি ফুল এখানে আছে—**পঞ্চাশৎ ফলানি অষ্টাত্রিংশৎ পুষ্পাণি চ অত্র সন্তি**।

৩। **শত, সহস্র, লক্ষ** প্রভৃতি শব্দ **অ**-কারান্ত ও **ক্লীবলিঙ্গ**। ইহাদের রূপ **ফল** শব্দের তুল্য। বহুবচনান্ত পদের বিশেষণ হইলেও ইহারা সর্বদা **একবচনে** প্রযুক্ত হয়।

৪। **কোটি** শব্দ **স্ত্রীলিঙ্গ**। ইহার রূপ **মতি** শব্দের ন্যায়।

অনুবাদের আদর্শ

ঊনত্রিশটি বালক ও চল্লিশটি বালিকা এখানে আছে—**ঊনত্রিংশৎ বালকাঃ চত্বারিংশৎ বালিকাশ্চ অত্র সন্তি**। এই পাত্রে পঞ্চাশটি ফল ও আটত্রিশটি ফুল আছে—**অস্মিন্ পাত্রে পঞ্চাশৎ ফলানি অষ্টাত্রিংশৎ পুষ্পাণি চ সন্তি**। একশত পুরুষ ও দুইশত নারী সভায় আসিয়াছেন—**শতং পুরুষাঃ দ্বিশতং নার্যশ্চ সভাং সমাগতাঃ**। এই পাঠাগারে চারিশত গ্রন্থ আছে, উহাদের মধ্যে আশীখানি কাব্য—**অস্মিন্ পাঠাগারে চতুঃশতং গ্রন্থাঃ ভবন্তি, তেষাম্ অশীতিঃ কাব্যানি**। তিন হাজার সৈনিক যুদ্ধে নিহত হইয়াছিল এবং পাঁচ শত বিকলাঙ্গ হইয়াছিল—**ত্রিসহস্রং সৈনিকাঃ সমরে নিহতাঃ পঞ্চশতং চ বিকলাঙ্গাঃ অভবন্**। পঁচিশটি অশ্ব ও দুইশত ধেনু মাঠে বিচরণ করিতেছে—**অশ্বানাং পঞ্চ বিংশতয়ঃ ধেনূনাং চ চত্বারি শতানি ক্ষেত্রে চরন্তি**। এই সভায় একলক্ষ লোকের সমাগম হইয়াছে—**অস্যাং সভয়াং লক্ষং জনাঃ সমবেতাঃ**।

সংখ্যাবাচক শব্দের বিশেষ প্রয়োগ

১। **দ্বয়, ত্রয়, চতুষ্টয়** প্রভৃতি সংখ্যাবাচক শব্দ **বিশেষ্য**, ইহারা **ক্লীবলিঙ্গ একবচনে** ব্যবহৃত হয়। যথা,—

দ্বয়ম্ (দুইটি)—**বালকদ্বয়ং পঠতি**—বালক দুইটি পড়িতেছে। **ত্রয়ম্** (তিনটি)—**বালিকাত্রয়ং ক্রীড়তি**—বালিকা তিনটি খেলিতেছে। **চতুষ্টয়ম্** (চারিটি)—**বেদচতুষ্টয়ম্ অহং পঠিষ্যামি**—আমি বেদ চারিখানি পড়িব।

২। **ঊনবিংশতি** প্রভৃতি কোন সংখ্যাবাচক শব্দগুলির পূর্বে **দ্বি, ত্রি, চতুর্** প্রভৃতি সংখ্যাবাচক শব্দ বিশেষণ থাকিলে, ইহারা কেবল বিশেষ্যরূপে ব্যবহৃত হয়। তখন ইহারা **দ্বিবচনান্ত ও বহুবচনান্ত** হয়। যথা,—

ছাত্রাণাং দ্বে বিংশতী গচ্ছতঃ দুই কুড়ি ছাত্র যাইতেছে। **ফলানাং পঞ্চ বিংশতীঃ অহং গ্রহীষ্যামি**—আমি পাঁচ কুড়ি ফল লইব। **নরণাং চত্বারি সহস্রাণি সভাম্ আগতানি**—চারি সহস্র লোক সভায় আসিয়াছে।

৩। কতি, যতি, তিতি শব্দগুলি নিত্য **বহুবচনান্ত ও তিন লিঙ্গেই সমান**। যথা,—

কতি (কয়টি, কয়জন how many) কতি তে ভ্রাতরঃ ?—তোমার কয়জন ভাই ?

যতি - ততি (যত—তত, as many as)—যতি ফলানি ত্বম্ ইচ্ছসি ততি গৃহাণ—যতগুলি ফল ইচ্ছা কর ততগুলি লও। (Take as many fruits as you like)।

৪। সংখ্যাবাচক অব্যয়শব্দ (ইহাদের কোন রূপান্তর বা পরিবর্তন হয় না।) যথা—

সকৃৎ (একবার, once)—সঃ দিবসস্য সকৃৎ আহারং করোতি—সে দিনে একবার আহার করে।

দ্বিঃ (দুইবার, twice)—সঃ দিবসস্য দ্বিঃ স্নানং করোতি—সে দিনে দুইবার স্নান করে।

ত্রিঃ (তিনবার, thrice)—সঃ মাসস্য ত্রিঃ বিদেশং গচ্ছতি—সে মাসে তিনবার বিদেশে যায়।

চতুঃ (চারবার)—সঃ মাসস্য চতুঃ অস্মাকং গৃহম্ আগচ্ছতি—সে মাসে চারবার আমাদের বাড়ী আসে।

একশঃ, একৈকশঃ (এক এক করিয়া, one by one)—ছাত্রাঃ একশঃ

বিদ্যালয়াৎ বহিঃ গচ্ছন্তি—ছাত্রেরা এক এক করিয়া বিদ্যালয়ের বাহিরে যাইতেছে।

পূরণবাচক-শব্দাঃ

পূরণবাচক শব্দসমূহ (Ordinals)

১। কতকগুলি শব্দ, যথা—**প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ** ইত্যাদি যথাক্রমে এক, দ্বি, ত্রি, চতুর্, পঞ্চন্, ষষ্ ইত্যাদি সংখ্যার স্থান পূরণ করে, ইহাদিগকে **পূরণবাচক শব্দ** বলে।

২। পূরণবাচক শব্দ বিশেষণ। ইহারা বিশেষ্যের লিঙ্গ ও বচন অনুসারে রূপান্তর প্রাপ্ত হয়।

৩। পূরণবাচক শব্দগুলি পুংলিঙ্গে '**নর**', স্ত্রীলিঙ্গে '**নদী**' এবং ক্লীবলিঙ্গে '**ফল**' শব্দের তুল্য। কেবল দ্বিতীয় ও তৃতীয় শব্দ দুইটি স্ত্রীলিঙ্গে 'লতা' শব্দের তুল্য। যথা,—

চতুর্থঃ পাঠঃ। চতুর্থী বিভক্তিঃ। চতুর্থং দিনম্।
সপ্তমঃ অধ্যায়ঃ। সপ্তমী তিথিঃ। সপ্তমং দিনম্।
দ্বিতীয়ঃ বালকঃ। দ্বিতীয়া বিভক্তিঃ। দ্বিতীয়ং দিনম্।

৪। সংখ্যাবাচক শব্দের উত্তর বিভিন্ন **প্রত্যয়** যোগে পূরণবাচক শব্দ গঠিত হয়। যথা,—

(ক) চতুর্ + থ = **চতুর্থ** (fourth)। ষষ্ + থ = **ষষ্ঠঃ** (sixth)।

(খ) পঞ্চন্ + ম = **পঞ্চম** (fifth)। সপ্তন্ + ম = **সপ্তম** (seventh)। এইরূপ অষ্টম, নবম, দশম।

(গ) একাদশন্ + অ = **একাদশ**। দ্বাদশন্ + অ = **দ্বাদশ** (twelfth)। এইরূপ ত্রয়োদশ, চতুর্দশ, পঞ্চদশ, ষোড়শ।

(ঘ) বিংশতি + অ = **বিংশ**; বিংশতি + তম = **বিংশতিতম** (twentieth)। ত্রিংশৎ + অ = **ত্রিংশ**; ত্রিংশৎ + তম = **ত্রিংশত্তম** (thirtieth)। পঞ্চাশৎ + অ = **পঞ্চাশ**; পঞ্চাশৎ + তম = **পঞ্চাশত্তমঃ**। (fiftieth)।

(ঙ) ষষ্ঠিতম (sixtieth), সপ্ততিতম (seventieth), অশীতিতম —(eightieth), শততম (hundredth)।

কয়েকটি পূরণবাচক শব্দের তিন লিঙ্গে, প্রথমার একবচনের রূপ দেওয়া হইল :—

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ
চতুর্থঃ	চতুর্থী	চতুর্থম্
সপ্তমঃ	সপ্তমী	সপ্তমম্
দশমঃ	দশমী	দশমম্
দ্বাদশঃ	দ্বাদশী	দ্বাদশম্
ষোড়শঃ	ষোড়শী	ষোড়শম্ (the sixteenth)
বিংশঃ	বিংশী	বিংশম্ (the twentieth)
সপ্ততিতমঃ	সপ্ততিতমী	সপ্ততিতমম্ (the seventieth)
অশীতিতমঃ	অশীতিতমী	অশীতিতমম্ (the eightieth)
শততমঃ	শততমী	শততমম্ (the hundredth)
সহস্রতমঃ	সহস্রতমী	সহস্রতমম্ (tht thousandth)

অনুশীলনী

১। নিম্নলিখিত সংখ্যাবাচক শব্দগুলিকে বিশেষণ ও বিশেষ্যরূপে ব্যবহার কর :—

বিংশতি, শত, সহস্র, ত্রিংশৎ, ষষ্ঠি, সপ্ততি, অশীতি, নবতি।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

নবম শ্রেণীতে (নবম্যাং শ্রেণ্যাম্) সত্তরটি ছাত্র পড়ে। এই সভায় পঁয়তাল্লিশ জন বিদ্বান্ লোক ও চব্বিশ জন বিদুষী নারী আছেন। বালকদের বিদ্যালয়ে ছয়শত ছাত্র এবং বালিকাবিদ্যালয়ে পাঁচশত ছাত্রী আছে। কবিগুরু রবীন্দ্রনাথের সত্তর বৎসরের জন্মতিথি (সপ্ততিতমী জন্মতিথি) মহাসমারোহে অনুষ্ঠিত হইয়াছিল। শিল্পগুরু অবনীন্দ্রনাথের শত বৎসর পূরণের জন্মতিথি মহাসমারোহে অনুষ্ঠিত হইয়াছিল।

৩। **শুদ্ধ করিয়া লিখ :—**

বিংশতয়ঃ বালকাঃ বিদ্যালয়ং গচ্ছন্তি। দ্বাত্রিংশতঃ ছাত্রাঃ অত্র সন্তি। চত্বারিংশদ্ভিঃ নবৈঃ কার্যমেতৎ কৃতম্। সপ্ততয়ঃ নার্যঃ অস্মিন্ সভায়াং সন্তি। শতানি আম্রাণি মহ্যং দেহি। সহস্রাঃ মুদ্রাঃ রাজা ব্রাহ্মণায় অযচ্ছৎ।

লিঙ্গ ও বচন

[লিঙ্গ ও বচন সম্বন্ধে কয়েকটি বিশেষ নিয়ম]

১। **উভ** শব্দ **দ্বিবচনান্ত**। যথা,—**উভৌ** বালকৌ উত্তমৌ। **উভে** বালিকে উত্তমে।

২। **উভয়** শব্দ একবচনে ও বহুবচনে ব্যবহৃত হয়। যথা,—**উভয়ম্** অহিনকুলম্ (সাপ ও বেজী দুই-ই)। **উভয়ে** দেবমনুষ্যাঃ সুখম্ ইচ্ছন্তি।

৩। **পাত্র, প্রমাণ, স্থান, পদ, ভাজন, শরণ, মূল, আস্পদ** প্রভৃতি শব্দ **ক্লীবলিঙ্গ** ও **একবচনান্ত**। যথা,—

ছাত্রঃ **স্নেহপাত্রম্**। অস্মিন্ বিষয়ে শাস্ত্রাণি **প্রমাণম্**। গুণিষু গুণাঃ **পূজাস্থানম্**। পিতা **ভক্তিভাজনম্**। বিপদি মাতা **শরণম্**। বিদ্যা স্বাস্থ্যং চ সুখস্য **মূলম্**।

৪। **গণ, কুল, বর্গ** প্রভৃতি শব্দে বহুত্ব বুঝায় কিন্তু ইহারা একবচনে ব্যবহৃত হয়। যথা,—ছাত্রগণঃ বিদ্যালয়ং **গচ্ছতি**। পণ্ডিতবর্গঃ সভায়াম্ **অস্তি**।

৫। **দ্বন্দ্ব, মিথুন, যুগল** প্রভৃতি শব্দে দুইটি সংখ্যা বুঝায়, কিন্তু ইহারা **ক্লীবলিঙ্গ** ও **একবচনে** ব্যবহৃত হয়। যথা,—**পক্ষিদ্বন্দ্বং** (পক্ষিযুগলং) বৃক্ষশাখায়াম্ অস্তি। আকাশপথেন **হংসমিথুনং** গচ্ছতি।

৬। **দার** (স্ত্রী, wife), **অসু** (প্রাণ), **প্রাণ, লাজ** (খই) প্রভৃতি শব্দ **পুংলিঙ্গ** ও **বহুবচনান্ত**। যথা,—

দার—পতিঃ **দারান্** রক্ষতি (স্বামী স্ত্রীকে রক্ষা করে)। সীতা রামস্য দারাঃ।

প্রাণ—সাধুঃ পরহিতায় **প্রাণান্** ত্যজতি।

—স মে **প্রাণেভ্যঃ** অপি প্রিয়তরঃ।

লাজ—দধ্না মিশ্রিতাঃ **লাজাঃ** (দধিমিশ্রিত খই)।

৭। **অপ্, বর্ষা, সিকতা, অপ্সরস্** শব্দগুলি **স্ত্রীলিঙ্গ ও বহুবচনান্ত** যথা,—

অপ্ (জল)—নির্মলাঃ **অপঃ** পিবেৎ—(নির্মল জল পান করা উচিত)।

বর্ষা (বর্ষাকাল)—**বর্ষাসু** বৃষ্টির্ভবতি—(বর্ষাকালে বৃষ্টি হয়)।

সিকতা (বালুকাময় ভূমি)—সমুদ্রস্য **সিকতাসু** বালক-বালিকাশ্চ ক্রীড়ন্তি। —সমুদ্র সৈকতে বালক-বালিকারা খেলা করিতেছে।

৮। **দম্পতি** (জায়া ও পতি, স্ত্রী ও পুরুষ) শব্দ নিত্য **দ্বিবচনে** ব্যবহৃত হয়। যথা,—তস্মিন্ বৃক্ষে **বায়সদম্পতী** নিবসতঃ।

৯। **প্রদেশবাচক** শব্দ নিত্য **বহুবচনে** ব্যবহৃত হয়। যথা,—

বঙ্গাঃ—বঙ্গদেশ। **বঙ্গেষু**—বঙ্গদেশে। **বঙ্গেষু** বহবঃ কবয়ঃ সন্তি—বাংলাদেশে অনেক কবি আছেন। বয়ং **বঙ্গানাম্** অধিবাসিনঃ—আমরা বঙ্গদেশের অধিবাসী। অহং **কলিঙ্গান্** গমিষ্যামি—আমি কলিঙ্গ দেশে যাইব।

১০। **গৃহ** শব্দ **পুংলিঙ্গে বহুবচনান্ত** হয়। যথা,—

কে তব **গৃহাঃ** ? (তোমার গৃহ কোন্‌টি ?)

১১। গৌরব বুঝাইলে **গৌরববোধক** শব্দ **বহুবচনান্ত** হয়। (গৌরবে বহুবচনম্)। যথা,—**ভবন্তঃ** শাস্ত্রং বদন্তু (**আপনি** শাস্ত্র বলুন)। আপনি কৃপা করিয়া এই আসনে বসুন—**ভবন্তঃ** কৃপয়া অস্মিন্ আসনে উপবিশন্তু।

অব্যয়ম্

অব্যয়শব্দ

নিম্নলিখিত বাক্যগুলি লক্ষ্য করিয়া দেখ—

সদা সত্যবাদী ভব।

প্রাতঃ উত্থায় ভগবন্তং স্মর।

স গচ্ছতু পরং নাহং গমিষ্যামি।

সঃ অতীব দুঃখিতোঽভবৎ।

পুষ্পানি চ ফলানি চ মহ্যং প্রযচ্ছ।

সদা, প্রাতঃ, পরম্, অতীব, চ—শব্দগুলিতে কোন বিভক্তি, লিঙ্গ বা বচনের চিহ্ন নাই। ইহারা ছাড়া অন্যান্য পদগুলি সুবন্ত ও তিঙন্ত পদ। এই **লিঙ্গ, বচন ও বিভক্তি চিহ্নহীন শব্দগুলি অব্যয়।**

তিন লিঙ্গে, সকল বিভক্তিতে এবং তিন বচনে যে সকল শব্দের কোন **রূপান্তর হয় না,** তাহাদিকে **অব্যয়** বলে। অব্যয় শব্দের সকল বিভক্তির লোপ হয়, সুতরাং সকল বিভক্তিতে ইহার রূপ একই।

সদৃশং ত্রিষু লিঙ্গেষু সর্বাসু চ বিভক্তিষু।
বচনেষু চ সর্বেষু যন্ন ব্যেতি তদব্যয়ম্॥

কতকগুলি অত্যাবশ্যক অব্যয় শব্দের প্রযোগ—

অকস্মাৎ (হঠাৎ, suddenly)— **অকস্মাৎ** বজ্রপাতম্ অভবৎ।

অচিরম্, অচিরেণ, অচিরাৎ (শীঘ্র)—**অচিরম্** এব গৃহং গমিষ্যামি।

অতঃ (ইহা হইতে, এখান থেকে, অতএব, from this, therefore)— শ্বাপদসঙ্কুলম্ এতদ্ বনম্, শীঘ্রম্ **অতঃ** বহির্গচ্ছ। স্বাস্থ্যং হি সুখস্য মূলম্, **অতঃ** যত্নেন স্বাস্থ্যং রক্ষ।

অতীব (অত্যন্ত, very, very much)—সঃ **অতীব** আনন্দিতঃ অভবৎ।

অত্র (এখানে, here)—ভো বালক! **অত্র** আগচ্ছ।

অথ (তাহার পর, then, after this)—**অথ** সর্বে পশবঃ মিলিত্বা সিংহসমীপং গতাঃ।

অথকিম্‌ (হাঁ)—মোদকং খাদিতুম্‌ ইচ্ছসি কিম্‌ ? **অথকিম্‌**, মাতঃ।

অদ্য (অদ্য, আজ)—পিতা মে **অদ্য** গৃহম্‌ আগমিষ্যতি।

অধঃ, অধস্তাৎ (নীচে, under)—অস্য বৃক্ষস্য **অধঃ** বিবরে সর্পাঃ বসন্তি।

অধুনা (আজকাল, at present)—অহম্‌ **অধুনা** নগরং গমিষ্যামি।

অন্তরা (দুইয়ের মধ্যে, between)—লোকালয়ং নদীং চ **অন্তরা** শস্য-ক্ষেত্রং বিদ্যতে।

অন্তরেণ (ব্যতীত, without)—স্বাস্থ্যং জ্ঞানং চ **অন্তরেণ** কুতঃ সুখম্‌ ?

অপি (also, too)—মম ভ্রাতা অদ্য মাতুলালয়ং গমিষ্যতি, **অহমপি** তেন সহ গমিষ্যামি।

অপি চ (অধিকন্তু, moreover)—ত্বং মে সতীর্থঃ, **অপি চ** মম মিত্রম্‌।

অভিতঃ (নিকটে, সম্মুখে, near, before)—হে বালক! মাম্‌ **অভিতঃ** আগচ্ছ। মম গৃহম্‌ **অভিতঃ** উদ্যানমস্তি।

অয়ি, অরে (হে, ওহে!)—**অয়ি** মাতঃ ? তব স্নেহেন জীবামি। **অরে** নরাধম! মহৎ তে পাপম্‌।

অলম্‌ (অনাবশ্যক, useless, যোগ্য, match for)—বৎস! **অলং** রুদিতেন। **অলম্‌** অতিবিস্তরেণ—বেশী বলার প্রয়োজন কি ? মল্লঃ মল্লায় **অলম্‌** (মল্ল মল্লের যোগ্য প্রতিদ্বন্দ্বী)।

অবশ্যম্‌, অবশ্যমেব (নিশ্চিতই, certainly)—পাপকর্মণঃ ফলম্‌ **অবশ্যমেব** প্রাপ্তব্যম্‌।

অহো, অহোবত (অহো, alas ! oh !)—**অহো**! মহৎ খলু তব দুঃখম্‌—Oh ! great is thy sorrow (সহানুভূতি)। **অহো**! মহতী তব প্রচেষ্টা (প্রশংসা)। **অহো**! (অহোবত !) মহৎ পাপং ত্বয়া কৃতম্‌।

আঃ (Oh ! আঃ !)—**আঃ** হর্ষ! (কী আনন্দ !)

আরাৎ (নিকটে, near)—গ্রামাৎ **আরাৎ** নদী বর্ততে।

ইতঃ (এখান হইতে, from here)—**ইতঃ** পাদমেকং ন গচ্ছামি।

ইতস্ততঃ (এদিক্‌ ওদিক্‌)—সঃ **ইতস্ততঃ** ভ্রাম্যতি।

ইতি (এইরূপ, such, thus, সুতরাং, so)—দশরথঃ **ইতি** খ্যাতিঃ নৃপতি-
রাসীৎ। বৈদেশিকোঽহম্ অস্মি ইতি পৃচ্ছামি।

ইত্থম্ (এই প্রকারে, thus, in this way)—গুরুঃ শিষ্যম্ অবদৎ—
উপায়ং পৃচ্ছসি কিম্? **ইত্থং** কুরু নোচেৎ অশুভং ভবিষ্যতি।

ইদানীম্ (এখন, now, at present)—কঃ **ইদানীং** ভারতরাষ্ট্রস্য পতিঃ?

ইব (তুল্য, যেন, like, as if)—হে বন্ধো! ত্বং মে সহোদরঃ **ইব**।
অতীতোঽপি সঃ বৃত্তান্তঃ বর্তমানঃ **ইব** প্রতিভাতি—অতীত ঘটনা
হইলেও ইহা বর্তমানের মতই মনে হইতেছে।

ঈষৎ (ঈষৎ, somewhat)—মদ্বচনং শ্রুত্বা স **ঈষৎ** রুষ্টোঽভবৎ।

উচ্চৈঃ (উচ্চৈঃস্বরে)—শোকবৃত্তান্তং শ্রুত্বা সা **উচ্চৈঃ** রুদিতবতী।

উভয়তঃ (উভয়দিকে)—নদীম্ **উভয়তঃ** বৃক্ষাঃ।

ঋতে (ব্যতীত, without)—জ্ঞানং **ঋতে** কুতঃ সুখম্?

একত্র (একত্র, together)—বয়ম্ **একত্র** ভ্রমণায় গচ্ছামঃ।

এব (কেবল, only, indeed)—স **এব** অস্মাকম্ অভিমতঃ নায়কঃ।
বিপদি ত্বমেব মে পরমং মিত্রম্।

এবম্ (এইরূপ, thus)—যদি ত্বম্ ইচ্ছসি এবং ভবতু (এইরূপই হউক)।
এবং নিশ্চিত্য স শীঘ্রং গতঃ।

কথম্ (কিরূপে, how, কেন why)—**কথং** কঠিনমেতৎ কার্যং করিষ্যামি?
কথং ক্রন্দসি, বালিকে?

কতিচিৎ (কতক, a few)—**কতিচিৎ** দিনানি অত্র স্থাস্যামি—আমি
এখানে কয়েকদিন থাকিব।

কদা (কখন, when)—**কদা** পুনঃ দ্রক্ষ্যামি ভবন্তম্?

কদাচিৎ (কোন এক সময়ে, Once upon a time)—**কদাচিৎ** দেবা-
সুরাণাং ভীষণং যুদ্ধম্ অভবৎ।

কদাপি (কখনও কখনও)—স **কদাপি** অত্র আগচ্ছতি।

ন কদাপি (কখনও না, never)—ন **কদাপি** মিথ্যা বদতি সজ্জনঃ।

কিঞ্চিৎ (কিছু, something, a little)—অস্মৈ দরিদ্রায় **কিঞ্চিৎ** যচ্ছ।
কিন্তু (কিন্তু, but)—স সজ্জনঃ **কিন্তু** তস্য সহচরঃ ন ধার্মিকঃ।
কিম্ (কি—প্রশ্নসূচক অব্যয়)—ত্বং **কিং** রামায়ণং পঠসি ?
কিল (বস্তুতঃ, সত্যই, indeed)—অনন্তপারং **কিল** শব্দশাস্ত্রম্—
শব্দ শাস্ত্র সত্যই অপার।
৪। নিশ্চয় অর্থে (surely) **যাবৎ** ও **পুরা** শব্দের যোগে **ভবিষ্যৎ অর্থে** হয়। যথা—

অত্র তিষ্ঠ **যাবদহম্ আগচ্ছামি**—আমি যে-পর্যন্ত না আসি ততক্ষণ এখানে থাক। পুরা (before long) স প্রধানো বিচারপতি**র্ভবতি**।

৫। **কদা** ও **কর্হি** শব্দের যোগে ভবিষ্যৎ কালে বিকল্পে লট্ হয়। যথা—**কদা** (কর্হি বা) ত্বং বারাণসীং **গচ্ছসি (গমিষ্যসি** বা)?—কখন তুমি বারাণসী যাইবে?

৬। **ইচ্ছা-প্রকাশ** হইলে প্রশ্ন-বোধক বাক্যে ভবিষ্যৎ কাল অর্থে বিকল্পে **লট্** হয়। যথা—

কিম্ অধুনা **করোমি** (করিষ্যামি)?—What shall I do now?

৭। **লট্ স্মে। 'স্ম'** এই অব্যয় শব্দটির যোগে অতীত কাল অর্থে **লট্** হয়। যথা—গতকল্য আমরা মামার বাড়ী গিয়াছিলাম—**হ্যঃ** বয়ং মাতুলালয়ং

গচ্ছামঃ স্ম।* গত বৃহস্পতিবার সে স্কুলে যায় নাই—বিগতে বৃহস্পতিবারে স বিদ্যালয়ং ন **গচ্ছতি স্ম**।

৮। **অভ্যস্ত** ক্রিয়া বুঝাইলে অতীতকাল অর্থে লট্-এর প্রয়োগ হয়। যথা—

কস্মিংশ্চিদ্ বনে ভাসুরকো নাম সিংহঃ **প্রতিবসতি**। অসৌ বৃদ্ধঃ প্রত্যহং গঙ্গায়াং স্নাতি—ঐ বৃদ্ধ প্রত্যহ গঙ্গাস্নান করিতেন—(used to bathe)।

লোট্

(আজ্ঞা, অনুজ্ঞা, প্রার্থনা প্রভৃতি অর্থে, Imperative Mood)

১। **আজ্ঞা, অনুজ্ঞা, উপদেশ, অনুরোধ, প্রার্থনা, জি[illegible], নিমন্ত্রণ, আশীর্বাদ, শিষ্টাচার**—এই সকল অর্থে ধাতুর উত্তর **লো[illegible] বিভক্তি** হয়।

আজ্ঞা (command)—অধুনৈব **গচ্ছ** ত্বম্—এখনই তুমি যাও। অধুনৈ[illegible] এতৎ **করোতু** ভবান—এখনই আপনি এই কার্য কর‍ুন।

অনুজ্ঞা (অনুমতি, permission)—কার্যং সমাপ্তম্, অধুনা গৃহং **গচ্ছ** কাজ সমাপ্ত ; এখন তুমি বাড়ী যাইতে পারো - You may go now।

উপদেশ (good advice)—বৎস! সদা সত্যং **বদ**।

অনুরোধ (request)—মমালয়ম্ আগচ্ছতু ভবান—আমার গৃহে আসুন! আচার্যদেব! মাং সংস্কৃত-ব্যাকরণম্ **অধ্যাপয়তু**।

প্রার্থনা (prayer)—ভগবন! **রক্ষ** মাম্—ঈশ্বর! আমাকে রক্ষা কর। **জয়তু** ভবান্—আপনার জয় হোক।

জিজ্ঞাসা (asking)—পিতঃ! অধুনা **কিং** পঠানি?—What shall (should) I read now, father?

নিমন্ত্রণ (invitation)—অদ্য অস্মাভিঃ সহ ভোজনং **করোতু**—আজ আমাদের সহিত ভোজন করুন।

---

* উত্তমপুরুষ ও মধ্যমপুরুষেও স্ম যোগে অতীত কালে লট্ হয়। লট্ স্মে। অপরোক্ষে চ। (অপরোক্ষে—প্রত্যক্ষ ক্রিয়ায়)—অহং পশ্যামি স্ম—আমি দেখিয়াছিলাম। ত্বং পশ্যসি স্ম—তুমি দেখিয়াছিলে।

শিষ্টাচার (good manners)—অত্র সুখেন **উপবিশতু**—এইখানে আরামে বসুন। মৎগৃহে সুখং **বস**—Live in my house happily।

ইংরাজীতে 'Let' দিয়া যে-সকল sentence আরম্ভ হয়, সংস্কৃতে তাহাদের অনুবাদে **লোট্** ব্যবহার করিতে হয়। যথা—Let me go there—তত্রাহং **গচ্ছানি**। Let him come here—অত্র স **আগচ্ছতু**।

লঙ্ (অতীত কাল, Past Tense)

অনদ্যতনে লঙ্। অনদ্যতন (ন অদ্যতন)—

...ান কার্য অদ্যকার পূর্বে সম্পন্ন হইয়াছে এইরূপ বুঝাইলে ধাতুর উত্তর ...হয়। যথা—

...: স মমালয়ম্ **আগচ্ছৎ**—গতকাল সে আমার বাড়ী আসিয়াছিল। ...সীৎ (**অভবৎ**) পুরা জনকো নাম রাজর্ষিঃ।

বিধিলিঙ্ (বিধি, উচিত অর্থে, Potential Mood)

১। বিধি অর্থে ধাতুর উত্তর লিঙ্ (বিধিলিঙ্) হয়। বিধি, অর্থাৎ এইরূপ কার্য হওয়া উচিত (should, ought to) বা এইরূপ কার্য হওয়া উচিত নয় (shoutd not, ought not to), এই অর্থে ধাতুর উত্তর বিধিলিঙ্ হয়। যথা—

সদা সত্যং **বদেৎ**—সর্বদা সত্যকথা বলা উচিত। ছাত্রাঃ ন কদাপি মিথ্যা **বদেয়ুঃ**—ছাত্রদের কখনও মিথ্যা কথা বলা উচিত নয়।

২। **অনেকস্থলে একই অর্থে লোট্ ও বিধিলিঙ্**-এর প্রয়োগ হইয়া থাকে। যথা—**অনুরোধ, জিজ্ঞাসা, প্রার্থনা, অনুজ্ঞা, নিমন্ত্রণ** এই সকল অর্থে **বিধিলিঙ্ ও লোট্** হয়।

(লোট্-এর প্রয়োগ পূর্বেই বিস্তারিত দেখানো হইয়াছে।)

অনুরোধ—আচার্য! মাং সংস্কৃতসাহিত্যম্ অধ্যাপয়েৎ ভবান্ (অধ্যাপয়তু বা)—Please teach me Sanskrit Literature, sir।

জিজ্ঞাসা—দেব! কিং রামায়ণং **পঠেয়ম্** (পঠানি বা) **উত** মহাভারতম্? —**Sir, what shall I read ; the Ramayana or the Mahavarata?**

প্রার্থনা—ক্ষুধার্তোঽহম্, কিঞ্চিদ্ অশনং **লভেয়** (লভৈ বা) ?—আমি ক্ষুধার্ত, কিছু আহার্য পাইতে পারি কি ?

অনুজ্ঞা—ভো বালকাঃ ! অধুনা গৃহং গচ্ছেত (গচ্ছত বা)।

৩। **সম্ভাবনা** অর্থে ধাতুর উত্তর বিধিলিঙ্ হয়। যথা—অদ্য **বৃষ্টির্ভবেৎ** —আজ বৃষ্টি হইতে পারে।

৪। **শকি বিধিলিঙ্ চ**। সামর্থ্য বুঝাইলে ধাতুর উত্তর বিধিলিঙ্ ও লোট্ হয়। যথা—কঠিনং কার্যমেতৎ অহং কুর্যাম্ (করবাণি বা)—এই কঠিন কাজ আমি করিতে পারি—I can do this hard work।

৫। **ইচ্ছার্থেষু বিধিলিঙ্লোটৌ**।

ইচ্ছার্থক ধাতুর যোগে বিধিলিঙ্ ও লোট্ হয়। যথা—ইচ্ছামি পরীক্ষায়াং সাফল্যং **লভেথাঃ** (**লভস্ব** বা)।

৬। একই বাক্যের দুইটি ক্রিয়ার একটি অপরটির উপর নির্ভর করিলে উভয় ক্রিয়ায় **বিধিলিঙ্** হয়। যথা—যদি সদা সত্যং **বদেঃ** সর্বেষাং প্রিয়ঃ ভবেঃ— যদি সত্যকথা বল তাহা হইলে সকলের প্রিয় হইবে। যদি শ্রমং **কুর্যাঃ** পরীক্ষায়াং সাফল্যং **লভেথাঃ**। যদি পরিশ্রম কর, পরীক্ষায় সাফল্য লাভ করিবে।

লৃট্ (ভবিষ্যৎকাল, Future Tense)

১। সাধারণ ভবিষ্যৎ কাল (Simple future—shall, will) বুঝাইতে ধাতুর উত্তর **লৃট্** হয়। যথা—

অধুনাহং বিদ্যালয়ং **গমিষ্যামি**—এখন আমি ইস্কুলে যাইব। সর্বে **জীবাঃ মরিষ্যন্তি**—সকল প্রাণীরই মৃত্যু হইবে—All creatures will die.।

২। **'আশা'** অর্থে ধাতুর উত্তর **লৃট ও লট** হয়। যথা—

বন্ধুশ্চেৎ **আগমিষ্যতি** (**আগচ্ছতি** বা) অহম্ অতীব সুখী **ভবিষ্যামি** (**ভবামি** বা)—বন্ধু যদি আসে, আমি খুব সুখী হইব।

চুরাদি

চুর্+আদি=চুরাদি (চুর্ ধাতু আদিতে যাহার)

(চুরাদি-গণীয় ধাতুর উত্তর স্বার্থে ণি-চ্ হয়। স্বার্থে—নিজ অর্থে, একই অর্থে। ণিচ্-এর ই থাকে।)

' চুর্ (চুরি করা, to steal)

চু র্+ণিচ্ (ই)=চোরি—চোরি—লট্ তি+চোরয়তি

লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্ এই চারি বিভক্তিতে চুরাদি-গণীয় ধাতুর ভ্বাদি-গণীয় ধাতুর ন্যায়।

চুরাদি-গণীয় পরস্মৈপদী ধাতু

কথ্ (ধাতু)—পরস্মৈপদী

(কথ্—বলা, to speak , কথ্+ণিচ্ (ই)=কথি)

লট্

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	কথয়তি	কথয়সি	কথয়ামি
দ্বিবচনম্	কথয়তঃ	কথয়থঃ	কথয়াবঃ
বহুবচনম্	কথয়ন্তি	কথয়থ	কথয়ামঃ

লোট্—কথয়তু, কথয়তাম্, কথয়ন্তু। কথয়, কথয়তম্, কথয়ত। কথয়ানি, কথয়াব, কথয়াম।

লঙ্—অকথয়ৎ, অকথয়তাম্, অকথয়ন্। অকথয়ঃ, অকথয়তম্, অকথয়ত। অকথয়ম্, অকথয়াব, অকথয়াম।

বিধিলিঙ্—কথয়েৎ, কথয়েতাম্, কথয়েয়ুঃ। কথয়েঃ, কথয়েতম্, কথয়েত। কথয়েয়ম্, কথয়েব, কথয়েম।

লৃট্—কথয়িষ্যতি, কথয়িষ্যতঃ, কথয়িষ্যন্তি। কথয়িষ্যসি, কথয়িষ্যথঃ, কথয়িষ্যথ। কথয়িষ্যামি, কথয়িষ্যাবঃ, কথয়িষ্যামঃ।

আত্মনেপদী

অর্থ (ধাতু)—(প্রার্থনা করা, to beg, to ask for)

লট্—অর্থয়তে, অর্থয়েতে, অর্থয়ন্তে। অর্থয়সে, অর্থয়েথে, অর্থয়ধ্বে। অর্থয়ে, অর্থয়াবহে, অর্থয়ামহে।

লৃট্—অর্থয়িষ্যতে, অর্থয়িষ্যেতে, অর্থয়িষ্যন্তে ইত্যাদি।

কিন্তু, প্র-অর্থ+ণিচ্+লট্ তি—**প্রার্থয়তি** (প্রার্থনা করে)—**পরস্মৈপদী**।

কয়েকটি চুরাদি-গণীয় ধাতু—পরস্মৈপদী

অর্জ্ (অর্জন করা, to earn)

লট্	লোট্	লঙ্	বিধিলিঙ্	লৃট্
অর্জয়তি	অর্জয়তু	আর্জয়ৎ	অর্জয়েৎ	অর্জয়িষ্যতি

চিন্ত্ (চিন্তা করা, to think)

চিন্তয়তি	চিন্তয়তু	অচিন্তয়ৎ	চিন্তয়েৎ	চিন্তয়িষ্যতি

ভক্ষ্ (ভক্ষণ করা, to eat)

ভক্ষয়তি	ভক্ষয়তু	অভক্ষয়ৎ	ভক্ষয়েৎ	ভক্ষয়িষ্যতি

পূজ্ (পূজা করা, to worship)

পূজয়তি	পূজয়তু	অপূজয়ৎ	পূজয়েৎ	পূজয়িষ্যতি

পাল্ (পালন করা, to protect)

পালয়তি	পালয়তু	অপালয়ৎ	পালয়েৎ	পালয়িষ্যতি

বঞ্চ্ (বঞ্চনা করা, to cheat)

বঞ্চয়তি	বঞ্চয়তু	অবঞ্চয়ৎ	বঞ্চয়েৎ	বঞ্চয়িষ্যতি

পূর্ (পূর্ণ করা, to fill)

পূরয়তি	পূরয়তু	অপূরয়ৎ	পূরয়েৎ	পূরয়িষ্যতি

গণ্ (গণনা করা, to count)

গণয়তি	গণয়তু	অগণয়ৎ	গণয়েৎ	গণয়িষ্যতি

খণ্ড্ (খণ্ড করা, to break)

খণ্ডয়তি খণ্ডয়তু অখণ্ডয়ৎ খণ্ডয়েৎ খণ্ডয়িষ্যতি

রচ্ (রচনা করা, to write)

রচয়তি রচয়তু অরচয়ৎ রচয়েৎ রচয়িষ্যতি

লুণ্ঠ্ (লুণ্ঠন করা, to rob)

লুণ্ঠয়তি লুণ্ঠয়তু অলুণ্ঠয়ৎ লুণ্ঠয়েৎ লুণ্ঠয়িষ্যতি

চূর্ণ (চূর্ণ করা, to break to pieces)

চূর্ণয়তি চূর্ণয়তু অচূর্ণয়ৎ চূর্ণয়েৎ চূর্ণয়িষ্যতি

যুজ্ (যোগ করা, to join)

যোজয়তি যোজয়তু অযোজয়ৎ যোজয়েৎ যোজয়িষ্যতি

স্পৃহ্ (স্পৃহা করা, to desire)

স্পৃহয়তি স্পৃহয়তু অস্পৃহয়ৎ স্পৃহয়েৎ স্পৃহয়িষ্যতি

আরও কয়েকটি আবশ্যক **চুরাদি**-গণীয় ধাতু—

পীড়্—(পীড়ন করা)—**পীড়য়তি**। **ক্ষল্** (ক্ষালন করা, to wash) —**ক্ষালয়তি**। **সান্ত্ব্**—(সান্ত্বনা দেওয়া)—**সান্ত্বয়তি**। **দণ্ড** (দণ্ডিত করা, to punish)—**দণ্ডয়তি**। **মন্ত্র্** (মন্ত্রণা করা, to consult)—**মন্ত্রয়তে**। **ভৎর্স্** (ভৎর্সনা করা)—**ভৎর্সয়তে**। **মান্** (সম্মান করা, to honour)—**মানয়তি**। **লঙ্ঘ্** (লঙ্ঘন করা, to cross)—**লঙ্ঘয়তি**। **আ-কর্ণ** (শ্রবণ করা, to hear)—**আকর্ণয়তি**। **অব-লোক্** (অবলোকন করা, দেখা, to see)—**অবলোকয়তি**।

অনুবাদের আদর্শ

ছাত্ররা উচ্চৈঃস্বরে পরস্পর কথা বলিতেছে—**ছাত্রাঃ উচ্চৈঃ পরস্পরং কথয়ন্তি**। মহাশয়, আমি আপনার অনুগ্রহ প্রার্থনা করিতেছি—**তাত! ভবতঃ কৃপামহম্ অর্থয়ে (প্রার্থয়ামি)**। মানুষ বাল্যে ও যৌবনে বিদ্যার্জন করিবে এবং প্রৌঢ় বয়সে ধনোপার্জন করিবে—**বাল্যে যৌবনে চ**

অর্জয়েৎ বিদ্যাং প্রৌঢ়ে তু বয়সি বিত্তম্। প্রাজ্ঞ ব্যক্তি উপায় চিন্তা করিবেন, অপায় সম্বন্ধেও ভাবিবেন—**উপায়ং চিন্তয়েৎ প্রাজ্ঞস্তথা অপায়ঞ্চ চিন্তয়েৎ**। মহর্ষি বাল্মীকি মহাকাব্য রামায়ণ রচনা করিয়াছিলেন—**মহর্ষিঃ বাল্মীকিঃ রামায়ণম্ ইতি মহাকাব্যং রচয়তি স্ম**। পুরোহিত ভক্তি সহকারে দেবীর পূজা করিতেছেন—**পুরোহিতঃ সভক্তি দেবীং পূজয়তি**। স্বাদু ও পুষ্টিকর এই ফলটি খাও—**স্বাদু পুষ্টিকরং চ ফলমেতৎ ভক্ষয়**। আমি নিরপরাধ, আমাকে ভর্ৎসনা করিতেছেন কেন ?—**কথং নিরপরাধং মাং ভর্ৎসয়তে ভবান্**? বালক-বালিকাদিগকে পীড়ন করা ও প্রহার উচিত নয়—**ন পীড়য়েৎ ন তাড়য়েৎ বালকান্ বালিকাশ্চ**। বিদ্যাসাগর চরিত্র মাহাত্ম্য কী বর্ণনা করিব, উহা অপূর্ব—**কিং বর্ণয়ামি বিদ্যাসাগর চরিতমাহাত্ম্যম্, অপূর্বমেতৎ**।

অনুশীলনী

১। নিম্নলিখিত ধাতুগুলির লট্ ও লৃট্ বিভক্তির প্রথম পুরুষ ও একবচনের রূপ লিখ—

চিন্ত্, ভক্ষ্, তড়্, ক্ষল্, পূজ্, ভর্ৎস্, শব্দ্, অর্চ্, অর্জ্, বণ্ট্, সান্ত্ব্, পাল্, কথ্, অর্থ্।

২। সংস্কৃতে অনুবাদ কর—

ছাত্ররা বিদ্যালয়ে উচ্চৈঃস্বরে কথা বলে না। বিদ্যালয়ের ছাত্ররা সানন্দে বাণীর অর্চনা করিয়াছিল। আপনি অনুগ্রহ করিয়া আমার বক্তব্য শুনুন্ (আকর্ণয়তু)। বিজ্ঞ ব্যক্তি উপায় চিন্তা করিবেন (চিন্তয়িষ্যতি)। ভিক্ষুকেরা ধন প্রার্থনা করিতেছে (অর্থয়ন্তে)। মহর্ষি বাল্মীকি রামায়ণরচনা করিয়াছিলেন। পুরোহিত ভক্তি সহকারে দেবীর পূজা করিতেছেন। পিতা পুত্রকে ভর্ৎসনা করিয়াছিলেন (ভর্ৎসয়তে স্ম, অভর্ৎসয়ত)।

উপসর্গ ও উপসর্গ-যোগে ধাতুর ব্যবহার—

গচ্ছতি, ভবতি, বদতি, বর্ততে প্রভৃতি **সহজ** ক্রিয়াপদের সহিত ছাত্র-ছাত্রীদের পরিচয় হইয়াছে।

এই প্রকার বহু **ক্রিয়াপদের পূর্বে** কোন কোন **শব্দ (অব্যয় শব্দ) যোগ করিলে** দেখা যাইবে যে, ঐ **শব্দগুলির প্রভাবে** ক্রিয়াপদগুলির **অর্থ পরিবর্তিত** হইয়াছে। যথা—

গম্ (ধাতু)—**গচ্ছতি**—যায়, যাইতেছে; কিন্তু, **আ**—গচ্ছতি=**আগচ্ছতি**—আসে, আসিতেছে।

ভূ (ধাতু)—**ভবতি**—হয়, আছে; কিন্তু, **অনু**—ভবতি=**অনুভবতি**—অনুভব করে, feels। **বদ্** (ধাতু)—**বদতি** (বলে, বলিতেছে); **অনু**—বদতি=**অনুবদতি**—অনুবাদ করে, translates। **হস্** (ধাতু)—**হসতি** (হাসে, হাসিতেছে); **উপ**—হসতি=**উপহসতি** (উপহাস করে)। **কৃ** (ধাতু)—**করোতি** (করে), **অপ**—করোতি=**অপকরোতি** (অপকার করে)।

দেখা যাইতেছে যে, **আ, অনু, উপ, অপ**—ইহারা **ধাতুর পূর্বে বসিয়া** ধাতুর **নূতন অর্থ সৃষ্টি** করিতেছে, তাই ইহাদিগকে **উপসর্গ** বলা হয়।

উপসর্গগুলি স্বয়ং কোন বিশেষ অর্থ প্রকাশ করে না, কিন্তু ধাতুযোগে বিশেষ বিশেষ স্থলে **বিশেষ অর্থ প্রকাশ করে।**

উপসর্গেণ ধাত্বর্থো বলাদন্যত্র নীয়তে। উপসর্গ নিজের প্রভাবে ধাতুর অর্থ পরিবর্তিত করিয়া দেয়।

উপসর্গাঃ ক্রিয়াযোগে—প্র, পরা, অপ, সম্, অনু, অব, নির্, দুর্, অতি, অধি, সু, উৎ, অভি, নি, প্রতি, অপি, উপ, আ—এই কুড়িটি অব্যয়শব্দ যখন কোন ক্রিয়ার পূর্বে যুক্ত হয়, তখন ইহাদিগকে **উপসর্গ** বলে।

নিম্নে কয়েকটি উপসর্গ ধাতুর পূর্বে বসিয়া উহার অর্থের কিরূপ পরিবর্তন ঘটাইতেছে তাহা দেখানো হইতেছে—

গম্—গচ্ছতি—যায়। **আ**—গম্=**আগচ্ছতি**—আগমন করে, আসে। **অনু**—গম্=**অনুগচ্ছতি**—অনুগমন করে। **নির্**-গম্=**নির্গচ্ছতি**—নির্গত হয়, goes out। **উপ**—গম্=**উপগচ্ছতি**—নিকটে যায়, approaches।

ভূ—ভবতি—আছে, হয়। **অনু**—ভূ=**অনুভবতি**—অনুভব করে, feels। **সম্**—ভূ=**সম্ভবতি**—ঘটে, জন্মে, happens, is born। **উৎ**—ভূ=**উদ্ভবতি**—উদ্ভূত হয়, grows। **পরা**—ভূ=**পরাভবতি**—পরাভূত করে।

বদ্—বদতি—বলে। **অনু**—বদ্=**অনুবদতি**—অনুবাদ করে, translates। **প্রতি**—বদ্=**প্রতিবদতি**—প্রতিবাদ করে। বি—বদ—**বিবদতে**—বিবাদ করে। **অপ**—বদ্=**অপবদতি, অপবদতে**—অপব...

পত্—পততি—পতিত হয়, পড়িয়া যায়। **উৎ**—পত্ ... —উঠে, ওড়ে, rises, flies। **নি**—পত্=**নিপততি**—নিপাতিত হয় ...

বস্—বসতি - বাস করে, lives। **নি, অধি**—বস্=**নিবসতি, ...** —স্থায়িভাবে বাস করে, dwells। **উপ**—বস্=**উপবসতি**—উপবা... fasts। **প্র**—বস্=**প্রবসতি**—প্রবাসে থাকে, lives abroad।

বিশ্—বিশতি, enters। **প্র**—বিশ্=**প্রবিশতি**—প্রবেশ ... enters। **উপ**—বিশ্=**উপবিশতি**—উপবেশন করে, বসে, sits। ... বিশ্=**নিবিশতে**—মনোনিবেশ করে, minds, is attentive to।

নী—নয়তি—takes, leads। **আ**—নী=**আনয়তি**—আনয়ন করে, brings। **অপ**—নী=**অপনয়তি**—অপনয়ন করে, removes। **উৎ**—নী =**উন্নয়তি**—উন্নত করে, improves, uplifts।

বৃৎ—বর্ততে—থাকে, আছে, exists। **পরি**—বৃৎ=**পরিবর্ততে**=পরিবর্তিত হয়, changes। **আ**—বৃৎ=**আবর্ততে**—আবর্তিত হয়, moves round। **নি**—বৃৎ=**নিবর্ততে**—নিবৃত্ত হয়, desists from।

স্থা—তিষ্ঠতি—থাকে, আছে, exists। **উৎ**—স্থা=**উত্তিষ্ঠতি**- আসন হইতে উত্থান করে, rises।

হৃ—হরতি—হরণ করে, লইয়া যায়, steals, carries। **প্র**—হৃ= **প্রহরতি**—প্রহার করে, beats। **আ**—হৃ=**আহরতি**—আহরণ করে, collects। **উপ**—হৃ=**উপহরতি**—উপহার দেয়—presents। **বি**—হৃ= **বিহরতি**—বিহার করে, বেড়ায়, roams।

সৃ—সরতি—সরে, moves। **অনু**—সৃ=**অনুসরতি**—অনুসরণ করে, follows। **নিঃ**—সৃ=**নিঃসরতি**—নিঃসৃত হয়, comes out।

স্মৃ—স্মরতি—স্মরণ করে, **বি**—স্মৃ=**বিস্মরতি**—বিস্মৃত হয়।

কৃ—করোতি—করে, does। **অনু**—কৃ=**অনুকরোতি**—অনুকরণ করে, imita[illegible].. **অপ**—কৃ=**অপকরোতি**—অপকার করে, does harm, evil to। [illegible]=**উপকরোতি**—উপকার করে—does good to.

[illegible]ত—নির্দেশ দেওয়া। **আ**—দিশ্=**আদিশতি**—আদেশ [illegible]=**উপদিশতি**—উপদেশ দেয়—advises।

[illegible]—ছাত্রেরা ধাতুব **লঙ্** বিভক্তির সহিত উপসর্গ যোগ [illegible]কালে অনেক সময়ে ভুল কবিয়া বসে। পূবে ধাতুর **লঙ্** বিভক্তির [illegible] কবিয়া **উপসর্গের সঙ্গে উহার সন্ধি** করিতে হয়। যেমন, [illegible]গম (লঙ্)=আ+অগচ্ছৎ (সন্ধি করিয়া)—**আগচ্ছৎ**। **অনু**—ভূ [illegible] অনু+অভবৎ=**অন্বভবৎ**। **প্র**—হৃ (লঙ্)=প্র+অহরৎ=**প্রাহরৎ**। [illegible]বিশ্ (লঙ্)=প্র+অবিশৎ=**প্রাবিশৎ**, **পরি**—নী (লঙ্)=পরি+[illegible]নয়ৎ=**পর্যণয়ৎ**।

অনুবাদের আদর্শ

তপস্বীরা শোক অনুভব কবেন না—**তপস্বিনঃ শোকং ন অনুভবন্তি**। পুণ্যকর্ম হেতু তিনি মনে সুখ অনুভব কবিয়াছিলেন—**পুণ্যকর্মণা স মনসি সুখম্ অন্বভবৎ**। গঙ্গা হিমালয় হইতে উৎপন্ন হইযাছে—**গঙ্গা হিমালয়াৎ প্রভবতি**। সবল ব্যক্তিবা বলেন যে, পুরুষকাবেব দ্বারা সবই সম্ভব—**পুরুষ-কারেণ এব সর্বং সম্ভবতীতি সবলাঃ বদন্তি**। স্নানেব পব পুরোহিত মন্দিরে প্রবেশ কবিয়াছিলেন—**স্নানাৎ পরং পুরোহিতঃ মন্দিরং প্রাবিশৎ**। মহা-কবি শ্রীমধুসূদন তিলোত্তমা-সম্ভব কাব্য প্রণয়ন করিয়াছিলেন—**মহাকবিঃ শ্রীমধুসূদনঃ তিলোত্তমা-সম্ভব-কাব্যং প্রাণয়ৎ**। বালক-বালিকারা উদ্যানে সানন্দে পুষ্প আহরণ করিতেছে—**বালকাঃ বালিকাশ্চ উদ্যানাৎ সানন্দং পুষ্পাণি আহরন্তি**। পিতা দুর্বিনীত পুত্রকে প্রহাব করিতেছেন—**পিতা দুর্বিনীতং পুত্রং প্রহরতি**। ঐ পণ্ডিত ব্যক্তি বাংলাভাষায় সংস্কৃত রামায়ণ অনুবাদ কবিয়াছিলেন—**অসৌ পণ্ডিতঃ বঙ্গভাষায়াং সংস্কৃত-রামায়ণং অনুবদতি স্ম**।

অনুশীলনী

১। নিম্নলিখিত ধাতুগুলিকে নির্দেশ অনুসারে ক্রিয়াপদে [illegible] বিবর্দকের—
সম্—ভূ+বিধিলিঙ্ যাৎ। অনু—বদ্+লঙ্ অন্। উপ[illegible] দ্।
নিঃ—গম্+ল‍ৃট্ স্যতি। অনু—গম্+লঙ্ দ্। বি—[illegible]
নি—পত্+লঙ্ দ। প্র—বিশ্+লোট্ তু। প্রতি[illegible] হয় [illegible]
আ—নী+লোট্ হি। আ—বৃৎ+লট্ অন্তে। পরি—[illegible] নিবস[illegible] ভক্ষয়।
প্র—হৃ+লঙ দ। আ—দিশ্+লট্ তি। উপ—দি[illegible] [illegible]পরাধং

২। সংস্কৃতে অনুবাদ কর—
পুত্র পিতার অনুগমন করিতেছে (অনু—গম)। বালকেরা [illegible] ইস্কুলে আসিয়াছিল (আ—গম্)। পণ্ডিত ব্যক্তি মূর্খ লোকদিগ[illegible] করেন না (উপ—হস্)। দরিদ্রদিগকে ধন দান করার পর দ[illegible] আনন্দ অনুভব করিয়াছিলেন (অনু—ভূ)। যিনি অপরের উপকার [illegible] (উপ—কৃ) তিনি সকলের শ্রদ্ধাভাজন হন। যে মানুষের অপকার [illegible] (অপ—কৃ) সে অবজ্ঞার পাত্র। পিতা পুত্রের জন্য খেলা করিবার জিনি[illegible] (ক্রীডনক) আনিয়াছিলেন (আ—নী)।

স্বাদি-গণীয় ধাতু

স্বাদি—(**সু** ধাতু আদিতে যাহার)

লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্, এই চারি বিভক্তিতে **স্বাদি-গণীয়** ধাতুর উত্তর **নু আগম** হয়।

তি, সি, মি, তু, আনি, আব, আম, ঐ, আবহৈ, আমহৈ, দ্, স্, অম্—এই কয় বিভক্তির পরে থাকিলে **নু**-স্থানে **নো** হয়।

*__সু__ (ধাতু)—**পরস্মৈপদী—অকর্মক**

(**সু**—স্নান করা—to bathe)

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	সুনোতি	সুনোষি	সুনোমি
দ্বিবচনম্	সুনুতঃ	সুনুথঃ	সুনুবঃ, সুন্বঃ
বহুবচনম্	সুন্বন্তি	সুনুথ	সুনুমঃ, সুন্মঃ

*সু (ধাতুটি) স্বাদি-গণীয় ধাতুর প্রারম্ভিক ধাতু বলিয়াই উহার পরস্মৈপদের লট্ বিভক্তির রূপ মাত্র দেওয়া হইল। এই ধাতুটি Syllabus বহির্ভূত।

আপ্ (ধাতু)—পরস্মৈপদী—সকর্মক

(আপ্—পাওয়া, to get)

লট্—বর্তমান কাল, Present Tense

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
	আপ্নোতি	আপ্নোষি	আপ্নোমি
একবচনম্	আপ্নুতঃ	আপ্নুথঃ	আপ্নুবঃ
[illegible]চনম্	আপ্নুবন্তি	আপ্নুথ	আপ্নুমঃ

লোট্—আজ্ঞা, অনুজ্ঞা, প্রার্থনা, Imperative Mood

[illegible]বচনম্	আপ্নোতু	আপ্নুহি	আপ্নবানি
দ্বিবচনম্	আপ্নুতাম্	আপ্নুতম্	আপ্নবাব
বহুবচনম্	আপ্নুবন্তু	আপ্নুত	আপ্নবাম

লঙ্—অতীত কাল, Past Tense

একবচনম্	আপ্নোৎ	আপ্নোঃ	আপ্নবম্
দ্বিবচনম্	আপ্নুতাম্	আপ্নুতম্	আপ্নুব
বহুবচনম্	আপ্নুবন্	আপ্নুত	আপ্নুম

বিধিলিঙ্—বিধি, ঔচিত্য, Potential Mood

একবচনম্	আপ্নুয়াৎ	আপ্নুয়াঃ	আপ্নুয়াম্
দ্বিবচনম্	আপ্নুয়াতাম্	আপ্নুয়াতম্	আপ্নুয়াব
বহুবচনম্	আপ্নুয়ুঃ	আপ্নুয়াত	আপ্নুয়াম

লৃট্—ভবিষ্যৎ কাল, Future Tense

একবচনম্	আপ্স্যতি	আপ্স্যসি	আপ্স্যামি
দ্বিবচনম্	আপ্স্যতঃ	আপ্স্যথঃ	আপ্স্যাবঃ
বহুবচনম্	আপ্স্যন্তি	আপ্স্যথ	আপ্স্যামঃ

শক্ (ধাতু)—পরস্মৈপদী—অকর্মক

(শক্—সক্ষম হওয়া, to be able)

লট্

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	[illegible]
একবচনম	শক্নোতি	শক্নোষি	[illegible]
দ্বিবচনম	শক্নুতঃ	শক্নুথঃ	[illegible]
বহুবচনম	শক্নুবন্তি	শক্নুথ	শক্নুমঃ

লোট্—শক্নোতু শক্নুতাম শক্নুবন্তু। শক্নুহি শক্নুতম [illegible] শক্নুবানি শক্নবাব শক্নবাম।

লঙ্—অশক্নোৎ অশক্নুতাম অশক্নুবন। অশক্নোঃ অশক্নুতম্ অ[illegible] অশক্নবম্ অশক্নুব অশক্নুম।

বিধিলিঙ্—শক্নুযাৎ শক্নুযাতাম শক্নুযুঃ। শক্নুয়াঃ শক্নুযাতম শক্নুয়াত[illegible] শক্নুযাম্ শক্নুযাব শক্নুযাম।

লৃট্—শক্ষ্যতি শক্ষ্যতঃ শক্ষ্যন্তি। শক্ষ্যসি শক্ষ্যথঃ [illegible]ক্ষ্যথ। শক্ষ্যা[illegible] শক্ষ্যাবঃ শক্ষ্যামঃ।

শ্রু (ধাতু)—পরস্মৈপদী—সকর্মক

(শ্রু—শ্রবণ করা, to hear)

লট্

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	শৃণোতি	শৃণোষি	শৃণোমি
দ্বিবচনম	শৃণুতঃ	শৃণুথঃ	শৃণুবঃ, শৃণ্বঃ
বহুবচনম	শৃণ্বন্তি	শৃণুথ	শৃণুমঃ, শৃণ্মঃ

লোট্—শৃণোতু শৃণুতাম্ শৃণ্বন্তু। শৃণু শৃণুতম্ শৃণুত। শৃণবানি শৃণবাব শৃণবাম।

লঙ্—অশৃণোৎ অশৃণুতাম্ অশৃণ্বন। অশৃণোঃ অশৃণুতম্ অশৃণুত। অশৃণবম অশৃণুব, অশৃণ্ব অশৃণুম, অশৃণ্ম।

লিঙ্—শৃণুযাৎ শৃণুযাতাম্ শৃণুযুঃ। শৃণুযাঃ শৃণুযাতম্ শৃণুযাত। ...ব শৃণুয়াম। .

...ষ্যতি শ্রোষ্যতঃ শ্রোষ্যন্তি। শ্রোষ্যসি শ্রোষ্যথঃ শ্রোষ্যথ। ...ঃ শ্রোষ্যামঃ।

স্বাদি-গণীয় আরও দুইটি প্রয়োজনীয় ধাতু

... করা, to collect, to pluck। বৃ (ধাতু)—বরণ ... to choose, to adore।

লট্	লোট্	লঙ্	বিধিলিঙ্	লৃট্
...নোতি	চিনোতু	অচিনোৎ	চিনুযাৎ	চেষ্যতি
...ণোতি	বৃণোতু	অবৃণোৎ	বৃণুযাৎ	বরিষ্যতি

(অন্যান্য রূপগুলি শ্রু ধাতুর সাহায্যে গঠন করিয়া লইবে।)

অনুবাদের আদর্শ

শ্রমবিমুখ ছাত্র দুঃখ ভোগ করে—**শ্রমবিমুখশ্ছাত্রঃ দুঃখম্ আপ্নোতি।** ...শ্রমী লোকেরাই ধন ও সুখ লাভ করে—**পরিশ্রমিণঃ খলু ধনং সুখঞ্চ প্রাপ্নুবন্তি।** কর্তব্যনিষ্ঠ ব্যক্তি অবশ্যই কর্মের সুফল পাইবে—**কর্তব্যনিষ্ঠো জনঃ অবশ্যমেব কর্মণঃ সুফলং প্রাপ্স্যতি।** হে শিষ্য, আমার হিতকর বাক্য শ্রবণ কর—**হে শিষ্য! শৃণু মে বচনং হিতকরম্।** শিক্ষকদের উপদেশ তোমার শোনা উচিত—**শিক্ষকাণাম্ উপদেশং ত্বং শৃণুয়াঃ।** একজন মল্ল আর একজন মল্লের প্রতিদ্বন্দ্বী—**মল্লঃ মল্লায় শক্নোতি।** কেবল তপস্বীরাই লোভ ও ক্রোধ জয় করিতে পারেন—**তপস্বিনঃ হি কেবলং লোভং ক্রোধঞ্চ জেতুং শক্নুবন্তি।** বালিকারা পুষ্প চয়ন করিতেছে—**বালিকাঃ পুষ্পাণি চিন্বন্তি।** আমি তোমার প্রতি প্রসন্ন, বর প্রার্থনা কর—**ত্বয়ি প্রসন্নোঽহম্ অতঃবরং বৃণু।**

অনুশীলনী

১। ধাতুরূপ লিখ—

আপ্ (লট্ ও লৃট্), শক্ (লোট্, লঙ্), শ্রু (লোট্, বিধিলিঙ্)।

২। ক্রিয়াপদের রূপ কী হইবে লিখ—

আপ্+লট্ অন্তি, শক্+লোট্ হি, শ্রু+লঙ্ দ্, আপ্—বিবর্দ্ধ
শক্+বিধিলিঙ্ যাম্, শ্রু+লোট্ হি।

৩। সংস্কৃতে অনুবাদ কর—

যাহারা সকল জীবের হিতে রত তাহারাই আর্য্য ... মহাদেবের নিকট হইতে পাশুপত অস্ত্র পাইয়াছিলেন। নিবস্ত, ... কর, ধন ও যশ লাভ করিবে (প্রাপ্স্যসি)। কেবল তপস্বীরা মনের পরাধ... জয় করিতে (জেতুম্) সমর্থ হন (শক্নুবন্তি)। গতকাল আ... গীতাপাঠ শুনিয়াছিলাম। হে বালকগণ! আমার উপদেশগুলি দিয়া শোনো (শৃণুত)। গুরুজনের হিতবাক্য তোমার শোনা ...

তনাদি-গণীয় ধাতু

তন্+আদি—(**তন্** ধাতু আদিতে যাহাদের)

লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্, এই চারি বিভক্তিতে **তনাদি-গণীয়** ধা... উত্তর **উ-আগম** হয়। তি, সি, মি, তু, আনি, আব, আম, ঐ, আবহৈ, আমহৈ দ্, স্, অম্—এই কয় বিভক্তি পরে থাকিলে **উ**-স্থানে **ও** হয়।

*তন্ (ধাতু)—উভয়পদী

(তন্—বিস্তৃত করা, to spread)

লট্

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	তনোতি	তনোষি	তনোমি
দ্বিবচনম্	তনুতঃ	তনুথঃ	তনুবঃ, তন্বঃ
বহুবচনম্	তন্বন্তি	তনুথ	তনুমঃ, তন্মঃ

*তন্ ধাতু Syllabus বহির্ভূত। তনাদি-গণীয় ধাতুর প্রারম্ভিক ধাতু বলিয়া কেবল লট্ বিভক্তিতে উহার রূপ দেওয়া হইল।

কৃ (ধাতু)—উভয়পদী—সকর্মক

(কৃ—করা, to do.)

লট্ (পরস্মৈপদ)—বর্তমান কাল

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	করোতি	করোষি	করোমি
দ্বিবচনম্	…তঃ	কুরুথঃ	কুর্বঃ
বহুবচনম্	কুর্বন্তি	কুরুথ	কুর্মঃ

লট্ (আত্মনেপদ)—বর্তমান কাল

…নম্	কুরুতে	কুরুষে	কুর্বে
…বিচনম্	কুর্বাতে	কুর্বাথে	কুর্বহে
বহুবচনম্	কুর্বতে	কুরুধ্বে	কুর্মহে

লোট্—(পরস্মৈপদ)

অনুজ্ঞা, প্রার্থনা

করোতু	কুরু	করবাণি
কুরুতাম্	কুরুতম্	করবাব
কুর্বন্তু	কুরুত	করবাম

লোট্—(আত্মনেপদ)

অনুজ্ঞা, প্রার্থনা

কুরুতাম্	কুরুষ্ব	করবৈ
কুর্বাতাম	কুর্বাথাম	করবাবহৈ
কুর্বতাম্	কুরুধ্বম্	করবামহৈ

লঙ্—(পরস্মৈপদ) অতীত কাল

অকরোৎ	অকরোঃ	অকরবম্
অকুরুতাম্	অকুরুতম্	অকুর্ব
অকুর্বন্	অকুরুত	অকুর্ম

লঙ্—(আত্মনেপদ) অতীত কাল

অকুরুত	অকুরুথাঃ	অকুর্বি
অকুর্বাতাম্	অকুর্বাথাম্	অকুর্বহি
অকুর্বত	অকুরুধ্বম্	অকুর্মহি

বিধিলিঙ্ (পরস্মৈপদ)

বিধি, ঔচিত্য

কুর্যাৎ	কুর্যাঃ	কুর্যাম্
কুর্যাতাম্	কুর্যাতম্	কুর্যাব
কুর্যুঃ	কুর্যাত	কুর্যাম

বিধিলিঙ্ (আত্মনেপদ)

বিধি, ঔচিত্য

কুর্বীত	কুর্বীথাঃ	কুর্বীয়
কুর্বীয়াতাম্	কুর্বীয়াথাম্	কুর্বীবহি
কুর্বীরন্	কুর্বীধ্বম্	কুর্বীমহি

লৃট্ (পরস্মৈপদ) ভবিষ্যৎ কাল			**লৃট্ (আত্মনেপদ)** ভবিষ্যৎ		
করিষ্যতি	করিষ্যসি	করিষ্যামি	করিষ্যতে	করিষ্যসে	[illegible]
করিষ্যতঃ	করিষ্যথঃ	করিষ্যাবঃ	করিষ্যেতে	করিষ্যে[illegible]	[illegible]
করিষ্যন্তি	করিষ্যথ	করিষ্যামঃ	করিষ্যন্তে	করিষ্য[illegible]	[illegible]

উপসর্গ-যোগে ও অন্যান্য **অব্যয়যোগে কৃ**-ধাতুর আ[illegible]ত হয় [illegible]

আবিঃ—কৃ = **আবিষ্করোতি**—আবিষ্কার করে। [illegible] **রোতি**—নমস্কার করে। পুরঃ—করোতি—**পুরস্করোতি**—পুরস্[illegible] বহিঃ—করোতি = **বহিষ্করোতি**—বহিষ্কৃত করে, expels, dri[illegible] তিরঃ—করোতি = **তিরস্করোতি**—তিরস্কার করে—rebukes.

অনুবাদের আদর্শ

দুর্জন কুকর্ম করে, উহার ফল ভোগ করেন সজ্জনেরা—**খলঃ করো[illegible] দুর্বৃত্তং নূনং ফলতি সাধুষু**। অহোরাত্র পুণ্য কাজ করিও—**কু[illegible] পুণ্যমহোরাত্রম্**। বল, তোমার কী প্রিয়কার্য করিতে পারি—**বদ কিং [illegible] প্রিয়ং করবাণি**। বিদ্যালাভের জন্য কঠোর শ্রম করা উচিত—**বিদ্যালাভার্থং কঠিনং শ্রমং কুর্যাৎ**। জ্ঞানলাভের জন্য আমি সযত্নে অধ্যয়ন করিব—**জ্ঞানলাভায় যত্নেনাহম্ অধ্যয়নং করিষ্যামি**। তিনি সর্বদা অপরের উপকার করেন, কখনও কাহারও অপকার করেন নাই—**স সদা অপরান্ উপকরোতি, ন কদাপি স কমপি অপাকরোৎ** (অপ—অকরোৎ)। ধন, জন ও যৌবনের গর্ব করিও না—**মা কুরু ধনজনযৌবনগর্বম্**।

ক্র্যাদি-গণীয় ধাতু

ক্র্যাদি—ক্রী (ধাতু) আদিতে যাহার

লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্—এই চারি বিভক্তিতে **ক্র্যাদি-গণীয়** ধাতুর উত্তর **না আগম** হয়। কোন কোন বিভক্তিতে **না**-স্থানে **নী** হয়।

ক্রী (ধাতু)—উভয়পদী—সকর্মক

(ক্রী—ক্রয় করা, to buy.)

[illegible]স্মৈপদ) বর্তমান কাল লট্ (আত্মনেপদ)

[illegible]	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
[illegible]	[illegible]ীণাসি	ক্রীণামি	ক্রীণীতে	ক্রীণীষে	ক্রীণে
[illegible]	[illegible]ণীথঃ	ক্রীণীবঃ	ক্রীণাতে	ক্রীণাথে	ক্রীণীবহে
[illegible]	[illegible]থ	ক্রীণীমঃ	ক্রীণতে	ক্রীণীধ্বে	ক্রীণীমহে

[illegible]) অনুজ্ঞা, প্রার্থনা লোট্ (আত্মনেপদ)

[illegible]	ক্রীণীহি	ক্রীণানি	ক্রীণীতাম্	ক্রীণীষ্ব	ক্রীণৈ
[illegible]	ক্রীণীতম্	ক্রীণাব	ক্রীণাতাম্	ক্রীণাথাম্	ক্রীণাবহৈ
[illegible]	ক্রীণীত	ক্রীণাম	ক্রীণতাম্	ক্রীণীধ্বম্	ক্রীণামহৈ

[illegible] পরস্মৈপদ) অতীতকাল লঙ্ (আত্মনেপদ)

অক্রীণাৎ	অক্রীণাঃ	অক্রীণাম্	অক্রীণীত	অক্রীণীথাঃ	অক্রীণি
অক্রীণীতাম্	অক্রীণীতম্	অক্রীণীব	অক্রীণাতাম্	অক্রীনাথাম্	অক্রীণীবহি
অক্রীণন্	অক্রীণীত	অক্রীণীম	অক্রীণত	অক্রীণীধ্বম্	অক্রীণীমহি

বিধিলিঙ্ (পরস্মৈপদ) বিধি, ঔচিত্য বিধিলিঙ্ (আত্মনেপদ)

ক্রীণীয়াৎ	ক্রীণীয়াঃ	ক্রীণীয়াম্	ক্রীণীত	ক্রীণীথাঃ	ক্রীণীয়
ক্রীণীয়াতাম্	ক্রীণীয়াতম্	ক্রীণীয়াব	ক্রীণীয়াতাম্	ক্রীণীয়াথাম্	ক্রীণীবহি
ক্রীণীয়ুঃ	ক্রীণীয়াত	ক্রীণীয়াম	ক্রীণীরন্	ক্রীণীধ্বম্	ক্রীণীমহি

লৃট্ (পরস্মৈপদ) ভবিষ্যৎ কাল লৃট্ (আত্মনেপদ)

ক্রেষ্যতি	ক্রেষ্যসি	ক্রেষ্যামি	ক্রেষ্যতে	ক্রেষ্যসে	ক্রেষ্যে
ক্রেষ্যতঃ	ক্রেষ্যথঃ	ক্রেষ্যাবঃ	ক্রেষ্যেতে	ক্রেষ্যেথে	ক্রেষ্যাবহে
ক্রেষ্যন্তি	ক্রেষ্যথ	ক্রেষ্যামঃ	ক্রেষ্যন্তে	ক্রেষ্যধ্বে	ক্রেষ্যামহে

গ্রহ্ (ধাতু)—উভয়পদী—সকর্মক

(গ্রহ—গ্রহণ করা, লওয়া, to take)

লট্ প্রভৃতি চারি বিভক্তিতে **গ্রহ** ধাতু-স্থানে **গৃহ্** হয়।

লট্ (পরস্মৈপদ) **লট্** (আত্মনেপদ)

গৃহ্ণাতি	গৃহ্ণাসি	গৃহ্ণামি	গৃহ্ণীতে	গৃহ্ণীষে	গৃহ্ণে
গৃহ্ণীতঃ	গৃহ্ণীথঃ	গৃহ্ণীবঃ	গৃহ্ণাতে	গৃহ্ণাথে	গৃহ্ণীবহে
গৃহ্ণন্তি	গৃহ্ণীথ	গৃহ্ণীমঃ	গৃহ্ণতে	গৃহ্ণীধ্বে	গৃহ্ণীমহে

(পরস্মৈপদ) লঙ্ (আত্মনেপদ)

...া	অজানাঃ	অজানাম্	অজানীত	অজানীথাঃ	অজানি
...	...জানীতম্	অজানীব	অজানাতাম	অজানাথাম্	অজানীবহি
...	...জানীত	অজানীম	অজানত	অজানীধ্বম্	অজানীমহি

(...স্মৈপদ) বিধিলিঙ্ (আত্মনেপদ)

একবচনম্ ...য়াঃ	জানীয়াম্	জানীত	জানীথাঃ	জানীয়
...তাম্	জানীয়াতম্	জানীয়াব	জানীয়াতাম্	জানীয়াথাম্	জানীবহি
বহু...	জানীয়াত	জানীয়াম	জানীরন্	জানীধ্বম্	জানীমহি

(পরস্মৈপদ) লৃট্ (আত্মনেপদ)

...স্যতি	জ্ঞাস্যসি	জ্ঞাস্যামি	জ্ঞাস্যতে	জ্ঞাস্যসে	জ্ঞাস্যে
জ্ঞাস্যতঃ	জ্ঞাস্যথঃ	জ্ঞাস্যাবঃ	জ্ঞাস্যেতে	জ্ঞাস্যেথে	জ্ঞাস্যাবহে
জ্ঞাস্যন্তি	জ্ঞাস্যথ	জ্ঞাস্যামঃ	জ্ঞাস্যন্তে	জ্ঞাস্যধ্বে	জ্ঞাস্যামহে

দ্রষ্টব্য :—উপসর্গ-যোগে কয়েকটি ধাতুর অর্থের পরিবর্তন—

শ্রু—শৃণোতি—শোনে। **প্রতিশৃণোতি**—প্রতিশ্রুতি দেয় (promises)।
ক্রী—ক্রীণাতি, ক্রীণীতে—ক্রয় করে। **বিক্রীণীতে**—বিক্রয় করে (sells)।
গ্রহ্—গৃহ্ণাতি—গ্রহণ করে। **অনুগৃহ্ণাতি**—অনুগ্রহ করে (favours)।
জ্ঞা—জানাতি—জানে। **অনুজানাতি**—অনুজ্ঞা করে, অনুমতি দেয়।

অনুবাদের আদর্শ

পর্যুষিত (বাসি) মাছ বা মাংস ক্রয় করিও না—**মা ক্রীণীহি মৎস্যং মাংসং বা পর্যুষিতম্।** দোকান হইতে এখন আমি কিছু মিষ্টি আম ক্রয় করিব—**আপনাৎ কতিপয়ানি স্বাদূনি আম্রাণি ইদানীমহং ক্রেষ্যামি।** এই দোকানদার তৈল ও বস্ত্র বিক্রয় করে—**অয়ম্ আপণিকঃ তৈলং বস্ত্রঞ্চ বিক্রীণীতে।** সকলেই জানে যে, পাপের ফল দুঃখ—**পাপাৎ জায়তে দুঃখমিতি সর্বে এব জানন্তি।** অসৎসঙ্গকে বিষতুল্য জানিবে এবং বিষবৎ বর্জন করিবে—**অসৎসঙ্গং বিষতুল্যং জানীয়াঃ বিষবৎ চ বর্জয়েঃ।** এই বস্তুটি

শ্রদ্ধার সহিত গ্রহণ কর—**দ্রব্যমেতৎ শ্রদ্ধয়া গৃহাণ**। আমি ... প্রসাধনের জন্য কতিপয় চিত্র সংগ্রহ করিব—**মম চিত্রগৃ... কতিপয়ানি চিত্রাণি অহং সংগ্রহীষ্যামি**।

অনুশীলনী

১। ধাতুরূপ লিখ :—

কৃ (লট্, উত্তমপুরুষ), ক্রী (লঙ্, প্রথমপুরুষ), গ্রহ্ ... জ্ঞা (বিধিলিঙ্, প্রথমপুরুষ), গ্রহ্ (লৃট্, উত্তমপুরুষ), কৃ (লঙ্, প্র...

২। সংস্কৃতে অনুবাদ কর :—

অপরের কাজ বিশেষ যত্নের সহিত (প্রযত্নেন) করিবে (কুর্যা... সহৃদয় ব্যক্তি সর্বদা প্রতিবেশীদের উপকার করিয়া থাকেন (প্রতি... উপকরোতি)। পুত্র-কন্যারা স্বভাবতঃই (স্বভাবেন) মাতা-পিতার অনু... করে (অনুকুর্বন্তি । দোকান হইতে আমি কিছু মূল্যবান্ জিনিস কিনি... আমাকে অনুগ্রহ করুন (অনুগৃহ্ণাতু), আমি আপনার বিপদে সহায় হই...। এই পণ্ডিত ব্যক্তি নানা শাস্ত্র জানেন।

রুধাদি-গণীয় ধাতু

রুধাদি—(রুধ্ (ধাতু) আদিতে যাহার)

লট্ প্রভৃতি চারি বিভক্তিতে **রুধাদি-গণীয়** ধাতুর অন্ত্যস্বরের পর **ন্ আগম** হয়।

ভুজ্ (ধাতু)—উভয়পদী—সকর্মক

দ্রষ্টব্য : **পরস্মৈপদে ভুজ্** (ধাতুর) অর্থ—**পালন করা**, to protect।

আত্মনেপদ ভুজ্ (ধাতুর) অর্থ—**ভোজন করা**, খাওয়া, to eat এবং **ভোগ করা**, to enjoy, to suffer।

ভুজ্ (ধাতু)—পালন করা—পরস্মৈপদ

লট্			লোট্		
ভুনক্তি	ভুনক্ষি	ভুনজ্মি	ভুনক্তু	ভুঙ্‌গ্ধি	ভুনজানি
ভুঙ্‌ক্তঃ	ভুঙ্‌ক্থঃ	ভুঞ্জ্বঃ	ভুঙ্‌ক্তাম্	ভুঙ্‌ক্তম্	ভুনজাব
ভুঞ্জন্তি	ভুঙ্‌ক্থ	ভুঞ্জ্মঃ	ভুঞ্জন্তু	ভুঙ্‌ক্ত	ভুনজাম

লঙ্			বিধিলিঙ্		
অভুনক্	অভুনক্	অভুনজম্	ভুঞ্জ্যাৎ	ভুঞ্জ্যাঃ	ভুঞ্জ্যাম্
[illegible]	অভুঙ্‌ক্তম্	অভুঞ্জ্ব	ভুঞ্জ্যাতাম্	ভুঞ্জ্যাতম্	ভুঞ্জ্যাব
[illegible]	অভুঙ্‌ক্ত	অভুঞ্জ্ম	ভুঞ্জ্যুঃ	ভুঞ্জ্যাত	ভুঞ্জ্যাম

[illegible]ক্ষ্যতি ভোক্ষ্যতঃ ভোক্ষ্যন্তি। ভোক্ষ্যসি ভোক্ষ্যথঃ ভোক্ষ্যথ। [illegible]ক্ষ্যাবঃ ভোক্ষ্যামঃ।

[illegible] ধাতু)—ভোজন করা, to eat, ভোগ করা, to enjoy—আত্মনেপদ

লট্			লোট্		
[illegible]ক্তে	ভুঙ্‌ক্ষে	ভুঞ্জে	ভুঙ্‌ক্তাম্	ভুঙ্‌ক্ষ্ব	ভুনজৈ
[illegible]াতে	ভুঞ্জাথে	ভুঞ্জ্বহে	ভুঞ্জাতাম্	ভুঞ্জাথাম	ভুনজাবহৈ
ভুঞ্জতে	ভুঙ্গ্‌ধ্বে	ভুঞ্জ্মহে	ভুঞ্জতাম্	ভুঙ্গ্‌ধ্বম্	ভুনজামহৈ

লঙ্			বিধিলিঙ্		
অভুঙ্‌ক্ত	অভুঙ্ক্‌থাঃ	অভুঞ্জি	ভুঞ্জীত	ভুঞ্জীথাঃ	ভুঞ্জীয়
অভুঞ্জাতাম্	অভুঞ্জাথাম্	অভুঞ্জ্‌বহি	ভুঞ্জীয়াতাম্	ভুঞ্জীয়াথাম্	ভুঞ্জীবহি
অভুঞ্জত	অভুঙ্গধ্বম্	অভুঞ্জ্‌মহি	ভুঞ্জীরন্	ভুঞ্জীধ্বম্	ভুঞ্জীমহি

লৃট—ভোক্ষ্যতে ভোক্ষ্যেতে ভোক্ষ্যন্তে। ভোক্ষ্যসে ভোক্ষ্যেথে ভোক্ষ্যধ্বে। ভোক্ষ্যে ভোক্ষ্যাবহে ভোক্ষ্যামহে।

যুজ্ (ধাতু)—উভয়পদী—সকর্মক

(যুজ্ ধাতু—যুক্ত করা, to unite)

পরস্মৈপদ

লট্			লোট্		
যুনক্তি	যুনক্ষি	যুনজ্মি	যুনক্তু	যুঙ্‌গ্ধি	যুনজানি
যুঙ্‌ক্তঃ	যুঙ্ক্‌থঃ	যুঞ্জ্বঃ	যুঙ্‌ক্তাম	যুঙ্‌ক্তম্	যুনজাব
যুঞ্জন্তি	যুঙ্ক্‌থ	যুঞ্জ্মঃ	যুঞ্জন্তু	যুঙ্‌ক্ত	যুনজাম

লঙ্			বিধিলিঙ্		
অযুনক্	অযুনক্	অযুনজম্	যুঞ্জ্যাৎ	যুঞ্জ্যাঃ	যুঞ্জ্যাম্
অযুঙ্‌ক্তাম্	অযুঙ্‌ক্তম্	অযুঞ্জ্ব	যুঞ্জ্যাতাম্	যুঞ্জ্যাতম্	যুঞ্জ্যাব
অযুঞ্জন্	অযুঙ্‌ক্তম	অযুঞ্জ্ম	যুঞ্জ্যুঃ	যুঞ্জ্যাত	যুঞ্জ্যাম

লৃট্—যোক্ষ্যতি যোক্ষ্যতঃ যোক্ষ্যন্তি। যোক্ষ্যসি যোক্ষ্যথঃ যে[illegible] যোক্ষ্যামি যোক্ষ্যাবঃ যোক্ষ্যামঃ।

যুজ (ধাতু)—আত্মনেপদ

লট্

একবচনম্	যুঙ্‌ক্তে	যুঙ্‌ক্ষে	যু[illegible]
দ্বিবচনম্	যুঞ্জাতে	যুঞ্জাথে	[illegible]
বহুবচনম্	যুঞ্জতে	যুঙ্‌গ্ধ্বে	[illegible]

লোট্—যুঙ্‌ক্তাম, যুঞ্জাতাম্, যুঞ্জতাম। যুঙ্‌ক্ষ্ব, যুঞ্জাথাম, যু[illegible] যুনজৈ, যুনজাবহৈ, যুনজামহৈ।

লঙ্—অযুঙ্‌ক্ত, অযুঞ্জাতাম, অযুঞ্জত। অযুঙ্‌ক্থাঃ, অযুঞ্জাথাম, অ[illegible] অযুঞ্জি, অযুঞ্জ্বহি, অযুঞ্জ্মহি।

বিধিলিঙ্—যুঞ্জীত, যুঞ্জীয়াতাম্, যুঞ্জীরন্। যুঞ্জীথাঃ, যুঞ্জীয়া[illegible] যুঞ্জীধ্বম্। যুঞ্জীয়, যুঞ্জীবহি, যুঞ্জীমহি।

লৃট্—যোক্ষ্যতে, যোক্ষ্যেতে, যোক্ষ্যন্তে। যোক্ষ্যসে, যোক্ষ্যেথে, যোক্ষ্যধ্বে। যোক্ষ্যে, যোক্ষ্যাবহে, যোক্ষ্যামহে।

*ছিদ্ (ধাতু)—উভয়পদী—সকর্মক

(ছিদ্—ছেদন করা, ছিন্ন করা, to cut)

লট্ (পরস্মৈপদ)

একবচনম্	ছিনত্তি	ছিনৎসি	ছিনদ্মি
দ্বিবচনম	ছিন্তঃ	ছিন্থঃ	ছিন্দ্বঃ
বহুবচনম্	ছিন্দন্তি	ছিন্থ	ছিন্দ্মঃ

লোট্। ছিনত্তু, ছিন্তাম্, ছিন্দন্তু। ছিন্ধি, ছিন্তম্, ছিন্ত। ছিনদানি, ছিনদাব, ছিনদাম।

লঙ্। অচ্ছিনৎ, অচ্ছিন্তাম্, অচ্ছিন্দন্। অচ্ছিনঃ, অচ্ছিন্তম্, অচ্ছিন্ত। অচ্ছিনদম্, অচ্ছিন্দ্ব, অচ্ছিন্দ্ম।

বিধিলিঙ্। ছিন্দ্যাৎ, ছিন্দ্যাতাম্, ছিন্দ্যুঃ। ছিন্দ্যাঃ, ছিন্দ্যাতম্, ছিন্দ্যাত। ছিন্দ্যাম্, ছিন্দ্যাব, ছিন্দ্যাম।

* 'ছিদ্' ধাতুর আত্মনেপদের রূপ অত্যাবশ্যক নয় বলিয়া ইহার কেবল পরস্মৈপদের রূপ দেওয়া হইল।

ছেৎস্যতি, ছেৎস্যতঃ, ছেৎস্যন্তি। ছেৎস্যসি, ছেৎস্যথঃ, ছেৎস্যথ।
:স্যাবঃ, ছেৎস্যামঃ।

অনুবাদের আদর্শ

রাজ্য পালন করেন তিনিই শাসক—যঃ সুনিয়মেন রাজ্যং [illegible] নেতা (শাসনকর্তা)। চিকিৎসকেরা বলেন, রাত্রিকালে [illegible]—ন রাত্রৌ দধি ভুঞ্জীত ইতি ভিষজঃ বদন্তি।

[illegible] সুখ ভোগ করেন, দুর্বল শতদুঃখ ভোগ করিয়া [illegible]—বীরঃ এব সুখং ভুঙ্‌ক্তে দুর্বলস্তু দুঃখশতানি ভুঙ্‌ক্তে।
বহু[illegible]কে কর্মে নিয়োগ করা উচিত—কর্মসু কর্মক্ষমং নিযুঞ্জীত।

অনুশীলনী

[illegible] ধাতুরূপ লিখ :—
[illegible]জ্—পরস্মৈপদ (লট, প্রথমপুরুষ), যুজ্—পরস্মৈপদ (লোট্, মধ্যম-[illegible]), ছিদ্ (লট্, লঙ্, প্রথমপুরুষ)।

২। সংস্কৃতে অনুবাদ কর :—
হে সবল পুরুষ! আমাদিগকে এই বিপদ হইতে রক্ষা করুন (ভুনক্তু)। [illegible]কে রক্ষা করা বলবান লোকের কর্তব্য (ভুঞ্জ্যাৎ)। ধার্মিক ব্যক্তিগণ কখনও দুঃখ ভোগ করেন না (ভুঞ্জতে)। বীরপুরুষেরাই জীবনের প্রকৃত সুখ ভোগ করেন (ভুঞ্জতে)। এই তরুণ বৃক্ষটির পাতা ছিন্ন করিও না (মা ছিন্দি)। শকুন্তলা কখনও তপোবনের তরুদের পল্লব ছেদন করিতেন না (ন অচ্ছিনৎ)।

অদাদি-গণীয় ধাতু

অদাদি—অদ্ (ধাতু) আদিতে যাঁহার

***অদ্ (ধাতু)—পরস্মৈপদী**

(অদ্—খাওয়া, to eat)

লট্

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	অত্তি	অৎসি	অদ্মি
দ্বিবচনম্	অত্তঃ	অত্থঃ	অদ্বঃ
বহুবচনম্	অদন্তি	অত্থ	অদ্মঃ

* অদ্ ধাতু Syllabus বহির্ভূত। অদাদি-গণীয় প্রথম ধাতু বলিয়া ইহার লট্ বিভক্তির রূপ দেওয়া হইল।

যা (ধাতু)—পরস্মৈপদী—সকর্মক

(যা—যাওয়া, to go.)

লট্ (বর্তমান কাল)

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	
একবচনম্	যাতি	যাসি	
দ্বিবচনম্	যাতঃ	যাথঃ	
বহুবচনম্	যান্তি	যাথ	যাম

লোট্ (অনুজ্ঞা, প্রার্থনা)

যাতু	যাহি	যানি
যাতাম্	যাতম্	যাব
যান্তু	যাত	যাম

লঙ্ (অতীত কাল)

অযাৎ	অযাঃ	
অযাতাম্	অযাতম্	
অযুঃ, অযান্	অযাত	

বিধিলিঙ্ (বিধি, ঔচিত্য)

যায়াৎ	যায়াঃ	যায়াম্
যায়াতাম্	যায়াতম্	যায়াব
যায়ুঃ	যায়াত	যায়াম

লৃট্ (ভবিষ্যৎ কাল)

যাস্যতি	যাস্যসি	যাস্যা[illegible]
যাস্যতঃ	যাস্যথঃ	যাস্যা[illegible]
যাস্যন্তি	যাস্যথ	যাস্যা[illegible]

অস্ (ধাতু)—পরস্মৈপদী—অকর্মক

(অস্—থাকা, to be, to exist)

লট্

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	অস্তি	অসি	অস্মি
দ্বিবচনম্	স্তঃ	স্থঃ	স্বঃ
বহুবচনম্	সন্তি	স্থ	স্মঃ

লোট্

অস্তু	এধি	অসানি
স্তাম্	স্তম্	অসাব
সন্তু	স্ত	অসাম

লঙ্

আসীৎ	আসীঃ	আসম্
আস্তাম্	আস্তম্	আস্ব
আসন্	আস্ত	আস্ম

বিধিলিঙ্		লৃট্		
	স্যাম্	ভবিষ্যতি	ভবিষ্যসি	ভবিষ্যামি
	স্যাব	ভবিষ্যতঃ	ভবিষ্যথঃ	ভবিষ্যাবঃ
	স্যাম	ভবিষ্যন্তি	ভবিষ্যথ	ভবিষ্যামঃ

আস্ (ধাতু)—আত্মনেপদী—অকর্মক

(আস্—বসা, থাকা, to sit, to stay)

লট্

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	আস্তে	আস্সে	আসে
দ্বিবচনম্	আসাতে	আসাথে	আস্বহে
বহুবচনম্	আসতে	আধ্বে	আস্মহে

লোট্			লঙ্		
আস্তাম্	আস্স্ব	আসৈ	আস্ত	আস্থাঃ	আসি
আসাতাম্	আসাথাম্	আসাবহৈ	আসাতাম্	আসাথাম্	আস্বহি
আসতাম্	আধ্বম্	আসামহৈ	আসত	আধ্বম্	আস্মহি

বিধিলিঙ্			লৃট্		
আসীত	আসীথাঃ	আসীয়	আসিষ্যতে	আসিষ্যসে	আসিষ্যে
আসীয়াতাম্	আসীয়াথাম্	আসীবহি	আসিষ্যেতে	আসিষ্যেথে	আসিষ্যাবহে
আসীরন্	আসীধ্বম্	আসীমহি	আসিষ্যন্তে	আসিষ্যধ্বে	আসিষ্যামহে

লৃট্

জাগৃ (ধাতু)—পরস্মৈপদী—অকর্মক

(জাগৃ—জাগরিত হওয়া, to awake)

লট্

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	জাগর্তি	জাগর্ষি	জাগর্মি
দ্বিবচনম্	জাগৃতঃ	জাগৃথঃ	জাগৃবঃ
বহুবচনম্	জাগ্রতি	জাগৃথ	জাগৃমঃ

লোট্। জাগর্তু, জাগৃতাম্, জাগ্রতু। জাগৃহি, জাগৃতম্, ...
জাগরাণি, জাগরাব, জাগরাম।

লঙ্। অজাগঃ, অজাগৃতাম্, অজাগরুঃ। অজাগঃ, অজাগৃ...
অজাগরম্, অজাগৃব, অজাগৃম।

বিধিলিঙ্। জাগৃয়াৎ, জাগৃয়াতাম্, জাগৃয়ুঃ। জাগৃ...
জাগৃয়াত। জাগৃয়াম্, জাগৃয়াব, জাগৃয়াম।

লৃট্। জাগরিষ্যতি, জাগরিষ্যতঃ, জাগরিষ্য...
জাগরিষ্যথঃ, জাগরিষ্যথ। জাগরিষ্যামি, জাগরিষ্যাবঃ, জাগরিষ্যামঃ।

শাস্ (ধাতু)—পরস্মৈপদী—সকর্মক

(শাস্—শাসন করা, উপদেশ দেওয়া, to govern, to instruct)

লট্

একবচনম্	শাস্তি	শাস্সি	শাস্মি
দ্বিবচনম্	শিষ্টঃ	শিষ্ঠঃ	শিষ্বঃ
বহুবচনম্	শাসতি	শিষ্ঠ	শিষ্মঃ

লোট্। শাস্তু, শিষ্টাম্, শাসতু। শাধি, শিষ্টম্, শিষ্ট। শাসানি, শাসাব, শাসাম।

লঙ্। অশাৎ, অশিষ্টাম্, অশাসুঃ। অশাৎ, অশাঃ; অশিষ্টম্, অশিষ্ট। অশাসম্, অশিষ্ব, অশিষ্ম।

বিধিলিঙ্। শিষ্যাৎ, শিষ্যাতাম্, শিষ্যুঃ। শিষ্যাঃ শিষ্যাতম্, শিষ্যাত। শিষ্যাম্, শিষ্যাব, শিষ্যাম।

লৃট্। শাসিষ্যতি, শাসিষ্যতঃ, শাসিষ্যন্তি। শাসিষ্যসি, শাসিষ্যথঃ, শাসিষ্যথ। শাসিষ্যামি, শাসিষ্যাবঃ, শাসিষ্যামঃ।

হন্ (ধাতু)—পরস্মৈপদী—সকর্মক

(হন্—হত্যা করা, to kill)

লট্

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	হন্তি	হংসি	হন্মি
দ্বিবচনম্	হতঃ	হথঃ	হন্বঃ
বহুবচনম্	ঘ্নন্তি	হথ	হন্মঃ

[illegible]োট্। হন্তু, হতাম্, ঘ্নন্তু। জহি, হতম্, হত। হনানি, হনাব,

[illegible] হন্, অহতাম্, অঘ্নন্। অহন্, অহতম্, অহত। অহনম্,

[illegible] হন্যাৎ, হন্যাতাম্, হন্যুঃ। হন্যাঃ, হন্যাতম্, হন্যাত।
[illegible]ম।

[illegible]ি, হনিষ্যতঃ, হনিষ্যন্তি। হনিষ্য[illegible]স, হনিষ্যথঃ, হনিষ্যথ।
[illegible]নিষ্যামঃ।

বিদ্ (ধাতু)—পরস্মৈপদী—সকর্মক

(বিদ্—জানা, to know)

লট্

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	বেত্তি	বেৎসি	বেদ্মি
দ্বিবচনম্	বিত্তঃ	বিত্থঃ	বিদ্বঃ
বহুবচনম্	বিদন্তি	বিত্থ	বিদ্মঃ

লোট্। বেত্তু, বিত্তাম, বিদন্তু। বিদ্ধি, বিত্তম্, বিত্ত। বেদানি, [illegible]দাব, বেদাম।

লঙ্। অবেৎ, অবিত্তাম্, অবেদুঃ, অবিদন্। অবেঃ, অবেৎ; অবিত্তম্, অবিত্ত। অবেদম্, অবিদ্ব, অবিদ্ম।

বিধিলিঙ্—বিদ্যাৎ, বিদ্যাতাম্, বিদ্যুঃ। বিদ্যাঃ, বিদ্যাতম্, বিদ্যাত। বিদ্যাম্, বিদ্যাব, বিদ্যাম।

লৃট্—বেদিষ্যতি, বেদিষ্যতঃ, বেদিষ্যন্তি। বেদিষ্যসি, বেদিষ্যথঃ, বেদিষ্যথ। বেদিষ্যামি, বেদিষ্যাবঃ, বেদিষ্যামঃ।

শী (ধাতু)—আত্মনেপদী - অকর্মক

(শী—শোওয়া, ঘুমানো, to lie down, to sleep)

লট্

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	শেতে	শেষে	শয়ে
দ্বিবচনম্	শয়াতে	শয়াথে	শেবহে
বহুবচনম্	শেরতে	শেধ্বে	শেমহে

লোট্—শেতাম্, শয়াতাম্, শেরতাম্। শেষ্, শয়াথাম্, শেধ্বম্। [illegible] শয়াবহৈ, শয়ামহৈ।

লঙ্—অশেত, অশয়াতাম্, অশেরত। অশেথাঃ, অশয়া[illegible] অশয়ি, অশেবহি, অশেমহি।

বিধিলিঙ্—শয়ীত, শয়ীয়াতাম্, শয়ীরন্। শয়ীথাঃ শয়ীধ্বম্। শয়ীয়, শয়ীবহি, শয়ীমহি।

লৃট্—শয়িষ্যতে, শয়িষ্যেতে, শয়িষ্যন্তে। শ[illegible] শয়িষ্যধ্বে। শয়িষ্যে, শয়িষ্যাবহে, শয়িষ্যামহে।

দুহ্ (ধাতু)—উভয়পদী—সকর্মক

(দুহ্—দোহন করা, to milk)

লট্— পরস্মৈপদ

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	দোগ্ধি	ধোক্ষি	দোহ্মি
দ্বিবচনম্	দুগ্ধঃ	দুগ্ধঃ	দুহ্বঃ
বহুবচনম	দুহন্তি	দুগ্ধ	দুহ্মঃ

লোট্—দোগ্ধু, দুগ্ধাম্, দুহন্তু। দুগ্ধি, দুগ্ধম্, দুগ্ধ। দোহানি, দোহাব, দোহাম।

লঙ্—অধোক্, অদুগ্ধাম্, অদুহন্। অধোক্, অদুগ্ধম্, অদুগ্ধ। অদোহম্, অদুহ্ব, অদুহ্ম।

বিধিলিঙ্—দুহ্যাৎ, দুহ্যাতাম্, দুহ্যুঃ। দুহ্যাঃ, দুহ্যাতম্, দুহ্যাত। দুহ্যাম্, দুহ্যাব, দুহ্যাম।

লৃট্—ধোক্ষ্যতি, ধোক্ষ্যতঃ, ধোক্ষ্যন্তি। ধোক্ষ্যসি, ধোক্ষ্যথঃ, ধোক্ষ্যথ। ধোক্ষ্যামি, ধোক্ষ্যাবঃ, ধোক্ষ্যামঃ।

দুহ্ (আত্মনেপদ)

লট্—দুগ্ধে, দুহাতে, দুহতে। ধুক্ষে, দুহাথে, ধুগ্ধ্বে। দুহে, দুহ্বহে, দুহ্মহে।

(দুহ্ ধাতুর আত্মনেপদের রূপ অত্যাবশ্যক নয় বলিয়া মাত্র লট্ বিভক্তির রূপ দেওয়া হইল।)

ব্রূ (ধাতু)—উভয়পদী—সকর্মক

(ব্রূ—বলা, to tell, to speak)

লট্— পরস্মৈপদ

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
	ব্রবীতি	ব্রবীষি	ব্রবীমি
	ব্রূতঃ	ব্রূথঃ	ব্রূবঃ
একবচনম্	ব্রুবন্তি	ব্রূথ	ব্রূমঃ

লোট্—ব্রবীতু, ব্রূতাম্, ব্রুবন্তু। ব্রূহি, ব্রূতম্, ব্রূত। ব্রবাণি, ব্রবাব, ব্রবাম

লঙ্—অব্রবীৎ, অব্রূতাম্, অব্রুবন্। অব্রবীঃ, অব্রূতম্, অব্রূত। অব্রবম্, অব্রূম।

বিধিলিঙ্—ব্রূয়াৎ, ব্রূয়াতাম্, ব্রূয়ুঃ। ব্রূয়াঃ, ব্রূয়াতম্, ব্রূয়াত। ব্রূয়াম্, ব্রূযাব, ব্রূয়াম।

লৃট্—বক্ষ্যতি, বক্ষ্যতঃ, বক্ষ্যন্তি। বক্ষ্যসি, বক্ষ্যথঃ, বক্ষ্যথ। বক্ষ্যামি, বক্ষ্যাবঃ, বক্ষ্যামঃ।

লট্— আত্মনেপদ

একবচনম্	ব্রূতে	ব্রূষে	ব্রুবে
দ্বিবচনম্	ব্রুবাতে	ব্রুবাথে	ব্রূবহে
বহুবচনম্	ব্রুবতে	ব্রূধ্বে	ব্রূমহে

লোট্—ব্রূতাম্, ব্রুবাতাম্, ব্রুবতাম্। ব্রূষ, ব্রুবাথাম্, ব্রূধ্বম্। ব্রবৈ, ব্রবাবহৈ, ব্রবামহৈ।

লঙ্—অব্রূত, অব্রুবাতাম্, অব্রুবত। অব্রূথাঃ, অব্রুবাথাম্, অব্রূধ্বম্। অব্রুবি, অব্রূবহি, অব্রূমহি।

বিধিলিঙ্—ব্রুবীত, ব্রুবীয়াতাম্, ব্রুবীরন্। ব্রুবীথাঃ, ব্রুবীয়াথাম্, ব্রুবীধ্বম্। ব্রুবীয়, ব্রুবীবহি, ব্রুবীমহি।

লৃট্—বক্ষ্যতে, বক্ষ্যেতে, বক্ষ্যন্তে। বক্ষ্যসে, বক্ষ্যেথে, বক্ষ্যধ্বে। বক্ষ্যে, বক্ষ্যাবহে, বক্ষ্যামহে।

অদাদি-গণীয় কয়েকটি প্রচলিত ধাতুর রূপ—

***রুদ্ (ধাতু)—পরস্মৈপদী—অকর্মক**

(রুদ্—রোদন করা, কাঁদা, to weep)

লট্

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ
একবচনম্	রোদিতি	রোদিষি
দ্বিবচনম্	রুদিতঃ	রুদিথঃ
বহুবচনম্	রুদন্তি	রুদিথ

লৃট্—রোদিষ্যতি, রোদিষ্যতঃ, রোদিষ্যন্তি। রোদিষ্যসি, রোদিষ্যথ। রোদিষ্যামি, রোদিষ্যাবঃ, রোদিষ্যামঃ।

***অধি—ই (ধাতু)—আত্মনেপদী—সকর্মক**

(অধি—ই—অধ্যয়ন করা, পাঠ করা, to read)

লট্

একবচনম্	অধীতে	অধীষে	অধীয়ে
দ্বিবচনম্	অধীয়াতে	অধীয়াথে	অধীবহে
বহুবচনম্	অধীয়তে	অধীধ্বে	অধীমহে

লৃট্। অধ্যেষ্যতে, অধ্যেষ্যেতে, অধ্যেষ্যন্তে। অধ্যেষ্যসে, অধ্যেষ্যেথে, অধ্যেষ্যধ্বে। অধ্যেষ্যে, অধ্যেষ্যাবহে, অধ্যেষ্যামহে।

দ্রষ্টব্য ঃ উপসর্গ-যোগে কয়েকটি ধাতুর **অর্থের পরিবর্তন**—

আস্ (ধাতু)—আস্তে—থাকে। অধি—আস্তে—**অধ্যাস্তে**—বাস করে।

যা (ধাতু)—যাতি—যায়। **অনুযাতি**—অনুগমন করে—follows।

ই (ধাতু)—এতি—গমন করে। উৎ—এতি—**উদেতি**—উদিত হয় (rises)। সূর্যঃ পূর্বস্যাং দিশি **উদেতি**।

হন্ (ধাতু)—হন্তি—বধ করে। আ—হন্—**আহন্তি, আহতে**—আঘাত করে (strikes)। স ক্রোধাৎ **মম শিরঃ আহন্তি স্ম**। স দুঃখাৎ **স্ব শিরঃ আহতে স্ম**।

* Syllabus-এ এই ধাতু দুইটির উল্লেখ নাই। প্রচলিত ধাতু বলিয়া জিজ্ঞাসু ছাত্র-ছাত্রীদের জন্য ইহাদের লট্ ও লৃট্ বিভক্তির রূপ প্রদত্ত হইল।

অনুবাদের আদর্শ

...হিমালয় নামে পর্বতগণের রাজা রহিয়াছেন—**অস্তি উত্তরস্যাং** ...**নাম নগাধিরাজঃ।** তুমি আমার পরম বন্ধু; বিপদে তুমি ...সি (ত্বম্ অসি) **মে পরমং মিত্রং, বিপদি ত্বমসি মে** ...তিদিনের বেলা নিদ্রা যায় তাহারা স্বাস্থ্যহীন হয়—**যে দিবা** ...**স্থ্যেন হীনাঃ ভবন্তি।** কৃষ্ণ অর্জুনকে বলিয়াছিলেন, ..., বিষণ্ণ হইও না, শোক করিও না'—**অর্জুন! মা যাহি বিষাদং,** ...**শোকমিতি কৃষ্ণঃ অব্রবীৎ অর্জুনম্।** শিক্ষক ছাত্রদিগকে ...খাইতেছেন—**শিক্ষকঃ ছাত্রান্ ব্যাকরণং শাস্তি।** হে বীর, ...ং শত্রু বিনাশ কর—**জাগৃহি, বীর! শত্রুং চ জহি।** যে নিজেকে সে-ই অপরকে শিখাইতে পারে—**যঃ আত্মানং বেত্তি স হি অপরান্** ...**্যাৎ।** আজকাল ছাত্ররা নানাশাস্ত্র অধ্যয়ন করে—**অধুনা নানাশাস্ত্রাণি ছাত্রাঃ অধীয়তে।**

অনুশীলনী

১। ধাতুরূপ লিখ :—

অস্ (লঙ্), আস্ (লট্), জাগৃ (লোট্), শাস্ (লট্, লোট), হন্ (লট্, লোট্), বিদ্ (লোট্, লৃট্), ব্রূ (লট, লঙ্)।

৩। সংস্কৃতে অনুবাদ কর :—

পুরাকালে ভারতবর্ষে শিবি নামে একজন দাতা ছিলেন (আসীৎ)। রাজা দশরথের চারিটি পুত্র ছিল (আসন্)। এই বিদ্যালয়ে অনেক ছাত্র আছে (সন্তি)। ভারতবর্ষের অধিকাংশ লোক গ্রামে বাস করে (আসতে, অধ্যাসতে)। স্বাস্থ্যবান্ লোক যথাসময় নিদ্রা যায় (নিদ্রাং যাতি) এবং যথাসময় জাগে (জাগর্তি)। হে বীর! জাগো এবং শত্রু বিনাশ কর (জহি)। নিজেকে জানো, (বিদ্ধি) ইহা ঋষিদের বাক্য। অর্জুন বলিয়াছিলেন, (অব্রবীৎ) 'হে কৃষ্ণ! আমাকে ধর্ম শিক্ষা দাও' (শাধি)।

হ্বাদি-গণীয় ধাতু

ভী (ধাতু)—পরস্মৈপদী—অকর্মক

(ভী—ভীত হওয়া, to be afraid)

লট্

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	[illegible]
একবচনম্	বিভেতি	বিভেষি	[illegible]
দ্বিবচনম্	বিভীতঃ, বিভিতঃ	বিভীথঃ, বিভিথঃ	বিভীব[illegible]
বহুবচনম্	বিভ্যতি	বিভীথ, বিভিথ	বিভী[illegible]

লোট্

একবচনম্	বিভেতু	বিভিহি, বিভীহি	বিভয়া[illegible]
দ্বিবচনম্	বিভীতাম্, বিভিতাম্	বিভিতম্, বিভীতম্	বিভয়াব
বহুবচনম্	বিভ্যতু	বিভিত, বিভীত	বিভিয়াম

লঙ্। অবিভেৎ, অবিভিতাম/অবিভীতাম্, অবিভয়ুঃ। অবিভে[illegible], অবিভিতম্/অবিভীতম্, অবিভিত/অবিভীত। অবিভয়ম্, অবিভিব/অবিভী[illegible], অবিভিম/অবিভীম।

বিধিলিঙ্। বিভিয়াৎ/বিভীয়াৎ, বিভিয়াতাম্/বিভীয়াতাম্, বিভিয়ুঃ/বিভীয়ুঃ। বিভিয়াঃ/বিভীয়াঃ, বিভিয়াতম্/বিভীয়াতম্, বিভিয়াত/বিভীয়াত। বিভিয়াম্/বিভীয়াম্, বিভিয়াব/বিভীয়াব, বিভিয়াম/বিভীয়াম।

লৃট্। ভেষ্যতি, ভেষ্যতঃ, ভেষ্যন্তি। ভেষ্যসি, ভেষ্যথঃ, ভেষ্যথ। ভেষ্যামি, ভেষ্যাবঃ, ভেষ্যামঃ।

দা (ধাতু)—উভয়পদী—সকর্মক

(দা—দেওয়া, to give)

লট্ (পরস্মৈপদ)

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	দদাতি	দদাসি	দদামি
দ্বিবচনম্	দত্তঃ	দত্থঃ	দদ্বঃ
বহুবচনম্	দদতি	দত্থ	দদ্মঃ

লোট্—দদাতু, দত্তাম্, দদতু। দেহি, দত্তম্, দত্ত। দদানি, দদাব, দদাম।

লঙ্—অদদাৎ, অদত্তাম্, অদদুঃ। অদদাঃ, অদত্তম্, অদত্ত। অদদাম্,

বিধিলিঙ্—দদ্যাৎ, দদ্যাতাম্, দদ্যুঃ। দদ্যাঃ, দদ্যাতম্, দদ্যাত

দ্যাম।

ত্তি, দাস্যতঃ দাস্যন্তি। দাস্যসি, দাস্যথঃ, দাস্যথ। দাস্যামি,

লট—(আত্মনেপদ)

একবচনম্			
দ্বিব			
বহুবচনম্	দত্তে	দৎসে	দদে
ম্	দদাতে	দদাথে	দদ্বহে
চনম্	দদতে	দদ্ধ্বে	দদ্মহে

লোট্—দত্তাম্, দদাতাম্, দদতাম্। দৎস্ব, দদাথাম্, দদ্ধ্বম্। দদৈ,

দাবহৈ, দদামহৈ।

লঙ্—অদত্ত, অদদাতাম্, অদদত। অদত্থাঃ, অদদাথাম্, অদদ্ধ্বম্।

অদদি, অদদ্বহি, অদদ্মহি।

বিধিলিঙ্—দদীত, দদীয়াতাম্, দদীরন্। দদীথাঃ, দদীয়াথাম্, দদীধ্বম্,

দদীয়, দদীবহি, দদীমহি।

লৃট্—দাস্যতে, দাস্যেতে, দাস্যন্তে। দাস্যসে, দাস্যেথে, দাস্যধ্বে।

দাস্যে, দাস্যাবহে, দাস্যামহে।

দ্রষ্টব্য : উপসর্গ-যোগে দা ধাতুর অর্থের পরিবর্তন হয়; যথা—

দা—দদাতি, দত্তে—দান করে। আদত্তে—গ্রহণ করে (takes)।

অনুবাদের আদর্শ

বিদ্যা বিনয় দান করে—**বিদ্যা দদাতি বিনয়ম্**। যাহারা দরিদ্রদিগকে ধন দান করেন তাঁহারা মনে শান্তি অনুভব করেন—**যে দরিদ্রেভ্যঃ ধনং দদতি তে মনসি সুখমনুভবন্তি**। দেশবন্ধু দেশের মঙ্গলের জন্য সর্বস্ব দান করিয়াছিলেন—**দেশবন্ধুঃ দেশস্য হিতায় সর্বস্বম্ অদদাৎ**। বীরপুরুষ মৃত্যুকে ভয় করেন না—**ন বিভেতি মরণাৎ বীরপুরুষঃ**। হে দেবি!

আমাকে বিদ্যা দাও, জ্ঞান দাও, শক্তি দাও; আমার দুর্বলতা বিনাশ কর—
দেবি! বিদ্যাং মে দেহি, জ্ঞানং দেহি, শক্তিং দেহি, জহি দৌর্বল্যম্।

অনুশীলনী

১। ধাতুরূপ লিখ :—

ভী (লট্, প্রথমপুরুষ), দা (পরস্মৈপদ—লট্, লঙ্, বিধিলিঙ্, মধ্যমপুরুষ), দা (লোট্, মধ্যমপুরুষ)।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

ধনীরা তীর্থক্ষেত্রে ভিক্ষুকদিগকে ধন দান করিতেছেন (দদতি)। দেশের মঙ্গলের জন্য তাঁহার অর্জিত সমস্ত ধন (অর্জিতং সর্বস্বম্) দান করিয়াছিলেন। জনহিতকর কাজের জন্য ধনীদের স্বোপার্জিত ধনের কিছু দান করা উচিত (স্বোপার্জিতস্য ধনস্য কিয়দংশম্)। বীরপুরুষ বা বীর নারী বিপদে ভীত হন না (বিপদঃ ন বিভেতি)। হে যুবক (যুবন্), বিপদে ভীত হইও না (মা বিভিহি)।

লঙ্, লিট্, লুঙ্* (অতীত কাল, Past Tense)

১। **অতীতকালের ক্রিয়া বুঝাইলে** ধাতুর উত্তর **লঙ্, লিট্, লুঙ্**— এই সকল বিভক্তির প্রয়োগ হয়। যথা—

অযোধ্যায় দশরথ নামে এক রাজা ছিলেন—অযোধ্যায়াং দশরথ ইতি খ্যাতো নৃপতিঃ **অভবৎ (বভূব, অভূৎ)**।

২। **অনদ্যতনে লঙ্**। অনদ্যতন অর্থাৎ কোন কার্য অদ্যকার পূর্বে সম্পন্ন হইয়াছে, এইরূপ বুঝাইলে ধাতুর উত্তর লঙ্ হয়। যথা—

গতকল্য আমার পিতা বিদেশ হইতে গৃহে প্রত্যাগমন করিয়াছেন—**হ্যঃ** পিতা মে বিদেশাৎ গৃহং **প্রত্যাগচ্ছৎ** (প্রতি—আগচ্ছৎ)।

[লঙ্-এর প্রয়োগ ও ধাতুরূপ পূর্বেই শিখানো হইয়াছে।]

লিট্—অতীতকাল

১। **পরোক্ষে লিট্**। **পরোক্ষ** বুঝাইলে, অর্থাৎ **বক্তার অগোচরে**

---

* লঙ্, লিট্, লুঙ্—ইহাদের মধ্যে **লুঙ্** syllabus **বহির্ভূত**।

[illegible]সম্পাদিত হইয়াছে—এইরূপ বুঝাইলে ধাতুর উত্তর **অতীতকালে লিট্**
[illegible] যথা—বশিষ্ঠ নামে একজন মহর্ষি ছিলেন—বশিষ্ঠো নাম মহর্ষিঃ
[illegible]ভুব। রাম রাবণকে বধ করিয়াছিলেন—রামঃ রাবণং **জঘান**।

লিট্ বিভক্তির আকৃতি

লিট্—(পরস্মৈপদ)—অতীতকাল

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	অ	থ	অ
দ্বিবচনম্	অতুস্	অথুস্	ব
বহুবচনম্	উস্	অ	ম

লিট্—(আত্মনেপদ)—অতীতকাল

একবচনম্	এ	সে	এ
দ্বিবচনম্	আতে	আথে	বহে
বহুবচনম্	ইরে	ধ্বে	মহে

কয়েকটি ধাতুর লিট্ বিভক্তির রূপ

ভু (ধাতু)—পরস্মৈপদী—অকর্মক

(ভূ—হওয়া, to be)

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	বভূব	বভূবিথ	বভূব
দ্বিবচনম্	বভূবতুঃ	বভূবথুঃ	বভূবিব
বহুবচনম্	বভূবুঃ	বভূব	বভূবিম

দ্রষ্টব্য ঃ **লিট্** বিভক্তিতে **'অস্'** ধাতু-স্থানে **ভু** হয়; সুতরাং **অস্**-ধাতুর **ভু**-ধাতুর মত **রূপ** হয়।

অস্ (হওয়া, to be)—বভূব, বভূবতুঃ, বভূবুঃ ইত্যাদি।

গম্ (ধাতু)—পরস্মৈপদী—সকর্মক

(গম্—যাওয়া, to go)

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	জগাম	জগামিথ, জগন্থ	জগাম, জগম
দ্বিবচনম্	জগ্মতুঃ	জগ্মথুঃ	জগ্মিব
বহুবচনম্	জগ্মুঃ	জগ্ম	জগ্মিম

দৃশ্ (ধাতু)—পরস্মৈপদী—সকর্মক
(দৃশ—দেখা, to see)

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	দদর্শ	দদর্শিথ, দদ্রষ্ট	দদর্শ
দ্বিবচনম্	দদৃশতুঃ	দদৃশথুঃ	দদৃশিব
বহুবচনম্	দদৃশুঃ	দদৃশ	দদৃশিম

বচ্ (ধাতু)—পরস্মৈপদী—সকর্মক
(বচ্—বলা, to speak)

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	উবাচ	উবচিথ, উবক্থ	উবাচ, উবচ
দ্বিবচনম্	ঊচতুঃ	ঊচথুঃ	ঊচিব
বহুবচনম্	ঊচুঃ	ঊচ	ঊচিম

হন্ (ধাতু)—পরস্মৈপদী—সকর্মক
(হন্—বধ করা, to kill)

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	জঘান	জঘনিথ, জঘন্থ	জঘান, জঘন
দ্বিবচনম্	জঘ্নতুঃ	জঘ্নথুঃ	জঘ্নিব
বহুবচনম্	জঘ্নুঃ	জঘ্ন	জঘ্নিম

যা (ধাতু)—পরস্মৈপদী—সকর্মক
(যা—যাওয়া, to go)

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	যযৌ	যযিথ, যযাথ	যযৌ
দ্বিবচনম্	যযতুঃ	যযথুঃ	যযিব
বহুবচনম্	যযুঃ	যয	যযিম

স্থা (ধাতু)—থাকা, (to stay)

স্থা (পরস্মৈপদী)—তস্থৌ, তস্থতু, তস্থুঃ। তস্থিথ। তস্থাথ, তস্থথুঃ, তস্থ। তস্থৌ, তস্থিব, তস্থিম।

পা (ধাতু)—পান করা, (to drink)

পা (পরস্মৈপদী)—পপৌ, পপতুঃ, পপুঃ। পপিথ/পপাথ, পপথুঃ, পপ। পপৌ, পপিব, পপিম।

পত্ (ধাতু)—পতিত হওয়া, (to fall)

পত্ (পরস্মৈপদী)—পপাত, পেততুঃ, পেতুঃ। পেতিথ, পেতথুঃ, পেত। পপাত/পপত, পেতিব, পেতিম।

গ্রহ্ (ধাতু)—উভয়পদী—সকর্মক

(গ্রহ্—গ্রহণ করা, to take)

পরস্মৈপদ

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম	জগ্রাহ	জগ্রহিথ	জগ্রাহ, জগ্রহ
দ্বিবচনম্	জগৃহতুঃ	জগৃহথুঃ	জগৃহিব
বহুবচনম্	জগৃহুঃ	জগৃহ	জগৃহিম

গ্রহ্—আত্মনেপদ

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	জাগৃহে	জগৃহিষে	জগৃহে
দ্বিবচনম্	জগৃহাতে	জগৃহাথে	জগৃহিবহে
বহুবচনম্	জগৃহিরে	জগৃহিধ্বে	জগৃহিমহে

দা (ধাতু)—উভয়পদী—সকর্মক

(দা —দেওয়া, to give)

পরস্মৈপদ

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	দদৌ	দদিথ, দদাথ	দদৌ
দ্বিবচনম্	দদতুঃ	দদথুঃ	দদিব
বহুবচনম্	দদুঃ	দদ	দদিম

কৃ (ধাতু)—উভয়পদী—সকর্মক

(কৃ—করা, to do)

পরস্মৈপদ

	প্রথমপুরুষঃ	মধ্যমপুরুষঃ	উত্তমপুরুষঃ
একবচনম্	চকার	চকর্থ	চকার, চকর
দ্বিবচনম্	চক্রতুঃ	চক্রথুঃ	চকৃব
বহুবচনম্	চক্রুঃ	চক্র	চকৃম

আত্মনেপদ

কৃ (ধাতু)—চক্রে, চক্রাতে, চক্রিরে। চকৃষে, চক্রাথে, চকৃঢ্বে (চকৃঢে)।
চক্রে, চকৃবহে, চকৃমহে।

২। **লিট্** বিভক্তিতে **চুরাদী-গণীয়** ধাতুর উত্তর এবং **ণিজন্ত, সনন্ত** প্রভৃতি ধাতুর উত্তর **আম্** প্রত্যয় হয়। **আম্** প্রত্যয়ের উত্তর **কৃ, ভু, অস্** * এই তিনটি ধাতুর অনুপ্রয়োগ হয় ও লিট্-এর কার্য হয়। যথা—

চিন্ত্ (ধাতু)—চুরাদী-গণীয়

লট্—চিন্তয়তি—চিন্তা করে, thinks।

লিট্—চিন্ত্ + আম্—চিন্তয়াম্ + চকার—চিন্তয়াঞ্চকার। চিন্ত্ + আম্—চিন্তয়াম্ + বভুব—চিন্তয়াম্বভুব। চিন্ত্ + আম্—চিন্তয়াম্ + আস্—চিন্তয়ামাস।

দ্রষ্টব্য : এই তিনটি ক্রিয়াপদের অর্থ একই—**চিন্তা করিয়াছিল** (প্রথম-পুরুষ, একবচন—**পরোক্ষে লিট্**)।

লিট্ বিভক্তিতে চিন্ত্' ধাতুর প্রথমপুরুষের সকল বচনের রূপ—পরস্মৈপদী

প্রথমপুরুষ

একবচনম্	চিন্তয়াঞ্চকার	চিন্তয়াম্বভুব	চিন্তয়ামাস
দ্বিবচনম্	চিন্তয়াঞ্চক্রতুঃ	চিন্তয়াম্বভুবতুঃ	চিন্তয়ামাসতুঃ
বহুবচনম্	চিন্তয়াঞ্চক্রুঃ	চিন্তয়াম্বভুবু	চিন্তয়ামাসুঃ

---

* লিট্ বিভক্তিতে অস্ (হওয়া, to be) ধাতুর রূপ ভু ধাতুর মতো; ইহার আর একটি রূপ—আস, আসতুঃ, আসুঃ—এই প্রয়োগ প্রচলিত নহে, কিন্তু আম্ প্রত্যয় হইলে ইহার প্রয়োগ হইবে।

(চুরাদী-গণীয় আরও কয়েকটি জ্ঞাতব্য ধাতুর রূপ)

কথ্ (ধাতু) লট্—কথয়তি (বলে, speaks)।

কথ্ (ধাতু) লিট্—কথয়াঞ্চকার, কথয়াঞ্চক্রতুঃ, কথয়াঞ্চক্রুঃ। কথয়াম্বভূব, কথয়াম্বভূবতুঃ, কথয়াম্বভূবুঃ। কথয়ামাস, কথয়ামাসতুঃ, কথয়ামাসুঃ।

পাল্ (ধাতু) লট্—পালয়তি (পালন করে)।

লিট্—পালয়াঞ্চকার, পালয়াম্বভূব, পালয়ামাস ইত্যাদি।

পূজ্ (ধাতু) লট্—পূজয়তি (পূজা করে)।

লিট্—পূজয়াঞ্চকার, পূজয়াম্বভূব, পূজয়ামাস ইত্যাদি।

রচ্ (ধাতু) লট্—রচয়তি (রচনা করে, writes)।

লিট—রচয়াঞ্চকার, রচয়াম্বভূব, রচয়ামাস ইত্যাদি।

চুরাদী-গণীয় ছাড়া কয়েকটি ধাতুর

লিট্-এর প্রথম পুরুষের রূপ—

পঠ্ (পড়া)—পপাঠ, পেঠতুঃ, পেঠুঃ।

শক্ (সক্ষম হওয়া)—শশাক, শেকতুঃ, শেকুঃ।

সৃজ্ (সৃষ্টি করা)—সসর্জ, সসৃজতুঃ, সসৃজুঃ।

হৃ (হরণ করা)—জহার, জহ্রতুঃ, জহ্রুঃ।

মৃ (মরিয়া যাওয়া)—মমার, মম্রতুঃ, মম্রুঃ।

ব্রূ (বলা) বা বচ্ (বলা)—উবাচ, ঊচতুঃ, ঊচুঃ।

ত্যাজ্ (ত্যাগ করা)—তত্যাজ, তত্যজতুঃ, তত্যজুঃ।

৩। পূর্বেই বলা হইয়াছে 'পরোক্ষে লিট্' হয়, অর্থাৎ প্রথম পুরুষ ও মধ্যম পুরুষের ক্রিয়ায় অতীতকালে লিট্ হয়, উত্তম পুরুষে লিট্ হয় না। কিন্তু কোন কোন স্থলে উত্তমপুরুষে লিট্ ব্যবহৃত হয়। যথা—

চিত্তবিক্ষেপে উত্তমপুরুষে লিট্। চিত্তবিক্ষেপ, মতিভ্রম্ বুঝাইলে উত্তমপুরুষে লিট্ হয়। যথা—সুপ্ত অবস্থায় আমি বস্তুতঃ বিলাপ করিয়াছিলাম—সুপ্তঃ অহং কিল বিললাপ। মত্ত অবস্থায় আমি ইতস্ততঃ ভ্রমণ করিয়াছিলাম—মত্তোঽহম্ ইতস্ততঃ বভ্রাম।

অনুবাদের আদর্শ

পুরাকালে অযোধ্যায় দশরথ নামে এক মহাবীর নরপতি ছিলেন—**পুরা অযোধ্যায়াং দশরথ ইতি খ্যাতো মহাবীরঃ নরপতি র্বভুব।** রামচন্দ্র পিতৃসত্য পালনের নিমিত্ত সীতা ও লক্ষ্মণের সহিত বনে গিয়াছিলেন—**রামচন্দ্রঃ পিতৃসত্যপালনার্থং সীতয়া লক্ষ্মণেন চ সহ বনং জগাম।** শরৎকালে রামচন্দ্র দণ্ডকারণ্যের অদৃষ্টপূর্ব শ্যামল শোভা সানন্দে দেখিয়াছিলেন—**শরদি রামচন্দ্রঃ দণ্ডকারণ্যস্য অদৃষ্টপূর্বং শ্যামলাং শ্রিয়ং সানন্দং দদর্শ।** একদা দুষ্টমতি রাবণ ছদ্মবেশে সীতাকে কুটীর হইতে হরণ করিয়াছিল—**একদা দুষ্টমতিঃ রাবণঃ ছদ্মবেশং কৃত্বা সীতাং কুটিরাৎ জহার।** মহর্ষি বাল্মীকি রামচরিত অবলম্বন করিয়া রামায়ণ রচনা করিয়াছিলেন—**মহর্ষিঃ বাল্মীকিঃ রামচরিতম্ অবলম্ব্য রামায়ণং রচয়ামাস।** অর্জুন কৃষ্ণকে বলিলেন, হে অচ্যুত, উভয় সেনাদলের মধ্যে আমার রথ স্থাপন কর।'—**অচ্যুত! উভয়োঃ সেনয়োঃ মধ্যে রথং মে স্থাপয় ইতি অর্জুনঃ উবাচ কৃষ্ণম্।** ঐ ছাত্রটি কঠোর শ্রম করিয়া পরীক্ষায় আশ্চর্য সাফল্য লাভ করিয়াছিল—**অসৌ ছাত্রঃ কঠিনং শ্রমং চকার পরীক্ষায়াঞ্চ আশ্চর্যং সাফল্যং লেভে।**

অনুশীলনী

১। লিট্ বিভক্তিতে কী রূপ হইবে লিখ :—

ভূ+উস্, গম্+থ, দৃশ্+অ, হন্+অ, যা+উস্, স্থা+অ, গ্রহ্+উস্, কৃ+অ।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

পিতৃসত্য পালনের জন্য রামচন্দ্র বনে গিয়াছিলেন। সীতা ও লক্ষ্মণ রামচন্দ্রের সঙ্গে গিয়াছিলেন (জগ্মতুঃ)। পুরাকালে দুষ্মন্ত নামে এক রাজা ছিলেন (বভূব)। গত বৎসর (বিগতে বর্ষে বা পরুৎ) তুমি কাশ্মীর প্রদেশের নিসর্গ-শোভা দেখিয়াছিলে (দদর্শিথ)। রামচন্দ্র সীতা ও লক্ষ্মণের সহিত পঞ্চবটীবনে বাস করিয়াছিলেন (উবাস)। রামচন্দ্র রাবণকে বধ করিয়াছিলেন (জঘান)। এই ছাত্রটি বিশেষ যত্নে (প্রযত্নেন) কাজগুলি করিয়াছিল (চকার)। বালক ও বালিকারা সাড়ম্বরে (সাড়ম্বরম্) সরস্বতীর পূজা করিয়াছিল (পূজয়ামাসুঃ)।

কারক ও বিভক্তি (Case & Case-endings)

১। **ক্রিয়ান্বয়ি-কারকম্‌।**

বাক্যে ক্রিয়ার সহিত যাহার অন্বয় অর্থাৎ **সম্বন্ধ থাকে, তাহাকে কারক বলে।**

একটিমাত্র বাক্যের সাহায্যে কারক বুঝিতে চেষ্টা করা যাক্‌—

ধনী প্রাসাদে ভাণ্ডারাৎ দরিদ্রেভ্যঃ স্বহস্তেন ধনং **যচ্ছতি**—ধনী প্রাসাদে ভাণ্ডার হইতে দরিদ্রদিগকে স্বহস্তে ধন দিতেছেন।

দেখা যাইতেছে, **'যচ্ছতি'** এই ক্রিয়াপদের সহিত বাক্যের **অন্য সকল পদের অন্বয়** রহিয়াছে। ক্রিয়াপদের সহিত **অন্বিত** অর্থাৎ **সম্বন্ধযুক্ত পদ** ক্রিয়ার **কারক**।

২। **ষট্‌ কারকাণি।**

কারক ছয়টি : **কর্তা, কর্ম, করণ, সম্প্রদান, অপাদান** ও **অধিকরণ।**

উপরের বাক্যটির **'যচ্ছতি'** ক্রিয়াপদটি ধরিয়া প্রশ্ন করা যাক্‌—

কঃ যচ্ছতি	ধনী যচ্ছতি (কর্তা)।
কিম্‌ যচ্ছতি	ধনম্‌ যচ্ছতি (কর্ম)।
কেন যচ্ছতি	স্বহস্তেন যচ্ছতি (করণ)।
কস্মৈ যচ্ছতি	দরিদ্রেভ্যঃ যচ্ছতি (সম্প্রদান)।
কস্মাৎ যচ্ছতি	ভাণ্ডারাৎ যচ্ছতি (অপাদান)।
কুত্র যচ্ছতি	প্রাসাদে যচ্ছতি (অধিকরণ)।

দেখা যাইতেছে, 'ধনী', 'ধনম্‌', 'স্বহস্তেন', 'দরিদ্রেভ্যঃ', 'ভাণ্ডারাৎ', 'প্রাসাদে' ইহারা প্রত্যেকেই কারক, এবং ইহাদের নাম যথাক্রমে—কর্তৃ-কারক, কর্মকারক, করণ-কারক, সম্প্রদান-কারক, অপাদান-কারক ও অধিকরণ-কারক।

৩। **সংখ্যা-কারক-বোধয়িত্রী বিভক্তিঃ।**

যখন বলা হয়—ছাত্রঃ, ছাত্রৌ, ছাত্রাঃ, তখন 'ছাত্র' শব্দে প্রথমা বিভক্তির

সু, ঔ, জস্ যোগ থাকাতে বচন অনুসারে 'একজন ছাত্র', 'দুইজন ছাত্র' ... ছাত্র' এইরূপ **সংখ্যার বোধ** হইতেছে।

যখন বলা হয়—**ছাত্রং** পশ্যামি, তখন 'ছাত্র' শব্দে দ্বিতীয়া বিভক্তির **'অম্'** যুক্ত থাকাতে **'ছাত্রম্'** কর্মকারক বলিয়া বোধ হইতেছে।

অতএব, **যাহা দ্বারা সংখ্যা ও কারকের প্রতীতি** (বোধ) **জন্মে, তাহাকে বিভক্তি বলে।**

৪। **সপ্ত বিভক্তয়ঃ।**

বিভক্তি সাতটি—প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী।

বিভক্তি দুই প্রকার। যথা, **কারক বিভক্তি** ও **উপপদ বিভক্তি।**

ক্রিয়ার সহিত অন্বিত হইয়া যে সকল বিভক্তি হয়, তাহাদিগকে **কারক-বিভক্তি** বলে। যথা, ধনী **স্বহস্তেন দরিদ্রেভ্যঃ** ধনং **যচ্ছতি।**

বিভিন্ন **অব্যয়ের যোগে নিকটস্থ পদে যে-বিভক্তি যুক্ত হয়,** তাহাকে **উপপদ বিভক্তি** বলে। যথা,

রামঃ **সীতয়া সহ** বনং জগাম—এখানে 'জগাম' ক্রিয়াপদের সহিত 'সীতয়া' পদের কোন **অন্বয়** নাই। **'সীতয়া'** পদের সহিত **'সহ'** এই **অব্যয়ের অন্বয়** আছে, তাই **সীতয়া** পদে **'সহ'** যোগে **তৃতীয়া উপপদ-বিভক্তি** হইয়াছে।

কর্তৃকারক (Nominative Case)

১। **স্বতন্ত্রঃ কর্তা। ক্রিয়াসম্পাদকঃ কর্তা।**

যে অপরের অধীন না হইয়া (স্বতন্ত্রভাবে) ক্রিয়া সম্পাদন করে, তাহাকে **কর্তৃকারক** বলে। যথা,

ছাত্রঃ পঠতি। **শিশুঃ** ক্রীড়তি। **মেঘঃ** গর্জতি। **গোপঃ** দুগ্ধং **দোগ্ধি।** (এখানে 'পঠন' ক্রিয়া ছাত্রের, 'গর্জন' ক্রিয়া মেঘের **প্রযত্নে সম্পাদিত হইতেছে, সুতরাং ছাত্রঃ, মেঘঃ প্রভৃতি কর্তৃকারক**)।

৮। প্রযোজকশ্চ।

যে প্রযোজক অর্থাৎ যে অন্যকে ক্রিয়ায় প্রবর্তিত করে, তাহাকেও কর্তৃকারক বলে। যথা,

মাতা শিশুং চন্দ্রং দর্শয়তি (মা শিশুকে চাঁদ দেখাইতেছেন)। শিক্ষকঃ ছাত্রং ব্যাকরণং পাঠয়তি (শিক্ষক ছাত্রকে ব্যাকরণ পড়াইতেছেন)।

এখানে মাতা, শিক্ষকঃ প্রযোজক কর্তা।

প্রথমা বিভক্তি
(First Case-ending)

১। অভিধেয়মাত্রে প্রথমা।

যে স্থলে কেবল অভিধেয় অর্থাৎ শব্দের অর্থ বুঝাইবার জন্য শব্দ প্রয়োগ করা হয়, সেখানে প্রথমা বিভক্তি হয়। যথা,—নরঃ, মুনিঃ, নদী, ফলম্, একঃ, দ্বৌ ইত্যাদি।

২। কর্তরি প্রথমা।

কর্তৃবাচ্যে কর্তৃকারকে প্রথমা বিভক্তি হয়। যথা,—ছাত্রঃ পঠতি। মেঘঃ গর্জতি। বালকাঃ ক্রীড়ন্তি।

৩। সম্বোধনে প্রথমা।

সম্বোধনে প্রথমা বিভক্তি হয়। যথা, হে পিতঃ! হে ভ্রাতরঃ! ভো বন্ধো!

৪। অব্যয়যোগে প্রথমা।

ইতি, সাম্প্রতম্, অসাম্প্রতম্, এই তিনটি অব্যয়শব্দের যোগে প্রথমা বিভক্তি হয়। যথা,—আসীৎ পুরা অযোধ্যায়াং দশরথঃ ইতি নরপতিঃ (পুরাকালে অযোধ্যায় দশরথ নামে একজন নরপতি ছিলেন)। 'ইতি' যোগে 'দশরথঃ'—প্রথমা বিভক্তি। দুর্জনানাং সংসর্গঃ পরিত্যক্তুং সাম্প্রতম্ (দুর্জনদিগের সংসর্গ পরিত্যাগ করা উচিত)। 'সাম্প্রতম্' যোগে 'সংসর্গঃ'—প্রথমা বিভক্তি। সংসর্গম্—(সংসর্গকে) দ্বিতীয়া হইল না।

বিষবৃক্ষঃ অপি সংবর্ধ্য স্বয়ং ছেত্তুম্ **অসাম্প্রতম্** (বিষবৃক্ষকেও নি[illegible] বাড়াইয়া তুলিয়া ছেদন করা অনুচিত)। 'অসাম্প্রতম্' যোগে 'বিষবৃক্ষঃ'-[illegible] প্রথমা বিভক্তি। বিষবৃক্ষম্ (বিষবৃক্ষকে) দ্বিতীয়া হইল না।

৫। **উক্তে কর্মণি প্রথমা।**

কর্মবাচ্যে কর্মকারকে (অর্থাৎ কর্তৃবাচ্যের কর্মে) প্রথমা বিভক্তি হয়। যথা,

কর্তৃবাচ্য—ছাত্রঃ **গ্রন্থং** পঠতি ('গ্রন্থম্' কর্মকারক)।

কর্মবাচ্য—ছাত্রেণ **গ্রন্থঃ** পঠ্যতে—ছাত্রদ্বারা গ্রন্থ পঠিত হইতেছে (কর্মবাচ্যে **'গ্রন্থঃ'** প্রথমা হইল)।

দ্রষ্টব্য ঃ কর্মবাচ্যে কর্তৃবাচ্যের **কর্মকারকই বিশেষভাবে উক্ত হয়** বলিয়া উহার উত্তর **প্রথমা** বিভক্তি হয়, এব উহাকে **'উক্তে কর্মণি প্রথমা'** বলা হয়।

কর্মকারক (Accusative Case)

১। **ক্রিয়য়াক্রান্তং কর্ম।** (ক্রিয়য়া+আক্রান্তম্)

কর্তা ক্রিয়া দ্বারা যাহাকে **অধিকার** (আক্রমণ) করিতে **সর্বাপেক্ষা অধিক ইচ্ছা করে,** তাহাকে **কর্মকারক** বলে। ক্রিয়ার সঙ্গে কর্মের সম্পর্ক নিকটতম। **কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয়।** যথা,—ছাত্রঃ **পুস্তকং** পঠতি। পুত্রঃ **মাতরং** প্রণমতি। ছাত্রাঃ **বিদ্যালয়ং** গচ্ছন্তি।

ছাত্রঃ **পুস্তকং** পঠতি। এ স্থলে কর্তা **'ছাত্রঃ'**। কর্তা তাহার ক্রিয়া দ্বারা পুস্তককে অধিকার করিতে ইচ্ছা করিতেছে, তাই **পঠতি** ক্রিয়ার **কর্ম পুস্তকম্** দ্বিতীয়া বিভক্তি-যুক্ত।

২। **অধিশীস্থাসামধিকরণম্** (অধি-শী-স্থা-আসাম্+অধিকরণম্)।

অধি (উপসর্গ) পূর্বক **শী, স্থা** ও **আস্** ধাতুর অধিকরণ-কারক **কর্ম-সংজ্ঞা** (**কর্ম এইরূপ অভিধা, নাম**) প্রাপ্ত হয়। যথা,

শী—(ধাতু)—শেতে—শিশুঃ **শয্যায়াং** শেতে—শিশু শয্যায় শায়িত আছে। **শয্যায়াম্—অধিকরণে সপ্তমী।** **কিন্তু,**

অধি—শী = **অধিশেতে**—শিশুঃ **শয্যাম্** অধিশেতে। **শয্যাম্**—কর্মে দ্বিতীয়া।

স্থা—তিষ্ঠতি। **আস্**—আস্তে (আছে, থাকে)—অধুনা স **নগরে** তিষ্ঠতি (আস্তে বা)। **'নগরে'**—অধিকরণে সপ্তমী। **কিন্তু,** অধি—স্থা—**অধিতিষ্ঠতি,** অধি—আস্—**অধ্যাস্তে** প্রয়োগে—অধুনা স **নগরম্** অধিতিষ্ঠতি (অধ্যাস্তে বা)। **'নগরম্'—কর্মণি দ্বিতীয়া** হইল।

৩। **উপান্বধ্যাঙ্ বসঃ।** (উপ+অনু+অধি+আঙ্ বসঃ)। **উপ, অনু, অধি, আঙ্** (উপসর্গ)-পূর্বক **বস্** ধাতুর **অধিকরণ কারক কর্ম-সংজ্ঞা** প্রাপ্ত হয়। যথা, বস্—বসতি (বাস করে)—ভারতবর্ষস্য সমাধিকাঃ জনাঃ **গ্রামে** বসন্তি। 'গ্রামে'—অধিকরণে সপ্তমী। **কিন্তু,** ভারতবর্ষস্য সমাধিকাঃ জনাঃ **গ্রামম্** উপবসন্তি (অনুবসন্তি, অধিবসন্তি, আবসন্তি)—বাস করে। 'গ্রামম্'—কর্মণি দ্বিতীয়া।

৪। **ক্রুধদ্রুহোরুপসৃষ্টয়োঃ কর্ম।** (ক্রুধ+দ্রুহোঃ+উপসৃষ্টয়োঃ) **উপসর্গ-পূর্বক ক্রুধ্ ও দ্রুহ্** ধাতুর **সম্প্রদান-কারক কর্মসংজ্ঞা** প্রাপ্ত হয়। যথা,—ক্রুধ—ক্রুধ্যতি—পিতা **পুত্রায়** ক্রুধ্যতি (পিতা পুত্রের প্রতি ক্রোধ করিতেছেন)—পুত্রায়—চতুর্থী। **কিন্তু,** পিতা **পুত্রম্ অভিক্রুধ্যতি।** 'পুত্রম্' —কর্মণি দ্বিতীয়া।

দ্রুহ্—দ্রুহ্যতি—প্রভুঃ **ভৃত্যায়** দ্রুহ্যতি (প্রভু ভৃত্যকে উৎপীড়ন করিতেছেন)। **কিন্তু,** প্রভুঃ **ভৃত্যম্ অভিদ্রুহ্যতি।** 'ভৃত্যম্—কর্মণি দ্বিতীয়া।

দ্রষ্টব্য ঃ সংস্কৃতে গমনার্থক ধাতুর যোগে অধিকারণে **কর্ম সংজ্ঞা হয়।** (বংলায় ও ইংরাজীতে গমনার্থক ধাতু অকর্মক)। যথা,—

ছাত্রো **বিদ্যালয়ং** গচ্ছতি—ছাত্র বিদ্যালয়ে যাইতেছে, (A student is going to school).

স মে স্মৃতিং যাতি। (তাহাকে আমার মনে পড়ে)।

স পরমং **বিষাদম্ অগচ্ছৎ।** (সে অতিশয় বিষন্ন হইয়াছিল)। স পরমাং **তৃপ্তিং গতঃ (সে খুব তৃপ্তিলাভ করিয়াছিল)।**

দ্বিতীয়া বিভক্তি (Second Case ending)

১। **কর্মণি দ্বিতীয়া।**

কর্তৃবাচ্যে কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা,—ছাত্রঃ **গ্রন্থং** পঠতি। বালিকাঃ **পুষ্পাণি** চিন্বন্তি। শিশুঃ **চন্দ্রং** পশ্যতি।

২। **ক্রিয়াবিশেষণে দ্বিতীয়া (ক্লী-বৈকবচনম্)।**

ক্রিয়ার বিশেষণে দ্বিতীয়া বিভক্তি হয়। সর্বদা ক্লীবলিঙ্গের একবচনে ইহার প্রয়োগ হইয়া থাকে। যথা,—

ছাত্রঃ **সত্বরং** বিদ্যালয়ং **গচ্ছতি**। দেবব্রতঃ রবীন্দ্রসঙ্গীতং **মধুরং গায়তি**। সমীরণঃ **মন্দং মন্দং** (মৃদু, ধীরম্) **বাতি**।

৩। **কালাধ্বনোরত্যন্ত সংযোগে।** কাল+আধ্বানোঃ+অত্যন্ত সংযোগে। **অত্যন্ত সংযোগে** অর্থাৎ **ব্যাপ্তি** বুঝাইলে **কাল** বাচক ও **অধ্ব** বাচক (পথবাচক) শব্দের উত্তর **দ্বিতীয়া বিভক্তি** হয়। ইহাকে **ব্যাপ্ত্যর্থে দ্বিতীয়া** বলা হয়। যথা,—

কালবাচক শব্দে—ছাত্রঃ **মাসং** ব্যাকরণম্ অধীতে—ছাত্র একমাস **ব্যাপিয়া** ব্যাকরণ পড়িতেছে। **অধ্ব** (পথ)-বাচক শব্দে—হিমালয়ো বহূন্ **ক্রোশান্** তিষ্ঠতি (হিমালয় বহু ক্রোশ পথ **ব্যাপিয়া** রহিয়াছে)।

৪। **অভি-পরি-সর্বোভয়ে তসন্তৈঃ।**

তস্ প্রত্যায়ান্ত **অভি, পরি, সর্ব, উভয়,**—এই কয়টি শব্দের যোগে **দ্বিতীয়া** বিভক্তি হয়। যথা,—

অভিতঃ (সম্মুখে, দিকে)— **মন্দিরম্ অভিতঃ** ভক্তাঃ সমবেতাঃ অভবন্। অথ স **গ্রামম্ অভিতঃ** গতবান্—তারপর সে গ্রামের দিকে চলিয়া গেল।

পরিতঃ (চতুর্দিকে)—**মন্দিরং পরিতঃ** উদ্যানং বিদ্যতে। **সর্বতঃ** (সকল দিকে)— সরোবরং সর্বতঃ বৃক্ষাঃ ভবন্তি।

উভয়তঃ (উভয় দিকে)—নদীম্ **উভয়তঃ শস্যক্ষেত্রাণি** সন্তি। **রাজপথম্ উভয়তঃ** সৌধাঃ ভবন্তি।

। প্রতি-অনু-ধিক্-নিকষা-অন্তরা-অন্তরেণ যাবৎ-ভিঃ।

প্রতি, অনু, ধিক্, নিকষা, অন্তরা, অন্তরেণ, যাবৎ,—এই কয় শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা,—প্রতি (প্রতি, দিকে)—দীনং প্রতি দয়াং কুর্যাৎ। অনু (পশ্চাৎ, পরে)—রামম্ অনু লক্ষ্মণো জাতঃ। ধিক্ (ধিক্)—দুর্বৃত্তং পাপিনং ধিক্ (দুশ্চরিত্র পাপীকে ধিক্)। নিকষা (নিকটে)—অস্মাকং গ্রামং নিকষা ভাগীরথী প্রবহতি (আমাদের গ্রামের নিকট দিয়া ভাগীরথী বহিয়া চলিয়াছে)। বৎস! মাং নিকষা আগচ্ছ। অন্তরা (দুইয়ের মধ্যে, between)—রামং শ্যামং চ অন্তরা হরিঃ উপবিষ্টঃ। অন্তরেণ (ব্যতীত, ছাড়া)—স্বাস্থ্যং বিদ্যাং চ অন্তরেণ কুতঃ সুখম্ (স্বাস্থ্য ও বিদ্যা ব্যতীত সুখ কোথায়?) যাবৎ (পর্যন্ত)—নদীং যাবৎ ত্বয়া সহ গমিষ্যামি (নদী পর্যন্ত তোমার সঙ্গে যাইব)।

অনুশীলনী

১। নিম্নলিখিতগুলির দুইটি করিয়া উদাহরণ দাও:—উক্তে কর্মণি-প্রথমা। অব্যয়যোগে প্রথমা। ব্যাপ্ত্যর্থে দ্বিতীয়া।

২। নিম্নলিখিতগুলির দ্বারা এক একটি বাক্য রচনা কর:—

ইতি, সাম্প্রতম্, পরিতঃ, নিকষা, প্রতি, অভিতঃ, উভয়তঃ, সর্বতঃ, অতি, অনু, ধিক্, অন্তরেণ।

৩। অশুদ্ধি সংশোধন কর:—

পাপীনাং সঙ্গং পরিত্যক্তুং সাম্প্রতম্। রোগী শয্যায়াম্ অধিশেতে। ধনিনঃ নগরে অধিবসন্তি। বক্তা সাধুং বদতি। পথঃ উভয়তঃ বৃক্ষাঃ সন্তি। দরিদ্রাণাং প্রতি দয়া করণীয়া। শিশুঃ সানন্দেন মোদকং খাদতি। গ্রামস্য নিকষা নদী। আশ্রমস্য পরিতঃ বৃক্ষাঃ সন্তি।

৪। সংস্কৃতে অনুবাদ কর:—

দুর্জনের সংসর্গ পরিত্যাগ করা উচিত। পুত্র মাতাকে প্রণাম করিতেছে। পুরাকালে মুনিগণ তপোবনে বাস করিতেন (অধি-বস্)। সায়ংকালে দুরিদ্র

লোকেরাও নগরে থাকেন (অধি—স্থা)। পিতা দুর্বিনীত পুত্রের প্রতি ক্রোধ করিতেছেন (অভি-ক্রুধ্)। ভীষ্মদেব অতি মধুর গান করেন (অতীব মধুরম্)। ছাত্রটি এক বৎসর ধরিয়া সংস্কৃত ব্যাকরণ পড়িতেছে। আমাদের গ্রামের নিকট দিয়া ভাগীরথী বহিয়া চলিয়াছে (নিকষা)। কৃষকদের গৃহের সকল দিকে শস্যক্ষেত্র। দুর্বৃত্তকে ধিক্।

করণ কারক (Instrumental Case)

১। **সাধকতমং করণম্।**

ক্রিয়া-সম্পাদনের যে সর্বপ্রধান সহায় বা উপায়, তাহাকে **করণ-কারণ** বলে। যথা,—

সূত্রধরঃ **কুঠারেণ** কাষ্ঠং ছিনত্তি। এখানে **'ছিনত্তি'** ক্রিয়ার কর্তা **'সূত্রধরঃ'**, উপায় **'কুঠারম্'**, তাই **'কুঠারেণ'** করণে তৃতীয়া।

অহং **কর্ণেন** শৃণোমি। অহং **চক্ষুষা** পশ্যামি। অহং **হস্তেন** গৃহ্ণামি। কর্ষকঃ **দাত্রেণ** ধান্যং লুনাতি (কৃষক কাস্তে দিয়া ধান কাটে)।

'কর্ণেন, 'চক্ষুষা' 'হস্তেন' 'দাত্রেণ'—**করণে-তৃতীয়া।**

তৃতীয়া বিভক্তি (Third Case-ending)

১। **করণে তৃতীয়া।**

করণ কারকে তৃতীয়া বিভক্তি হয়। যথা,—**কর্ণেন** শৃণোতি। **হস্তেন** গৃহ্ণাতি। **দাত্রেণ** ধান্যং লুনাতি কর্ষকঃ।

২। **সহার্থেস্তৃতীয়া।**

সহ এবং **সহার্থ শব্দের যোগে তৃতীয়া** বিভক্তি হয়। সহার্থ শব্দ—**(সহ, সার্ধম্, সাকম্, সমম্)**। যথা,—

শিক্ষকেণ সহ (সমম্ সার্ধম্, সাকম্) ছাত্রো গচ্ছতি—শিক্ষকের সহিত ছাত্র যাইতেছে। রামঃ সীতয়া লক্ষ্মণেন চ সহ বনং জগাম। ন স্থাতব্যং ন গন্তব্যং দুর্জনেন সমং কচিৎ—দুর্জনের সঙ্গে কোথাও থাকা বা যাওয়া উচিত নয়।

দ্রষ্টব্য ঃ সহ-বাচক শব্দ উহ্য থাকিয়া উহার অর্থ বুঝাইলেও তৃতীয়া বিভক্তি হয়। যথা,—মাতা পুত্রেণ গচ্ছতি (পুত্রেণ সহ)।

৩। **উন-বারণ-প্রয়োজনার্থৈশ্চ**

উনার্থ, বারণার্থ ও প্রয়োজনার্থ শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। যথা,—

উনার্থ (উন, হীন, শূন্য, রহিত)—শ্যামঃ রামাৎ বলেন উনঃ—শ্যাম রামের চেয়ে কম শক্তিশালী। জ্ঞানেন হীনঃ পশুভিঃ সমানঃ—জ্ঞানহীন ব্যক্তি পশুর সমান। যো জ্ঞানবান্ সঃ অহঙ্কারেণ শূন্যঃ। চক্ষুর্ভ্যাং রহিতস্য দর্পণঃ কিং করিষ্যতি—চক্ষুহীন ব্যক্তির দর্পণে কী হইবে ?

বারণার্থ (অলম্, কৃতম্, কিম্)—ভো বালকাঃ! বিবাদেন অলম্ (কৃতম্, কিম্)—হে বালকগণ, বিবাদ করিও না। মূর্খেণ সহ তর্কেন কিম্ মূর্খের সহিত তর্ক করিও না।

প্রয়োজনার্থ (প্রয়োজন, অর্থ, কার্য, গুণ) তপস্বিনাং ধনেন প্রয়োজনং নাস্তি—তপস্বীদের ধনের প্রয়োজন নাই। কোঽর্থঃ (কঃ+অর্থঃ) পুত্রেণ জাতেন যো ন বিদ্বান্ ন ভক্তিমান্ ?—যে পুত্র বিদ্বান্ ও ভক্তিমান্ নহে তাহার প্রয়োজন কি ? শঠেন মিত্রেণ কো গুণঃ (কিম্ কার্যং বা) ?—প্রতারক বন্ধুর কী গুণ আছে—তাহাকে দিয়া কী কাজ হইবে ?

৪। **ইত্থম্ভূত-লক্ষণে তৃতীয়া।**

যে লক্ষণ অর্থাৎ চিহ্ন দ্বারা কোন ব্যক্তি বা বস্তু লক্ষিত হয়, সেই লক্ষণ-বোধক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা,—

জটাভিঃ তাপসম্ অপশ্যম্—জটা চিহ্ন দ্বারা তাপস বলিয়া চিনিয়াছিলাম; পুস্তকেন ছাত্রঃ পরিচীয়তে—পুস্তক দ্বারা ছাত্র বলিয়া চেনা যায়।

এই ভাবে প্রযুক্ত তৃতীয়া বিভক্তিকে 'লক্ষণাৎ তৃতীয়া' বা 'উপলক্ষণে তৃতীয়া'ও বলা হয়।

৫। **যেনাঙ্গবিকারস্তৃতীয়া।**

শরীরের যে অঙ্গ বিকৃত হওয়ায় **ব্যক্তির বিকার লক্ষিত** হয়, সেই **অঙ্গের উত্তর তৃতীয়া** বিভক্তি হয়। যথা,—

অয়ং নরঃ **চক্ষুষা** কাণঃ—এই লোকটি কানা (একচক্ষুহীন)। অসৌ নরঃ **পাদেন** খঞ্জঃ—ঐ লোকটি খোঁড়া (এক পা বিকল)। ত্বং **কর্ণেন** বধিরঃ।

৬। **অপবর্গে তৃতীয়া।** (**অধ্বকালাভ্যামপবর্গে তৃতীয়া।**) **অপবর্গ** অর্থাৎ **ক্রিয়াসমাপ্তি ও ফলপ্রাপ্তি** বুঝাইলে, **ব্যাপ্তি অর্থে** কাল-বাচক ও অধ্ববাচক (পথবাচক) শব্দের উত্তর **তৃতীয়া** বিভক্তি হয়। যথা,—

অয়ং ছাত্রঃ **বর্ষেণ** ব্যাকরণম্ অধীতে স্ম—এই ছাত্রটি এক বৎসরে ব্যাকরণ অধ্যয়ন করিয়াছে ও ফললাভ করিয়াছে। স **মাসদ্বয়েন** (**দ্বাভ্যাং মাসাভ্যাম**) বাল্মীকেঃ রামায়ণম্ অপঠৎ—তিনি দুই মাসের মধ্যে বাল্মীকির রামায়ণ পড়িয়াছিলেন (পড়িয়া আয়ত্ত করিয়াছেন)।

অপবর্গ অর্থে অধ্ববাচক শব্দের প্রয়োগ বিরল (অত্যাবশ্যক নহে)।

দ্রষ্টব্য : ক্রিয়াসমাপ্তি ও ফলপ্রাপ্তি না হইলে **ব্যাপ্ত্যর্থে দ্বিতীয়া** বিভক্তি হয়। যথা—ছাত্রঃ **মাসং** ব্যাকরণম্ অধীতে (অধ্যয়ন করিতেছে)। **ক্রোশং** গিরিঃ স্থিতঃ।

৭। **প্রকৃত্যাদিভ্যস্তৃতীয়া।** **প্রকৃত্যাদিভ্যশ্চ।**

'প্রকৃতি' প্রভৃতি কতকগুলি **শব্দের** উত্তর **তৃতীয়া** বিভক্তি হয়। **প্রকৃত্যাদি শব্দ**—প্রকৃতি, স্বভাব, আকৃতি, নাম, জাতি, যত্ন, বেগ, ত্বরা, সুখ, দুঃখ প্রভৃতি।

গবাং দুগ্ধং **প্রকৃত্যা** মধুরম্ (স্বভাবতঃই, by nature) গোরুর দুগ্ধ স্বভাবতঃই মধুর। শিশবঃ **স্বভাবেন** সরলাঃ (স্বভাবতঃই)। অয়ং সরলো বালকঃ **আকৃত্যা** সুন্দরঃ (আকৃতিতে, অঙ্গগঠনে, in features)। অয়ং বালকো **নাম্না** সুভাষঃ, **জাত্যা** চ ব্রাহ্মণঃ—এই বালকটির নাম সুভাষ এবং জাতিতে সে ব্রাহ্মণ।

ছাত্রাঃ **বেগেন** গচ্ছন্তি (বেগে, তাড়াতাড়ি)। পথিকঃ **ত্বরয়া** ধাবতি (সত্বর দৌড়াইতেছে)। স **যত্নেন** লিখতি (সযত্নে)। অসৌ খঞ্জঃ দুঃখেন

... কষ্টে গমন করিতেছে)। শিশুঃ সুখেন শয্যাম্ অধিশেতে (শিশু শয্যায় সুখে শুইয়া আছে)।

দ্রষ্টব্যঃ তৃতীয়া বিভক্তিতে 'প্রকৃতি' প্রভৃতি শব্দের প্রয়োগ জানা অত্যাবশ্যক।

৮। হেতৌ তৃতীয়া। হেত্বর্থে তৃতীয়া।

হেতু বুঝাইলে **হেতু-বোধক** শব্দের উত্তর **তৃতীয়া** বিভক্তি হয়। যথা,— শিশুঃ **আনন্দেন** নৃত্যতি (শিশু আনন্দ হেতু নাচিতেছে)। মাতা **শোকেন** রোদিতি (শোকহেতু)। প্রহ্লাদঃ **পুণ্যেন** হরিং দদর্শ (প্রহ্লাদ পুণ্যহেতু হরিকে দেখিয়াছিলেন)। বিদ্বান্ **বিদ্যয়া** যশঃ লভতে (বিদ্যা হেতু)। **ভয়েন লজ্জয়া** চ অভিভূতং মে মনঃ (ভয় ও লজ্জা হেতু আমার মন অভিভূত)।

অনুশীলনী

১। নিম্নলিখিতগুলির দুইটি করিয়া উদাহরণ দাও :—

অনুক্তে কর্তরি তৃতীয়া। অপবর্গে তৃতীয়া। হেতৌ তৃতীয়া। লক্ষণাৎ তৃতীয়া।

২। নিম্নলিখিত শব্দগুলি দ্বারা এক একটি বাক্য রচনা কর :—

সহ, হীনঃ, সমম্, সার্ধম, অলম্, কিম্, কোঽর্থঃ, নাম্না, সুখেন, যত্নেন, প্রকৃত্যা, স্বভাবেন।

৩। অশুদ্ধি সংশোধন কর :—

সাধুনাং ধনস্য প্রয়োজনং নাস্তি। মাসত্রয়েণ স ব্যাকরণং পঠতি। লোচনয়োঃ বিহীনস্য দর্পণঃ কিং করিষ্যতি? ধৃতরাষ্ট্রঃ নয়নয়োঃ অন্ধঃ আসীৎ। স জাত্যো ব্রাহ্মণঃ। অহং সংবৎসরে ব্যাকরণং শিক্ষিতবান্। অসৌ বালকঃ পৃষ্ঠে কুব্জঃ। কিং কুলস্য বিশালস্য গুণানাং হীনো যো জনঃ।

৪। সংস্কৃতে অনুবাদ কর :—

কৃষকেরা কাস্তে দিয়া পাকা ধান কাটিতেছে। দুর্জনের সঙ্গে কোথাও যাওয়া বা থাকা উচিত নয়। যাহার জ্ঞান নাই সে পশুর সমান। মূর্খের সহিত তর্ক করিয়া কী হইবে? তপস্বীদের পার্থিব সুখের প্রয়োজন নাই।

তিনি দুইমাসে বাল্মীকির রামায়ণ পড়িয়া আয়ত্ত করিয়াছিলেন। বলিষ্ঠ যুবকটির চেহারা সুন্দর, প্রকৃতিও ভালো। (আকৃত্যা সুন্দরঃ, প্রকৃত্যা উত্তমঃ)। ঐ বালকটির নাম নরেন্দ্র এবং জাতিতে সে কায়স্থ। ভয়ে ও লজ্জায় সে অভিভূত হইযাছিল।

সম্প্রদান কারক (Dative Case)

১। **যস্মৈ দানং সম্প্রদানম্।**

যাহাকে কোনও বস্তু **স্বত্বত্যাগ** কবিয়া দান কবা হয়, সে **সম্প্রদান কারক** হয়। সম্প্রদান কাবকে **চতুর্থী** বিভক্তি হয়। যথা,—

ধনী **দরিদ্রায়** ধনং দদাতি—ধনী দবিদ্রকে ধন দান করিতেছেন। বালিকা **ভিক্ষুকেভ্যঃ** ভিক্ষাং দদাতি।

২। **রুচ্যর্থানাং প্রীয়মাণঃ।**

রুচ্যর্থক (রুচি+অর্থক) ধাতুর প্রয়োগে **যাহার রুচি** বা প্রীতি হয় সে **সম্প্রদান** কারক হয়। যথা,—

মোদকঃ **শিশবে রোচতে**—মিষ্টদ্রব্যে শিশুর **রুচি** হয়। ফলং **মহ্যং রোচতে**—ফল আমার রুচিকব। দুগ্ধং **কস্মৈ** ন **স্বদতে** (রোচতে বা)—দুগ্ধে কে না **স্বাদ** পায়?

সংস্কৃত ও বাংলা বাক্যগুলির গঠন-পার্থক্য লক্ষ্য কর।

(**রুচ্যর্থ** ধাতু— রুচ্—বোচতে। স্বদ্—স্বাদতে।)

৩। **ধারেরুত্তমর্ণঃ।**

'ধারি' ধাতুব প্রয়োগে **উত্তমর্ণ** (ঋণদাতা) **সম্প্রদান** হয়। যথা,—

অহং **তস্মৈ** শতং মুদ্রাঃ **ধারয়ামি**—আমি তাহার নিকট একশত টাকা ধার করিয়াছি। স **কুশীদজীবিনে** সহস্রং মুদ্রাঃ ধারয়তি—সে কুশীদজীবীর নিকটে এক হাজার টাকা ঋণী।

সংস্কৃত ও বাংলা বাক্যগুলির পার্থক্য লক্ষ্য কর।

৪। স্পৃহেরীপ্সিতঃ।

'স্পৃহি' ধাতুর প্রয়োগে কর্তার ঈপ্সিত অর্থাৎ অভিলষিত বস্তু সম্প্রদান হয়, অর্থাৎ 'স্পৃহি' ধাতুর কর্মে সম্প্রদানে চতুর্থী হয়। যথা,—

কৃপণঃ ধনায় স্পৃহয়তি—কৃপণ ব্যক্তি ধনের স্পৃহা করে। বালকাঃ বালিকাশ্চ পুষ্পেভ্যঃ স্পৃহয়ন্তি—বালক-বালিকাদের ফুলের প্রতি স্পৃহা আছে।

৫। ক্রিয়য়া যমভিপ্রৈতি সোঽপি সম্প্রদানম্।

কর্তা যাহার প্রীতির নিমিত্ত কোনও ক্রিয়ার অনুষ্ঠান করে, সে সম্প্রদান কারক হয়। যথা,—

মাতা পুত্রায় চন্দ্রং দর্শয়তি—মা পুত্রকে চাঁদ দেখাইতেছেন। পিতা পুত্রায় ক্রীড়নকম্ আনয়তি। ইহাকে ক্রিয়াযোগে চতুর্থীও বলে।

৬। ক্রোধার্থক, দ্রোহার্থক ও ঈর্ষার্থক।

ধাতুর প্রয়োগে যাহার প্রতি কোপ হয়, সে সম্প্রদান কারক হয়। যথা,—

ক্রুধ (ধাতু) —পিতা পুত্রায় ক্রুধ্যতি— পিতা পুত্রের প্রতি ক্রোধ প্রকাশ করিতেছেন। দ্রুহ্ (ধাতু)—(অনিষ্ট করা, হিংসা করা)— কৌরবাঃ পাণ্ডবেভ্যঃ দ্রুহ্যন্তি স্ম। ঈর্ষ্য (ধাতু)—ঈর্ষা করা—প্রতিবেশিনে মা ঈর্ষ্য—প্রতিবেশীকে ঈর্ষা করিও না।

বিশেষ দ্রষ্টব্য: উপসর্গ যুক্ত ক্রুধ্ ও দ্রুহ্ ধাতুর প্রয়োগে যাহার প্রতি কোপ হয়, তাহার কর্মসংজ্ঞা হয়। যথা—

পিতা পুত্রম্ অভিক্রুধ্যতি। শত্রুঃ শত্রুম্ অভিদ্রুহ্যতি।

চতুর্থী বিভক্তি (Forth case-ending)

১। চতুর্থী সম্প্রদানে।

সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হয়। যথা, দরিদ্রেভ্যঃ ধনং দদ্যাৎ—দরিদ্রদিগকে ধন দান করা উচিত।

২। **তাদর্থ্যে চতুর্থী। (নিমিত্তার্থে চতুর্থী)।**

তাদর্থ্যে (সেই অর্থে) অর্থাৎ **নিমিত্তার্থে চতুর্থী** বিভক্তি হয়। কোন বস্তু বা ক্রিয়া **যাহার নিমিত্ত** অভিপ্রেত হয়, তাহার উত্তর **চতুর্থী** বিভক্তি হয়। যথা,—

জ্ঞানায় অধ্যয়নম্—জ্ঞানলাভের নিমিত্ত অধ্যয়ন। **দানায় ভোগায়** চ ধনোপার্জনম্। **রন্ধনায় স্থালীম্** আনয়—রান্নার জন্য পাত্র আন। **স্বাস্থ্যায়** ভ্রমণং কুর্যাৎ।

৩। **নিবৃত্তৌ নিবর্তনীয়াৎ চতুর্থী।**

নিবৃত্তি (নিবারণ করা) বুঝাইলে **নিবর্তনীয়** অর্থাৎ যাহাকে নিবারণ করা হয়, তাহাতে **চতুর্থী** বিভক্তি হয়। যথা,—

পিপাসায়ৈ জলম্ আনয়—পিপাসা-নিবৃত্তির জন্য জল আন। **আতপায় ছত্রেণ** প্রয়োজনম্—রৌদ্র নিবারণের জন্য ছাতার প্রয়োজন। **রোগায়** ঔষধম্। **মশকায়** ধূমঃ দীয়তে—মশা নিবারণের জন্য ধোঁয়া দেওয়া হয়। **পাপায়** প্রায়শ্চিত্তং কুর্যাৎ।

৪। **কৢপি সম্পদ্যমানে চ।**

সম্পদ্যমান—যাহা উৎপন্ন হয়। **উৎপন্ন হওয়া অর্থ** বুঝাইলে কৢপ্, ভূ, জন্, সম্, পদ্ প্রভৃতি ধাতুর যোগে **সম্পদ্যমানের উত্তর চতুর্থী** বিভক্তি হয়। যথা,—

ভক্তিঃ **জ্ঞানায় কল্পতে** (ভবতি, জায়তে, সম্পদ্যতে)—ভক্তিতে জ্ঞান হয় (উৎপন্ন হয়)। অধর্মঃ **নরকায় ভবতি**—অধর্মের ফল নরক। স্বাস্থ্যং **সুখায় জায়তে।**

৫। **তুমর্থাৎ চতুর্থী।** (তুম্+অর্থাৎ)*

তুম্ প্রত্যয়ের অর্থে **ঘঞ্, অনট্** প্রভৃতি কৃৎ-প্রত্যয়-নিষ্পন্ন বিশেষ্য শব্দের উত্তর **চতুর্থী** হয়। যথা,—

ছাত্রঃ **পাঠায়** (পঠিতুম্) বিদ্যালয়ং গচ্ছতি—ছাত্র পাঠের নিমিত্ত বিদ্যালয়ে

---

* [**নিমিত্তার্থে ধাতুর উত্তর তুম্** প্রত্যয় হয়। যেমন, **পঠিতুম্** পড়িবার নিমিত্ত (পঠ্+তুম্)। **স্নাতুম্**—স্নানের নিমিত্ত (স্না+তুম্)]

পাঠায় (পঠ-ধাতু+ঘঞ =পাঠঃ)। স স্নানায় (স্নাতুম্) নদীং যাতি। (স্না-ধাতু+অনট =স্নানম্)।

৬। হিত-সুখ-নমোভিঃ।

হিত, সুখ, ও নমস্ শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা,—পুত্রায় ছাত্রায় চ হিতম্ (ইচ্ছামি)—পুত্র ও ছাত্রের হিত কামনা করি। বিশ্বজনেভ্যঃ হিতং (ভবতু)—বিশ্বের লোকের হিত হউক।

পিত্রে নমঃ—পিতাকে নমস্কার। মাত্রে নমঃ। বিদ্যাসাগরায় নমঃ।

দ্রষ্টব্য : নমস্ শব্দের সহিত কৃ ধাতুর যোগ থাকিলে কর্মে দ্বিতীয়া হয়। যথা,—ছাত্রঃ সরস্বতীং নমস্করোতি। পিতরৌ নমস্কুরু—মাতাপিতাকে নমস্কার কর।

৭। স্বস্তি, স্বাহা, স্বধা, অলম্, এই অব্যয় শব্দগুলির যোগে চতুর্থী হয়। যথা,—স্বস্তি (মঙ্গল)—প্রজাভ্যঃ স্বস্তি—প্রজাদের মঙ্গল হউক। বিশ্বজনেভ্যঃ স্বস্তি। স্বাহা (আহুতি দান)—অগ্নয়ে স্বাহা। স্বধা—পিতৃপুরুষেভ্যঃ (পিতৃভ্যঃ) স্বধা—পিতৃপুরুষদের উদ্দেশ্যে এই ভোজ্যদান।

সমর্থার্থক অলম্—মল্লঃ মল্লায় অলম্—মল্ল মল্লের যোগ্য প্রতিদ্বন্দ্বী—One wrestler is a match for the other। কর্ণঃ অর্জুনায় অলম্ (শক্তঃ, সমর্থঃ)।

৮। মন্যকর্মণ্যনাদরে বিভাষা।

অনাদর (অবজ্ঞা) বুঝাইলে দিবাদিগণীয় মন্ ধাতুর অবজ্ঞাবোধক কর্মে দ্বিতীয়া ও চতুর্থী হয়। যথা,—

নাহং ত্বাং তৃণায় (তৃণং বা) মন্যে—আমি তোমাকে তৃণের মতোও মনে করি না। নাহং ত্বং কুক্কুরং (কুক্কুরায় বা) মন্যে। 'তৃণ' 'কুক্কুর' অবজ্ঞা-বোধক কর্ম।

অনুশীলনী

১। নিম্নলিখিতগুলির প্রত্যেকটির দুইটি করিয়া উদাহরণ দাও :—

রুচ্যর্থানাং প্রীয়মাণঃ। নিমিত্তার্থে চতুর্থী। তুমর্থাৎ চতুর্থী। ক্রিয়াযোগে চতুর্থী।

২। নিম্নলিখিতগুলি এক-একটি বাক্যে প্রয়োগ কর—

রোচতে, ধারয়তি, স্পৃহয়তি, নিবেদয়তি, ক্রুধ্যতি, ঈর্ষ্যতি, সম্পদ্যতে, নমঃ, স্বস্তি, অলম্, সমর্থঃ, হিতম্।

৩। অশুদ্ধি সংশোধন কর—

শিশোঃ বৃদ্ধস্য চ মোদকঃ রোচতে। কোন ধনং স্পৃহয়তি? অশিষ্টং ছাত্রং ক্রুধ্যতি শিক্ষকঃ। ন ঈর্ষ্যেৎ প্রতিবেশী প্রতিবেশিনম্। মাতা পুত্রং চন্দ্রং দর্শয়তি। পুত্রঃ পিতরং বার্তাং নিবেদয়তি। দশরথঃ কৈকেয়ীং দ্বৌ বরৌ যচ্ছতি স্ম। অহং তং শতং মুদ্রাঃ ধারয়ামি।

৪। সংস্কৃতে অনুবাদ কর—

দেশবন্ধু চিত্তরঞ্জন দরিদ্রদিগকে ধন দান করিতেন। কুসঙ্গ দুর্জনের রুচিকর, সজ্জনের রুচি সৎসঙ্গে (রোচতে)। সে কুশীদজীবীর কাছে এক হাজার টাকা ঋণী (ধারয়তি)। পৃথিবীতে কে না ধন ও যশ আকাঙ্ক্ষা করে (স্পৃহয়তি)? আমি আমার কনিষ্ঠ ভাইয়ের জন্য একটি সুন্দর খেলনা আনিয়াছি। বীর বীরকে ঈর্ষা করেন না। দান ও ভোগের জন্য ধন উপার্জন করিবে। সৎকর্মের ফলে মানসিক সুখ হয় (মনসঃ সুখায়), অসৎকর্মে দুঃখ জন্মে (দুঃখায় ভবতি)।

অপাদান কারক (Ablative case)

১। **যতো বিশ্লেষোঽপাদানম্।** (যতঃ বিশ্লেষঃ অপাদানম্)।

কোন বস্তু হইতে কোন বস্তুর **বিশ্লেষ বুঝাইলে**, যাহা **স্থির থাকে**, তাহা **অপাদান** কারক (ধ্রুবম্ অপায়ে অপাদানম্)। অপাদানে **পঞ্চমী বিভক্তি** হয়। যথা,—**বৃক্ষাৎ** পত্রং পততি—বৃক্ষ হইতে পাতা পড়িতেছে। বৃক্ষ ও পত্র উভয়েরই পরস্পর বিচ্ছেদ হইতেছে, কিন্তু **বিচ্ছেদে বৃক্ষ স্থির** (ধ্রুব) আছে, অতএব **বৃক্ষাৎ অপাদান** কারক। যথা,—**অশ্বাৎ** পতিতঃ সৈনিকঃ। স **গৃহাৎ** প্রস্থিতঃ। **সমুদ্রাৎ** উত্থিতা লক্ষ্মীঃ।

২। **ভীত্রার্থানাং ভয়হেতুঃ**। (ভীত্রা+অর্থানাং)

ভয়ার্থ ও **ত্রাণার্থ** ধাতুর প্রয়োগে **ভয়ের যে কারণ** (হেতু), তাহা **অপাদান** কারক হয়। যথা,—বালকঃ **সর্পাৎ বিভেতি**—বালক সাপ হইতে ভয় পায়। ভগবন্! **বিপদঃ** মাং **ত্রায়স্ব** (**রক্ষ** বা)।

৩। **হেতুরুৎপত্তেঃ**। (হেতুঃ+উৎপত্তেঃ)

যাহা **উৎপন্ন** হয় (জন্মে), তাহার **উৎপত্তির হেতু** (কারণ) **অপাদান** কারক হয়। যথা,—**বীজাৎ** অঙ্কুরো জায়তে। **পুষ্পাৎ** ফলং প্রজায়তে। **দুগ্ধাৎ** দধি উৎপদ্যতে। **পাপাৎ** দুঃখম্ উদ্ভবতি।

৪। **আখ্যাতোপযোগে**। (আখ্যাতা+উপযোগে)। উপযোগ—নিয়মপূর্বক বিদ্যাগ্রহণ। আখ্যাতা—বক্তা।

বিদ্যাগ্রহণ বুঝাইলে, যিনি **আখ্যাতা** (অধ্যাপক), তাঁহার **অপাদান** কারক হয়। যথা—ছাত্রঃ **শিক্ষকাৎ** পঠতি। শিষ্যঃ **উপাধ্যায়াৎ** অধীতে—শিষ্য উপাধ্যায়ের কাছে অধ্যয়ন করিতেছে।

৫। **শ্রুত্যর্থানাং শ্রাবয়িতা**। শ্রুত্যর্থ—শ্রবণ করা অর্থে। শ্রাবয়িতা—যে শ্রবণ করায়।

যাহার নিকট হইতে কিছু শোনা যায়, তাহার **অপাদান** কারক হয়। যথা,—অহং **শিক্ষকাৎ** এতৎ **শ্রুতবান্**। **ভবতঃ** শাস্ত্রং **শ্রোতুম্** অত্র আগতোঽহম্—আপনার নিকট হইতে শাস্ত্রবাক্য শুনিতে এখানে আসিয়াছি।

৬। **জুগুপ্সার্থক, বিরামার্থক** ও **প্রমাদার্থক** ধাতুর প্রয়োগে যাহাতে **জুগুপ্সা** জন্মে, যাহা হইতে **বিরত** হওয়া হয় এবং যাহাতে **প্রমাদ** জন্মে, **তাহা অপাদান** কারক হয়। (**জুগুপ্সা**—অবজ্ঞা, **বিরাম**—বিরতি, **প্রমাদ**—ভ্রম, অনবধানতা)।

ধার্মিকঃ **পাপাৎ** জুগুপ্সতে—ধার্মিক লোক পাপকে ঘৃণা করে। **ছাত্রঃ অধ্যয়নাৎ** বিরমতি—ছাত্র অধ্যয়ন হইতে বিরত হইতেছে।

অধার্মিকঃ **ধর্মাৎ** প্রমাদ্যতি—অধার্মিক লোক ধর্মাচরণে অবহেলা করে।

পঞ্চমী বিভক্তি (Fifth case-ending)

১। **অপাদানে পঞ্চমী।**

বৃক্ষাৎ পত্রাণি পতন্তি। **বিদ্যালয়াৎ** প্রত্যাগচ্ছন্তি ছাত্রাঃ। **ধর্মাৎ** ভ্রষ্টঃ দুঃখমাপ্নোতি।

২। **ল্যব্‌লোপে কর্মণ্যধিকরণে** চ। *(**যবর্থে পঞ্চমী**)।

(যপ্ + অর্থে)।

ল্যপ্ (যপ্) **প্রত্যয়ান্ত ক্রিয়ার লোপ** হইলে তাহার **কর্মে** ও **অধিকরণে** পঞ্চমী বিভক্তি হয়। যথা,—অহং প্রাসাদাৎ নগরীং দৃষ্টবান্—আমি প্রাসাদ হইতে নগরী দেখিয়াছিলাম (**প্রাসাদম্ আরুহ্য**)। শিক্ষকঃ **আসনাৎ** ছাত্রান্ শিক্ষয়তি—শিক্ষক আসনে উপবেশন করিয়া ছাত্রদিগকে শিক্ষা দিতেছেন (**আসনে উপবিশ্য**)।

৩। **নিকৃষ্টাদেকোৎকর্ষে।** (অপেক্ষার্থে পঞ্চমী)।

ভিন্নজাতীয় দুই বা বহুর মধ্যে **একের উৎকর্ষ** বা **অপকর্ষ** বুঝাইলে, যাহার অপেক্ষা উৎকর্ষ বা অপকর্ষ বুঝায়, তাহার উত্তর **পঞ্চমী** বিভক্তি হয়। যথা,—

ধনাৎ বিদ্যা গরীয়সী। জননী জন্মভূমিশ্চ **স্বর্গাদপি** গরীয়সী। পৌরাঃ **জানপদেভ্যঃ** আঢ্যতরাঃ (পুরবাসিগণ গ্রামবাসীদের অপেক্ষা অধিকতর সমৃদ্ধ)। অপত্যং হি মাতুঃ **প্রাণেভ্যোঽপি** প্রিয়তরম্—সন্তান মাতার প্রাণ অপেক্ষাও প্রিয়তর।

৪। **মর্যাদাভিবিধ্যোরাযোগে।** (মর্যাদা + অভিবিধ্যোঃ + আ যোগে)।

মর্যাদা (**সীমা**) ও **অভিবিধি** (**ব্যাপ্তি**) বুঝাইলে **আ** এই **অব্যয়** শব্দের যোগে **পঞ্চমী বিভক্তি** হয়। যথা,—(**মর্যাদা আ জন্মনঃ** অন্ধঃ অসৌ নরঃ (জন্মকাল হইতে)। **আ শৈশবাৎ** স মে মিত্রম্ (শৈশব হইতে)।

* ল্যপ্ প্রত্যয়ান্ত ক্রিয়া—আ-রুহ্ + ল্যপ্—আরুহ্য—আরোহণ করিয়া; উপ—বিশ্ + ল্যপ্—উপবিশ্য—উপবেশন করিয়া।

অভিবিধি (ব্যাপ্তি)— **আ নগরাৎ** মেঘঃ অবর্ষৎ (সমস্ত শহর ব্যাপিয়া বৃষ্টি হইয়াছিল)। **আ সকলাৎ** ব্রহ্ম (ব্রহ্ম সর্বব্যাপী)।

৫। **বহিরারাৎ প্রভৃতিভিঃ।** (বহিঃ+আরাৎ) **বহিঃ** (বাহিরে, outside), **আরাৎ** (নিকটে), **প্রভৃতি** (থেকে, হইতে) এই অব্যয়শব্দ গুলির যোগে **পঞ্চমী** বিভক্তি হয়। যথা,—**গ্রামাৎ বহিঃ** অরণ্যম্। **উদ্যানাৎ আরাৎ** দেবালয়ঃ—উদ্যানের নিকটে দেবালয় আছে। **জন্মনঃ প্রভৃতি** (জন্ম হইতে) সঃ অন্ধঃ।

৬। **অন্যার্থে পঞ্চমী।**

অন্যার্থ (অন্য, ভিন্ন, ইতর) শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা,— **ঈশ্বরাৎ অন্যঃ** কো মাং রক্ষিষ্যতি? **মিত্রাৎ ভিন্নঃ** কঃ মাং পরিত্রাতুং সমর্থঃ— বন্ধু ছাড়া কে আমাকে রক্ষা করিতে সমর্থ?

৭। **আ-আহিভ্যাঞ্চ পঞ্চমী।**

আ ও **আহি** প্রত্যয়ান্ত শব্দের যোগে **পঞ্চমী** বিভক্তি হয় যথা,— **হিমালয়াৎ দক্ষিণা** (দক্ষিণাহি বা) ভারতবর্ষম্। **উদ্যানাৎ উত্তরা** (**উত্তরাহি** বা) মম গৃহম্—উদ্যানের উত্তরদিকে আমার গৃহ।

৮। **ঋতে যোগে পঞ্চমী দ্বিতীয়া চ।**

'ঋতে' এই অব্যয়শব্দের যোগে **পঞ্চমী** ও **দ্বিতীয়া** বিভক্তি হয়। **(ঋতে—ব্যতীত)**। যথা,—**শ্রমাৎ** (শ্রমং বা) **ঋতে** কুতো লক্ষ্মীঃ? **ধর্মাৎ** ঋতে (**ধর্মং** বা) নাস্তি সুখম্—ধর্মাচরণ ব্যতীত সুখ হয় না।

৯। **হেতৌ পঞ্চমী তৃতীয়া চ।**

হেতু বুঝাইলে হেতু-বাচক শব্দের উত্তর **পঞ্চমী** ও **তৃতীয়া** বিভক্তি হয়। যথা,—**হর্ষাৎ** (**হর্ষেণ** বা) নৃত্যতি বালকঃ (হর্ষ হেতু)। **শোকাৎ** (**শোকেন** বা) রোদিতি মাতা—মা শোকহেতু কাঁদিতেছেন।

১০। **পৃথগ্‌বিনানাভ্যাং দ্বিতীয়া, তৃতীয়া, পঞ্চমী চ।**

পৃথক্ ও **বিনা**, এই অব্যয়শব্দের যোগে **দ্বিতীয়া**, **তৃতীয়া** ও **পঞ্চমী** বিভক্তি হয়। যথা,—**শ্রমাৎ** (**শ্রমেণ**, **শ্রমং** বা) **বিনা** বিদ্যা ন লভ্যতে— শ্রম ব্যতীত বিদ্যালাভ হয় না। **যত্নাৎ** (**যত্নেন**, **যত্নং** বা) **বিনা** কিমপি ন

সিধ্যতি—যত্ন ব্যতীত কোন কিছুই সিদ্ধ হয় না। বুদ্ধিঃ **জ্ঞানাৎ** (**জ্ঞা**..., **জ্ঞানেন বা**) **পৃথক্**)। ধর্মঃ অধর্মাৎ পৃথক্।

১১। দিগ্‌দেশকালবাচিভিঃ পঞ্চমী।

দিগ্‌-বাচক, দেশবাচক ও কালবাচক শব্দের যোগে **পঞ্চমী** বিভক্তি হয়। যথা,— **ভারতবর্ষাৎ** উত্তরঃ হিমালয়ঃ—হিমালয় ভারতবর্ষের উত্তরে। **নগরাৎ দক্ষিণা** গঙ্গা—গঙ্গা নগরের দক্ষিণ দিকে। **দেশবাচক**—বঙ্গঃ **মগধাৎ পূর্বঃ** (পূর্বদেশে বা)। **কালবাচক**—ফাল্গুনঃ **চৈত্রাৎ পূর্বঃ**—ফাল্গুন মাস চৈত্রমাসের পূর্বে। **ভোজনাৎ পূর্বং** পাণিপাদং প্রক্ষালয়েৎ। **শয়নাৎ প্রাক্** ভগবন্তং স্মরেৎ—শয়নের পূর্বে ভগবানকে স্মরণ করিবে। তব **গমনাৎ পরম্ (অনন্তরম্)** অহং গতবান্—তোমার যাওয়ার পর আমি গিয়াছিলাম।

অনুশীলনী

১। নিম্নলিখিতগুলির প্রত্যেকটির দুইটি করিয়া উদাহরণ দাও—

ভীত্রার্থানাং ভয়হেতুঃ। নিকৃষ্টাদেকোৎকর্ষে। ল্যব্‌-লোপে পঞ্চমী। হেতৌ পঞ্চমী।

২। নিম্নলিখিতগুলি এক-একটি বাক্যে প্রয়োগ কর—

বহিঃ, প্রভৃতি, ঋতে, বিনা, পরম্, অনন্তরম্ পূর্বম্, প্রাক্।

৩। অশুদ্ধি সংশোধন কর—

নাস্তি বীরস্য মরণস্য ভয়ম্। বিষধরং সর্পং কো ন বিভেতি? পিতরং লজ্জতে পুত্রঃ। ভোজনস্য অনন্তরং বিদ্যালয়ং গচ্ছামি। ভগবন্! বিপদি মাং রক্ষ। শয়নস্য পূর্বং ভগবন্তং স্মরেঃ। সরোবরস্য উত্তরা মম গৃহম্। আপদি ত্রায়তে যঃ স হি মিত্রম্।

৪। সংস্কৃতে অনুবাদ কর—

ছাত্ররা শিক্ষকের নিকট (শিক্ষকাৎ) অধ্যয়ন করিতেছে। অধার্মিক লোক ধর্মে অবহেলা করে। (প্রমাদ্যতি)। প্রাসাদে আরোহণ করিয়া (প্রাসাদাৎ) নগরী দেখিয়াছিলাম। পুরবাসিগণ গ্রামবাসীদের চেয়ে অধিক সমৃদ্ধ। কাল সমস্ত শহর ব্যাপিয়া (আ নগরাৎ) বৃষ্টি হইয়াছিল। পিতা ছাড়া কে আমাকে এই বিপদে রক্ষা করিবে? ভারতের উত্তরে হিমালয়, দক্ষিণে মহাসাগর।

ষষ্ঠী বিভক্তি (Sixth Case-ending)

১। **সম্বন্ধে ষষ্ঠী।** (**শেষে ষষ্ঠী**)

দুই বা ততোধিক পদে পরস্পর সম্বন্ধ থাকিলে যাহার সহিত সম্বন্ধ নির্দেশ করা হয়, তাহাকে সম্বন্ধ পদ বলে। বাক্যের ক্রিয়াপদের সহিত উহার কোন সম্বন্ধ না থাকায় **উহা কারক নহে।** সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি হয়। যথা,— **মম বন্ধুঃ** অদ্য **মম আলয়ম্** আগমিষ্যতি। **মম বন্ধোঃ** চরিত্রম্ উন্নতং।

সম্বন্ধ **নানাপ্রকার ঃ স্বত্বামিত্ব** সম্বন্ধ—**মম** পুস্তকম্। **তব** গৃহম্। **শিবস্য** মন্দিরম্। **অঙ্গাঙ্গিত্ব সম্বন্ধ—বৃক্ষস্য** শাখা। **তব** হস্তৌ। **সিংহস্য** কেশরাঃ। **আধারাধেয়ত্ব সম্বন্ধ—নদ্যাঃ** জলম্। **বিদ্যালয়স্য** ছাত্রাঃ।

২। **তুল্যার্থৈঃ ষষ্ঠী।**

তুল্যার্থ (তুল্য, সদৃশ, সম, সমান) শব্দের যোগে **ষষ্ঠী** ও **তৃতীয়া** বিভক্তি হয়। যথা,—**অর্জুনস্য** (অর্জুনেন বা) **তুল্যঃ** বীরঃ নাস্তি। **কর্ণস্য** (কর্ণেন বা) **সদৃশঃ** দাতা নাস্তি। বিদ্যাসাগরস্য হৃদয়ং **কুসুমস্য সমানং** (কুসুমেন বা)। বিদ্যাহীনঃ **পশোঃ** সমঃ (পশুনা সমঃ বা)।

তুলা ও **উপমা** শব্দের যোগে কেবলমাত্র ষষ্ঠী বিভক্তি হয়। যথা,— **রবীন্দ্রনাথস্য তুলা** (উপমা বা) নাস্তি।

৩। **ষষ্ঠী-হেতুপ্রয়োগে।**

হেতু শব্দের প্রয়োগ থাকিলে **হেতু-বোধক** শব্দ ও **হেতু** শব্দ **উভয়েরই ষষ্ঠী** বিভক্তি হয়। যথা,—**অধ্যয়নস্য হেতোঃ** ছাত্রা গচ্ছন্তি বিদ্যালয়ম্ (অধ্যয়ন হেতু)। **অন্নস্য হেতোঃ** সর্বে শ্রমং কুর্বন্তি।

৪। **সর্বনাম্নঃ ষষ্ঠী তৃতীয়া চ।**

সর্বনাম শব্দের সহিত **'হেতু' শব্দের** প্রয়োগ হইলে হেত্বর্থে উভয়ের **ষষ্ঠী** ও **তৃতীয়া** বিভক্তি হয়। যথা,—**কস্য হেতোঃ** (**কেন হেতুনা** বা) **অত্র** আগতোঽসি—**কী হেতু এখানে আসিয়াছ ?**

৫। **আশীর্বাদ** বুঝাইলে **কুশল, হিত, ভদ্র, নিরাময়** প্রভৃতি শব্দের যোগে **ষষ্ঠী** ও **চতুর্থী** বিভক্তি হয়। যথা,—**ছাত্রস্য (ছাত্রায় বা) কুশলং (ভদ্রং, হিতং) ভবতু— ছাত্রের মঙ্গল হউক।**

৬। **কর্তরি ষষ্ঠী। কর্মণি ষষ্ঠী। (কর্তৃকর্মণোঃ কৃতি)***
কৃৎ-প্রত্যয়ান্ত শব্দের যোগে **কর্তায় ও কর্মে** ষষ্ঠী বিভক্তি হয়।

কর্তরি ষষ্ঠী=সূর্যঃ তপতি—**সূর্যস্য** তাপঃ (সূর্যের তাপ)। **পিতা** ক্রুধ্যতি—**পিতুঃ** ক্রোধঃ। **সরস্বতী** প্রসীদতি—**সরস্বত্যাঃ** প্রসাদঃ। **অশ্বঃ** গচ্ছতি—**অশ্বস্য** গতিঃ। **ছাত্রঃ** অধীতে—**ছাত্রস্য** অধ্যয়নম্। **শিশু** শেতে—**শিশোঃ** শয়নম্।

কর্মণি ষষ্ঠী—ধনং লভতে (ধন লাভ করে)—**ধনস্য** লাভঃ (ধনলাভ)। **অন্নং** পচতি—**অন্নস্য** পাকঃ (অন্নের পাক)। **দুগ্ধং** পিবতি—**দুগ্ধস্য** পানম্ (দুগ্ধের পান, the driking of milk)।

দ্রষ্টব্য ঃ সূর্যঃ তপতি—ইহা বাক্য ; 'সূর্যঃ' **কর্তা**, তপতি **ক্রিয়াপদ**। **কিন্তু, তাপঃ** (তপ্+ঘঞ্)—**ক্রিয়াবাচক বিশেষ্য**—ইহার যোগে '**সূর্যস্য**' ষষ্ঠী হইল—(সূর্যের তাপ)—'**সূর্যস্য**' কর্তরি ষষ্ঠী।

৭। **উভয়প্রাপ্তৌ কর্মণি ষষ্ঠী।**

কর্তায় ও কর্মে উভয় স্থানেই **ষষ্ঠী** বিভক্তি হওয়ার সম্ভাবনা থাকিলে কেবল **কর্মেই** ষষ্ঠী বিভক্তি হইবে, **কর্তায় তৃতীয়া** বিভক্তি হইবে। যথা,—

ছাত্র গ্রন্থং পঠতি (ছাত্র গ্রন্থ পড়ে); ছাত্র দ্বারা গ্রন্থের পাঠ—**ছাত্রেণ গ্রন্থস্য** পাঠঃ (কর্তব্যঃ)। (এখানে 'ছাত্রেণ' অনুক্তে কর্তরি তৃতীয়া; 'গ্রন্থস্য'—কর্মণি ষষ্ঠী)। **শিশু দুগ্ধং** পিবতি—**শিশুনা দুগ্ধস্য** পানম্। **ধনী সুখং** ভুঙ্ক্তে—**ধনিনা সুখস্য** ভোগঃ।

৮। **ক্তস্য বর্তমানে ষষ্ঠী।** (বর্তমানে ক্ত)

বর্তমানকালে বিহিত ক্ত প্রত্যয়ের যোগে কর্তায় ষষ্ঠী বিভক্তি হয়।

অতীতকাল অর্থে **ক্ত** প্রত্যয় হয়। কিন্তু **পুজিত, বিদিত, মত,** ইহারা **বর্তমানে ক্ত**-প্রত্যয়ান্ত শব্দ। পূজ্+বর্তমানে ক্ত—পূজিত। বিদ্+বর্তমানে ক্ত—বিদিত।

বিদ্বান্ সর্বেষাং পুজিতঃ—বিদ্বান্ সকলের দ্বারা পূজিত হন। অসৌ

---

* ঘঞ্, অল্, ক্তিন্, অনট্ প্রভৃতি কৃৎ-প্রত্যয়। তপ্+ঘঞ্—তাপ। ক্রুধ+ঘঞ্—ক্রোধ। লভ্+ঘঞ্—লাভ। গম্+ক্তি—গতি। গম্+অনট্—গমন প্রভৃতি কৃৎপ্রত্যয়নিষ্পন্ন শব্দ।

চরিত্রবান্ নরঃ **অস্মাকং মতঃ**—ঐ চরিত্রবান্ ব্যক্তি আমাদের দ্বারা সম্মানিত হন। এষ বৃত্তান্তঃ **মম বিদিতঃ**—এই বৃত্তান্ত আমার বিদিত।

৯। **কৃত্যানাং কর্তরি (তৃতীয়া ষষ্ঠী বা)।**

কৃত্য-প্রত্যয়ান্ত শব্দের যোগে **কর্তায় তৃতীয়া ও ষষ্ঠী** বিভক্তি হয়।

তব্য—পঠ্ + তব্য = **পঠিতব্য—ছাত্রৈঃ (ছাত্রাণাং** বা **)** সদ্গ্রন্থাঃ **পঠিতব্যাঃ**—ছাত্রদের সদ্গ্রন্থ পড়া উচিত। **অনীয়**—পূজ্ + অনীয়—**পূজনীয়**—**শিষ্যৈঃ (শিষ্যাণাং** বা**)** গুরুঃ **পূজনীয়ঃ**। **ণ্যৎ**—ত্যজ্ + ণ্যৎ = **ত্যাজ্য—সর্বৈঃ (সর্বেষাং** বা) কুসঙ্গঃ ত্যাজ্যঃ।

১০। **কৃত্বসুচ্-সুচোঃ কালাধিকরণে ষষ্ঠী।**

কৃত্বসুচ্ (কৃত্বঃ) ও সুচ্ (ঃ) প্রত্যয়ের প্রয়োগে **কালবাচক অধিকরণে ষষ্ঠী** বিভক্তি হয়।

বার অর্থক (এতবার, এই অর্থে) উক্ত প্রত্যয়গুলি হয়। যথা,—**কৃত্বঃ**—শিশুঃ **দিবসস্য পঞ্চকৃত্বঃ** ভুঙ্‌ক্তে—শিশু দিনে পাঁচবার খায়। **সপ্তকৃত্বঃ**—সাতবার। **অষ্টকৃত্বঃ**—আটবার।

সুচ্— স **দিবসস্য দ্বিঃ** ভুঙ্‌ক্তে—সে দিনে দুইবার খায়। রোগী **দিবসস্য ত্রিঃ** ঔষধং সেবতে—রোগী দিনে তিনবার ঔষধ সেবন করে।

১১। **এনপা ষষ্ঠী দ্বিতীয়া চ।**

এনপ্ (এন) প্রত্যয়ান্ত শব্দের যোগে **ষষ্ঠী ও দ্বিতীয়া** বিভক্তি হয়।

দক্ষিণ + এন—**দক্ষিণেন**। উত্তর + এন—**উত্তরেণ**।

বিদ্যালয়স্য (বিদ্যালয়ং বা) **দক্ষিণেন** ছাত্রাণাং ক্রীড়াক্ষেত্রম্—বিদ্যালয়ের দক্ষিণদিকে ছাত্রদের খেলার মাঠ। **গ্রামস্য** (গ্রামং বা) **উত্তরেণ** নদী।

*[**কৃত্য-প্রত্যয়—তব্য, অনীয়, ণ্যৎ, যৎ ও ক্যপ্**—এই কয়টি প্রত্যয়কে কৃত্য-প্রত্যয় বলে। **উচিত** অর্থে ধাতুর উত্তর উক্ত প্রত্যয়গুলি হয়।

ষষ্ঠী নিষেধ

১। **নোদন্তস্য**। (ন+উৎ+অন্তস্য)।

উ-কারান্ত কৃৎ-প্রত্যয়ের প্রয়োগে **ষষ্ঠী** বিভক্তি **হয় না**। [পিপাস্ (ধাতু)+উ=পিপাসু। সহ্+ইষ্ণু=সহিষ্ণু।] যথা,—শ্রান্তঃ পথিকঃ **জলং পিপাসুঃ**—শ্রান্ত পথিক জল পান করিতে ইচ্ছুক। দুর্জনঃ **পরসুখম্ অসহিষ্ণুঃ**—দুর্জন অপরের সুখে অসহিষ্ণু।

(জলস্য পিপাসুঃ, সুখস্য অসহিষ্ণুঃ—এইরূপ হয় না।)

২। **ন খলর্থানাম্**।*

খল্ প্রত্যয়ের প্রয়োগে **ষষ্ঠী** বিভক্তি **হয় না**। **তৃতীয়া** বিভক্তি হয়।

বুদ্ধিমতা **ছাত্রেণ** সর্বমেব সুকরম্—বুদ্ধিমান্ ছাত্রের পক্ষে সবই সহজ। (বুদ্ধিমতঃ ছাত্রস্য, এইরূপ হইবে না)। শ্রমশীলেন **ছাত্রেণ** ন কিমপি দুষ্করম্—শ্রমশীল ছাত্রের পক্ষে কিছুই দুষ্কর নয়।

৩। **শীলার্থ তৃন্**‡ প্রত্যয়ের প্রয়োগে **ষষ্ঠী** বিভক্তি **হয় না**, দ্বিতীয়া বিভক্তি হয়।

গুরুঃ **জ্ঞানং দাতা**—গুরু জ্ঞানদাতা। ধনিনঃ পার্থিবং **সুখং ভোক্তারঃ**—ধনীরা পার্থিব সুখ ভোগ করে। হরিঃ **বিশ্বং কর্তা**—হরি বিশ্বের কর্তা। **(জ্ঞানস্য দাতা ; বিশ্বস্য কর্তা**—এইরূপ হইবে না)।

অনুশীলনী

১। নিম্নলিখিতগুলির দুইটি করিয়া উদাহরণ দাও :—

কর্তরি ষষ্ঠী। কর্মণি ষষ্ঠী। বর্তমানে ক্ত।

২। অশুদ্ধি সংশোধন কর :—

পয়ঃ পানং ভুজঙ্গেন কেবলং বিষবর্ধনম্। বিদ্বান্ সর্বৈঃ পূজিতঃ। ছাত্রঃ

(* সুকর, দুষ্কর, সুলভ, দুর্লভ প্রভৃতি শব্দ খল্ (অ) প্রত্যয়ান্ত। সু—কৃ+খল্—সুকর। দুঃ—কৃ+খল্—দুষ্কর।)

‡ [দাতা, কর্তা, ভোক্তা প্রভৃতি শব্দ তৃন্ প্রত্যয়ান্ত,—দা+তৃন্=দাতা, কৃ+তৃন্=কর্তা।]

জ্ঞানাৎ হেতোঃ অধীতে। গৃহাৎ দক্ষিণেন সরোবরঃ। জলস্য পিপাসুঃ পথিকঃ নদীমুদ্দিশ্য গচ্ছতি। কার্যমেতৎ তব দুষ্করম্। শিশুঃ দিবসে পঞ্চকৃত্বঃ ভুঙ্‌ক্তে।

৩। সংস্কৃতে অনুবাদ কর:—

অর্জুনের তুল্য বীর নাই এবং কর্ণের তুল্য দাতা নাই। হে বালক, তুমি কি হেতু এখানে আসিয়াছ? চরিত্রবান্ ব্যক্তি সকলের দ্বারা পূজিত হন। নিষ্ঠাবান ব্রাহ্মণ দিনে দুইবার আহার করেন। আমাদের গ্রামের দক্ষিণদিকে নদী এবং উত্তর দিকে গভীর বন। যাহারা দুর্জন তাহারা অপরের সুখে অসহিষ্ণু হয়। শ্রমশীল ও বুদ্ধিমান্ ছাত্রদের পক্ষে কিছুই দুষ্কর নয়।

অধিকরণ কারক (Locative case)

কর্তা ও কর্মের উদ্দিষ্ট ক্রিয়ার যে **আধার**, তাহাকে **অধিকরণ কারক** বলে। অধিকরণ কারকে **সপ্তমী বিভক্তি** হয়।

আধার **তিন প্রকার**—ঐকদেশিক, অভিব্যাপক, বৈষয়িক।

ঐকদেশিক—শিশুঃ **শয্যায়াং** শেতে। **অভিব্যাপক**—**দুগ্ধে** মাধুর্যমস্তি। **বৈষয়িক**—**রণে** অর্জুনস্য নৈপুণ্যম্ আসীৎ (রণ-বিষয়ে)।

কালাধিকরণ—যে সময়ে (কালে) ক্রিয়া অনুষ্ঠিত হয়, তাহাকে কালাধিকরণ বলে। উহাতে সপ্তমী বিভক্তি হয়। যথা,—**বর্ষাসু** বৃষ্টির্ভবতি। **প্রাতঃকালে** (প্রাতঃ) বায়ুঃ মন্দং মন্দং বাতি।

সপ্তমী বিভক্তি

(Seventh Case-ending)

১। **যস্য চ ভাবেন ভাবলক্ষণম্।** **(ভাবে সপ্তমী)**

যাহার ক্রিয়ার **কাল-দ্বারা** অন্য কর্তার ক্রিয়ার **কাল** নিরূপিত হয়, তাহার উত্তর **সপ্তমী** বিভক্তি হয়। এই সপ্তমী বিভক্তিকে **ভাবে সপ্তমী** বলে। যথা,—

সূর্যে অস্তং **গতে** অহং গতবান্—সূর্য অস্ত গেলে আমি গিয়াছিলাম। **রবৌ উদিতে** পদ্মং প্রকাশতে—রবি উদিত হইলে পদ্ম প্রস্ফুটিত হয়।

দ্রষ্টব্য : ইংরাজীর Nominative Absolute এবং সংস্কৃতের 'ভাবে সপ্তমী' একই রূপে ব্যবহৃত হয়।

Ravana being killed, Sita was rescued—রাবণে হতে সীতা উদ্ধৃতা।

২। **যতশ্চ নির্ধারণম্।** (**নির্ধারণে সপ্তমী ষষ্ঠী চ**)।

জাতি, গুণ, ক্রিয়া ও সংজ্ঞা (নাম) দ্বারা একজাতীয় সমুদয় হইতে একাংশের পৃথক্ করাকে নির্ধারণ বলে। নির্ধারণ বুঝাইলে যাহা হইতে পৃথক্ করা হয়, তাহার উত্তর সপ্তমী ও ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—

পুরা নরেষু (নরাণাং বা) ক্ষত্রিয়ঃ শূরতমঃ আসীৎ—পুরাকালে মনুষ্যজাতির মধ্যে ক্ষত্রিয় শৌর্যে শ্রেষ্ঠ ছিল। পশুষু (পশূনাং বা) সিংহঃ বলবত্তমঃ। গোষু (গবাং বা) কৃষ্ণা বহুক্ষীরা। কবিষু (কবীনাং বা) রবীন্দ্রনাথঃ শ্রেষ্ঠঃ।

৩। **ষষ্ঠী চানাদরে।** (**অনাদরে সপ্তমী ষষ্ঠী চ**)

ক্রিয়াদ্বারা **অনাদর** বুঝাইলে **ভাবে সপ্তমীর স্থলে অনাদৃতের উত্তর সপ্তমী ও ষষ্ঠী** বিভক্তি হয়। যথা,—

রুদতি শিশৌ (**রুদতঃ শিশোঃ** বা) মাতা জগাম—ক্রন্দনরত শিশুকে অনাদর করিয়া মা চলিয়া গেলেন। **আবয়োঃ** পরস্পরং **কথয়তোঃ** স গতঃ—আমরা পরস্পর কথা বলিতে থাকিলে সে (আমাদের উপেক্ষা করিয়া) চলিয়া গেল।

৪। **নিমিত্তাৎ কর্মসংযোগে।**

যে ফললাভের নিমিত্ত ক্রিয়া অনুষ্ঠিত হয়, তাহা যদি **কর্মের সহিত সংযোগ সম্বন্ধে যুক্ত থাকে**, তাহা হইলে সেই **নিমিত্ত বাচক** শব্দের উত্তর **সপ্তমী** বিভক্তি হয়। যথা,—

চর্মণি ব্যাঘ্রং হন্তি। **দন্তয়োঃ কুঞ্জরং** হন্তি।

(এখানে 'হন্তি' ক্রিয়ার কর্ম 'ব্যাঘ্রম্' পদের অঙ্গবিশেষ হওয়ায় 'চর্মণি' সপ্তমী বিভক্তি)।

৫। **প্রশংসা** বুঝাইলে **সাধু** ও **নিপুণ** শব্দের যোগে **সপ্তমী** বিভক্তি হয়। যথা,—অয়ং ছাত্রঃ **ব্যাকরণে সাধুঃ** (নিপুণ, দক্ষ)। অসৌ ছাত্রঃ **সাহিত্যে নিপুণঃ**।

৬। সূত্র ব্যতীত ও **রীতি অনুসারে** যোগ্যতা, প্রীতি, স্নেহ, বিশ্বাস, অর্পণ প্রভৃতির যে **পাত্র** তাহার উত্তর **অধিকরণে সপ্তমী** হয়। যথা,—

যোগ্যতা—অস্য কর্মণঃ গুরুদায়িত্বং **ত্বয়ি** এব **যুজ্যতে**—এই কাজের গুরুদায়িত্ব তোমারই উপযুক্ত। **প্রীতি—ত্বয়ি** নিতরাং **প্রীতোঽস্মি**—আমি তোমার প্রতি অতিশয় সন্তুষ্ট। শিক্ষকঃ **ছাত্রেষু স্নিহ্যতি**—শিক্ষক ছাত্রদিগকে স্নেহ করেন। **বিশ্বাস**—কোঽপি **শঠে** ন **বিশ্বসিতি**—কেহই শঠ লোককে বিশ্বাস করে না। **অর্পণ**—পিতা **পুত্রে** কার্যভারং **ন্যস্তবান্**। **ব্যবহার**—সাধুঃ **দুর্জনে** অপি সাধু **আচরতি**। **সম্ভব**—নৈতৎ **ময়ি সম্ভবতি**—ইহা আমার পক্ষে সম্ভব নয়। ত্বম্ অতীব কার্যক্ষমঃ, **ত্বয়ি** এব এতৎ **সম্ভবতি**। **প্রসাদ**—দেবি! **ময়ি প্রসীদ**—দেবি! আমার প্রতি প্রসন্ন হউন। লক্ষ্মীঃ ন কদাপি **প্রসীদতি শ্রমবিমুখে**। **অপরাধ**—হে বন্ধো! **ত্বয়ি** মে প্রথমঃ **অপরাধোঽয়ম্**—তোমার প্রতি এই আমার প্রথম অপরাধ। ন কদাপি অহং **পিত্রোঃ অপরাধ্যামি**—আমি কখনও মাতাপিতার প্রতি অপরাধ করি না।

৭। **উৎসুক** ও **প্রসিত** (উদ্বিগ্ন) শব্দের যোগে সপ্তমী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা,—ছাত্রঃ **বিদ্যায়াং** (**বিদ্যয়া** বা) উৎসুকঃ—ছাত্র বিদ্যালাভে (বিদ্যালাভের নিমিত্ত) উৎসুক। কৃপণঃ **ধনেষু** (**ধনেন** বা) **প্রসিতঃ**—কৃপণ ধনের জন্য উদ্বিগ্ন।

৮। **অবচ্ছেদে সপ্তমী**।

শরীরের কোন **অঙ্গকে** পৃথক্‌ভাবে গ্রহণ করাকে **অবচ্ছেদ** বলে। **অবচ্ছেদ** বুঝাইলে **অঙ্গবাচক শব্দের** উত্তর সপ্তমী বিভক্তি হয়। যথা,—**হস্তে** ধৃত্বা স মাম্ অব্রবীৎ—সে আমার হাতখানি ধরিয়া বলিল। দুঃশাসনো দ্রৌপদীং **কেশেষু** আকৃষ্টবান্—দুঃশাসন দ্রৌপদীর কেশাকর্ষণ করিয়াছিল।

অনুশীলনী

১। নিম্নলিখিতগুলির প্রত্যেকটির দুইটি করিয়া উদাহরণ দাও—

ভাবে সপ্তমী। নির্ধারণে সপ্তমী ষষ্ঠী চ। অনাদরে সপ্তমী ষষ্ঠী চ। নিমিত্তাৎ কর্মসংযোগে। অবচ্ছেদে সপ্তমী।

২। অশুদ্ধি সংশোধন কর—

প্রাণিভ্যঃ নরাঃ শ্রেষ্ঠাঃ। হস্তেন ধৃত্বা স মাম্ উক্তবান্। চর্মণে ব্যাঘ্রং হন্তি ব্যাধঃ। শিক্ষকঃ ছাত্রং স্নিহ্যতি। এতদ্ গুরুদায়িত্বং তুভ্যম্ অর্পিতম্। দুর্গে! মাং প্রসীদ। কঃ বিশ্বসিতি মিথ্যাবাদিনম্? ছাত্রঃ বিদ্যায়ৈ উৎসুকঃ।

৩। সংস্কৃতে অনুবাদ কর :—

সূর্য উদিত হইলে পদ্ম প্রকাশিত হয়। তুমি আসিলে (ত্বয়ি আগতে) আমি যাইব। রজনী প্রভাত হইলে অতিথিরা চলিয়া গেলেন। কবিদের মধ্যে রবীন্দ্রনাথ শ্রেষ্ঠ। পশুদিগের মধ্যে সিংহ সর্বাপেক্ষা বলবান্। ক্রন্দনরত শিশুকে অনাদর করিয়া মা চলিয়া গেলেন। চর্মের জন্য ব্যাঘ্র এবং কেশের জন্য চমরী গাই হত্যা করা হয়। মিথ্যাবাদীকে কেহ বিশ্বাস করে না। যে শ্রমবিমুখ তাহার প্রতি লক্ষ্মী কখনও প্রসন্ন হন না।

কৃৎ-প্রকরণ

১। **ধাতুর** উত্তর **তবৎ, অনীয়, ক্ত, ক্তবতু, তুম্** প্রভৃতি কতকগুলি প্রত্যয় হয়। উহাদিগকে **কৃৎ-প্রত্যয়** বলে।

২। কৃৎ-প্রত্যয়-নিষ্পন্ন শব্দকে **কৃদন্তপদ** বলে। কৃদন্তপদসমূহ **বিশেষণ, বিশেষ্য** ও **অব্যয়রূপে** ব্যবহৃত হয়।

৩। **তব্য, অনীয়, ণ্যৎ, যৎ, ক্যপ্**—এই পাঁচটি প্রত্যয়ের নাম **কৃত্য-প্রত্যয়**।

৪। ভবিষ্যৎকালে এবং ঔচিত্য ও অনুজ্ঞা বুঝাইতে **কর্মবাচ্যে** ও **ভাববাচ্যে কৃত্য-প্রত্যয়** সকল ব্যবহৃত হয়।

৫। **কৃত্য-প্রত্যয়**-নিষ্পন্ন শব্দসমূহ **সমাপিকা ক্রিয়ার** ন্যায় ব্যবহৃত হয়; তখন উহারা **কর্মবাচ্যে** উক্ত কর্মের বিশেষণ হয় ও উহার লিঙ্গ, বিভক্তি, বচন গ্রহণ করে। যথা,—

তব্য প্রত্যয় (উচিত অর্থে, should be,) পঠ্‌+তব্য—**পঠিতব্য**। অয়ং **গ্রন্থঃ** ত্বয়া **পঠিতব্যঃ**। ইমৌ গ্রন্থৌ ত্বয়া **পঠিতব্যৌ**। বেদাঃ সর্বৈঃ **পঠিতব্যাঃ**। ময়া **গীতা পঠিতব্যা**। ছাত্রৈঃ **রামায়ণং পঠিতব্যম্‌**। রবীন্দ্রনাথস্য **কাব্যানি** সর্বৈঃ **পঠিতব্যানি**।

কয়েকটি **তব্য** প্রত্যয়ান্ত শব্দ—কৃ+তব্য—**কর্তব্য** (যাহা করা উচিত)। গম্‌+তব্য—**গন্তব্য**। দৃশ্‌+তব্য—**দ্রষ্টব্য**। দা+তব্য—**দাতব্য**। জ্ঞা—**জ্ঞাতব্য**। ক্ষম্‌—**ক্ষন্তব্য**। হন্‌—**হন্তব্য**। গ্রহ্‌—**গ্রহীতব্য**। ত্যজ্‌ **ত্যক্তব্য**। ব্রূ বা বচ্‌—**বক্তব্য**। ভূ বা অস্‌—**ভবিতব্য**। ভী—**ভেতব্য**। শ্রু—**শ্রোতব্য**। কথ্‌—**কথয়িতব্য**। পাল্‌—**পালয়িতব্য**। প্র-আপ্‌+তব্য—**প্রাপ্তব্য**।

৬। কৃত্য-প্রত্যয়সমূহ **ভাববাচ্যে ক্রিয়ারূপে ব্যবহৃত** হইলে উহারা **ক্লীবলিঙ্গের প্রথমার একবচনান্ত** হয়। যথা,—

ত্বয়া অত্র **স্থাতব্যম্‌**। অধুনা ময়া **গন্তব্যম্‌**—(এখন আমার যাওয়া উচিত)। প্রাতঃ **স্নাতব্যম্‌** (প্রাতঃকালে স্নান করা উচিত)। ত্বয়া অধুনা **শয়িতব্যম্‌**।

৭। কৃত্য-প্রত্যয়-নিষ্পন্ন পদ **বিশেষণ** হইলে **বিশেষ্যের লিঙ্গ, বিভক্তি ও বচন** প্রাপ্ত হয়। যথা,—**পঠিতব্যঃ** বিষয়ঃ। **দাতব্যাঃ** চিকিৎসালয়াঃ। **শ্রোতব্যং** সঙ্গীতম্‌।

৮। কৃত্য-প্রত্যয়-নিষ্পন্ন শব্দ কখন কখন বিশেষ্যরূপে ব্যবহৃত হয়। যথা,—তব **কর্তব্যম্‌**। পণ্ডিতানাং **মন্তব্যম্‌** (পণ্ডিতদিগের মন্তব্য)।

তব্য প্রত্যয়ের বিশেষ প্রয়োগ—তীর্থভূমিঃ বারাণসী সর্বৈরেব **দ্রষ্টব্যা**। রবীন্দ্রনাথস্য গীতাঞ্জলি-কাব্যং ছাত্রৈঃ **পঠিতব্যম্‌** (অধ্যেতব্যম্‌ বা)। অসৎসঙ্গঃ সর্বথা **পরিহর্তব্যঃ**। দীনেভ্যঃ কিঞ্চিৎ ধনং প্রত্যহং **দাতব্যম্‌**। ত্বয়া একাকিনা পথি ন **গন্তব্যম্‌**। পিত্রোঃ শিক্ষকাণাং চ আজ্ঞা সদা **পালয়িতব্যা**। ন **স্থাতব্যং** ন **গন্তব্যং** দুর্জনেন সমং ক্বচিৎ (দুর্জনের সহিত কোথাও থাকা বা যাওয়া উচিত নয়)।

অনীয় প্রত্যয় (উচিত অর্থে)

৯। **কর্ম** বাচ্যে ও **ভাব** বাচ্যে সকল ধাতুর **উত্তর অনীয়** প্রত্যয় হয়। যথা,—ত্বয়া কার্যম্ এতৎ করণীয়ম্ (কর্তব্যম্ বা)। পুত্রেণ পিতরৌ **পূজনীয়ৌ**।

কয়েকটি **অনীয়** প্রত্যয়ান্ত শব্দ—অর্চ্ + অনীয়—**অর্চনীয়**। অর্জ্—**অর্জনীয়**। কৃ—**করণীয়**। বৃ—**বরণীয়**। দৃশ্—দর্শনীয়। গ্রহ্—**গ্রহণীয়**। ব্রূ বা বচ্—**বচনীয়**। শিক্ষ—**শিক্ষণীয়**। পঠ্—**পঠনীয়**। শ্রু—**শ্রবণীয়**। পূজ্—**পূজনীয়**। স্মৃ—**স্মরণীয়**। সহ্—**সহনীয়**। পা—**পানীয়**। ভক্ষ্—**ভক্ষণীয়**। পাল্—**পালনীয়**। ভুজ্—**ভোজনীয়**।

অনীয় প্রত্যয়ের **প্রয়োগ**—

পিতরৌ শিক্ষকাশ্চ **পূজনীয়াঃ**। দেশস্য সর্বে এব মহাপুরুষাঃ **বরণীয়াঃ**। মহাকবিনা কালিদাসেন রচিতানি কাব্যানি সর্বৈঃ যত্নেন **পঠনীয়ানি**। বিদ্যাসাগরঃ প্রাতঃ **স্মরণীয়ঃ** মহামানবঃ। পিতঃ! আদিশতু অধুনা কিং মে **করণীয়মিতি** (পিতা, এখন আমার কী করণীয় বলুন)।

ণ্যৎ প্রত্যয় (উচিত, উপযোগী অর্থে)—

১০। **কর্মবাচ্যে** ও **ভাববাচ্যে** কেবল **ঋ**-কারান্ত ও **ব্যঞ্জনবর্ণান্ত** ধাতুর উত্তর ঔচিত্য, উপযোগিতা অর্থে **ণ্যৎ** প্রত্যয় হয়। **ণ্যৎ**-এর **য** থাকে। যথা,—**কৃ** + ণ্যৎ—**কার্য**। ধৃ + ণ্যৎ—**ধার্য**। হৃ + ণ্যৎ—**হার্য**। পঠ্—**পাঠ্য**। ত্যজ্—**ত্যাজ্য**। ছিদ্—**ছেদ্য**। ভিদ্—**ভেদ্য**। গ্রহ্—**গ্রাহ্য**। বুধ—**বোধ্য**। পচ্—**পাচ্য**।

১১। **অর্থবিশেষে ণ্যৎ** প্রত্যয় হইলে **বচ্, ভুজ্** ও **যুজ্** ধাতুর **চ্** স্থানে **ক্** ও **জ্** স্থানে **গ্** হয়। যথা,—বচ্ + ণ্যৎ—**বাচ্য** (যাহা বলা যায়); **বাক্য** (শব্দ অর্থে)। ভুজ + ণ্যৎ—**ভোজ্য** (যাহা ভোজন করা যায়); **ভোগ্য** (যাহা ভোগ করা যায়)। যুজ + ণ্যৎ—**যোজ্য** (যাহা যোগ করা উচিত); **যোগ্য** (উপযুক্ত অর্থে)।

ণ্যৎ প্রত্যয়ের প্রয়োগ—

ইদানীং কিং ময়া (মম বা) **কার্যম্?** (এখন আমাকে কী করিতে হইবে?) পুস্তকমিদং অস্মাভিঃ (অস্মাকং বা) **পাঠ্যম্**। **পাঠ্যং** পুস্তকং যত্নেন পঠ। আঃ! মহৎ **ভোজ্য** মে সমুপস্থিতম্। ইয়ং বসুন্ধরা বীরেণ এব **ভোগ্যা**। কুসঙ্গঃ সর্বথা **পরিত্যজ্যঃ** (কুসঙ্গ সর্বপ্রকারে পরিত্যাগ করা উচিত, পরিত্যাগ করিতে হয়)।

যৎ প্রত্যয় (উচিত প্রভৃতি অর্থে)

১২। **কর্মবাচ্যে ও ভাববাচ্যে স্বরান্ত ধাতুর** উত্তর **যৎ** প্রত্যয় হয়। যৎ-এর **য** থাকে। যথা,-জি+যৎ—জেয় (যাহা জয় করা যায়)। নী+যৎ—**নেয়**। শ্রু+যৎ—**শ্রব্য** (শোনার উপযুক্ত) দা+যৎ—**দেয়** (যাহা দিতে হয়)। পা+যৎ—**পেয়** (পান করার উপযুক্ত)।

১৩। লভ্, রম্, শক্, সহ্ প্রভৃতি কয়েকটি ধাতুর উত্তর **যৎ** হয়। যথা,—লভ্+যৎ-**লভ্য**। রম্+যৎ—**রম্য**। শক্—**শক্য**। সহ্—**সহ্য**। ভক্ষ্—**ভক্ষ্য**।

যৎ প্রত্যয়ের **প্রয়োগ—**

দরিদ্রেভ্যঃ ধনং **দেয়ম্** (দারিদ্রদিগকে ধন দেওয়া উচিত, দিতে হয়)। বর্ষাসু নদীজলং ন **পেয়ম্**। অভ্যাসেন ইন্দ্রিয়ং **জেয়ম্**—অভ্যাস দ্বারা ইন্দ্রিয় জয় করা সম্ভব)। উপায়েন হি যৎ **শক্যং** ন তৎ শক্যং পরাক্রমৈঃ (কৌশল দ্বারা যাহা করিতে হয় তাহা পরাক্রম দ্বারা করিতে পারা যায় না)।

ক্যপ্ প্রত্যয় (ঔচিত্য, বিধি অর্থে)

১৪। **কর্মবাচ্যে ও ভাবাচ্যে** কতকগুলি ধাতুর **উত্তর ক্যপ্** প্রত্যয় হয়। ক্যপ্-এর **য** থাকে। যথা,—কৃ+ক্যপ্—**কৃত্য** (করণীয় কার্য)। ভৃ—**ভৃত্য** (ভরণ—পালন যোগ্য, দাস)। —শাস্ **শিষ্য** (শিক্ষণীয়, ছাত্র)।

ক্যপ্ প্রত্যয়ের **প্রয়োগ**

শিষ্যোঽপি পুত্রবৎ **ভৃত্যঃ** (শিষ্যকেও পুত্রের মত ভরণ-পোষণ করিতে হয়)। ভৃত্যোঽপি পুত্রবৎ **শিষ্যঃ**—(ভৃত্যকেও পুত্রের মত শিক্ষাদান করিতে হয়)। দুর্মেধাঃ ছাত্রঃ যত্নেন **শিষ্যঃ**।

কৃৎ-প্রত্যয়—ক্তিন্ (ক্তি) তি

১৫। **ভাববাচ্যে** ধাতুর উত্তর **ক্তিন্** হয়; **ক্তিন্**-এর তি থাকে। **ক্তিন্** (ক্তি) প্রত্যয়-নিষ্পন্ন **শব্দ স্ত্রীলিঙ্গ**। উহাদের রূপ **মতি শব্দের তুল্য**।

ক্তিন্ প্রত্যয়ান্ত কয়েকটি শব্দ—মন্+ক্তি—**মতি**। গম্+ক্তি—**গতি** খ্যা—**খ্যাতি**। গৈ—**গীতি**। স্থা—**স্থিতি**। নী—**নীতি**। স্মৃ—**স্মৃতি**। শক্—**শক্তি**। ভজ্—ভক্তি। সৃজ্—সৃষ্টি। শ্রু—শ্রুতি। তৃপ্—তৃপ্তি। দীপ্—দীপ্তি। দৃশ্—দৃষ্টি। কৃ—কৃতি। শম্—শান্তি। **শ্রম্**—শ্রান্তি।

ণিনি (ণিন্)—ইন্

১৬। **'স্বভাব'** অর্থে কর্তৃবাচ্যে ধাতুর উত্তর **ণিনি** প্রত্যয় হয়; ণিনি-এর **ইন্** থাকে। ণিনি (ইন্) প্রত্যয়ান্ত শব্দের রূপ 'গুণিন্' শব্দের তুল্য। যথা,—বদ্+ণিনি (ইন্)—**বাদিন্**; প্রতি—বদ্—**প্রতিবাদিন্**। **ণিনি** প্রত্যয়ান্ত কয়েকটি শব্দের **প্রথমার একবচনের রূপ**—

বস্—**বাসী**; প্র—বস্—**প্রবাসী**। অপ—রাধ্—**অপরাধী**। মিথ্যা—বদ্—**মিথ্যাবাদী**। স্থা—**স্থায়ী**। অভি—লষ্—**অভিলাষী**। সত্য—বদ্—**সত্যবাদী**। গম্—**গামী**; আ—গম্—**আগামী**। মনঃ—হৃ—**মনোহারী**।

স্ত্রীলিঙ্গে **ঈপ্** প্রত্যয় যুক্ত হইয়া ইহাদের রূপ **নদী** শব্দের তুল্য হয়। যথা,—প্রতি—বদ্+ইন্=প্রতিবাদিন্+ঈপ্ (ঈ)=প্রতিবাদিনী। এইরূপ, প্রবাসিনী, মিথ্যাবাদিনী, সঞ্চারিণী ইত্যাদি।

ল্যুট্ বা অনট্—অন

১৭। **ভাববাচ্যে** ধাতুর উত্তর **ল্যুট্** (অনট্) প্রত্যয় হয়; অনট্-এর **অন** থাকে। অনট্ প্রত্যয়ান্ত শব্দ **ক্লীবলিঙ্গ**। ইহাদের রূপ **ফল** শব্দের তুল্য। যথা,—গম্+অনট্ (অন)—গমন। কৃ+অনট—করণ। শ্রু+অনট্—শ্রবণ। শী+অনট্—শয়ন।

প্রথমার একবচনান্ত কয়েকটি পদ—ভুজ+অনট্—**ভোজনম্**। ব্রূ বা বচ্—**বচনম্**। পঠ্—**পঠনম্**। অধি—ই—**অধ্যয়নম্**। চল্—**চলনম্**।

মৃ—মরণম্। বৃ—বরণম্। স্মৃ—স্মরণম্। দৃশ্—দর্শনম্। রুদ্—রোদনম্। ভূ—ভবনম্। নী—নয়নম্। স্থা—স্থানম্। দা—দানম্। পা—পানম্ গৈ—গানম্। স্না—স্নানম্। চি—চয়নম্। ভক্ষ্—ভক্ষণম্। বি—ধা—বিধানম্। জ্ঞা—জ্ঞানম্। পত্—পতনম্। শ্রু—শ্রবণম্। কৃ—করণম্। **অনট্** প্রত্যয়ান্ত শব্দ **ক্লীবলিঙ্গ**।

ঘঞ্ (অ)

১৮। **ভাববাচ্যে** কতকগুলি ধাতুর উত্তর **ঘঞ্** প্রত্যয় হয়; ঘঞ্-এর **অ** থাকে। ঘঞ্ (অ) প্রত্যয়ান্ত শব্দ **পুংলিঙ্গ**। প্রথমার একবচনের কয়েকটি **পদ**—পচ্+ঘঞ্—**পাকঃ**। ত্যজ্+ঘঞ্—**ত্যাগঃ**। বস্+ঘঞ্—বাসঃ। তপ্—তাপঃ। ভুজ্—ভোগঃ। ভজ্—ভাগঃ। নশ্—নাশঃ। বদ্—বাদঃ, প্র—বদ্—প্রবাদঃ; স্বদ্—স্বাদঃ, আ—স্বদ্—আস্বাদঃ। পঠ্—পাঠঃ। যুজ্—যোগঃ, প্র—যুজ্—প্রয়োগ। নশ্—নাশঃ, বি—নশ্—বিনাশঃ। ত্যজ্—ত্যাগঃ; পরি—ত্যজ্—পরিত্যাগঃ। রঞ্জ্—রাগঃ, বি—রঞ্জ—বিরাগঃ। লপ্—লাপঃ, আ—লপ—আলাপঃ।

কৃৎ-প্রত্যয় **শতৃ** ও **শানচ্** (Present Participle)

শতৃ=**অৎ**, শানচ্=**আন, মান**

১। বাক্যের দুই ক্রিয়া (সমাপিকা ও অসমাপিকা) একই সময়ে সম্পন্ন হইলে শতৃ ও শানচ্ প্রত্যয়ান্ত শব্দের প্রয়োগ হয়। যথা,—

ছাত্রটি হাসিতে হাসিতে আসিতেছে—অসৌ ছাত্রঃ **হসন্ আগচ্ছতি**। এখানে **'ছাত্রঃ' হাসা** ক্রিয়া এবং **'যাওয়া'** ক্রিয়া একই সময়ে করিতেছে; ইহাদের মধ্যে 'হাসিতে হাসিতে' (**হসন্**) ক্রিয়াটি বর্তমান কালের **অসমাপিকা** ক্রিয়া এবং **বিশেষণও** বটে। ইংরাজীতে ইহাকে Present Participle বলে,—The student comes **laughing** (হসন্)।

২। সংস্কৃতে **পরস্মৈপদী** ধাতুর উত্তর **শতৃ** (**অৎ**) এবং **আত্মনেপদী** ধাতুর উত্তর শানচ্ (**আন, মান**) প্রত্যয় যোগ করিয়া শব্দ গঠন করা হয়। যথা,—**হস্** (হসতি)+**শতৃ** (অৎ)=**হসৎ**। **শী** (শেতে)+**শানচ্** (আন)=**শয়ান**। **সেব** (সেবতে)+**শানচ্** (**মান**)=**সেবমান**।

৩। **শতৃ**-প্রত্যয়—ধাতুর লট্-এর **'অন্তি'** বিভক্তিতে যে পদ হয়, তাহার **'ন্'** এবং **'ই'** বাদ দিলে যাহা থাকে, তাহাই ঐ ধাতুর শতৃ-প্রত্যয়ান্ত শব্দ। যথা,—হস্ (হসন্তি)—**হসৎ**। কৃ (কুর্বন্তি)—কুর্বৎ।

৪। শতৃ-প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গে 'ধাবৎ' শব্দের তুল্য এবং ক্লীবলিঙ্গে ক্লীবলিঙ্গ 'শ্রীমৎ' শব্দের তুল্য। উহারা বিশেষণ বলিয়া বিশেষ্যের লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হয়। যথা,—বালকঃ **হসন্** গচ্ছতি। বালকৌ **হসন্তৌ** গচ্ছতঃ। বালকাঃ **হসন্তঃ** গচ্ছন্তি। মম **মিত্রং হসৎ** আগচ্ছতি (আমার মিত্র হাসিতে হাসিতে আসিতেছে)।

৫। যে-সকল ধাতুর লট্ **'অন্তি'** বিভক্তিতে **ন্ থাকে না**, তাহাদের উত্তর শতৃ প্রত্যয় করিলে তাহাদের রূপ **পুংলিঙ্গে 'ভূভৃৎ'** শব্দের তুল্য। যথা,—জাগৃ (জাগ্রতি)—**জাগ্রৎ—জাগ্রৎ শিশুঃ** রোদিতি—ঘুম হইতে সজাগ শিশু কাঁদিতেছে।

জাগৃ + অন্তি = **জাগ্রতি**, জাগৃ + শতৃ, পুং = **জাগ্রৎ**
শাস্ + অন্তি = **শাসতি**, শাস্ + শতৃ, পুং = **শাসৎ**
দা—অন্তি = **দদতি**, দা + শতৃ, পুং = **দদৎ**
ভী + অন্তি = **বিভ্যতি** ভী + শতৃ, পুং = **বিভ্যৎ**

দাতা ধনং **দদৎ** সুখম্ অনুভবতি। সর্পাৎ **বিভ্যৎ নরঃ** ভয়েন কম্পতে।

৬। **স্ত্রীলিঙ্গে শতৃ** প্রত্যয়ান্ত শব্দ—

(ক) স্ত্রীলিঙ্গে **ভ্বাদি, দিবাদি, চুরাদি** ও **ণিজন্ত** প্রভৃতি সহজ ধাতুগুলির উত্তর শতৃ-প্রত্যয়ের স্থানে **ন্** হয়; ন্ **ত**-কারের সহিত মিলিয়া **ন্ত** হয়, ঐ **'ন্ত'**-এর সহিত স্ত্রী প্রত্যয় (ঈপ্) **ঈ**-কার যোগ করিলে শতৃ-প্রত্যয়ান্ত স্ত্রীলিঙ্গ শব্দ হয়। যথা,—**ভ্বাদি**—ভূ + শতৃ + ঈপ্ = **ভবন্তী**। এইরূপ—হসন্তী, বদন্তী, গচ্ছন্তী, পশ্যন্তী, তিষ্ঠন্তী, পিবন্তী, যচ্ছন্তী ইত্যাদি। **দিবাদি**—নৃত্যন্তী, স্নিহ্যন্তী, দীব্যন্তী ইত্যাদি। **চুরাদি, ণিজন্ত—চিন্তয়ন্তী**, পূজয়ন্তী, কথয়ন্তী, দর্শয়ন্তী, কারয়ন্তী ইত্যাদি।

স্ত্রীলিঙ্গে শতৃ-প্রত্যয়ান্ত শব্দের রূপ **'নদী'** শব্দের তুল্য। বালিকা **হসন্তী** আগচ্ছতি। বালিকে **হসন্ত্যৌ** আগচ্ছতঃ। বালিকাঃ **হসন্ত্যঃ** আগচ্ছন্তি।

(খ) **তুদাদিগণীয়** ধাতুর উত্তর স্ত্রীলিঙ্গে **বিকল্পে ন্** হয়। যথা,—স্পৃশ্—স্পৃশন্তী, **স্পৃশতী**। ইষ্—ইচ্ছন্তী, **ইচ্ছতী**। প্রচ্ছ্—পৃচ্ছন্তী, **পৃচ্ছতী** ইত্যাদি।

(গ) **অন্যান্যগণীয়** ধাতুর উত্তর স্ত্রীলিঙ্গে **ন্ আগম হয় না**। যথা,—শ্রু—**শৃণ্বতী**, চি—**চিন্বতী**, কৃ—**কুর্বতী**, জ্ঞা—**জানতী**, গ্রহ্—**গৃহ্ণতী**, রুদ্—**রুদতী**, শাস্—**শাসতী**, অস্—**সতী**, হন্—**ঘ্নতী**, দা—**দদতী** ইত্যাদি।

৭। **শানচ্** প্রত্যয়—ধাতুর উত্তর **শানচ** প্রত্যয় করিতে হইলে ধাতুর লট্-এর **'আতে'** বিভক্তিতে যে পদ হয়, তাহার 'আতে' বাদ দিলে যাহা থাকে তাহার সহিত **'আন'** যোগ করিতে হয়। তাহা হইলেই **শানচ** প্রত্যয়ান্ত শব্দ গঠিত হয়। যথা,—**শী** (শেতে)—শয়াতে=শয়্+আন=**শয়ান**। কৃ—**কুর্বাণ**। গ্রহ্—**গৃহ্ণাণ**। ভুজ্—**ভুঞ্জান**। অধি—ই—**অধীয়ান**। দা—**দদান**। ব্রূ—**ব্রুবাণ**। আস্—**আসীন** (**আস্** ধাতুর ক্ষেত্রে আন স্থানে **ঈন** হয়)।

৮। ভূাদি, দিবাদি, তুদাদি, চুরাদিগণীয় **আত্মনেপদী সহজ** ধাতুগুলির উত্তর **শানচ্** স্থানে **আন** না হইয়া **'মান'** হয়। যথা,—সেব্—**সেবমান**, কম্প্—**কম্পমান**, লভ্—**লভমান**, বৃধ্—**বর্ধমান**, বিদ্—**বিদ্যমান**, দীপ্—**দীপ্যমান**, বৃৎ—**বর্তমান**, মৃ—**ম্রিয়মান**, জন্—**জায়মান**, যুধ্—**যুধ্যমান** ইত্যাদি।

শানচ্ প্রত্যয়ান্ত শব্দের রূপ পুংলিঙ্গে **'নর'** শব্দের, স্ত্রীলিঙ্গে **'লতা'** এবং ক্লীবলিঙ্গে **'ফল'** শব্দের তুল্য।

অনুবাদের আদর্শ

হাতে মোয়া পাইয়া শিশু হাসিতে হাসিতে উহা খাইতেছে। সে আহ্লাদে দৌড়াইয়া মায়ের দিকে যাইতেছে। মা হাসিতে হাসিতে শিশুর চাঁদমুখ চুম্বন করিতেছেন—

হস্তে মোদকং প্রাপ্য শিশুঃ হসন্ তৎ খাদতি। আহ্লাদেন স ধাবন্ মাতরম্ অভিতঃ গচ্ছতি। মাতা হসন্তী শিশোঃ মুখচন্দ্রং চুম্বতি।

প্রত্যহ সকালে গঙ্গার মনোরম শোভা দেখিতে দেখিতে এবং উচ্চৈঃস্বরে

গান করিতে করিতে আমরা ঘুরিয়া বেড়াই। সূর্য উঠিলে আমরা বন্ধুরা পরস্পর সুখে আলাপ করিতে করিতে গৃহে ফিরিয়া আসি।

প্রত্যহং প্রাতঃ গঙ্গায়াঃ মনোরমাং শোভাং পশ্যন্তঃ উচ্চৈর্গায়ন্তশ্চ বয়ং ভ্রমণং কুর্মঃ। রবৌ উদিতে বয়ং বন্ধবঃ সুখেন আলপন্তঃ গৃহং প্রত্যাগচ্ছামঃ।

মায়ের সেবা করিতে পুত্র পরম আনন্দ অনুভব করিতেছে। পুত্রের সেবায় শান্তি লাভ করিয়া মা পুত্রের মঙ্গল কামনা করিতেছেন।

মাতরং সেবমানঃ পুত্রঃ পরমানন্দম্ অনুভবতি। পুত্রস্য সেবয়া শান্তিং লভমানা জননী পুত্রায় হিতং কাময়তে।

অনুশীলনী

প্রথমার একবচনে শব্দটি কী হইবে লিখ (Give the resulting forms) :

ভূ+শতৃ, পুং। অস্+শতৃ, পুং, স্ত্রী। দৃশ্+শতৃ, পুং, স্ত্রী। নৃৎ+শতৃ, পুং, স্ত্রী। হস্+শতৃ, ক্লীব। কৃ+শতৃ, পুং, স্ত্রী। কৃ+শানচ্, পুং, স্ত্রী। গ্রহ্+শতৃ, পুং, স্ত্রী। গ্রহ্+শানচ্, পুং, স্ত্রী। লভ্+শানচ্, পুং, স্ত্রী। ভুজ্+শতৃ, পুং, স্ত্রী। আস্+শানচ্, পুং। জাগৃ+শতৃ, পুং। দা+শতৃ, পুং। ভী+শতৃ, পুং। ব্রূ+শানচ্, পুং, স্ত্রী। ভুজ্+শানচ্, পুং, স্ত্রী। শাস্+শতৃ, পুং, স্ত্রী।

নিষ্ঠাপ্রত্যয়—ক্ত, ক্তবতু

ক্ত, ক্তবতু—ক্ত=(ত), ক্তবতু=(তবৎ)

১। **ক্ত ও ক্তবতু**—এই দুই প্রত্যয়কে **নিষ্ঠা প্রত্যয়** বলে।

২। **অতীতকাল** অর্থে ধাতুর উত্তর **ক্ত ও ক্তবতু** প্রত্যয় হয়। **ক্ত**-এর 'ত' থাকে; **ক্তবতুর তবৎ** থাকে। যথা,—গম্+ক্ত=গত, গম্+ক্তবতু—গতবৎ (গিয়াছিল, গিয়াছে)।

৩। **ক্তবতু**—অতীতকালে **কর্তৃবাচ্যে অকর্মক ও সকর্মক** সকল ধাতুর উত্তর **ক্তবতু** প্রত্যয় হয়। **ক্তবতু** প্রত্যয়ান্ত শব্দসকল **সমাপিকা** ক্রিয়ার

কাজ করে এবং উহারা **কর্তার বিশেষণ**। **পুংলিঙ্গে** উহাদের রূপ '**শ্রীমৎ**' শব্দের তুল্য, **স্ত্রীলিঙ্গে** ঈ-কারান্ত হইয়া '**নদী**' শব্দের তুল্য এবং **ক্লীবলিঙ্গে** ক্লীবলিঙ্গ '**শ্রীমৎ**' শব্দের তুল্য। যথা,—অকর্মক—ধাব্+ক্তবতু=**ধাবিতবৎ**। বালকঃ **ধাবিতাবান্**। বালকৌ **ধাবিতবন্তৌ**। বালকাঃ **ধাবিতবন্তঃ**। বালিকা **ধাবিতবতী**। বালিকে **ধাবিতবত্যৌ**। বালিকাঃ **ধাবিতবত্যঃ**। মম **মিত্রং ধাবিতবৎ**। মম **মিত্রে ধাবিতবতী**। মম **মিত্রাণি ধাবিতবন্তি**।

সকর্মক—পঠ+ক্তবতু=**পঠিতবৎ**। বালকঃ গ্রন্থং **পঠিতবান্**। বালিকা গ্রন্থং **পঠিতবতী**। মম মিত্রং গ্রন্থং **পঠিতবৎ**।

ক্তবতু প্রত্যয়ান্ত ক্লীবলিঙ্গ একবচনের কয়েকটি পদ

অর্চ্—অর্চিতবৎ। **ভূ** বা অস্—ভূতবৎ। **প্র—আপ্**—প্রাপ্তবৎ। **কথ্**—কথিতবৎ। **কৃ**—কৃতবৎ। **ক্রীড়্**—ক্রীড়িতবৎ। **খাদ্**—খাদিতবৎ। **গম্** গতবৎ। **গৈ**—গীতবৎ। **গ্রহ্**—গৃহীতবৎ। **চি**—চিতবৎ। **চিন্ত্**—চিন্তিতবৎ। **ছিদ্**—ছিন্নবৎ। **জন্**—জাতবৎ। **জাগৃ**—জাগরিতবৎ। **জি**—জিতবৎ। **জ্ঞা**—জ্ঞাতবৎ। **ত্যজ্**—ত্যক্তবৎ। **দৃশ্**—দৃষ্টবৎ। **নী**—নীতবৎ। **নৃৎ**—নর্তিতবৎ। **পত্**—পতিতবৎ। **পা**—পীতবৎ। **পূজ্**—পূজিতবৎ। **প্রচ্ছ**—পৃষ্টবৎ। **ভক্ষ্**—ভক্ষিতবৎ। **দা**—দত্তবৎ। **ব্রূ বা বচ্**—উক্তবৎ। **শাস্**—শিষ্টবৎ। **হন্**—হতবৎ। **আ—হ্বে**—আহূতবৎ।

৪। **ক্ত** প্রত্যয়—অতীতকালে **কর্তৃবাচে অকর্মক ধাতুর** উত্তর **ক্ত** প্রত্যয়ও হয়। **ক্ত**-প্রত্যয়ান্ত শব্দ **সমাপিকা** ক্রিয়ার কাজ করে এবং **কর্তার বিশেষণ** হয়। যথা,—**শী+ক্ত=শয়িত**। বালকঃ শয্যায়াং **শয়িতঃ** (শয়িতবান্)। বালকৌ **শয়িতৌ**। বালকাঃ **শয়িতাঃ**। **স্বপ্+ক্ত=সুপ্ত**। বালিকা **সুপ্তা**। বালিকে **সুপ্তে**। বালিকাঃ **সুপ্তাঃ**। পুষ্পং **প্রস্ফুটিতম্**। পুষ্পে **প্রস্ফুটিতে**। পুষ্পাণি **প্রস্ফুটিতানি**।

৫। গমনার্থ ধাতু এবং উপসর্গযুক্ত **শী, স্থা, আস্, বস্, জন্** ও **রুহ্** ধাতু **সকর্মক হইলেও** উহাদের **উত্তর** কর্তৃবাচ্যে **ক্ত** প্রত্যয়ও হয়। যথা,—

স গৃহং **গতঃ** (গতবান্)। সা গৃহম্ **আগতা** (আগতবতী)। মিত্রং মে **আগতম** (আগতবৎ)। অথ অসৌ গজঃ ধীরং **চলিতঃ** (চলিতবান্)। সর্বে ছাত্রাঃ ক্রীড়াক্ষেত্রং **প্রস্থিতাঃ** (প্রস্থিতবন্তঃ)। রামঃ দণ্ডকারণ্যম্ **অধ্যুষিতঃ**। রামম্ **অনুজাতঃ** লক্ষ্মণঃ। ততঃ স গভীরবনং **প্রবিষ্টঃ** (প্রবিষ্টবান্)। ক্লেশেন অহং পর্বতম্ **আরূঢ়ঃ** (আরূঢ়বান্)।

কর্তৃবাচ্যে বিহিত কয়েকটি ক্ত-প্রত্যয়ান্ত শব্দ—পলা—অয়্+ক্ত—**পলায়িত**। অধি—শী+ক্ত—**অধিশয়িত**। অধি—বস্—**অধ্যুষিত**। আ—রুহ্—**আরূঢ়**। ক্রুধ্—**ক্রুদ্ধ**। জাগৃ—**জাগরিত**। মুহ্—**মুগ্ধ**, মূঢ়। বস্—**উষিত**। বহ্—**ঊঢ়**।

৬। **অতীতকালে সকর্মক** ধাতুর উত্তর কর্মবাচ্যে **ক্ত** প্রত্যয় হয়। যথা,—

কর্তৃবাচ্য	**কর্মবাচ্য**
মম পিতামহঃ বেদং পঠিতবান্।	মম পিতামহেন বেদঃ পঠিতঃ।
স গীতাং পঠিতবান্।	তেন গীতা পঠিতা।
অহং রামায়ণং পঠিতবান্।	ময়া রামায়ণং পঠিতম্।
বালিকা পুষ্পাণি আহৃতবতী।	বালিকয়া পুষ্পাণি আহৃতানি।

কর্মবাচ্যে বিহিত ক্ত-প্রত্যয়ান্ত কয়েকটি শব্দ—অদ্ (খাওয়া)+ক্ত=**অন্ন**, **জগ্ধ**। অধি—ই+ক্ত=**অধীত**। কৄ+ক্ত=**কীর্ণ**। ক্রী—**ক্রীত**। ক্ষম্—**ক্ষান্ত**। গ্রহ্—**গৃহীত**। ত্রৈ—**ত্রাণ, ত্রাত**। পচ্—**পক্ব**। আ—দা—**আদত্ত**। দুহ্—**দুগ্ধ**। পূর্—**পূর্ণ**। যজ্—**ইষ্ট**। বদ্—**উদিত**। বপ্=**উপ্ত**। আ—হ্বে=**আহূত**। বি—ধা=**বিহিত**।

৭। সকর্মক ও অকর্মক সকল প্রকার ধাতুর উত্তর **ভাববাচ্যে ক্ত** প্রত্যয় হয়। উহা সর্বদা **ক্লীবলিঙ্গের প্রথমার একবচন** হয়। যথা,—

কর্তৃবাচ্য	ভাববাচ্য
স **হসিতঃ** (হসিতবান্)।	তেন **হসিতম্**।
শিশুঃ শয্যায়াং **সুপ্তঃ** (সুপ্তবান্)।	শিশুনা শয্যায়াং **সুপ্তম্**।
কথং ত্বং **রুদিতঃ** (রুদিতবান্)।	কথং ত্বয়া **রুদিতম্**।
পণ্ডিতাঃ **উক্তবন্তঃ**।	পণ্ডিতৈঃ **উক্তম্**।
ততঃ সঃ **অভিহিতবান্**।	ততস্তেন **অভিহিতম্**।

৮। **মতি-বুদ্ধি-পূজার্থেভ্যশ্চ।** মতি, বুদ্ধি ও পূজা অর্থক **ধাতুর উত্তর বর্তমান কালে ক্ত** প্রত্যয় হয়। যথা,—**মন্+ক্ত=মত।** অয়ং বিজ্ঞঃ জনঃ অস্মাকং **মতঃ** (অভিমতঃ বা)—এই বিজ্ঞ ব্যক্তি আমাদেব সম্মানিত। বিদ্বান্ সর্বেষাং **পুজিতঃ।** এতৎ মম **ইষ্টম্**—ইহা আমাব বাঞ্ছিত।

ক্তবতু ও ক্ত প্রত্যয়ের প্রযোগ

রামচন্দ্রঃ পিতুরাদেশেন বনং গতবান্। তস্য ভার্যা রাজলক্ষ্মীঃ সীতা তেন সহ বনং গতবতী। অনুজোঃ লক্ষ্মণশ্চ ভ্রাতা সহ গতঃ। অযোধ্যায়াঃ প্রজাঃ পরং শোকম্ উপাগতাঃ। রামঃ লক্ষ্মণেন সীতয়া চ সহ দণ্ডকারণ্যে বাসং কৃতবান্। তত্র তে সুখেন কালং নীতবন্তঃ। রামঃ অনেকান্ রাক্ষসান্ হতবান্। উভৌ ভ্রাতরৌ বহূন্ রাক্ষসান্ হতবন্তৌ। একদা সীতা লঙ্কাধিপতিনা রাবণেন অপহৃতা। দুরাত্মা রাবণো রামেণ হতঃ। মেঘনাদঃ লক্ষ্মণেন হতঃ। ততস্তে অযোধ্যাং প্রত্যাগত্যাঃ।

অনুশীলনী

. তিন লিঙ্গে প্রথমার একবচনে পদগুলি কী হইবে লিখ (Give the resulting forms of) :

• গ্রহ্+ক্তবতু। ব্রূ বা বচ্+ক্তবতু। দা+ক্তবতু। বপ্+ক্তবতু। আ—হ্বে+ক্তবতু, বস্+ক্তবতু। যজ্+ক্তবতু। প্রচ্ছ্+ক্তবতু। অধি—ই+ক্ত। গ্রহ্+ক্ত। দা+ক্ত। পচ্+ক্ত। বপ্+ক্ত। বদ্+ক্ত। যজ্+ক্ত। সহ্+ক্ত। পা+ক্ত। জাগৃ+ক্ত। শাস্+ক্ত। মুহ্+ক্ত। স্বপ্+ক্ত। পরা+অয়্+ক্ত। বহ্+ক্ত। জন্+ক্ত। ক্রীড্+ক্ত।

ক্ত্বাচ্ ও ল্যপ্ (বা যপ)—প্রত্যয়

১। **সমানকর্তৃকয়োঃ পূর্বকালে। অনন্তর** অর্থে ধাতুর উত্তর '**ক্ত্বাচ্**' প্রত্যয় হয়। দুই ক্রিয়ার **এক কর্তা** হইলে, **পূর্বে** যে **ক্রিয়া নিষ্পন্ন হয়,** তাহার উত্তর **ক্ত্বাচ্** প্রত্যয় হয়। **ক্ত্বাচ্**-এব **ত্বা** থাকে। যথা,—**গম্+ক্ত্বাচ্** (ত্বা)=**গত্বা** (যাইয়া, যাওয়ার পর)। **স্না+ক্ত্বাচ্** (ত্বা)=**স্নাত্বা**

(স্নান করিয়া, স্নানের পর)। গৃহং **গত্বা** স বিশ্রামং কৃতবান্। নদ্যাং **স্নাত্বা** স গৃহং গতঃ।

২। ধাতুর পূর্বে **নঞ্‌ ভিন্ন উপসর্গ** থাকিলে **ক্ত্বাচ্**-এর স্থানে **ল্যপ্** (বা যপ্) প্রত্যয় হয়। ল্যপ্ বা যপ্-এর 'য' থাকে। যথা,—নম্+ক্ত্বাচ্ (ত্বা)= **নত্বা**, কিন্তু প্র—নম্+ল্যপ্ (যপ্)=**প্রণম্য** (প্রণাম করিয়া)। গম্+ক্তাচ্ =**গত্বা**, কিন্তু, আ—গম্+ল্যপ্ (যপ্)=**আগম্য, আগত্য** (আগমন করিয়া)।

কিন্তু ধাতুর পূর্বে **নঞ্‌** থাকিলে **ক্ত্বাচ্** হয় (ল্যপ্ **হয় না**)। যথা,— **নঞ্‌**—জ্ঞা+ক্তাচ্—**অজ্ঞাত্বা** (না জানিয়া, without knowing)। নঞ্‌ —দৃশ্+ক্তাচ্—**অদৃষ্ট্বা** (না দেখিয়া)।

৩। **নিষেধ** অর্থ বুঝাইলে **'অলম্'** শব্দের যোগে ধাতুর উত্তর ক্তাচ্ হয়। যথা,—অলং **গত্বা**—(যাওয়ার প্রয়োজন নাই)। অলং **চিন্তয়িত্বা** (চিন্তার প্রয়োজন নাই)।

ক্ত্বাচ্ প্রত্যয়ান্ত কতিপয় শব্দ—

গম্+ক্তাচ্=**গত্বা**। কৃ+ক্তাচ্=**কৃত্বা**। পঠ্+ক্তাচ্=**পঠিত্বা**। দৃশ্+ক্তাচ্=**দৃষ্ট্বা**। ভূ বা অস্+ক্তাচ=**ভূত্বা**। শ্রু+ক্তাচ্=**শ্রুত্বা**। পা— **পীত্বা**। জ্ঞা=**জ্ঞাত্বা**। দা=**দত্ত্বা**। গ্রহ্=**গৃহীত্বা**। নী=**নীত্বা**। জি= **জিত্বা**। স্থা=**স্থিত্বা**। হু=**হুত্বা**। স্না=**স্নাত্বা**।

চল্=চলিত্বা। ব্রূ বা বচ্=উক্ত্বা। নম্=নত্বা। ঘ্রা=ঘ্রাত্বা। পত্ =পতিত্বা। ক্রী=ক্রীত্বা। ত্যজ্=ত্যক্ত্বা। মন্=মত্বা। বিদ্=বিদিত্বা (জানিয়া)। খাদ্=খাদিত্বা। লিখ্=লিখিত্বা। অর্চ্=অর্চিত্বা, অর্চয়িত্বা। পূজ্—পূজয়িত্বা। চিন্ত্=চিন্তয়িত্বা। লভ্=লব্ধ্বা। *বদ্=উদিত্বা। *যজ্=ইষ্ট্বা। ভ্রম্=ভ্রমিত্বা। *বস্=উষিত্বা। হন্=হত্বা। *বহ্=ঊঢ়্বা (বহন করিয়া)।

ল্যপ্ (যপ্) প্রত্যয়ান্ত কতিপয় শব্দ—

প্র, পরা, সম্, অনু, আ, নিঃ প্রভৃতি উপসর্গযোগে—

প্র—আপ্+ল্যপ্=**প্রাপ্য** (পাইয়া)। প্র—নম্+ল্যপ্=**প্রণম্য, প্রণত্য** (প্রণাম করিয়া)। আ—গম্+ল্যপ্=**আগম্য, আগত্য** (আসিয়া।

প্র—বিশ + ল্যপ্ = **প্রবিশ্য** (প্রবেশ করিয়া)। প্র—স্থা + ল্যপ্ = **প্রস্থায়** (প্রস্থান করিয়া)। পরা—জি + ল্যপ্ = পরাজিত্য (পরাজিত করিয়া)। সম্—গ্রহ্ + ল্যপ্ = সংগৃহ্য (সংগ্রহ করিয়া)। অব—লোকি + ল্যপ্ = অবলোক্য (অবলোকন করিয়া)। আ—কর্ণি + ল্যপ্ = আকর্ণ্য (শুনিয়া)। আ—দা = আদায় (গ্রহণ করিয়া)। প্র—দা = প্রদায় (প্রদান করিয়া)। নিঃ—চি = নিশ্চিত্য (স্থির করিয়া)। বি—জ্ঞা = বিজ্ঞায় (জানিয়া)। অধি—ই = অধীত্য (অধ্যয়ন করিয়া)। উৎ—স্থা = **উত্থায়** (উত্থান করিয়া)। পরি—ত্যজ্ = **পরিত্যজ্য**। আ—নী = **আনীয়** (আনয়ন করিয়া)। আ—হ্বে = **আহূয়** (আহ্বান করিয়া)। আ—রুহ্ = আরুহ্য।

ক্ত্বাচ্ ও ল্যপ্ প্রত্যয়ান্ত শব্দের প্রয়োগ

নদীতে স্নান করিয়া পুরোহিত মন্দিরে প্রবেশ করিলেন—নদ্যাং **স্নাত্বা** (অবগাহ্য) পুরোহিতঃ মন্দিরং প্রবিষ্টঃ। ক্ষণকাল চিন্তা করিয়া তিনি সানন্দে এইরূপ উক্তি করিলেন—ক্ষণং **চিন্তয়িত্বা (বিচিন্ত্য)** সঃ সানন্দম্ এব মুক্তবান্। **ইহা** শুনিয়া পিতা অত্যন্ত ক্রুদ্ধ হইয়াছিলেন—এতৎ শ্রুত্বা (এতদাকর্ণ্য) পিতা বৈ অতীব ক্রুদ্ধোঽভবৎ। ভিক্ষা সংগ্রহ করিয়া ভিক্ষুকেরা প্রস্থান করিল—ভৈক্ষং **সংগৃহ্য** ভিক্ষুকাঃ প্রস্থিতাঃ। রিপূন্ **জিত্বা** (বিজিত্য) সুখী ভব। হে অর্জুন! হৃদয়-দৌর্বল্যং **ত্যক্ত্বা** (**পরিত্যজ্য**) উত্তিষ্ঠ। জালম্ **আদায়** (গ্রহণ করিয়া) ব্যাধঃ বনং গতঃ। গৃহং **প্রবিশ্য** চৌরঃ সর্বস্বম্ অপহৃতবান্।

ক্ত্বাচ্ ও ল্যপ্ প্রত্যয়ের প্রয়োগ

প্রতিদিনম্ উষায়ামহং শয্যাং ত্যক্ত্বা দন্তধারণং করোমি। ততঃ হস্তমুখং প্রক্ষাল্য ভ্রমিতুমহং নদীতীরং গচ্ছামি। নদীতীরাৎ মনোরমং সূর্যোদয়ং দৃষ্ট্বা সানন্দমহং গৃহং প্রত্যাগচ্ছামি। তদনন্তরং পাণিপাদং প্রক্ষাল্য প্রাতরাশঞ্চ সমাপ্য অধ্যয়নে রতো ভবামি। অধ্যয়নাৎ পরং স্নাত্বা ভুক্ত্বা চ বিদ্যালয়ং গচ্ছামি। বিদ্যালয়াৎ গৃহম্ প্রত্যাগম্য ক্রীড়ার্থং বহির্গচ্ছামি। ক্রীড়ায়া অনন্তরং সায়ং গৃহমাগত্য অধ্যয়নে রতো ভবামি।

অনুশীলনী

শব্দগুলি কী হইবে লিখ (Give the resulting forms of) :

গৈ+ক্ত্বাচ্। দা+ক্ত্বাচ্। আ—দা+ল্যপ্। পচ্+ক্ত্বাচ্। পা+ক্ত্বাচ্। ক্রী+ক্ত্বাচ্। বি—ক্রী+ল্যপ্। ব্রূ বা বচ্+ক্ত্বাচ্। পূজ্+ক্ত্বাচ। চিন্ত্+ক্ত্বাচ্। বপ্+ক্ত্বাচ্। যজ্+ক্ত্বাচ্। ভুজ্+ক্ত্বাচ। বহ্+ক্ত্বাচ্। শী+ক্ত্বাচ্। সহ্+ক্ত্বাচ্। প্রচ্ছ্+ক্ত্বাচ্। পাল্+ক্ত্বাচ্। শাস্+ক্ত্বাচ্। প্র—নম্+ল্যপ্। আ—গম্+ল্যপ্। পরা—জি+ল্যপ। অধি—ই+ল্যপ্। উৎ—স্থা+ল্যপ্। পরি—ধা+ল্যপ্। উপ—গম্+ল্যপ। আ—হন্+ল্যপ্। আ—হ্বে+ল্যপ্।

তুমুন্ (তুম্)—প্রত্যয়

১। **সমান-কর্তৃকেষু তুমুন্।**

বাক্যে দুই ক্রিয়ার **কর্তা এক হইলে**, দুই ক্রিয়ার মধ্যে **নিমিত্তবোধক** ধাতুর উত্তর **'তুমুন্'** প্রত্যয় হয়। **'তুমুন্'** প্রত্যয়ের **'তুম্'** থাকে।

দেখিতে, শুনিতে, পড়িতে প্রভৃতি অসমাপিকা ক্রিয়া যখন দেখিবার নিমিত্ত, শুনিবার নিমিত্ত (ইংরাজীতে to see, to hear) অর্থ বুঝায়, তখন নিমিত্তবোধক ধাতুর উত্তর **'তুম্'** প্রত্যয় হয়। যথা,—**দৃশ্**+তুম্=**দ্রষ্টুম্** (দেখিবার নিমিত্ত), **শ্রু**+তুম্=**শ্রোতুম্** (শুনিবার নিমিত্ত)। পঠ্+তুম্ =**পঠিতুম্** (পড়িবার নিমিত্ত)। বিশ্বেশ্বরস্য মন্দিরং **দ্রষ্টুম্** অহং বারাণসীং **গমিষ্যামি**। সঙ্গীতং **শ্রোতুম্** অহং গীতভবনং **গতবান্**।

২। নিমিত্তার্থ না বুঝাইলেও (উভয় ক্রিয়ার এক কর্তা হইলে) **ইচ্ছার্থক** ধাতুর যোগে **অপর ধাতুর** উত্তর **'তুম্'** প্রত্যয় হয়। যথা,—অহং রামায়ণং **পঠিতুম্ ইচ্ছামি**। দরিদ্র ধনং **লব্ধুম্ ইচ্ছতি**। অহং হিমালয়ং **দ্রষ্টুম্ ইচ্ছামি**।

৩। নিমিত্ত অর্থ না বুঝাইলেও **শক্, জ্ঞা, রভ্, ভু, অস্** প্রভৃতি ধাতুর যোগে **অপর ধাতুর উত্তর তুম্** প্রত্যয় হয়। যথা,—স এতৎ **কর্তুং**

শক্নোতি—সে ইহা করিতে সক্ষম। স পায়সং **পক্তুং জানাতি**। ততঃ বক্তা **বক্তুম্ আরব্ধঃ**—তারপর বক্তা বলিতে আরম্ভ করিলেন। অধুনা ত্বং **গন্তুং ন অর্হসি**—এখন তোমার যাওয়া সঙ্গত নয়। অত্র **ভোক্তুং** অন্নম্ **অস্তি (ভবতি, বিদ্যতে)**।

৪। (ক) **সমর্থ, পটু, নিপুণ, কুশল, অলম্** শব্দের যোগে ধাতুর উত্তর **তুম্** প্রত্যয় হয়। যথা,—অহম্ এতৎ **কর্তুং সমর্থঃ** (নিপুণঃ, পটুঃ, অলম্)। স **যোদ্ধুং নিপুণঃ** (সে যুদ্ধে নিপুণ)।

(খ) **কালবাচক 'সময়', 'বেলা'** শব্দের যোগে **তুম্** প্রত্যয় হয়। যথা,—**ভোক্তুং** কালোঽয়ম্ (এখন ভোজন করিবার সময়)। বিদ্যালয়ং **গন্তুং** সময়োঽয়ম্। **শয়িতুং** বেলা ইয়ম্।

৫। **বিশেষ দ্রষ্টব্য ঃ** নিমিত্তার্থ বুঝাইলেও সমাপিকা এবং অসমাপিকা উভয় ক্রিয়ার যদি **এক কর্তা না হয়,** তাহা হইলে **'তুম্'** ব্যবহৃত **হইবে না**। যথা,—শিক্ষক ছাত্রকে **যাইতে** আদেশ করিতেছেন—**শিক্ষকঃ ছাত্রং গমনায় (গমনার্থং** বা) আদিশতি। (এ স্থলে **'আদিশতি'** ক্রিয়ার কর্তা **'শিক্ষকঃ'** আর গমন করার **কর্তা 'ছাত্রঃ'**—সুতরাং **'গন্তুম্' হইল না**। নিমিত্ত বুঝাইতে চতুর্থী বিভক্তি হইয়াছে)।

অধ্যয়নায় মহ্যং পুস্তকং যচ্ছ ('অধ্যেতুম' **হইবে না**)। দরিদ্রেভ্যঃ **ভোজনায়** অন্নং দেহি ('ভোক্তুম্' হইবে না)। তৃষ্ণার্তায় **পানায়** (পানার্থং বা) জলং দেহি ('পাতুম্' **হইবে না**)।

৬। **বিশেষ দ্রষ্টব্য ঃ** আমি নরেন্দ্রকে বিদ্যালয়ে যাইতে দেখিয়াছিলাম—অহং নরেন্দ্রং বিদ্যালয়ং **গচ্ছন্তম্** দৃষ্টবান্। এস্থলে **'গন্তুম্' হইবে না,** কারণ বাক্যটিতে দুই ক্রিয়ার কর্তা এক নহে, আর 'যাইতে' ক্রিয়াটি **নরেন্দ্রম্** পদের **বিশেষণ,** তাই **গচ্ছন্তম** এই **শতৃ প্রত্যয়ান্ত পদ হইল**। এইরূপ, অহং **ব্রাহ্মণং পূজয়ন্তং** দৃষ্টবান্।

তুমুন (তুম্)—প্রত্যয়ান্ত কতিপয় শব্দ—

কৃ + তুম্ = **কর্তুম্**। পঠ্ + তুম্ = **পঠিতুম্**। লিখ + তুম্ = **লেখিতুম্**।

দৃশ্‌+তুম্‌=**দ্রষ্টুম্‌**। গম্‌—**গন্তুম্‌**। শ্রু—**শ্রোতুম্‌**। খাদ্‌—**খাদিতুম্‌**। দা—**দাতুম্‌**। পা—**পাতুম্‌**। স্না—**স্নাতুম্‌**।

গৈ—গাতুম্‌। ভূ বা অস্‌—ভবিতুম্‌। *ব্রূ বা বচ—বক্তুম্‌। চি—চেতুম্‌। জি—জেতুম্‌। হস্‌—হসিতুম্‌। *বস্‌ (বাস করা)—বস্তুম্‌। বপ্‌—বপ্তুম্‌। নী—নেতুম্‌। ক্রী—ক্রেতুম্‌। পচ্‌—পক্তুম্‌। মৃ—মর্তুম্‌। *বহ্‌—বোঢ়ুম্‌। *সহ্‌ (সহ্য করা)—সহিতুম্‌, সোঢ়ুম্‌। হন্‌—হন্তুম্‌। *অধি—ই—অধ্যেতুম্‌। স্মৃ—স্মর্তুম্‌। হৃ—হর্তুম্‌। অর্জ—অর্জিতুম্‌, অর্জয়িতুম্‌। চিন্ত্‌—চিন্তয়িতুম্‌। পূজ্‌—পূজয়িতুম্‌। কথ্‌—কথয়িতুম্‌। কারি—কারয়িতুম্‌। দর্শি—দর্শয়িতুম্‌। স্থাপি—স্থাপয়িতুম্‌। লভ্‌—লব্ধুম্‌। প্র—আপ্‌—প্রাপ্তুম্‌। যজ্‌ (যজ্ঞ করা)—যষ্টুম্‌। শী—শয়িতুম্‌। ক্ষম্‌ (ক্ষমা করা)—ক্ষন্তুম্‌। গ্রহ্‌—গ্রহীতুম্‌।

তুম্‌ প্রত্যয়ের প্রয়োগ

মহাকাব্যং রামায়ণং পঠিতুম্‌ অহং নিতরামিচ্ছামি। রামচরিতং জ্ঞাতুম্‌ অহম্‌ অত্যন্তমভিলষামি। রামায়ণস্য চিত্রাণি চ দ্রষ্টুম্‌ ইচ্ছাম্যহম্‌।

বৃদ্ধাঃ ভ্রমিতুং নদীতীরং গচ্ছন্তি। নির্মলং বায়ুং সেবিতুং তে ইচ্ছন্তি। নিসর্গশোভাং দ্রষ্টুং পক্ষিণাং মধুরং কূজনঞ্চ শ্রোতুং তে নদীতীরং গচ্ছন্তি। তে শরীরং রক্ষিতুং যত্নং কুর্বন্তি।

পথিকঃ জলং পাতুং সরোবরং গতবান্‌। শীতলং জল পীত্বা নির্মলং বায়ু সেবিতুং বিশ্রামঞ্চ কর্তুং স তরুতলে উপবেশনং কৃতবান্‌।

অনুশীলনী

শব্দগুলি কী হইবে লিখ (Give the resulting forms of):

ভূ+তুম্‌। অস্‌+তুম্‌। স্পৃশ্‌+তুম্‌। প্রচ্ছ্‌+তুম্‌। ক্রী+তুম্‌। ক্রীড়্‌+তুম্‌। গ্রহ্‌+তুম্‌। চি+তুম্‌। গৈ+তুম্‌। ত্যজ্‌+তুম্‌। দন্শ্‌+তুম্‌। দহ্‌+তুম্‌। দৃশ্‌+তুম্‌। দুহ্‌+তুম্‌। ব্রূ বা বচ্‌+তুম্‌। পূজ্‌+তুম্‌। চিন্ত্‌+তুম্‌। কথ+তুম্‌। নী+তুম্‌। শ্রু+তুম্‌। বহ্‌+তুম্‌। যজ্‌+তুম্‌। সহ্‌+তুম্‌। হন্‌+তুম্‌। স্মৃ+তুম্‌। অধি—ই+তুম্‌।

উত্তর সহ কয়েকটি অনুশীলনী

একশব্দে কী হইবে লিখ (Substitute a single word for) :

(ক) বক্তুমুচিতম্ (বক্তব্যম্, বচনীয়ম্, বাচ্যম্)। দ্রষ্টুমুচিতম্ (দ্রষ্টব্যম্, দর্শনীয়ম্)। গ্রহীতুমুচিতম্ (গ্রহীতব্যম্, গ্রহণীয়ম্)। শ্রোতুমুচিতম্ (শ্রোতব্যম্, শ্রবণীয়ম্)। ভোক্তুম্ যোগ্যম্—ভোগ্যম্, ভোজ্যম্।

(খ) দানস্য অর্থে—(দাতুম্)। বচনস্য অর্থে—(বক্তুম্)। ভোজনস্য অর্থে (ভোক্তুম্)। গ্রহণস্য অর্থে (গ্রহীতুম্)। হননস্য অর্থে (হন্তুম্)।

(গ) গ্রহণং কৃত্বা (গৃহীত্বা)। শয়নাৎ পরম্—(শয়িত্বা)। বচনাৎ অনন্তরম্ (উক্ত্বা)। আগমনাৎ অনন্তরম্ (আগম্য, আগত্য)। ভোজনাৎ অনন্তরম্ (ভুক্ত্বা)। প্রদানং কৃত্বা (প্রদায়)। ভক্ষণাৎ পরম্—(ভক্ষয়িত্বা) প্রস্থানাৎ অনন্তরম্ (প্রস্থায়)। অবলোকনং কৃত্বা (অবলোক্য)। অধ্যয়নাৎ অনন্তরম্ (অধীত্য)।

তদ্ধিত প্রত্যয় (Secondary Suffixes)

শব্দের উত্তর বিভিন্ন প্রত্যয় যোগে নূতন নূতন শব্দের সৃষ্টি হয়। ঐ সকল প্রত্যয়কে **তদ্ধিত প্রত্যয়** বলে। ভিন্ন ভিন্ন অর্থে শব্দের উত্তর **অণ্** (ষ্ণ) **ষ্ণ্য, ষ্ণি, ষ্ণিক্**, **ছ** (ষ্ণীয়), **ত্ব**, **তল্**, **মতুপ্**, **ঈয়সুন্**, **ইষ্ঠন্** প্রভৃতি প্রত্যয়যোগে **তদ্ধিতান্ত পদ** গঠিত হয়।

তদ্ধিত প্রত্যয়গুলির মধ্যে প্রয়োজনীয় কয়েকটির প্রধান প্রধান বিভাগ নিম্নে প্রদত্ত হইল —

১। **অপত্য-প্রত্যয়**—(**অপত্য অর্থে পুত্র, কন্যা, পৌত্র**, অথবা **বংশধর** বুঝায়)। **'তস্য অপত্যম্'** (তাহার অপত্য)—এই অর্থে শব্দের উত্তর কয়েকটি প্রত্যয় হয় ; সেই সকল প্রত্যয়কে **অপত্য-প্রত্যয়** বলে।

(ক) **অপত্য-প্রত্যয়—অণ্** (বা ষ্ণ)=**অ**। পুত্রস্য অপত্যং পুমান্—**পৌত্রঃ** (পুত্র+অণ্)। মনোঃ অপত্যম্—**মানবঃ**। পাণ্ডোঃ অপত্যম্—**পাণ্ডবঃ**। কুরোঃ অপত্যম্—**কৌরবঃ**। রঘোঃ অপত্যম্-**রাঘবঃ**। ধৃতরাষ্ট্রস্য অপত্যম্— **ধার্তরাষ্ট্রঃ**। পৃথায়াঃ অপত্যম্—**পার্থঃ**। দুহিতুঃ অপত্যম্——**দৌহিত্রঃ**। বসুদেবস্য অপত্যম্— **বাসুদেবঃ**।

(খ) **অপত্য-প্রত্যয়—ঞি (বা ষিণ্)=ই।**

দশরথস্য অপত্যং পুমান্—দশরথ+ই—**দাশরথিঃ**। অর্জুনস্য অপত্যম্—**আর্জুনিঃ**। সুমিত্রায়াঃ অপত্যম্—**সৌমিত্রিঃ**। রাবণস্য অপত্যম্—**রাবণিঃ** (ইন্দ্রজিৎ)।

(গ) **অপত্য-প্রত্যয়—ষ্যণ্** (বা ষ্ণ্য)=**য**।

চণকস্য অপত্যং পুমান্—**চাণক্যঃ** (চণক+য)। যজ্ঞবল্কস্য অপত্যম্,—**যাজ্ঞবল্ক্যঃ**। দিতেঃ অপত্যম্—**দৈত্যঃ**। অদিতেঃ অপত্যম্—**আদিত্যঃ**।

বহুবচনে অপত্য প্রত্যয়ের লোপ হয়। যথা,—রঘোঃ অপত্যানি—**রঘবঃ**, **রাঘবাঃ**। কুরোঃ অপত্যানি—**কুরবঃ**, **কৌরবাঃ**।

অপত্যার্থ ছাড়া বিভিন্ন অর্থে অণ্ প্রত্যয়—

২। (ক) **তেন প্রোক্তম্**—(তাহার দ্বারা উক্ত), এই অর্থে **অণ্** (অ) প্রত্যয় হয়। যথা,—ঋষিণা প্রোক্তম্—**আর্ষম্**। পতঞ্জলিনা প্রোক্তম্—**পাতঞ্জলম্** (পাতঞ্জল দর্শন)।

(খ) **সা অস্য দেবতা**—(ইনি ইহার দেবতা), এই অর্থে **অণ্** (অ) প্রত্যয় হয়। যথা,—শিবঃ অস্য দেবতা—**শৈবঃ** (শিব+অণ্ (অ)। শক্তিঃ অস্য দেবতা—**শাক্তঃ**। বিষ্ণুঃ অস্য দেবতা—**বৈষ্ণবঃ**। বুদ্ধঃ অস্য দেবতা—**বৌদ্ধঃ**।

(গ) **তত্রভবঃ**— (তথায় জাত), এই অর্থে শব্দের উত্তর **অণ্** প্রত্যয় হয়। যথা,—নগরে ভবঃ—**নাগরঃ**। শরদি ভবঃ—**শারদঃ**। অন্তরে ভবম্—**আন্তরম্**। মনসি ভবম্—**মানসম্**।

(ঘ) **তস্য ইদম্** (তৎ সম্বন্ধীয়)। এই অর্থে **অণ্** (অ) প্রত্যয় হয়। যথা,—শরীরস্য ইদম্—**শারীরম্** (শরীর+অণ্)। চন্দ্রস্য ইদম্—**চান্দ্রম্**। গঙ্গায়াঃ ইদম্—**গাঙ্গম্**। পশুপতেঃ ইদম্—**পাশুপতম্**। ভরতস্য ইদম্—**ভারতম্**। পৃথিব্যাঃ ইদম্—**পার্থিবম্**।

(ঙ) **তস্য বিকারঃ** (বিকার অর্থে) **অণ্** (অ) প্রত্যয় হয়। যথা,—সুবর্ণস্য বিকারঃ—**সৌবর্ণঃ** (সুবর্ণ+অণ্) golden। পয়সঃ বিকারঃ—**পায়সঃ** (দুগ্ধজাত)। তিলস্য বিকারঃ—**তৈলম্**।

(চ) **সঃ অস্য নিবাসঃ** (উহা ইহার নিবাস), এই অর্থে অণ্ প্রত্যয় হয়। যথা,—বঙ্গঃ অস্য নিবাসঃ—**বাঙ্গঃ** (বাঙ্গালী)। মিথিলা অস্য নিবাসঃ—**মৈথিলঃ**। উৎকলঃ অস্য নিবাসঃ—**ঔৎকলঃ**। মদ্রঃ অস্য নিবাসঃ—**মাদ্রঃ**।

(ছ) **তস্যভাবঃ**—(উহার ভাব), এই অর্থে অণ্ প্রত্যয় হয়। যথা,—শিশোঃ ভাবঃ—**শৈশবম্** (শিশু+অণ্, ক্লীবলিঙ্গ)। কুমারস্য ভাবঃ—**কৌমারম্**। গুরোঃ ভাবঃ—**গৌরবম্**। লঘোঃ ভাবঃ—**লাঘবম্**। ঋজোঃ ভাবঃ—**আর্জবম্**। সুরভেঃ ভাবঃ—**সৌরভম্**।

(জ) **তস্য ভাবঃ কর্ম বা** (উহার ভাব বা কার্য), এই অর্থে **অণ্** প্রত্যয় হয়। যথা,—মুনেঃ ভাবঃ কর্ম বা—**মৌনম্**। সুভ্রাতুঃ ভাবঃ কর্ম বা—**সৌভ্রাত্রম্**। সুহৃদঃ ভাব কর্ম বা—**সৌহার্দম্** (বন্ধুত্ব)।

(ঝ) স্বার্থে (অর্থের পরিবর্তন না ঘটাইয়া) অণ্ প্রত্যয়—বন্ধুরেব—**বান্ধবঃ** (বন্ধু+অণ্)। চোরঃ এব—**চৌরঃ**। মনঃ এব—**মানসম্** (মন)। কুতূহলম্ এব—**কৌতূহলম্**।

৩। (ক) **ছ** (বা ষ্ণীয়—ঈয়) প্রত্যয়—

অপত্য-অর্থে—স্বসুঃ অপত্যম্—স্বসৃ+ছ (ঈয়)—**স্বস্রীয়ঃ** (স্বসা—ভগিনীর পুত্র)। **পৈতৃস্বস্রীয়ঃ** (পিস্‌তুত ভাই)। **মাতৃস্বস্রীয়ঃ** (মাস্‌তুত ভাই)।

(খ) বয়স অর্থে '**ছ**' (ঈয়) প্রত্যয়—

দ্বিবর্ষ+ছ (ঈয়)—**দ্বিবর্ষীয়ঃ** (দুই বৎসর বয়স্ক)। পঞ্চবর্ষ+ছ—**পঞ্চবর্ষীয়ঃ**। **দশবর্ষীয়ঃ, ষোড়শবর্ষীয়ঃ**।

(গ) **তস্য ইদম্** (তৎ সম্বন্ধীয় অর্থে) '**ছ**' প্রত্যয়—তস্য ইদম্—**তদীয়ম্** তদ্+ছ (ঈয়)—**তাহার**। জলস্য ইদম্—**জলীয়ম্**। বায়োঃ ইদম্—**বায়বীয়ম্**। তব ইদম্—**ত্বদীয়ম্**। (যুষ্মদ্+ছ)—তোমার সম্বন্ধীয়। মম ইদম্—**মদীয়ম্**।

৪। **ষ্ণ্য** বা **ষ্যণ্** প্রত্যয়=**য** (বিভিন্ন অর্থে)

(ক) **সমূহ** অর্থে—ভিক্ষাণাং সমূহঃ (ভিক্ষা+য)—**ভৈক্ষ্যম্** (ভিক্ষালব্ধ বস্তু)।

(খ) **তত্র ভবঃ** (জাতঃ) অর্থে ষ্ণ্য—প্রাচি ভবম্—প্রাচ্+য—**প্রাচ্যম্**,

(পূর্ব দেশীয়)। প্রতীচি ভবম্ (প্রত্যচ্ + য)—**প্রতীচ্যম্**, (পশ্চিম দেশীয়)। গ্রামে ভবঃ (গ্রাম+য)—**গ্রাম্যঃ**। অরণ্যে ভবঃ (অরণ্য+য)—আরণ্যঃ (বন্য)। কণ্ঠে ভবঃ (কণ্ঠ+য)—**কণ্ঠ্যঃ** (কণ্ঠ হইতে জাত)। আদৌ ভবম্ (আদি+য) **আদ্যম্** (আদিতে জাত)। এইরূপ, অন্ত্যম্, দিব্যম্।

(গ) **তাদর্থ্যে** ষ্ণ্য (নিমিত্তার্থে)। অতিথয়ে ইদম্—(অতিথি+য)—**আতিথ্যম্** (অতিথির অর্থে)।

(ঘ) **স্বার্থে** (একই অর্থে) ষ্ণ্য। করুণা এব—করুণা+য (ষ্ণ্য)—**কারুণ্যম্**। সমীপঃ এব (সমীপ+য)—**সামীপ্যম্** (নৈকট্য)। এইরূপ, **ঐতিহ্যম্, সামান্যম্, সান্নিধ্যম্**।

(ঙ) **ভাব ও কর্ম অর্থে ষ্ণ্য**। শূরস্য ভাবঃ কর্ম বা (শূর+য) (ষ্ণ্য) —**শৌর্যম্**। বীরস্য ভাবঃ (বীর+য)—**বীর্যম্**। অলসস্য ভাবঃ (অলস+য) —**আলস্যম্**। পণ্ডিতস্য ভাবঃ (পণ্ডিত+য)—**পাণ্ডিত্যম্**। অনুকূল+য —**আনুকূল্যম্**। নিপুণ+য—**নৈপুণ্যম্**। সহায়+য—**সাহায্যম্**। চতুর+য—**চাতুর্যম্**। সখি+য—**সখ্যম্**। বণিজ্+য—**বাণিজ্যম্**। পুরোহিত+য—**পৌরোহিত্যম্**। বিচিত্র+য (ষ্ণ্য)—**বৈচিত্র্যম্**, বিশিষ্ট+য—**বৈশিষ্ট্যম্**। সুহৃদ্+য—**সৌহৃদ্যম্** (বন্ধুত্ব)।

৫। **ষ্ণিক্** প্রত্যয়=**ইক** (বিভিন্ন অর্থে)।

(ক) **তৎ বেত্তি** (জানাতি), **অধীতে বা অর্থে**। বেদং বেত্তি অধীতে বা (বেদ+ইক)—**বৈদিকঃ** (বেদজ্ঞ)। বেদান্তং বেত্তি বা অধীতে—(বেদান্ত+ইক) —**বৈদান্তিকঃ**। তর্কং (তর্কশাস্ত্রম্) বেত্তি অধীতে বা (তর্ক+ইক)—**তার্কিকঃ**। ব্যাকরণং বেত্তি অধীতে বা—(ব্যাকরণ+ইক) (ষ্ণিক)—**বৈয়াকরণিকঃ**। এইরূপ, **ঐতিহাসিকঃ, যান্ত্রিকঃ, দার্শনিকঃ পৌরাণিকঃ**। সাহিত্যং বেত্তি, সাহিত্যে সাধুঃ (সাহিত্য+ইক)—**সাহিত্যিকঃ**।

(খ) **তত্র ভবঃ, তত্র জাতঃ** অর্থে ষ্ণিক। শরীরে ভবম্ (শরীর+ষ্ণিক (ইক)—**শারীরিকম্**। মনসি ভবম্ (মনস্+ইক)—**মানসিকম্**। সমুদ্রে ভবঃ (সমুদ্র+ইক)—**সামুদ্রিকঃ**। লোকে ভবম্ (লোক+ইক)—**লৌকিকম্**। **সম্প্রতি ভবম্** (সম্প্রতি+ইক) **সাম্প্রতিকম্**। অকালে ভবঃ (অকাল+ইক)

—**আকালিকঃ**। এইরূপ, **ঐহিকম্**, **আধ্যাত্মিকম্** **আধিভৌতিকম্** ইত্যাদি।

৬। **ত্ব ও তল্** প্রত্যয়।

তস্য ভাবঃ (উহার ভাব)—এই অর্থে **ত্ব** ও **তল্** প্রত্যয় হয়। **তল্** প্রত্যয়ের ত থাকে। **ত্ব** প্রত্যয়ান্ত শব্দ **ক্লীবলিঙ্গ** এবং **তল্** প্রত্যয়ান্ত শব্দ **স্ত্রীলিঙ্গ** (তল্=তা)। যথা,—প্রভোঃ ভাবঃ (প্রভু+ত্ব)—**প্রভুত্বম্**, প্রভু +তল্—**প্রভুতা**। পশোঃ ভাবঃ—**পশুত্বম্** (পশু+ত্ব), (পশু+তল্ —তা) **পশুতা**। মনুষ্যস্য ভাবঃ—(মনুষ্য+ত্ব)—**মনুষ্যত্বম্**, (মনুষ্য+তল্ —তা) মনুষ্যতা। চপলস্য ভাবঃ—**চপলত্বম্**, **চপলতা**। অলসস্য ভাবঃ— **অলসত্বম্**, **অলসতা**। মূর্খস্য ভাবঃ—**মূর্খত্বম্**, **মূর্খতা**।

৭। **ইমনিচ্** (ইমন্), **ত্ব** ও **তল্** প্রত্যয়। তস্য ভাবঃ (উহার ভাব) —এই অর্থে **নীল** প্রভৃতি শব্দের উত্তর **ইমনিচ্** (ইমন্) প্রত্যয় হয়। পক্ষে, ত্ব ও তল্ হয়। যথা,—নীলস্য ভাবঃ—নীল+ইমনিচ্ (ইমন্)=**নীলিমন্**, নীলিমা, পক্ষে, নীলত্বম্ নীলতা। [**নীলিমন্** শব্দের রূপ **লাঘমন্** শব্দের **তুল্য**; পুংলিঙ্গ, প্রথমার একবচনে **'নীলিমা'**। **সমুদয় ইমনিচ্** প্রত্যয়ান্ত শব্দের রূপ **লঘিমন্** শব্দের তুল্য।]

রক্তস্য ভাবঃ—**রক্তিমা**, **রক্তত্বম্**, **রক্ততা**। জড়স্য ভাবঃ—**জড়িমা**, **জড়ত্বম্**, **জড়তা**। মধুরস্য ভাবঃ—**মধুরিমা**,মধুরত্বম্, মধুরতা। লঘোর্ভাবঃ —**লঘিমা**, লঘুত্বম্ লঘুতা। গুরোর্ভাবঃ—**গরিমা**, গুরুত্বম্ গুরুতা। অণোর্ভাবঃ—**অণিমা**, অণুত্বম্, অণুতা। দীর্ঘ—**দ্রাঘিমা**, দীর্ঘত্বম্, দীর্ঘতা। মৃদু—**ম্রদিমা**, মৃদুত্বম্ মৃদুতা। প্রিয়স্য ভাবঃ—**প্রেমা**, প্রিয়ত্বম্, প্রিয়তা। মহতঃ ভাবঃ—**মহিমা**, মহত্ত্বম্, মহত্তা। * **বহোঃ** ভাবঃ (বহু+ইমনিচ্)—**ভূমা** (a great quantity)—**ইমনিচ্** হইলে **বহু** শব্দের উত্তর নিপাতনে **ভূমন্** হয়।

৮। (ক) **মতুপ্ প্রত্যয়**—তৎ অস্য অস্তি', 'তৎ অস্মিন্ অস্তি,' এই দুই অর্থে শব্দের উত্তর **মতুপ্** প্রত্যয় হয়।

মতুপ-এর **মৎ** থাকে। মতুপ প্রত্যয়ান্ত **শব্দের রূপ 'শ্রীমৎ'** শব্দের

তুল্য। যথা,—মতিঃ অস্য অস্তি (মতি+মতুপ্)—**মতিমান্** (পুং, প্রথমা, একবচন)। বুদ্ধি—**বুদ্ধিমান্**। ধী—**ধীমান্**। শ্রী—**শ্রীমান্**। নদ্যঃ অস্মিন্ সন্তি—(নদী+মতুপ্)—**নদীমান্** (নদীমান্ দেশঃ)।

(খ) **অ-বর্ণান্ত** শব্দের উত্তর **মতুপ্**-এর 'ম' স্থানে **ব** হয়। যথা, জ্ঞানম্ **অস্য অস্তি—জ্ঞানবান্** (জ্ঞান+মতুপ্, ম-স্থানে ব)। বল—বলবান্। বিদ্যা—**বিদ্যাবান্**। মায়া—**মায়াবান্**। বিবেক—**বিবেকবান্**। ধন—**ধনবান্**। গুণ—**গুণবান্**। মেধা—**মেধাবান্**।

* **ব্যতিক্রম, লক্ষ্মীঃ** অস্য অস্তি—**লক্ষ্মীবান্**। (যে-সকল শব্দের **অন্ত্যবর্ণের** পূর্ব বর্ণে **ম** থাকে, তাহাদের উত্তর মতুপ্-এর **ম**-স্থানে **ব** হয়)।

(গ) **অস্ ভাগান্ত** শব্দের (যশস্, তেজস্) উত্তর **মতুপ্**-এর **ম** স্থানে **ব** হয়। যথা,—যশঃ অস্য অস্তি—**যশস্বান্** (যশস্বী)। তেজঃ অস্য অস্তি—তেজস্বান্ (তেজস্+বৎ—তেজস্বৎ—তেজস্বান্)—(তেজস্বী)।

৯। **তরপ্** (তর), **তমপ্** (তম); **ঈয়সুন্** (ঈয়স্), **ইষ্ঠন্** (ইষ্ঠ) প্রত্যয়।

(ক) **দুইয়ের মধ্যে একের উৎকর্ষ** বুঝাইলে, শব্দের উত্তর **তরপ্** ও **ঈয়সুন্** প্রত্যয় হয়। **তরপ্**-এর **তর** থাকে; **ঈয়সুন্**-এর **ঈয়স্** থাকে। যথা,—অয়ম **অনয়োঃ অতিশয়েন পটুঃ—পটুতরঃ, পটীয়ান্** (পটু+ঈয়স্—পটীয়স্—**পটীয়ান্** (পুং)—(**লঘীয়স্** শব্দের তুল্য রূপ)।

অয়ম্ অনয়োঃ অতিশয়েন লঘুঃ—**লঘুতরঃ, লঘীয়ান্**। গুরু—**গুরুতরঃ, গরীয়ান্**। প্রিয়—**প্রিয়তরঃ, প্রেয়ান্**। দীর্ঘ—**দীর্ঘতরঃ, দ্রাঘীয়ান্**।

(খ) **বহুর মধ্যে** একের উৎকর্ষ বুঝাইলে, শব্দের উত্তর **তমপ্** ও **ইষ্ঠন্** প্রত্যয় হয়। তমপ্-এর **তম** থাকে; ইষ্ঠন্-এর **ইষ্ঠ** হয়। যথা,—অয়ম্ **এষাম্** অতিশয়েন পটুঃ—**পটুতমঃ, পটিষ্ঠঃ** (most clever)। অয়ম্ **এষাম্** অতিশয়েন লঘুঃ—**লঘুতমঃ, লঘিষ্ঠঃ**। গুরু—**গুরুতমঃ** (গুরু+তম), গরিষ্ঠঃ (গুরু+ইষ্ঠ)। দীর্ঘ—**দীর্ঘতমঃ, দ্রাঘিষ্ঠঃ**।

(গ) **ঈয়সুন** ও **ইষ্ঠন্** প্রত্যয় হইলে **প্রশস্য** (উত্তম, good) শব্দের

স্থানে **শ্র** ও **জ্য** হয়। যথা,—অয়ম্ অনয়োঃ অতিশয়েন প্রশস্যঃ—শ্রেয়ান্ জ্যায়ান্। অয়ং এষাম অতিশয়েন প্রশস্যঃ। শ্রেষ্ঠঃ; জ্যেষ্ঠঃ।

(ঘ) **ঈয়সুন্** ও **ইষ্ঠন্** হইলে **বৃদ্ধ** শব্দের স্থানে ও **বর্ষ** ও **জ্যা** হয়। যথা,—অয়ম্ **অনয়োঃ** অতিশয়েন বৃদ্ধঃ—**বর্ষীয়ান, জ্যায়ান্** (older, elder)। অয়ম্ **এষাম্** অতিশয়েন বৃদ্ধঃ—**বর্ষিষ্ঠঃ জ্যেষ্ঠঃ** (oldest, eldest)।

(ঙ) ঈ[illegible] ইষ্ঠন্ প্রত্যয়ান্ত আরও কয়েকটি পদ নিম্নে প্রদত্ত হইল—

অন্তিক (নিকটবর্তী, near)—'নেদ' **নদীয়ান্** (nearer), **নেদিষ্ঠঃ** (nearest)। **অল্প** (little)—বিকল্পে 'কন'—**অল্পীয়ান্**, **কনীয়ান্** (less); **অল্পিষ্ঠঃ, কনিষ্ঠঃ**, (least)। **যুবন্** (তরুণ, young)—বিকল্পে **'কন'**— **যবীয়ান্, কনীয়ান্** (younger); **যবিষ্ঠঃ, কনিষ্ঠঃ**; (youngest) **ক্ষুদ্র** (small)- **ক্ষোদ - ক্ষোদীয়ান্** (smaller), **ক্ষোদিষ্ঠঃ** (smallest) **বহুল** (much)—'বংহ'—বংহীয়ান্ (more), বংহিষ্ঠ্য (most)।

(চ) ঈয়সুন ও ইষ্ঠন্ প্রত্যয হইলে মতুপ্ প্রত্যয়ের **লোপ** হয়। যথা,—বলবৎ+ঈয়স্=বলীয়স্; বলবৎ+ইষ্ঠ=বলিষ্ঠ। অযম্ **অনয়োঃ** অতিশয়েন বলবান্—**বলীয়ান্** (stronger)। অয়ম্ **এষাম্** অতিশয়েন বলবান্—**বলিষ্ঠঃ** (strongest)।

(ছ) **ঈয়সুন** হইলে **বহু** শব্দের স্থানে **ভূয়স্**; **ইষ্ঠন্** হইলে **ভূয়িষ্ঠ** শব্দ **নিপাতনে** সিদ্ধ হয়। যথা,—অয়ম্ **অনয়োঃ** অতিশয়েন বহুঃ—**ভূয়ান্** (more); অয়ম্ **এষাম্** অতিশয়েন বহুঃ—**ভূয়িষ্ঠঃ** (most)।

১০। (ক) **বিকারে ময়ট্**। 'বিকার' অর্থ বুঝাইলে শব্দের উত্তর **ময়ট্** প্রত্যয় হয়। **ময়ট** এর **ময়** থাকে। যথা,—স্বর্ণস্য বিকারঃ—**স্বর্ণময়ঃ** (ঘটঃ)। মৃদঃ বিকারঃ— **মৃন্ময়ঃ** (মাটির তৈরী)—**মৃন্ময়ঃ** কুম্ভঃ। **মৃণ্ময়ী** প্রতিমা।

* **কিন্তু হিরণ্যস্য** বিকারঃ—**হিরণ্ময়ঃ**—(**নিপাতনে সিদ্ধ**)

(খ) **বিভিন্ন** অর্থে **ময়ট্** (ময়) প্রত্যয়।

---

* তদ্ধিত-প্রত্যয় সমূহের মধ্যে Syllabus অনুসারে মাত্র দশটি প্রত্যয়ের আলোচনা করা হইয়াছে। উৎসাহী-ছাত্র-ছাত্রীদের জন্ত মাত্র দুইটি অতিরিক্ত প্রত্যয় আবশ্যক বিবেচনায় আলোচিত হইয়াছে।

১১। (ক) **অবয়ব অর্থে**— দারুণঃ (কাষ্ঠম্) অস্য অবয়বাঃ—**দারুময়ম্** (কাষ্ঠময়ম্) আসনম (খ) **ব্যাপ্তি** অর্থে—জলেন ব্যাপ্তম্—**জলময়ং** জগৎ। (গ) **সংযোগ** অর্থে—**ঘৃতময়ম্** অন্নম্। (ঘ) **অপৃথক্** অর্থে—**ব্রহ্মময়ং** জগৎ। **চিন্ময়ঃ** পুরুষঃ। **বাঙ্ময়ী** সরস্বতী।

অনুশীলনী

১। নিম্নলিখিত প্রত্যয়গুলি দ্বারা তদ্ধিতান্ত পদ গঠন কর (পুংলিঙ্গ, প্রথমার একবচনে)—

তরপ্ (তর), তমপ্ (তম), অণ্ (অ), ছ (ঈয়), ত্ব, তল্, ইমনিচ্ (ইমন্), মতুপ্, ময়ট্ (ময়), ঈয়সুন্ (ঈয়স্), ইষ্ঠন্ (ইষ্ঠ)।

২। একপদে পরিণত কর (substitute a single word for)—

মনোঃ অপত্যম্ পুমান্। দুহিতুঃ অপত্যম্ পুমান্। পৃথায়াঃ অপত্যম্। অদিতেঃ অপত্যম্। ঋষিণা প্রোক্তম্। শিবঃ অস্য দেবতা। শক্তিঃ অস্য দেবতা। শরদি ভবঃ। ভারতস্য ইদম্। পৃথিব্যাঃ ইদম্। পয়সঃ বিকারঃ। বঙ্গঃ অস্য নিবাসঃ। শিশোঃ ভাবঃ। গুরোঃ ভাবঃ। সুহৃদঃ ভাবঃ। স্বসুঃ অপত্যম্। তস্য ইদম্। মম ইদম্। অলসস্য কর্ম। পুরোহিতস্য কর্ম। বেদান্তং বেত্তি যঃ সঃ। পশোঃ ভাবঃ। মধুরস্য ভাবঃ। মহতঃ ভাবঃ। নদী অস্মিন্ অস্তি। বিদ্যা অস্য অস্তি। যশঃ অস্য অস্তি। অয়ম্ অনয়োঃ অতিশয়েন গুরুঃ। অয়ম্ এষাম্ অতিশয়েন লঘুঃ। অয়ম্ অনয়োঃ অতিশয়েন বলবান্। স্বর্ণস্য বিকারঃ। মৃদঃ বিকারঃ। হিরণ্যস্য বিকারঃ।

দ্বিকর্মক ধাতু (Verbs having Double objects)

সংস্কৃতে কতকগুলি সকর্মক ধাতু আছে যাহাদের দুইটি কর্ম হয়। উহাদিগকে **দ্বিকর্মক ধাতু** বলে।

শিক্ষকঃ ছাত্রং প্রশ্নং পৃচ্ছতি। (পৃচ্ছতি' ক্রিয়ার দুইটি কর্ম—'**ছাত্রম্**' ও '**প্রশ্নম্**'।

১। দ্বিকর্মক ধাতুসমূহের দুইটি কর্মের একটির নাম **মুখ্যকর্ম** (Direct object), অপরটির নাম **গৌণকর্ম** (Indirect object)।

এই উভয় কর্মের মধ্যে যেটি **অন্য কোন কারক হইতে পারিত কিন্তু সেরূপ না হইয়া কর্মকারক** হইয়াছে, তাহাই **অপ্রধান** বা **গৌণকর্ম**। আর যে কর্মটির কর্ম ব্যতীত **অন্য কোন কারক হওয়া সম্ভব নয়**, তাহা **প্রধান** বা **মুখ্যকর্ম**।

গো[illegible] গাং **দুগ্ধং** দোগ্ধি (গোপ গোরু হইতে দুগ্ধ দোহন করিতেছে) —এখানে [illegible] দুইটি কর্ম হইয়াছে—**গাম্** ও দুগ্ধম্। ইহাদের মধ্যে **গাম্** ক[illegible] গোঃ ([illegible]পাদানে ৫মী) এই রূপ হইয়া অপাদান কারক (গোরু হইতে) হইতে পারিত, কিন্তু সেরূপ না হইয়া **গাম্** এই কর্মকারকই হইয়াছে, সেজন্য ইহা **গৌণকর্ম**।

আর, **দুগ্ধম্** কর্তার **ঈপ্সিততম বস্তু** বলিয়া **মুখ্য** বা প্রধান কর্ম।

২। নিম্নে দ্বিকর্মক ধাতুগুলির প্রয়োগে দেখানো হইতেছে—

দুহ্ (দোহন করা)—**দোগ্ধি**—গোপঃ গাং **দুগ্ধং** দোগ্ধি। **যাচ্** (যাচ্ঞা করা)—**যাচতে**—ভিক্ষুকঃ **মাং ধনং** যাচতে—ভিক্ষুক **আমার কাছে** [illegible] যাচ্ঞা করিতেছে।

পচ্ (পাক কর)—**পচতি**—মাতা **তণ্ডুলান্ ওদনং** পচতি—মা চাল হইতে অন্ন পাক করিতেছেন।

দণ্ড্ (দণ্ডিত করা)—**দণ্ডয়তি**—বিচারকঃ **অপরাধিনং শতং** দণ্ডয়তি স্ম।

রুধ্ (রুদ্ধ করা)—**রুণদ্ধি**—প্রহরী **চৌরং কারাগারং** রুণদ্ধি—প্রহরী চোরকে **কারাগারে** রুদ্ধ করিতেছে। **প্রচ্ছ্** (প্রশ্ন করা)—পৃচ্ছতি—শিক্ষকঃ **ছাত্রান্ প্রশ্নান্** পৃচ্ছতি। **চি** (চয়ন করা)—**চিনোতি**—পুরোহিতঃ দেবপূজার্থং **বৃক্ষং পুষ্পং** চিনোতি। (বৃক্ষ হইতে পুষ্প চয়ন করিতেছে)। **ব্রূ** (বলা)—**ব্রবীতি**—গুরুঃ **শিষ্যং ধর্মং** ব্রবীতি।

শাস্ (শিক্ষা দেওয়া)—**শাস্তি**—অধ্যপকঃ **ছাত্রং ন্যায়শাস্ত্রং** শাস্তি।

জি (জয় করা)—জয়তি—অসৌ ধূর্তঃ অপকৌশলেন **মাং শতম্ অজয়ৎ** (**আমার নিকট হইতে** এক শত টাকা লাভ করিয়াছিল)।

মন্থ্ (মন্থন করা)—**মথ্নাতি**—দেবসুরাঃ **সমুদ্রং সুধাং** মথ্নন্তি স্ম (সমুদ্র হইতে)।

মুষ্ (চুরি করা) **মুষ্ণাতি**—চৌরঃ **মাং** সর্বস্বং মুমোষ।

নী, হৃ, কৃষ্, বহ্, (এই চারিটি ধাতু প্রায় একার্থক—লইয়া যাওয়া to take, to carry—নয়তি, হরতি, কর্ষতি, বহতি। কর্ষকঃ **গাং গৃহং** নয়তি। **স ভারং গৃহং** বহতি।

অনুবাদের আদর্শ

গোপালক সকালে ও সন্ধ্যায় গোরু দোহন করে—গোপালকঃ প্রাতঃ **সায়ঞ্চ গাং দুগ্ধং দোগ্ধি**। দরিদ্রেরা প্রায়শঃই ধনীদের নিকট ধন যাচ্ঞা করে—দরিদ্রাঃ প্রায়েণ **হি ধনিনঃ ধনং** যাচন্তে। বিচারক অপরাধীকে একশত টাকা দণ্ডিত করিয়াছিলেন—বিচারকঃ **অপরাধিনং শতং** মুদ্রাঃ দণ্ডয়তি স্ম। শিক্ষক মহাশয় ছাত্রদিগকে কয়েকটি প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিলেন—শিক্ষকঃ **ছাত্রান্** কতিপয়ান্ **প্রশ্নান্** অপৃচ্ছৎ। শিবপূজার জন্য গাছ হইতে ফুল তুলিতেছেন—পুরোহিতঃ শিবপূজায়ৈ **বৃক্ষান্ পুষ্পাণি চিনোতি**। ঐ দুর্জন লোকটি অসদুপায়ে আমার নিকট হইতে পাঁচশত টাকা লাভ করিয়াছিল—**অসৌ** দুর্জনঃ অসদুপায়ম্ অবলম্ব্য **মাং পঞ্চশতং মুদ্রাঃ** অর্জয়ৎ। গোপালক দুগ্ধ হইতে মাখন মন্থন করিতেছে—গোপালকঃ **দুগ্ধং নবনীতং মথ্নাতি**।

অনুশীলনী

১। অশুদ্ধি সংশোধন কর—

গোপঃ গবাং দুগ্ধং দোগ্ধি। ভিক্ষুকঃ মৎ ভিক্ষাং যাচতে। স মম নামধেয়ং পৃচ্ছতি। ব্রাহ্মণঃ বৃক্ষাৎ পুষ্পাণি চিনোতি। গোপঃ দুগ্ধাৎ নবনীতং মথ্নাতি। ভৃত্যঃ গাং গৃহে নয়তি।